গ্রন্থাবলী—২৯শ

মিলিন্দ-পঞ্‌হো

(মিলিন্দ-প্রশ্ন)

মূল পালি ও সটীক বঙ্গানুবাদ

শ্রীবিধুশেখর ভট্টাচার্য্য

দ্বারা

অনূদিত

প্রথম ভাগ, প্রথম খণ্ড

শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের

বঙ্গীয় সাহিত্য-পরিষৎ হইতে

প্রকাশিত

বুদ্ধাব্দ ২৪৫[illegible], সন ১৩১৫।

কলিকাতা

৫৫নং অপার চিৎপুর রোড্

আদি ব্রাহ্মসমাজ যন্ত্রে

শ্রীরণগোপাল চক্রবর্ত্তী দ্বারা

মুদ্রিত

বুদ্ধাব্দ [illegible], সন ১৩১৫

বিষয় সূচী

আত্মতত্ত্ব:—

আশ্বাস প্রশ্বাস জীব নহে, শরীরের ধর্ম্ম, ৫৭. ১৫

বেত্তা (বা আত্মার) উপলব্ধি হয় কি না? ১১২. ১৪ ; ১৫০. ২৬

জীবের উপলব্ধি হয় না, ১৮৮. ২০

পুদ্গল বা ব্যক্তি কি? ৪৫. ১৪

আয়ুষ্পালের বিচার ও পরাজয়, ৩৫. ৬

ঐক্যভাব প্রাপ্ত ধর্ম্মসমূহকে পৃথক্ করা যায় কি না? ১৩০. ১৭

কর্ম্ম:—

কর্ম্মফল, ৯. ৬

শুভাশুভ কর্ম্ম কোথায় থাকে? ১৫২. ২৩

কাল:—

কাল, ১০০. ২২

কালত্রয়ের মূল, ১০২. ১৪

কালের পূর্ব্বকোটি জানা যায় না ১০৫, ১৪

কুশল ধর্ম্ম সমূহ, ৬৩. ২৪

কেশ ধারণের ষোড়শবিধ পীড়া ২০. ৫

জন্ম:—

কে জন্ম গ্রহণ করে, এবং কে না করে? ৬২. ১৫

যে উৎপন্ন হয়, সে কি সেই, অথবা অন্য? ৭৮. ১৫

লোক নিজের পুনর্জন্ম জানিতে পারে কি না? ৮১. ১৮

জন্মগ্রহণ করে কে? ৯২. ১৩

পুনর্জন্ম অগ্রহণ-কারীর দুঃখবেদনা আছে কি না? ৮৮. ১১

নিজের ভবিষ্যৎ উৎপত্তি জানিতে পারা যায় কি না? ১৫৩. ১৫

সংক্রমণ না করিলেও পুনর্জন্ম হয় কি না? ১৪৯. ১৮

জীব শরীরান্তরে সংক্রমণ করে কি না? ১৫১. ১৫

দশবিধ উপাসকের গুণ, ২০৩. ১৮

দীর্ঘ অস্থি, ১৮৪. ২০

দুঃখধ্বংসের উদ্যম, ১৭৩. ১৬

ধর্ম্মকে দর্শন করিয়াছেন কি না? ১৪৯. ১৩
ধুতাঙ্গ (ভিক্ষুগণের আচার বিশেষ) ৩৬. ৬
নাগসেন :—(মিলিন্দ-শব্দ দ্রষ্টব্য)

মহাসেন নামক দেবপুত্রের নাগসেনরূপে জন্ম গ্রহণ ও শিক্ষা, ১৭. ১০ ; বেদাধ্যয়নের পর অনুতাপ, ১৯. ৫ ; প্রব্রজ্যা বা সন্ন্যাস গ্রহণ, ২২. ৯ ; রোহণের নিকট শিক্ষা, ২৩. ১ ; উপসম্পদা গ্রহণ, ২৪. ৭ ; গুরুর নিকটে অপরাধ ও তাহার প্রায়শ্চিত্ত, ১০. ১২ ; মিলিন্দ-দমনে প্রতিজ্ঞা, ২৫. ২২ ; অশ্বগুপ্তের নিকট শিক্ষার জন্য গমন, ২৬. ১৩ ; বিশেষ জ্ঞান (বিপস্সনা) লাভ, ২৯. ৯ ; পাটলিপুত্রীয় শ্রেষ্ঠীর সহিত সাক্ষাৎ, ৩১. ৯ ; ঐ শ্রেষ্ঠীর তাঁহাকে কম্বল দান, ৩২. ৭ ; আর্হত্বলাভ, ৩৩. ৫ ; গুণবর্ণনা, ৩৮. ২ ; সাগল নগরে শিষ্যবর্গের সহিত জাঁকজমকে যাত্রা, ৩৯. ৯ ;
নাগসেন আবার জন্ম গ্রহণ করিবেন কি না? ৯৮. ২০

নানা ধর্ম্মের এক প্রয়োজন, ৭৭. ১৩
নির্ব্বাণঃ—

নিরোধই নির্ব্বাণ, ১৪৩. ১৫
সকলেই কি নির্ব্বাণ লাভ করিতে পারে? ১৪৪. ১৯
যে নির্ব্বাণ লাভ করে না, সে কি জানে যে নির্ব্বাণ সুখ? ১৪৫. ১৫
দুঃখ-বেদনা অনুভব কালীন পরিনির্ব্বাণ হয় না কেন? ৮৯. ১৯

নিশ্বাস প্রশ্বাসের নিরোধ, ১৮৫. ১৮
নৈরয়িক অগ্নির প্রভাব, ১৩৯. ১৩
পঞ্চ ইন্দ্রিয় এক বা অনেক কর্ম্মে উৎপন্ন? ১৩৪. ১১
পণ্ডিতের বিচার ও রাজার বিচার, ৫৩. ১৪
পাপ-পুণ্যঃ—

পুণ্য ও অপুণ্যের কোন্‌টি বেশী? ১৮২. ১৪
জ্ঞানকৃত ও অজ্ঞানকৃত পাপের ন্যূনাধিক্য, ১৮২. ২০

বুদ্ধঃ—

বুদ্ধ সর্ব্বশ্রেষ্ঠ, ১৪৭. ১৫
বুদ্ধ যে সর্ব্বশ্রেষ্ঠ তাহা জানা যায় কি না? ১৪৮. ১৩
বুদ্ধ সর্ব্বজ্ঞ ও সর্ব্বদর্শী কি না? ১৫৭. ২৩
বুদ্ধ কি আছেন? ১৫৪. ১৪
বুদ্ধকে দেখিয়াছেন কি না? ১৪৬. ১৫
বুদ্ধের লক্ষণযুক্ত আকার, ১৫৯. ১৩

মনসিকারের লক্ষণ, ৬২. ২৪

মনোবিজ্ঞান ও বেদনা ১২৩. ১১

শ্রদ্ধার লক্ষণ, ৬৬. ২৪

সংস্কার লক্ষণ, ১২৬. ৪২

সমাধির লক্ষণ, ৭৪. ১৮

স্পর্শের লক্ষণ ; ১২৩ ১৮

স্মৃতি (স্মৃতি শব্দ দ্রষ্টব্য)

মন্ত্রণার স্থান, ১৯৭. ১৭

মন্ত্রণার অনুপযুক্ত ব্যক্তি, ১৯৮. ২৩

মিলিন্দ :—(নাগসেন-শব্দ দ্রষ্টব্য)

মিলিন্দ ও নাগসেনের পূর্বজন্ম-বৃত্তান্ত, ৪. ১৭ ; মিলিন্দের জন্মগ্রহণ ৬. ১৬ ; জন্মভূমি ও জন্মনগর, ১৭৭. ২৭ , ১৭৮, ৭৪ ; অধীত শাস্ত্রসমুদয়, ৭. ৩ ; ত্রিপিটক-অধ্যয়ন ১৯৪. ১২ ; পূরণ কাশ্যপের সহিত বিচার, ৮. ৯ ; গোশাল মস্করীর সহিত বিচার, ৯. ৬ ; আয়ুপালের সহিত বিচার, ৩৫. ৬ ; মিলিন্দের প্রশ্নভয়ে সাগল-নগর ছাড়িয়া ব্রাহ্মণ ও শ্রমণগণের পলায়ন, ১০. ১৪ ; নির্জনে প্রশ্ন করিবার ইচ্ছা, ১৯৬. ২৪ ; নাগসেনের দর্শন, ৪১. ১৪ ; নাগসেনকে দেখিয়া ভয়, ৪৩ ১০ ; নাগসেনের সহিত বিচার আরম্ভ, ৪৫ ১৪

রহস্য রক্ষার অনুপযুক্ত ব্যক্তি ১৯৯. ২২

লবণ চক্ষু বা জিহ্বার দ্বারা বিজ্ঞেয় ? ১৩২. ১৪

লোককে পালন করে কে ? ৮. ৯ ; ৩৭. ৪

শিষ্যের প্রতি আচার্যের কর্তব্য, ২০১. ২৩

সকল লোক সমান হয় না কেন ? ১৩৫. ১৩

সংস্কার, ১০৩. ১৯

সংস্কার অকস্মাৎ উৎপন্ন হয় না, ১০৭. ২২

সংসার কি ? ১৬৪. ১৯

সন্ন্যাস:—

সন্ন্যাস ও শিরোমুণ্ডনের প্রয়োজন, ২০. ৫

কাষায় বসনের প্রয়োজন, ২০. ১৫

সন্ন্যাসের প্রয়োজন ও পরামার্থ ৩৫. ১০ ; ৫৯. ১৩

সন্ন্যাসিগণের শরীর প্রিয় কি না ? ১৫৬. ১৫

সপ্ত কে লোক না সংখ্যা, ৫২. ১৫

সমুদ্র কেবল লবণরস যুক্ত কেন? ১৮৭. ১২
জলকে কি জন্য সমুদ্র বলা হয়? ১৮৬. ২০
সরাগ ও বীতরাগে ভেদ, ১৬৩. ১২
সর্ব্বসূক্ষ্মকে ভেদ করা যায় কি না? ১৮৭. ১৭
সাগল নগরের বর্ণনা, ২, ৮
সুখানুভব কুশল অকুশল বা অব্যাক্ত, ৯০. ১৪
স্মৃতি:—
স্মৃতি, ১৬৬. ১৮
স্মৃতির লক্ষণ, ৭১. ১৬
কত প্রকারে স্মৃতি উৎপন্ন হয়, ১৬৮. ১৬
কিসের দ্বারা স্মরণ করা যায়, ১৬৫. ২৮

টীকাধৃত সাঙ্কেতিক অক্ষর।

অ০ ধ০ স০	...	...	অভিধর্ম্মার্থ সংগ্রহ (সিংহল)
অ০ নি, বা	A. N.	...	অঙ্গুত্তরনিকায় (P. T. S.)
অ০ প০	...	...	অভিধানপ্পদীপিকা (সিংহল)
অ০ স০	...	..	অথর্ব্ববেদ সংহিতা
অ০ সা০	...	...	অথসালিনী (P. T. S.)
	Alw.	...	An Introduction to Kaccayana's Grammar of Pali Language by James D' Alwis.
	A. S. B.		Asiatic Society of Bengal.
উ০ দ০	...	...	উবাসকদসা (A. S. B.)
ঋ০ স০	...	...	ঋগ্বেদসংহিতা
ক০ ব০, বা	K. V.	...	কথাবত্থু (P. T. S.)
ক০ বি০	...	...	কঙ্খাবিতরণী (সিংহল)
ক০ বু০	...	...	কচ্চায়ন বুত্তি (ঐ)
কূ০ পু০	...	...	কূর্ম্মপুরাণ (A. S. B.)
জা০, বা	J.	...	জাতক (Fausboll)
ত০ গ০ সূ০	...	...	তত্ত্বাধিগমসূত্র (A. S. B.

দী০ নি০, বা	D. N.	...	দীঘনিকায় (P. T. S.)
ধা০ ম০	...	...	ধাতুমঞ্জুসা (সিংহল)
নে০ প০, বা	N. P.	...	নেত্তিপকরণ (P. T. S.)
ন্যা০ ক০	...	...	ন্যায়কন্দলী (কাশী)
ন্যা০ দ০	...	...	ন্যায়দর্শন (ঐ)
ন্যা০ বা০	...	...	ন্যায়বার্ত্তিক (A. S. B.)
প০ দী০	...	...	পরমত্থদীপনী (বিমানবত্থু টীকা, P. T. S.)
প০ স০ ম০, বা	P. S. M.		পটিসম্ভিদামগ্গ (P. T. S.)
পা০ গৃ০ সূ০	...	...	পারস্কারগৃহ্যসূত্র (হাতোয়া রাজার সংস্করণ)
পা০ দ০	...	...	পাতঞ্জলদর্শন
পা০ প্র০	...	...	পালিপ্রকাশ (যন্ত্রস্থ)
পা০ মো০	...	...	পাতিমোক্খ (J. Minayeff.)
	P. T. S.	...	Pali Text Society, London.
বৃ০ আ০ উ০	...	...	বৃহদারণ্যক উপনিষৎ
বো০ চ০	...	...	বোধিচর্য্যাবতার (A. S. B,)
বো০ চ০ প০	..	...	বোধিচর্য্যাবতার পঞ্জিকা (ঐ)
	B. M. S.		Buddhist Mahâyâna Suttas (S. B. E.)
ভা০ পু০	..	...	শ্রীমদ্ভাগবত পুরাণ
ম০ নি০, বা	M. N.	...	মজ্ঝিমনিকায় (P. T. S.)
ম০ ভা০	...	..	মহাভারত
ম০ ব্যু০	...	...	মহাব্যুৎপত্তি (Menaev.)
ম০ স০	...	...	মনুসংহিতা
মহা০	...	...	মহাবগ্গ
মা০ বৃ০	...	...	মাধ্যমিকবৃত্তি (Bnddhist Text Society.)
	M. Bud.		A Manual of Buddhism by Spence Hardy.
রামা০	...	...	রামায়ণ
ল০ বি০	...	..	ললিতবিস্তর
ব০ কা০	...	...	বজ্রচ্ছেদিকা (S. B. E.)
বি০ ম০	...	...	বিসুদ্ধিমগ্গ (Buddhist Text Society.)
বি০, বা	Vi	...	বিভঙ্গ (P. T. S.)

নিবেদন

মিলিন্দপ্রশ্ন সম্বন্ধে বিশেষ বিবরণ গ্রন্থ শেষ হইলে ভূমিকায় আলোচনা করা যাইবে; সম্প্রতি তাহার সামান্য পরিচয় মাত্র এখানে প্রদত্ত হইতেছে।

পালিবিৎ পণ্ডিতগণ মনে করেন যে, মিলিন্দপ্রশ্ন সর্ব্ব প্রথমে উত্তর ভারতে খ্রীষ্টীয় শতাব্দীর আরম্ভ সময়ে, অথবা তাহার কিঞ্চিৎ পরে সংস্কৃত বা অপর কোন উদীচ্য প্রাকৃত ভাষায় রচিত হইয়া থাকিবে; এবং তদনন্তর ইহা পালিতে অনূদিত হইয়া দক্ষিণ ভারতে প্রচারিত হয়।

শ্রীযুক্ত কাওয়াগুচি নামক এক জন জাপানীয় বৌদ্ধ পরিব্রাজক আজ কাল ভারতবর্ষে অবস্থিতি করিতেছেন। তিনি নেপাল ও তিব্বতে ভ্রমণ করিয়া সেখানকার প্রচলিত পুস্তকাবলীর এক সূচীপত্র প্রস্তুত করিয়াছেন। তাঁহার সেই সূচীপত্রের মধ্যে "মিলিন্দ-পরিপৃচ্ছা"-নামে একখানি পুস্তকের উল্লেখ দেখিয়াছি। এই পুস্তক খানির নাম ভিন্ন অপর কিছুই জানিতে পারি নাই। সম্ভবত ইহা সংস্কৃতে বা গাথা-সংস্কৃতে লিখিত। যদি তাহাই হয়, এবং কোন দিন কেহ ইহার বিবরণ সংগ্রহ করিতে পারেন, তবে পাশ্চাত্য পণ্ডিত-গণের সেই উক্তির সত্যত্ব প্রতিপাদিত হইবে, এবং আমরাও মিলিন্দপ্রশ্নের মূল আকার দেখিতে পাইব। শ্রীযুক্ত কাওয়াগুচি নেপাল ও তিব্বতে অনেক গ্রন্থ সংগ্রহ করিয়াছেন; সে সব এখন জাপানে চলিল।

মিলিন্দপ্রশ্ন পালি-আকারে ক্রমশ সিংহলে উপস্থিত হয়। তত্রত্য বৌদ্ধগণের নিকট ইহা অতিপ্রিয় ও আদরের সামগ্রী; তাঁহারা ত্রিপিটক বা বিসুদ্ধিমগ্গের পরেই ইহার স্থান নির্দ্দেশ করেন। সেখানে ইহা সিংহলীভাষায় অনূদিত হইয়াছে।

সিংহল হইতে ইহা শ্যাম ও ব্রহ্মদেশে প্রবেশ লাভ করে, এবং সেখানেও ইহার এতদূর আদর হইয়াছিল যে, উভয় স্থানেই এক এক খানি টীকা রচিত হয়।

উদীচ্য বৌদ্ধ সম্প্রদায়ের এই মিলিন্দপ্রশ্নই একমাত্র পুস্তক, যাহা অবাচ্য বৌদ্ধগণ শ্রদ্ধা ও আদরের সহিত অধ্যয়ন করিয়া থাকেন।

ত্রিপিটক-টীকাকার সুপ্রসিদ্ধ স্থবির বুদ্ধঘোষ (৪৩০ খ্রীঃ) নিজ গ্রন্থে চারি স্থানে মিলিন্দ-প্রশ্নের উল্লেখ করিয়াছেন; তাহার এক স্থানে তিনি এরূপ ভাবে ইহার নাম করিয়াছেন যে, ইহার প্রতি তাঁহার গভীর শ্রদ্ধার ভাব স্পষ্টই বুঝিতে পারা যায়।

পণ্ডিতগণ মনে করেন, এই গ্রন্থের রাজা মিলিন্দ ঐতিহাসিক ব্যক্তি, এবং ইনিই সেই ব্যাকট্রিয়ার গ্রীক রাজা Menander। মূলগ্রন্থে মিলিন্দের যে কয়েক জন অমাত্যের নাম পাওয়া যায়, তাহার মধ্যে দেবমন্ত্রিয় ও অনন্তকায় (৫৭ পৃঃ, ১ পং) তাঁহাদের মতে যথাক্রমে Demetrious ও Antiochos. মিলিন্দের রাজধানী সাগল-(সংস্কৃত শাকল) নগর গ্রীকগণের Euthydemia হইতে অভিন্ন; তাঁহার জন্মভূমি অলসন্দ-দ্বীপ (১৭৭ পৃঃ

২৪ পং) তাঁহাদের মতে বাক্‌ট্রিয়ায় সিন্ধুনদীর দ্বীপস্থিত Alexandria, এবং তাঁহার জন্মনগর কলসী-গ্রাম (১৭৮ পৃঃ ২৪ পং) সম্ভবত Karisi. * মিলিন্দ নরপতি (Menander) খ্রীষ্টপূর্ব্ব ১৪০ হইতে ১১৫ বা ১১০ বৎসর পর্য্যন্ত রাজত্ব করিয়াছিলেন। V. Smith এর Early History of India নামক গ্রন্থে মিলিন্দের একটি মুদ্রা প্রদর্শিত হইয়াছে, তাহার একদিকে তাঁহার গ্রীবা-পর্য্যন্ত মূর্ত্তি অঙ্কিত দেখিতে পাওয়া যায়।

গ্রন্থবর্ণিত মহাস্থবির নাগসেন মহাযান-সম্প্রদায়ের সুপ্রসিদ্ধ প্রতিষ্ঠাপয়িতা নাগার্জ্জুন হইতে ভিন্ন। মূল মিলিন্দপ্রশ্ন কাহার দ্বারা রচিত, তাহা এ পর্য্যন্ত বিশেষ রূপে নির্ণীত হয় নাই।

১৮৮০ খ্রীষ্টাব্দে Dr. V. Trenckner (Copenhagen) রোমান্ অক্ষরে মিলিন্দ-প্রশ্নের এক উত্তম সংস্করণ বাহির করেন। তাহার পর সিংহলেও তাহার কিয়দংশ স্থানীয় অক্ষরে প্রকাশিত হইয়াছে। T. W. Rhys Davids ১৮৯০, ও ১৮৯৪ খ্রীষ্টাব্দে Trenckner-এর প্রকাশিত মূল অবলম্বনে Sacred Books of the East নামক গ্রন্থাবলীতে দুই খণ্ডে তাহার ইংরাজী অনুবাদ প্রকাশ করিয়াছেন। সম্প্রতি মূল ও বঙ্গানুবাদ উভয়ই একত্র বঙ্গীয় পাঠকগণের নিকট উপস্থাপিত হইতেছে। সমগ্র গ্রন্থ দুই ভাগে, ও চারি খণ্ডে প্রকাশিত হইবে; বর্ত্তমান অংশ প্রথম ভাগের প্রথম খণ্ড।

R. Spence Hardy-কৃত A manual of Buddhism নামক পুস্তকে মিলিন্দপ্রশ্ন হইতে অনেক কথা উদ্ধৃত হইয়াছে। তাহা পাঠ করিয়া মিলিন্দ প্রশ্নের প্রতি আমার প্রথম অনুরাগ উৎপন্ন হয়, তাহার পর Rhys Davids এর ইংরাজী অনুবাদ পড়ায় তাহা আরও বর্দ্ধিত হইয়া উঠে, ও মূল পুস্তক পড়িবার জন্য নিরতিশয় স্পৃহা হয়। আমার প্রার্থনা অনুসারে সিংহলের বিদ্যোদয় কলেজ (পরিবেণ) হইতে শ্রদ্ধেয় সুহৃৎ পিয়রতন ভিক্খু মহাশয় † অনুগ্রহ করিয়া সিংহলী অক্ষরে প্রকাশিত ঐ গ্রন্থের কিয়দংশ মাত্র আমাকে পাঠাইয়া দেন, এবং তাহা পাঠ করিতে আরম্ভ করি। পরমশ্রদ্ধাস্পদ শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয় পূর্ব্ব হইতেই নানাবিধ আলোচনাদির দ্বারা বৌদ্ধসাহিত্য অনুশীলনে আমাকে উৎসাহিত করিয়া তোলেন; এবং তাঁহারই আদেশ ও পরামর্শে আমি বৌদ্ধসাহিত্য অনুবাদে প্রবৃত্ত হইয়াছি,—যদিও বস্তুত আমার তাদৃশ শক্তি নাই। তাঁহার উৎসাহ ও মিলিন্দপ্রশ্নের রমণীয়তা এতদূর আমাকে আকর্ষণ করিয়াছিল যে, সম্পূর্ণ গ্রন্থের অভাব হইলেও, এবং অনুবাদের যথোচিত শক্তি না থাকিলেও, আমি তাহার অনুবাদ আরম্ভ না করিয়া থাকিতে পারি নাই। পালিবিৎ বলিয়া বিদ্বৎসমাজে পরিচিত হইবার কোনো গুণই আমাতে নাই, এবং সেরূপ গর্ব্বও আমি হৃদয়ে পোষণ করি না। অনুপযুক্ত হস্তের অনুবাদে যে সকল

---

* In the coin of Ekuratides, 180 B. C.

† এস্থানে অতি দুঃখের সহিত প্রকাশ করিতেছি যে, আমার সেই সহৃদয় উদার বন্ধু ইহলোক ত্যাগ করিয়া গিয়াছেন।

ত্রুটি হইবার সম্ভাবনা, এ অনুবাদে তাহার কিছুরই অভাব বোধ হইবে না। পাঠকবর্গ অনুগ্রহ পূর্ব্বক সেগুলি সংশোধন করিয়া জানাইলে কৃতজ্ঞ-হৃদয়ে তাহা স্বীকার করিয়া লইব। বৌদ্ধদর্শন সম্বন্ধে আমি নিতান্ত অনভিজ্ঞ, এ কথা স্বীকার করিতে আমার কোন লজ্জা নাই; অতএব মনস্তত্ত্ব সম্বন্ধীয় অংশের অনুবাদে বিশেষ ত্রুটি হইবার সম্ভাবনা আছে।

যতদূর পারিয়াছি আক্ষরিক অনুবাদ করিতেই চেষ্টা করিয়াছি, এজন্য আমার সহজ কর্কশ ভাষা স্থানে স্থানে হয়ত আরও কর্কশ হইয়া থাকিবে। পারিভাষিক শব্দ গুলির অনুবাদ না করিয়া সেইরূপই রাখিয়াছি, বা কোন স্থানে অনুবাদ করিলেও বন্ধনীর মধ্যে সেই মূল শব্দটি সন্নিবেশিত করিয়াছি। মূল গ্রন্থের অতিরিক্ত কোন কথা যোগ করিবার প্রয়োজন বোধ স্থলে তাহাও বন্ধনীর মধ্যে দিয়াছি। মূলের পদ্যাংশ গুলি পদ্যেই অনুবাদ করিবার চেষ্টা করিয়াছি, কিন্তু তাহাতে হয়ত কোন কোন স্থানে ভাবানুবাদ করিতে হইয়াছে, এবং পদ্যের আকারও জঘন্য হইয়াছে। পাঠকগণ কৃপা করিয়া ইহা ক্ষমা করিবেন।

প্রকাশিত অংশ পাঠোপযোগী করিবার জন্য শেষে দুরূহ স্থলের বিবৃতি করিয়া একটি টীকা সন্নিবেশিত করিয়াছি। অনুবাদে অস্ফুট স্থলের তাৎপর্য্য টীকা দেখিয়া বুঝা যাইতে পারে।

প্রথমত পূর্ব্বোক্ত সিংহলের প্রকাশিত পুস্তকের আদর্শেই মূল ভাগ মুদ্রিত করিতে আরম্ভ করা হয়, তাহার পর Trenckner এর সংস্করণ হস্তগত হওয়ায় ইহারই অবলম্বনে মুদ্রিত হইয়াছে ও হইবে। Trenckner যে সব পাঠ ধরিয়াছেন সিংহলের মুদ্রিত পুস্তকে স্থানে স্থানে তাহা অপেক্ষা ভিন্ন ভিন্ন পাঠ দেখা যায়। যেমন, করণীয্যং (১০ পৃঃ ২পং), অহোসী (ঐ ৫পং), হীয্যো (১৬ পৃঃ ১১ পং), খাদনীয়ং ভোজনীয়ং (১৭ পৃঃ ৩ পং) ইত্যাদি সিংহলীয় পাঠে Trenckner এর সংস্করণে হ্রস্ব ইকার দেখা যায়। সংযুক্ত বর্ণের পূর্ব্ববর্ত্তী স্বর পালিতে সাধারণত হ্রস্ব দেখা গেলেও কখন কখন দীর্ঘও দেখা যায়। এই জন্য পূর্ব্ব পুস্তকে যাহা দেখিয়াছি তাহাই প্রতিলিপি করিতে বাধ্য হইয়াছিলাম। গ্রন্থ শেষে 'পাঠাদি বিবেক' নামে অপর একটি পরিশিষ্ট সংযোজিত করিবার ইচ্ছা থাকিল।

১৬ পৃঃ ৭-৮ পংক্তিতে 'রাজভীতিতো' ও 'চোরভীতিতো' পাঠ আমিই কল্পিত করিতে বাধ্য হইয়াছি। সিংহলীয় পুস্তকে 'রাজভীতিতা' ও 'চোরভীতিতা' ছিল (অশুদ্ধি-শোধন দ্রষ্টব্য)।

অনুবাদ অংশে পরিচ্ছেদাদি বিভাগ সম্বন্ধে Rh. D এর অনুবাদের সহিত সামঞ্জস্য রক্ষা করিবার জন্য, এবং তাহা অযৌক্তিক বোধ না হওয়ায়, তাঁহাকেই অনুসরণ করিয়াছি।

পালিব্যাকরণের সন্ধির নিয়মানুসারে যেখানে কোন স্বর লুপ্ত হইয়াছে, সেখানে তাহা সহজে বুঝিবার জন্য মূল অংশে লোপসূচক এক একটি (') চিহ্ন প্রদত্ত হইয়াছে। সিংহলীয় ও পাশ্চাত্য গ্রন্থ-সংস্কর্ত্তৃগণও এরূপ চিহ্ন স্থানে স্থানে ব্যবহৃত করিয়াছেন। পাঠকগণের সুবিধা

হইবে মনে করিয়া আমি সর্ব্বত্রই তাহা ব্যবহার করিয়াছি; যথা—বচনমত্তম্'পি, এখানে বচনমত্তম্+অপি এই দুই পদের মধ্যে 'অপি'র অকার লোপ হইয়াছে বুঝিতে হইবে; এই-রূপ—অথে'তং, এখানে অথ+এতং এই দুই পদের মধ্যে 'অথ' পদের পরস্থিত অকারের লোপ হইয়াছে মনে করিতে হইবে। অন্যত্রও এইরূপ।

পরস্পরের প্রশ্নোত্তর স্বরূপ বাক্য গুলিকে বর্ত্তমান রীতি অনুসারে (' ') এইরূপ চিহ্নের মধ্যে স্থাপিত করিয়াছি, বিরামচিহ্নগুলিও আমারই কৃত।

প্রেসে টাইপের অভাবে কবল ব্রহ্ম ব্রাহ্মণ প্রভৃতি শব্দে বর্গীয় বকার দিতে পারা যায় নাই, কতকগুলি সংযুক্ত অক্ষর স্থলে হসন্ত চিহ্ন দিয়া কাজ চালাইতে হইয়াছে, এবং এই ळ দেবনাগর অক্ষর-স্থলে ল-এর নীচে একটু বিন্দু (ল়) দিয়া লকার হইতে তাহাকে পৃথক করা হইয়াছে।

মূলগ্রন্থে উদ্ধৃত বাক্য সমূহের আকর-স্থান নির্দ্দেশ সম্বন্ধে Trenckner ও Rhys Davids উভয়েরই যথেষ্ট সাহায্য গ্রহণ করিয়াছি, এবং তাঁহাদের নিকটে কৃতজ্ঞ হৃদয়ে তাহা স্বীকার করিতেছি। কোন কোন স্থানে আমিও কিঞ্চিৎ করিয়াছি, তাহার মধ্যে বিশেষ লক্ষণীয় একটি বলিতে পারা যায়; যথা—১৩৫ পৃষ্ঠায় যে প্রশ্ন করা হইয়াছে, তাহা মহাভারতের অনু-শাসন-পর্ব্বে (১৪৪. ৪১-৪৭) ঠিক একই বাক্যে দেখিতে পাওয়া যায় (টীকা দ্রষ্টব্য)।

ভাল করিয়া প্রুফ দেখিতে না পারায় স্থানে স্থানে কিছু কিছু অশুদ্ধ থাকিয়া গিয়াছে, কোথাও কোথাও বা ভ্রম-প্রমাদও রহিয়াছে; যাহা চোখে পড়িয়াছে, শুদ্ধিপত্রে শোধন করিয়া দেওয়া গেল। অনুবাদ অংশে যে ভ্রমগুলি দেখিলেই বুঝিতে পারা যায়, তাহা উপেক্ষিত হইয়াছে।

সমগ্র গ্রন্থের এক চতুর্থাংশ মাত্র এই খণ্ডে প্রকাশিত হইতেছে। এই মাত্র দেখিয়া যেন কেহ মূল গ্রন্থের উৎকর্ষ-অপকর্ষ নির্ণয় না করেন। মেণ্ডকপঞ্হ বা উভয়কোটিক প্রশ্ন সমূহ (Dilemmas) ইহার অত্যন্ত উপাদেয় ও বহুবিধ মনোরঞ্জনোচিত বিষয়ে পরিপূর্ণ। বর্ত্তমান খণ্ডে একটি মাত্র উভয়কোটিক প্রশ্নের কেবল প্রস্তাবনা করা হইয়াছে। নির্ব্বাণাদি-বিষয়ক বহুবিধ তত্ত্ব পরবর্ত্তী অংশে রহিয়াছে।

বঙ্গীয়-সাহিত্যপরিষৎ এই গ্রন্থখানিকে তাঁহাদের গ্রন্থপ্রকাশ-মালার মধ্যে গ্রহণ করিয়া আমাকে সম্মানিত করিয়াছেন, এবং মাননীয় শ্রীযুক্ত গগনেন্দ্রনাথ ঠাকুর মহাশয় ইহার মুদ্রাঙ্কনের সমস্ত ব্যয়ভার গ্রহণ করিয়া পরিষদের এবং অনুবাদকের কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। ব্রহ্মচর্য্যাশ্রমের পুস্তকালয়ের নিকটও আমি অল্প ঋণী নহি।

ব্রহ্মচর্য্যাশ্রম-শান্তিনিকেতন,
বোলপুর।
২১শে অগ্রহায়ণ, ১৩১৫

শ্রীবিধুশেখর ভট্টাচার্য্য।

মিলিন্দ-পঞ্হো।

নমো তস্স ভগবতো অরহতো
সম্মাসম্বুদ্ধস্স।

১। মিলিন্দো নাম সো রাজা সাগলায়ম্ পুরুত্তমে।
উপগচ্ছি নাগসেনং গঙ্গা'ব যথসাগরং॥ ১॥

আসজ্জ রাজা চিত্রকথিং উক্কাধারং তমোনুদং।
অপুচ্ছি নিপুণে পঞ্হে ঠানাঠানগতে পুথু॥ ২॥

মিলিন্দ-প্রশ্ন।

সেই ভগবান্ অর্হৎ সম্যক্-সম্বুদ্ধকে নমস্কার।

প্রথম পরিচ্ছেদ।

বাহ্যকথা।

প্রস্তাবনা।

১। সাগল-নগরবরে মিলিন্দ-নামক
প্রসিদ্ধ নৃপতি, গঙ্গা সাগরেতে যথা,
তমোহর, প্রকাশক, বিচিত্রকথক,
(মহাভিক্ষু) নাগসেন-সমীপে আসিয়া
জিজ্ঞাসিলা স্থানাস্থানে নিপুণ গম্ভীর
বহু প্রশ্ন ; উত্তরিলা নাগসেন তাহা।

পুচ্ছা বিস্‌সজ্জনা চে'ব গম্ভীরত্থূপনিস্‌সিতা।
হদয়ঙ্গমা কণ্ণসুখা অব্‌ভুতা লোমহংসনা॥ ৩॥

অভিধম্ম-বিনযো'গাল্‌হা সুত্তজালসমত্থিতা।
নাগসেনকথা চিত্রা ওপম্মেহি নযেহি চ॥ ৪॥

তত্থ ঞাণং পণিধায় হাসয়িত্বান মানসং।
সুণোথ নিপুণে পঞ্‌হে কঙ্খাঠানবিদালনে'তি॥ ৫॥

২। তং যথা'নুস্‌সূয়তে—অত্থি যোনকানং নানাপুটভেদনং সাগলন্নাম নগরং, নদীপব্‌বত-সোভিতং, রমণীয়ভূমিপ্পদেসভাগং, আরামু'য্যানোপবনতলাক পোক্‌খরণীসম্পন্নং, নদীপব্‌বতবন-রামণেয্যকং, সুতবন্তনিম্মিতং, নিহতপচ্চত্থিকপচ্চামিত্তং, অনুপপীলিতং, বিবিধবিচিত্র-দল্‌হমট্টালকোট্ঠকং, বরপবরগোপুরতোরণং, গম্ভীরপরিখাপণ্ডরপাকারপরিক্‌খিত্ত'ন্তেপুরং,

---

গম্ভীরার্থ-পূর্ণ সেই প্রশ্ন ও উত্তর
অদ্ভুত, হৃদয়ঙ্গম, শ্রবণ-সুখদ,
রোমাঞ্চ-জনক; ন্যায়-উপমায় চিত্র,
ত্রিপিটক-অর্থযুক্ত নাগসেন-কথা।
প্রফুল্লমানসে, করি চিত্ত-প্রণিধান,
শুন সে নিপুণ প্রশ্ন, সন্দেহভঞ্জন।

সাগল-নগর।

২। তাহা যেমন পূর্ব্ব পরম্পরায় শুনিতে পাওয়া যায়—যবনগণের সাগল-নামে এক বিবিধ-অধীনস্থপুর-যুক্ত নগর আছে। ইহা রমণীয় ভূপ্রদেশভাগে অবস্থিত, নদী ও পর্ব্বতে শোভিত, এবং আরাম-উদ্যান-উপবন-তড়াগ ও পুষ্করিণীর দ্বারা সমন্বিত; ইহা নদী-পর্ব্বত ও বনে রমণীয়, বিজ্ঞ শিল্পী দ্বারা নির্ম্মিত, ও প্রতিদ্বন্দ্বী শত্রুগণ নিহত হওয়ায় অনুপ-পীড়িত। ইহার উপরিতন গৃহ ও অন্তর্গৃহ-সমূহ বিবিধ, বিচিত্র ও দৃঢ়; গোপুর ও তোরণ উৎকৃষ্ট হইতেও উৎকৃষ্টতর; অন্তঃপুর অর্থাৎ নগরাভ্যন্তর গম্ভীর পরিখা ও

সুবিভত্ত-বীথি-চচ্চর-চতুক্ক-সিঙ্ঘাটকং, সুপ্পসারিতানেকবিধবরভণ্ডপরিপূরিতন্তরাপণং, বিবিধ-দানগ্গসতসমুপসোভিতং, হিমগিরিসিখরসঙ্কাসবরভবনসতসহস্সপতিমণ্ডিতং, গজহয়রথপত্তি-সমাকুলং, অভিরূপনরনারীগণানুচরিতং, আকিণ্ণজনমনুস্সং, পুথুখত্তিয়ব্রাহ্মণবেস্সসুদ্দং, বিবিধসমণব্রাহ্মণসভাজনসঙ্ঘাটিতং, বহুবিধবিজ্জাবন্তনরবীরনিসেবিতং, কাসিককোটুম্বরকাদি-নানাবিধবত্থাপণসম্পন্নং, সুপ্পসারিতরুচিরবহুবিধপুপ্ফগন্ধাপণগন্ধগন্ধিতং, আসিংসণীয্যবহুরতন-পরিপূরিতং, দিসামুখসুপ্পসারিতাপণসিঙ্গারবাণিজগণানুচরিতং, কহাপণরজতসুবণ্ণকংসপত্থর-পরিপূরং, পজ্জোতমাননিধিনিকেতং, পহূতধনধঞ্ঞবিত্তুপকরণং, পরিপুণ্ণকোসকোট্ঠাগারং, বহ্বন্নপানং, বহুবিধখজ্জভোজ্জলেয্যপেয্যসায়নীয়ং, উত্তরকুরুসঙ্কাসং সম্পন্নসস্সং, অলকমন্দা বিয় দেবপুরং।

৩। এত্থ ঠত্বা তেসং পুব্বকম্মং কথেতব্বং। কথেন্তেন ছধা বিভজিত্বা কথেতব্বং। সেয্যথীদং—

পাণ্ডুর প্রাকারে পরিবেষ্টিত; বীথি-চত্বর-চতুষ্ক ও চতুষ্পথ-সমূহ সুবিভক্ত; এবং বিবিধোত্তমপণ্য-পূরিত নগরাভ্যন্তরস্থ আপণনিকর সুপ্রসারিত। ইহা বহুবিধ শত-শত শ্রেষ্ঠ দান ক্রিয়ায় সমুপশোভিত, ও হিমগিরিশিখরসঙ্কাশ শত-সহস্র উত্তম ভবন দ্বারা প্রতিমণ্ডিত; গজ-হয়-রথ ও পদাতি দ্বারা সমাকুল, ও অভিরূপ নর-নারী-
৫ যুক্ত; জন-মনুষ্যাকীর্ণ ও মহান্ ক্ষত্রিয়-ব্রাহ্মণ-বৈশ্য ও শূদ্র-সমন্বিত। ইহা বিবিধ শ্রমণ ও ব্রাহ্মণগণের অভিনন্দন শব্দে সম্মিলিত, বহুবিধ বিদ্যাচরণ-সম্পন্ন নরনারী-গণের দ্বারা নিষেবিত, কাশীজাত ও 'কোটুম্বরক'-প্রভৃতি নানাবিধ-বস্ত্রের আপণ-নিকর দ্বারা সম্পন্ন, সুপ্রসারিত বহুবিধ রুচির পুষ্প-গন্ধের আপণ-সমূহের সৌরভে আমোদিত, আশংসনীয় বহুবিধ রত্ন-নিকরে পরিপূরিত, দিঙ্মুখে প্রসারিত-পণ্য
১০ শৃঙ্গারবণিক্-সমূহ দ্বারা অনুগত, এবং কার্ষাপণ-রজত-সুবর্ণ-কাংস্য ও প্রস্তরে পরিপূর্ণ। ইহার নিধিনিকেতন সমূহ প্রদ্যোতমান, ধন-ধান্য ও বিবিধ উপকরণ-দ্রব্য প্রভূত, কোষ ও অন্তর্গৃহ পরিপূর্ণ, অন্ন ও পান প্রচুর, খাদ্য-ভোজ্য-লেহ্য-পেয় ও স্বাদনীয় বস্তু বহুবিধ, এবং ইহা উত্তর কুরুর ন্যায় সম্পন্ন-শস্য, ও অলক মন্দার ন্যায় দেবপুর।
১৫ ৩। এই স্থানে থামিয়া তাঁহাদের (মিলিন্দ ও নাগসেনের) পূর্ব্ব কর্ম্ম বলিতে হইবে; এবং কথককে তাহা ছয় ভাগে বিভক্ত করিয়া বলিতে হইবে; যথা—

১ পুব্বযোগো,
২ মিলিন্দপঞ্হং,
৩ লক্খণপঞ্হং,
৪ মেণ্ডকপঞ্হং,
৫ অনুমানপঞ্হং,
৬ ওপম্মকথাপঞ্হন্তীতি ।

তত্থ মিলিন্দপঞ্হো লক্খণপঞ্হো, বিমতিচ্ছেদনপঞ্হো'তি দুবিধো। মেণ্ডকপঞ্হো'পি মহাবগ্গো, যোগিকথাপঞ্হো'তি দুবিধো। পুব্বযোগো'তি তেসং পুব্বকম্মং ।

পুব্বযোগো ।

৪। অতীতে কির কস্সপস্স ভগবতো সাসনে বত্তমানে গঙ্গায় সমীপে একস্মিং আবাসে

---

১ পূর্ব্বযোগ,
২ মিলিন্দ-প্রশ্ন,
৩ লক্ষণপ্রশ্ন,
৪ উভয়কোটিক-(মেণ্ডক) প্রশ্ন,
৫ অনুমানপ্রশ্ন, ও
৬ ঔপম্যকথাপ্রশ্ন ।

ইহার মধ্যে মিলিন্দপ্রশ্ন দুই ভাগে বিভক্ত :—১ লক্ষণপ্রশ্ন, ও ২ বিমতিচ্ছেদনপ্রশ্ন। উভয়কোটিক-(মেণ্ডক) প্রশ্নও দ্বিবিধ :—১ মহাবর্গ, ও ২ যোগিকথাপ্রশ্ন। পূর্ব্বযোগের অর্থ তাহাদের পূর্ব্ব কর্ম্ম ।

পূর্ব্বযোগ ।

মিলিন্দ ও নাগসেনের পূর্ব্বজন্ম-বৃত্তান্ত ।

১২ ৪। পুরাকালে কশ্যপ-বুদ্ধের শাসন সময়ে গঙ্গাসমীপে এক আবাসস্থানে মহান্ ভিক্ষুসংঘ বাস করিতেন। সে স্থানে বৃত্তশীল সম্পন্ন ভিক্ষুগণ প্রাতঃকালেই উত্থিত

মহাভিক্‌খুসংঘো পটিবসতি। তত্থ বত্তসীলসম্পন্না ভিক্‌খূ পাতো'ব উট্‌ঠায় যট্‌ঠিসম্মুঞ্জনিয়ো আদায় বুদ্ধগুণে আবজ্জেন্তা অঙ্গনং সম্মজ্জিত্বা কচবরং ব্যূহং করোন্তি॥

৫। অথে'কো ভিক্‌খু একং সামণেরং "এহি সামণের, ইমং কচবরং ছড্ডেহীতি" আহ। সো অশুণন্তো বিয় গচ্ছতি। সো দুতিয়ম্পি, ততিয়ম্পি আমন্তিয়মানো অসুণন্তো বিয় গচ্ছতে'ব। ততো সো ভিক্‌খু 'দুব্‌বচো অয়ং সামণেরো'তি' কুদ্ধো সম্মুঞ্জনিদণ্ডেন পহারং অদাসি। ততো সো রোদন্তো ভয়েন কচবরং ছড্ডেন্তো 'ইমিনাহং কচবরছড্ডনপুঞ্ঞকম্মেন যাবাহং নিব্‌বাণং পাপুণামি, এত্থ'ন্তরে নিব্‌বত্তনিব্‌বত্তট্‌ঠানে মজ্ঝন্তিকসূরিয়ো বিয় মহেসক্কো মহাতেজো ভবেয্য'ন্তি' পঠমপত্থনং পট্‌ঠপেসি।

৬। কচবরং ছড্ডেত্বা নহান'ত্থায় গঙ্গাতিত্থং গতো, গঙ্গায় ঊমিবেগং গগ্গরায়মানং দিস্বা 'যাবাহং নিব্‌বাণং পাপুণামি, এত্থ'ন্তরে নিব্‌বত্তনিব্‌বত্তট্‌ঠানে অয়ং ঊমিবেগো বিয় ঠানুপ্‌পত্তিকপটিভানো ভবেয্যং, অক্‌খয়পটিভানো'তি' দুতিয়ম্পি পত্থনং পট্‌ঠপেসি।

হইয়া যষ্টিসংলগ্ন সম্মার্জ্জনী গ্রহণপূর্ব্বক বুদ্ধগুণ চিন্তন করিতে করিতে অঙ্গন-মার্জ্জন ও আবর্জ্জনা-সংগ্রহ করিতেন।

৫। এক দিন কোন ভিক্ষু একটি 'সামণের' বা নবশিষ্যকে বলিলেন—'সামণের, আগমন কর, এই আবর্জ্জনা ফেলিয়া দাও।' সে যেন তাহা না শুনিয়াই গমন ৫ করিল। ভিক্ষু দুইবার—তিনবারও আহ্বান করিলে, সে যেন তাহা না শুনিয়াই গমন করিল। অনন্তর সেই ভিক্ষু ঐ সামণেরকে অবাধ্য (দুব্‌বচো = দুর্বচঃ) দেখিয়া ক্রোধে তাহাকে সম্মার্জ্জনী দণ্ডে প্রহার করিলেন। সে রোদন করিতে করিতে ভয়ে আবর্জ্জনা নিক্ষেপ করিতে লাগিল, আর (মনে মনে) এই প্রথম প্রার্থনার স্থাপন অর্থাৎ প্রার্থনা করিল :—'যাবৎ আমি নির্ব্বাণ-লাভ করিতে না পারি, ইহার ১০ মধ্যে প্রত্যেক উৎপত্তি স্থলে, আমি যেন এই আবর্জ্জনার নিক্ষেপজনিত পুণ্য-কর্ম্মে মাধ্যাহ্নিকসূর্য্যের ন্যায় মহৈশ্বর্য্যশালী ও মহাতেজাঃ হইতে পারি।'

৬। সামণের আবর্জ্জনা নিক্ষেপ করিয়া স্নানার্থ গঙ্গাতীর্থে উপস্থিত হইয়া গর্গরায়মাণ ঊর্মিবেগ-দর্শনে এই দ্বিতীয় প্রার্থনা করিয়াছিল :—'যাবৎ আমি নির্ব্বাণ লাভ করিতে না পারি, ইহার মধ্যে প্রত্যেক উৎপত্তিস্থানে, আমার প্রতিভা যেন এই ১৫ ঊর্মিবেগের ন্যায় যথাস্থানে উৎপন্ন ও অক্ষয় হয়।'

৭। সো'পি ভিক্খু সম্মুঞ্জনিসালায় সম্মুঞ্জনিং ঠপেত্বা নহানত্থায় গঙ্গাতিত্থং গচ্ছন্তো সামণেরস্স পত্থনং সুত্বা 'এস ময়া পযোজিতো'পি তাব এবং পত্থেতি, ময্হং কিং ন সমিজ্ঝিস্সতীতি' চিন্তেত্বা 'যাবাহং নিব্বাণং পাপুণামি, এত্থ'ন্তরে নিব্বত্ত নিব্বত্তট্ঠানে অয়ং গঙ্গাউমিবেগো বিয় অকত্থপটিভানো ভবেয্যং, ইমিনা পুচ্ছিতপুচ্ছিতং সব্বং পঞ্হপটিভানং বিজটেতুং নিব্বেঠেতুং সমত্থো ভবেয্য'ন্তি' পত্থনং পট্ঠপেসি।'

৮। তে উভো'পি দেবেসু চ মনুস্সেসু চ সংসরন্তা একং বুদ্ধ'ন্তরং খেপেসুং। অথ অম্হাকং ভগবতা'পি যথা মোগ্গলিপুত্ততিস্সত্থেরো দিস্সতি, এবমেতে'পি দিস্সন্তি, মম পরিনিব্বাণতো পঞ্চবস্সসতে অতিক্কন্তে এতে উপ্পজ্জিস্সন্তীতি। যং ময়া সুখুমং কত্বা দেসিতং ধম্মবিনয়ং, তং এতে পঞ্হপুচ্ছনওপম্মযুত্তিবসেন নিজ্জটং নিগ্গুম্বং কত্বা বিভজিস্সন্তীতি' নিদ্দিট্ঠা।

৯। তেসু সামণেরো জম্বুদীপে সাগলনগরে মিলিন্দো নাম রাজা অহোসি, পণ্ডিতো,

---

৭। সেই ভিক্ষুও সম্মার্জ্জনীশালায় সম্মার্জ্জনী স্থাপন করিয়া স্নানার্থ গঙ্গাতীর্থে গমন করিতে করিতে সামণেরের সেই প্রার্থনা শুনিয়া চিন্তা করিল :—'যদি এ (তাদৃশ সৎকর্ম্মে) আমার দ্বারা প্রয়োজিত হইয়া এরূপ প্রার্থনা করিতে পারে, তবে আমার কি না সমৃদ্ধ হইবে ?' চিন্তা করিয়া সে এইরূপ প্রার্থনা করিল :—'যাবৎ আমি ৫ নির্ব্বাণ প্রাপ্ত না হই, ইহার মধ্যে প্রত্যেক উৎপত্তিস্থানে, এই গঙ্গার ঊর্ম্মিবেগের ন্যায়, আমি যেন অক্ষয়প্রতিভাশালী হই ; এবং ইহার পৃষ্ট সমস্ত প্রশ্ন-প্রতিভানের জটিলতা অপনয়ন করিতে, ও তাহাদিগকে অনাবৃত করিতে—অর্থাৎ পরিস্ফুটভাবে উত্তর প্রদান করিতে—সমর্থ হই।'

৮। তাহারা উভয়েই দেব ও মনুষ্য মধ্যে জন্ম গ্রহণ করিতে করিতে এক ১০ বুদ্ধশাসন-কাল ক্ষেপণ করিল। অনন্তর আমাদের ভগবান্ নির্দ্দেশ করিলেন—'ইহাদিগকে মৌদ্গলী-পুত্র তিষ্য-স্থবিরের ন্যায় দেখা যাইতেছে। আমার পরিনির্ব্বাণের পঞ্চশত বৎসর অতিক্রান্ত হইলে, ইহারা (পুনর্ব্বার) উৎপন্ন হইবে। আমি যে ধর্ম্ম ও বিনয় সূক্ষ্ম করিয়া উপদেশ দিয়াছি, ইহারা প্রশ্ন, জিজ্ঞাসা, উপমা, যুক্তি ও ন্যায়ের দ্বারা তাহাকে জটিলতা ও গ্রন্থি-হীন করিয়া বিভক্ত করিবে—অর্থাৎ নিরতিশয় ১৫ পরিষ্কার করিয়া বিবৃত করিবে।'

৯। তাহাদের মধ্যে সামণের জম্বুদ্বীপে সাগল নগরে মিলিন্দ নামে রাজা হইলেন।

ব্যত্তো, মেধাবী, পটিবলো; অতীতানাগতপচ্চুপ্পন্নানং সমন্তযোগবিধানকিরিয়ানং করণ-কালে নিসম্মকারী হোতি। বহূনি চ'স্স সত্থানি উগ্গহিতানি হোন্তি; সেয্যথীদং—সুতি, সম্মুতি, সংখ্যা, যোগা, নীতি, বিসেসিকা, গণিতা, গন্ধব্বা, তিকিচ্ছা, চাতুব্বেদা, পুরাণা, ইতিহাসা, জোতিসা, মায়া, হেতু, মন্তনা, যুদ্ধা, ছন্দা, সামুদ্দা,—বচনেন একুনবীসতি; বাদী, দুরাসদো, দুপ্পসহো, পুথুতিত্থকরানং অগ্গমকখায়তি। সকল জম্বুদীপে মিলিন্দেন রঞ্ঞা সমো কোচি নাহোসি, যদিদং ঠামেন, জবেন, সূরিয়েন, পঞ্ঞায় অড্ঢো, মহদ্ধনো মহাভোগো, অনন্তবলবাহনো।

১০। অথে'কদিবসং মিলিন্দো রাজা অনন্তবলবাহনং চতুরঙ্গিনীবলগ্গসেনাব্যূহং দস্সন-কম্যতায় নগরা নিক্খমিত্বা বহিনগরে সেনাগণনং কারেত্বা সো রাজা ভস্সপবাদকো লোকায়তবিতণ্ডজনসল্লাপপ্পবত্তকোতূহলো সূরিয়ং ওলোকেত্বা অমচ্চে আমন্তেসি—'বহু তাব দিবসাবসেসো, কিং করিস্সাম ইদানে'ব নগরং পবিসিত্বা? অত্থি কোচি পণ্ডিতো,

---

তিনি পণ্ডিত, বিচক্ষণ, মেধাবী ও সমর্থ। তিনি অতীত, অনাগত ও বর্ত্তমান কালের কার্য্যসমূহকে, চতুর্দিকে যোগরক্ষা করিয়া, বিশেষ বিবেচনা পূর্ব্বক সম্পন্ন করিতেন; এবং বহু শাস্ত্র গ্রহণ করিয়াছিলেন, যথা—শ্রুতি, সম্মতি, সাংখ্য, যোগ, নীতি, বৈশেষিক, গণিত, গান্ধর্ব্ব, চিকিৎসা, চতুর্ব্বেদ, পুরাণ, ইতিহাস, জ্যোতিষ, মায়া, হেতু, মন্ত্রণা, যুদ্ধ, ছন্দঃ, ও সামুদ্র,—এক কথায় একোনবিংশতি। ৫
তিনি বাদ বা বিচার-শীল (বাদী) ছিলেন, বিচারে তাঁহার নিকটে কষ্টেই উপস্থিত হওয়া যাইত (দুরাসদ), এবং প্রতিবাদিগণ কষ্টেই তাঁহাকে সহ্য করিতে পারিতেন (দুষ্প্রসহ)। তিনি মহাতীর্থকরগণের অগ্রে আখ্যাত হইতেন। তিনি বল, বেগ, শৌর্য্য ও প্রজ্ঞায় যেরূপ সমৃদ্ধ, এবং মহাধন, মহাভোগ ও অনন্ত-বলবাহন হইয়াছিলেন, সমস্ত জম্বুদ্বীপে তৎসমান কেহই হয় নাই। ১০

১০। অনন্তর একদিন রাজা মিলিন্দ চতুরঙ্গবলান্বিত, অগ্রসৈন্যে বিন্যস্ত স্বকীয় অনন্ত বলবাহনের দর্শনেচ্ছায় নগর হইতে নিষ্ক্রান্ত হইয়া নগর-বহির্দেশে সৈন্য গণনা করাইলেন। পরে সেই বাচিকতর্ক-শীল রাজা লোকায়তিক ও বৈতণ্ডিক জনের সহিত আলাপ করিবার জন্য জাতকুতূহল হইয়া, সূর্য্যাবলোকন পূর্ব্বক অমাত্যগণকে বলিলেন—'এখনও দিবসের বহু অবশেষ আছে, এখনই নগরে প্রবেশ করিয়া কি ১৫ করিব? এমন কি কোন পণ্ডিত আছেন—শ্রমণ, বা ব্রাহ্মণ, বা সংঘাধিপতি, বা

সমণো বা ব্রাহ্মণো বা, সঙ্ঘী, গণী, গণাচরিয়ো অপি, অরহন্তং সম্মাসম্বুদ্ধং পটিজানমানো, যো ময়া সদ্ধিং সল্লপিতুং সক্কোতি, কঙ্খং পটিবিনেতুং'ন্তি ?'

১১। এবং বুত্তে, পঞ্চসতা যোনকা রাজানং মিলিন্দং এতদবোচুং—'অত্থি মহারাজ, ছ সত্থারো, পূরণো কস্‌সপো, মক্‌খলি গোসালো, নিগণ্ঠো নাথপুত্তো, সঞ্জয়ো বেল্লট্‌ঠিপুত্তো, অজিতো কেসকম্বলী, ককুধো * কচ্চায়নো। তে সঙ্ঘিনো, গণিনো, গণাচরিয়কা, ঞাতা, যসস্‌সিনো, তিত্থকরা, সাধু সম্মতা বহুজনস্‌স। গচ্ছ ত্বং মহারাজ, তে পঞ্‌হং পুচ্ছস্সু, কঙ্খং পটিবিনয়স্সু'তি।'

১২। অথ খো মিলিন্দো রাজা পঞ্চহি যোনকসতেহি পরিবুতো ভদ্রবাহণং রথবর-মারুয্‌হ, যেন পূরণো কস্‌সপো তেনু'পসংকমি। উপসংকমিত্বা পূরণেন কস্‌সপেন সদ্ধিং সম্মোদি ; সম্মোদনীযং কথং সারাণীয্যং বীতিসারেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নো খো মিলিন্দো রাজা পূরণং কস্‌সপং এতদবোচ—'কো ভন্তে কস্‌সপ, লোকং পালেতীতি ?'

'পঠবী মহারাজ, লোকং পালেতীতি।'

গণাধিপতি, বা গণাচার্য্য, যিনি সম্যক্‌সম্বুদ্ধ অর্হৎকে জানেন,—যিনি আমার সহিত আলাপ করিতে ও সংশয় অপনয়ন করিতে পারেন ?'

১১। এইরূপ উক্ত হইলে পঞ্চ শত যবন রাজা মিলিন্দকে বলিলেন—'মহারাজ, কাশ্যপ পূরণ, গোশাল মস্করী, নাথপুত্র নির্গ্রন্থ, বেল্লট্‌ঠিপুত্র সঞ্জয়, কেশকম্বলী অজিত, ও কাত্যায়ন ককুদ—এই ছয়জন শাস্তা আছেন ; ইহাঁরা সকলেই সংঘাতিপতি, গণাধিপতি, গণাচার্য্য, প্রসিদ্ধ, যশস্বী, তীর্থকর, ও বহুজনের সুসম্মত। মহারাজ, আপনি তাঁহাদের নিকটে গমন করিয়া প্রশ্ন জিজ্ঞাসা করুন, এবং আপনার সংশয় অপনয়ন করুন।'

১২। অনন্তর রাজা মিলিন্দ পঞ্চশত যবন দ্বারা পরিবৃত হইয়া উত্তমবাহন-যুক্ত রথবরে আরোহণ পূর্ব্বক কাশ্যপ পূরণের নিকট উপস্থিত হইয়া তাঁহার সহিত আনন্দিত হইলেন ; এবং পরস্পরে সম্মোদনীয় উচ্চার্য্য অর্থাৎ সম্ভাষণোচিত কথা উচ্চারণ করিবার পর, তিনি এক পার্শ্বে উপবেশন করিলেন। একপার্শ্বে উপবেশন করিয়া তিনি কাশ্যপ পূরণকে বলিলেন—'ভদন্ত কাশ্যপ, লোককে পালন করে কে ?'

'মহারাজ, পৃথিবী লোককে পালন করে।'

---

* 'পকুধো' ইতি কত্থচি।

'যদি ভন্তে কস্‌সপ, পঠবী লোকং পালেতি, অথ কস্মা অবীচিনিরয়ং গচ্ছন্তা সত্তা পঠবিং অতিক্কমিত্বা গচ্ছন্তীতি?'

এবং বুত্তে, পূরণো কস্‌সপো নে'ব সক্খি ওগিলিতুং, নে'ব সক্খি উগ্‌গিলিতুং, পত্তক্খন্ধো তুণ্‌হীভূতো পজ্ঝায়ন্তো নিসীদি।

১৩। অথ খো মিলিন্দো রাজা মক্খলি-গোসালং এতদবোচ—'অত্থি ভন্তে গোসাল, কুসলাকুসলানি কম্মানি? অত্থি সুকটদুক্কটানং কম্মানং ফলং বিপাকো'তি?'

'ন'ত্থি মহারাজ, কুসলাকুসলানি কম্মানি, ন'ত্থি সুকটদুক্কটানং কম্মানং ফলং বিপাকো। যে তে মহারাজ, ইধ লোকে খত্তিয়া, তে পরলোকং গন্ত্বাপি পুন খত্তিয়া'ব ভবিস্‌সন্তি; যে তে ব্রাহ্মণা, বেস্‌সা, সুদ্দা, চণ্ডালা, পুক্কুসা, তে পরলোকং গন্ত্বাপি পুন ব্রাহ্মণা, বেস্‌সা, সুদ্দা, চণ্ডালা, পুক্কুসা'ব ভবিস্‌সন্তি। কিং কুসলাকুসলেহি কম্মেহীতি?'

'যদি ভন্তে গোসাল, ইধ লোকে খত্তিয়া, বেস্‌সা, সুদ্দা, চণ্ডালা, পুক্কুসা, তে পরলোকং

'ভদন্ত কাশ্যপ, যদি পৃথিবী লোককে পালন করে, তবে যে সকল জীব অবীচি-নামক নিরয়ে গমন করে, তাহারা কি জন্য পৃথিবীকে অতিক্রম করিয়া যায়?'

এইরূপ উক্ত হইলে, কাশ্যপ পূরণ তাহা নীচে গিলিতে, বা উগ্‌লাইতে—অর্থাৎ প্রশ্ন বুঝিতে, বা তাহার মীমাংসা করিতে, অশক্ত হইয়া হতাশ ও বিষণ্ণহৃদয়ে মৌনা-
৫ বলম্বন-পূর্ব্বক বসিয়া ভাবিতে লাগিলেন।

কর্ম্মফল।

১৩। পরে মিলিন্দ রাজা গোশাল মস্করীকে জিজ্ঞাসা করিলেন—'ভদন্ত গোশাল, কুশল ও অকুশল কর্ম্ম সকল আছে কি? সুকৃত ও দুষ্কৃত কর্ম্ম-সমূহের ফল—বিপাক কি আছে?

'না মহারাজ, কুশল-অকুশল কর্ম্ম সকল নাই, এবং সুকৃত-দুষ্কৃত কর্ম্মসমূহের ফল—
১০ বিপাক নাই। মহারাজ, যে সকল লোক এই সংসারে ক্ষত্রিয়, পরলোকে গমন করিয়াও তাহারা পুনর্ব্বার ক্ষত্রিয় হইয়া জন্ম গ্রহণ করিবে। এখানে যাহারা ব্রাহ্মণ, বা বৈশ্য, বা শূদ্র, বা চণ্ডাল, অথবা পুক্কশ, তাহারা পরলোকে গমন করিয়াও পুনর্ব্বার (যথাক্রমে) ব্রাহ্মণ, বৈশ্য, শূদ্র, চণ্ডাল ও পুক্কশ হইবে। কুশল-অকুশল কর্ম্মসমূহের প্রয়োজন কি?'

১৫ 'ভদন্ত গোশাল, যদি এই লোকে, যাহারা ক্ষত্রিয়, ব্রাহ্মণ, বৈশ্য, শূদ্র, চণ্ডাল বা

গন্ত্বাপি পুন খত্তিয়া, ব্রাহ্মণা, বেস্‌সা, সুদ্দা, চণ্ডালা, পুক্কুসা'ব ভবিস্‌সন্তি,—ন'ত্থি কুসলা-কুসলেহি কম্মেহি করণীয্যং, তেন হি ভন্তে গোসাল, যে তে ইধ লোকে হত্থচ্ছিন্না, তে পরলোকং গন্ত্বাপি পুন হত্থচ্ছিন্না'ব ভবিস্‌সন্তি! যে পাদচ্ছিন্না, তে পাদচ্ছিন্না'ব ভবিস্‌সন্তি! যে কন্নচ্ছিন্না, তে কণ্ণচ্ছিন্না'ব ভবিস্‌সন্তীতি!'

এবং বুত্তে, গোসালো তুণ্‌হী অহোসী।

১৪। অথ খো মিলিন্দস্‌স রঞ্‌ঞো এতদহোসি—'তুচ্ছো বত ভো জম্বুদীপো! পলাপো বত ভো জম্বুদীপো! ন'ত্থি কোচি সমণো বা, ব্রাহ্মণো বা, যো ময়া সদ্ধিং সল্লপিতুং সক্কোতি কঙ্খং পটিবিনেতু'ন্তি।' অথ খো মিলিন্দো রাজা অমচ্চে আমন্তেসি—'রমণীয়া বত ভো দোসিনা রত্তি! কিন্নু খ্'জ্জ সমণং বা ব্রাহ্মণং বা উপসংকমেয্যাম পঞ্‌হং পুচ্ছিতুং? কো ময়া সদ্ধিং সল্লপিতুং সক্কোতি কঙ্খং পটিবিনেতু'ন্তি?' এবং বুত্তে, অমচ্চা তুণ্‌হীভূতা রঞ্‌ঞো মুখং ওলোকয়মানা অট্‌ঠংসু।

১৫। তেন খো পুন সময়েন সাগলনগরং দ্বাদস বস্‌সানি সুঞ্‌ঞং অহোসি সমন-ব্রাহ্মণ-গহপতি-পণ্ডিতেহি। যত্থ সমণ-ব্রাহ্মণ-গহপতি-পণ্ডিতা পটিবসন্তীতি সুণাতি, তত্থ গন্ত্বা

পুক্কশ, তাহারা পরলোকে গমন করিয়াও আবার ক্ষত্রিয়, ব্রাহ্মণ, বৈশ্য, শূদ্র, চণ্ডাল ও পুক্কশ হইয়াই জন্ম গ্রহণ করে,—কুশল-অকুশল কর্ম্মসমূহের কোন করণীয় নাই,—তাহা হইলে, ভদন্ত গোশাল, যাহারা এই লোকে ছিন্নহস্ত, তাহারা পরলোকে গিয়া ছিন্নহস্ত হইয়াই জন্ম গ্রহণ করিবে; যাহারা ছিন্নপাদ, তাহারা ছিন্নপাদ হইয়াই ৫ জন্ম গ্রহণ করিবে; যাহারা ছিন্নকর্ণ, তাহারা ছিন্নকর্ণ হইয়াই জন্ম গ্রহণ করিবে!'

ইহা উক্ত হইলে, গোশাল মৌনী হইয়া রহিলেন।

১৪। অনন্তর রাজা মিলিন্দ ভাবিলেন:—'অহো জম্বুদ্বীপ তুচ্ছ! জম্বুদ্বীপ তুষের ন্যায় অসার! এক জনও ব্রাহ্মণ, বা শ্রমণ নাই, যিনি আমার সহিত আলাপ করিতে, ও আমার সন্দেহ অপনয়ন করিতে পারেন!' তিনি অমাত্যগণকে বলিলেন ১০ —'এই জ্যোৎস্নাপূর্ণ রাত্রি কি রমণীয়! এখন কি কোন শ্রমণ, বা ব্রাহ্মণের নিকট উপস্থিত হইয়া প্রশ্ন জিজ্ঞাসা করিব? কে আমার সহিত আলাপ করিতে, ও আমার শঙ্কা অপনয়ন করিতে সমর্থ?' ইহা শ্রবণ করিয়া অমাত্যগণ রাজার মুখাবলোকন করিতে লাগিলেন।

১৫। সে সময়ে সাগলনগর দ্বাদশবর্ষ যাবৎ শ্রমণ, ব্রাহ্মণ, গৃহপতি ও পণ্ডিতগণের ১৫ দ্বারা শূন্য হইয়া ছিল। যে স্থানে শ্রমণ, ব্রাহ্মণ, গৃহপতি ও পণ্ডিতগণ বাস করিতেছেন,

রাজা তে পঞ্‌হং পুচ্ছতি। তে সব্‌বে'পি পঞ্‌হবিস্‌সজ্জনেন রাজানং আরাধেতুং অসকোন্তা যেন বা তেন বা পক্কমন্তি। যে অঞ্‌ঞং দিসং ন পক্কমন্তি,তে সব্‌বে তুণ্‌হীভূতা অচ্ছন্তি; ভিক্‌খূ পুন-যেভুয্যেন হিমবন্তমেব গচ্ছন্তি।

১৬। তেন খো পুন সময়েন কোটিসতা অরহন্তো হিমবন্তে পব্‌বতে রক্‌খিততলে পটিবসন্তি। অথ খো আয়স্মা অস্‌সগুত্তো দিব্‌বায় সোতধাতুয়া মিলিন্দস্‌স রঞ্‌ঞো বচনং সুত্বা, যুগন্ধরমথকে ভিক্‌খুসঙ্ঘং সন্নিপাতেত্বা, ভিক্‌খূ পুচ্ছি—অত্থা'বুসো কোচি ভিক্‌খু পটিবলো মিলিন্দেন রঞ্‌ঞা সদ্ধিং সল্লপিতুং কঙ্খং পটিবিনেতু'ন্তি?' এবং বুত্তে, কোটিসতা অরহন্তো তুণ্‌হী অহেসুং। দুতিয়ম্'পি খো, ততিয়ম্'পি খো পুট্ঠা তুণ্‌হী অহেসুং। অথ খো আয়স্মা অস্‌সগুত্তো ভিক্‌খুসঙ্ঘং এতদবোচ—'অত্থা'বুসো তাবতিংসভবনে বেজয়ন্তস্‌স পাচীনতো কেতুমতী নাম বিমানং। তত্থ মহাসেনো নাম দেবপুত্তো পটিবসতি, স পটিবলো তেন মিলিন্দেন রঞ্‌ঞা সদ্ধিং সল্লপিতুং কঙ্খং পটিবিনেতু'ন্তি।' অথ খো কোটিসতা অরহন্তো যুগন্ধরমথকে অন্তরহিতা তাবতিংসভবনে পাতুরহেসুং।

—শুনিতে পান, রাজা মিলিন্দ সেই স্থানেই তাঁহাদের নিকট উপস্থিত হইয়া প্রশ্ন জিজ্ঞাসা করেন। তাঁহারা সকলেই প্রশ্নোত্তরে রাজার আরাধনা করিতে অশক্ত হইয়া যেখানে-সেখানে প্রস্থান করেন। যাঁহারা অন্যদিকে গমন না করিতেন, তাঁহারা তূষ্ণীভূত হইয়া অবস্থান করিতেন। কিন্তু ভিক্ষুরা অধিকাংশ হিমালয়-পর্ব্বতেই গমন ৫ করিয়াছিলেন।

১৬। সেই সময়ে হিমালয় পর্ব্বতের 'রক্ষিততল'-নামক প্রদেশে কোটিশত অর্হৎ বাস করিতেন। সে স্থানে আয়ুষ্মান্ অশ্বগুপ্ত দিব্য শ্রবণশক্তিতে রাজা মিলিন্দের (ঐ সর্কল) বচন শ্রবণ করিয়া, যুগন্ধর-(পর্ব্বত) মস্তকে ভিক্ষুসংঘকে সমবেত করিয়া জিজ্ঞাসা করিলেন—'ওহে রাজা মিলিন্দের সহিত আলাপ করিতে, ও তাঁহার শঙ্কা ১০ অপনয়ন করিতে পারে, এরূপ কোন সমর্থ ভিক্ষু আছে কি?' ইহা উক্ত হইলে কোটিশত ভিক্ষু চুপ করিয়া রহিলেন। দুইবার, তিনবারও পৃষ্ট হইলে, তাঁহারা চুপ করিয়া থাকিলেন। অনন্তর আয়ুষ্মান্ অশ্বগুপ্ত ভিক্ষুসঙ্ঘকে এই বলিলেন—'ওহে, ত্রয়স্ত্রিংশদ্দেব-ভবনে 'বৈজয়ন্ত'-প্রাসাদের পূর্ব্বভাগে 'কেতুমতী'-নামে এক দেবগৃহ (বিমান) আছে। সেখানে মহাসেন-নামে দেবপুত্র বাস করেন। ১৫ তিনি রাজা মিলিন্দের সহিত আলাপ করিতে, ও তাঁহার সংশয় অপনয়ন করিতে সমর্থ।' ইহা শুনিয়া কোটিশত অর্হৎ যুগন্ধর-পর্ব্বত হইতে অন্তর্হিত হইয়া ত্রয়স্ত্রিংশদ্দেব-ভবনে প্রাদুর্ভূত হইলেন।

১৭। অদসা খো সক্কো দেবানমিন্দো তে ভিক্‌খূ দূরতো'ব আগচ্ছন্তে। দিস্বান যেনায়স্মা অস্‌সগুত্তো, তেনু'পসঙ্কমি। উপসঙ্কমিত্বা আয়স্মন্তং অস্‌সগুত্তং অভিবাদেত্বা একমন্তং অট্‌ঠাসি। একমন্তং ঠিতো খো সক্কো দেবানমিন্দো আয়স্মন্তং অস্‌সগুত্তং এতদবোচ—'মহা খো ভন্তে, ভিক্‌খুসঙ্ঘো অনুপ্পত্তো, অহং সঙ্ঘস্‌স আরামিকো, কেন'ত্থো, কিং ময়া করণীয়'ন্তি ?' অথ খো আয়স্মা অস্‌সগুত্তো সক্কং দেবানামিন্দং এতদবোচ—'অয়ং খো মহারাজ, জম্বুদীপে সাগলনগরে মিলিন্দো নাম রাজা বাদী, দুরাসদো, দুপ্পসহো, পুথুতিত্থকরানং অগ্‌গমক্‌খায়তি। সো ভিক্‌খুসঙ্ঘং উপসঙ্কমিত্বা দিট্‌ঠিবাদেন পঞ্‌হং পুচ্ছিত্বা ভিক্‌খুসঙ্ঘং বিহেঠেতীতি।'

অথ খো সক্কো দেবানমিন্দো আয়স্মন্তং অস্‌সগুত্তং এতদবোচ—'অয়ং খো ভন্তে, মিলিন্দো রাজা ইতো চুতো মনুস্‌সেসু উপ্পন্নো। এসো খো ভন্তে, কেতুমতীবিমানে মহাসেনো নাম দেবপুত্তো পটিবসতি; সো তেন মিলিন্দেন রঞ্‌ঞা সদ্ধিং পটিবলো সল্লপিতুং কঙ্খং পটিবিনেতুং। তং দেবপুত্তং যাচিস্‌সাম মনুস্‌সলোকু'প্পত্তিয়া'তি।'

১৮। অথ খো সক্কো দেবানমিন্দো ভিক্‌খুসঙ্ঘং পুরক্‌খত্বা কেতুমতীবিমানং পবিসিত্বা,

---

১৭। দেবেন্দ্র শক্র দূর হইতেই সেই সকল ভিক্ষুকে আসিতে দেখিয়া, যে স্থানে আয়ুষ্মান্ অশ্বগুপ্ত ছিলেন, সেই স্থানে উপস্থিত হইলেন; এবং তাঁহাকে অভিবাদন করিয়া এক পার্শ্বে অবস্থান-পূর্ব্বক এই বলিলেন—'ভদন্ত, মহান্ ভিক্ষুসঙ্ঘ উপস্থিত হইয়াছেন; আমি ভিক্ষুসঙ্ঘের পরিচারক (আরামিকো); আপনাদের প্রয়োজন কি ?
৫ আমাকে কি করিতে হইবে ?'

আয়ুষ্মান্ অশ্বগুপ্ত দেবেন্দ্র শক্রকে বলিলেন—'মহারাজ, জম্বুদ্বীপে সাগলনগরে এই মিলিন্দনামক রাজা বাদ বা বিচার-শীল, বিচারে ইঁহার নিকটে কষ্টেই উপস্থিত হওয়া যায়, এবং প্রতিবাদিগণ কষ্টেই ইঁহাকে সহ্য করিতে পারে; ইনি মহাতীর্থকরগণের অগ্রে আখ্যাত হইয়া থাকেন। ইনি ভিক্ষুসঙ্ঘের নিকট উপস্থিত হইয়া দর্শনবাদে
১০ প্রশ্ন জিজ্ঞাসাপূর্ব্বক তাঁহাদিগকে বিশেষ পীড়া প্রদান করিতেছেন।'

দেবেন্দ্র শক্র আয়ুষ্মান্ অশ্বগুপ্তকে বলিলেন—'ভদন্ত, এই মিলিন্দ রাজা এস্থান হইতে চ্যুত হইয়া মনুষ্যলোকে উৎপন্ন হইয়াছে। ভদন্ত, কেতুমতী-বিমানে এই মহাসেন-নামে দেবপুত্র বাস করিতেছেন; তিনিই মিলিন্দ রাজার সহিত আলাপ করিতে ও তাঁহার সংশয় অপনয়ন করিতে অনুরূপ। সেই দেবপুত্রকে মনুষ্যলোকে
১০ উৎপন্ন হইবার জন্য যাচ্ঞা করিব।'

১৮। পরে দেবেন্দ্র শক্র ভিক্ষুসঙ্ঘকে পুরোভাগে করিয়া কেতুমতী-বিমানে প্রবেশ-

মহাসেনং দেবপুত্তং আলিঙ্গিত্বা এতদবোচ—'যাচতি তং মারিস, ভিক্‌খুসঙ্ঘো মনুস্‌সলোকু-প্পত্তিয়া'তি।'

''ন মে ভন্তে, মনুস্‌সলোকেন'ত্থো কম্মবহুলেন, তিব্‌বো মনুস্‌সলোকো। ইধে'বাহং ভন্তে, দেবলোকে উপরূ'পরূ'প্পত্তিকো হুত্বা পরিনিব্‌বায়িস্‌সামীতি।'

দুতিযম্'পি খো, ততিযম্'পি খো সক্কে দেবানমিন্দে যাচন্তে মহাসেনো দেবপুত্তো এবমাহ—'ন মে ভন্তে, মনুস্‌সলোকেন'ত্থো কম্মবহুলেন, তিব্‌বো মনুস্‌সলোকো ; ইধে'বাহং ভন্তে, দেবলোকে উপরূ'পরূ'প্পত্তিকো হুত্বা পরিনিব্‌বায়িস্‌সামীতি।' অথ খো আয়স্মা অস্‌সগুত্তো মহাসেনং দেবপুত্তং এতদবোচ—'ইধ মযং মারিস, সদেবকং লোকং অনুবিলোকয়মানা অঞ্ঞত্র তয়া মিলিন্দস্‌স রঞ্ঞো বাদং ভিন্দিত্বা সাসনং পগ্‌গহেতুং সমত্থং অঞ্ঞং কিঞ্চি ন পস্‌সাম। যাচতি তং মারিস, ভিক্‌খুসঙ্ঘো—'সাধু, সপ্পুরিস, মনুস্‌সলোকে নিব্‌বত্তিত্বা দসবলস্‌স সাসনং পগণ্হিত্বা দেহীতি।'

'এবং বুত্তে, মহাসেনো দেবপুত্তো 'অহং কির মিলিন্দস্‌স রঞ্ঞো বাদং ভিন্দিত্বা সাসনং পগ্‌গহেতুং সমত্থো ভবিস্‌সামীতি' হট্ঠতুট্ঠো উদগ্‌গু'দগ্‌গো হুত্বা 'সাধু, ভন্তে, মনুস্‌সলোকে উপ্পজ্জিস্‌সামীতি' পটিঞ্ঞং অদাসি।

পূর্ব্বক দেবপুত্র মহাসেনকে আলিঙ্গন করিয়া বলিলেন—'মারিষ, ভিক্ষুসঙ্ঘ আপনাকে মনুষ্যলোকে উৎপন্ন হইবার জন্য যাচ্ঞা করিতেছেন।'

'ভদন্ত, কর্ম্মবহুল মনুষ্যলোকের দ্বারা আমার প্রয়োজন নাই ; মনুষ্যলোক তীব্র। ভদন্ত, আমি এই দেবলোকেই উপর্য্যুপরি উৎপন্ন হইয়া পরিনির্ব্বাণ লাভ করিব।'

৫ দেবেন্দ্র শক্র দ্বিতীয়বার, তৃতীয়বারও যাচ্ঞা করিলে দেবপুত্র মহাসেন ইহাই বলিলেন—'ভদন্ত, মনুষ্যলোকের দ্বারা আমার প্রয়োজন নাই ; মনুষ্যলোক তীব্র। ভদন্ত, আমি এই দেবলোকেই উপর্য্যুপরি উৎপন্ন হইয়া পরিনির্ব্বাণ লাভ করিব।' অনন্তর আয়ুষ্মান্ অশ্বগুপ্ত দেবপুত্র মহাসেনকে এই বলিলেন—'মারিষ, এখানে আমরা এই সদেব-মনুষ্যলোক অবলোকন করিয়া আপনি-ভিন্ন এরূপ কাহাকেও দেখি-
১০ তেছি না, যিনি মিলিন্দ রাজার বাদ অর্থাৎ তর্ক ভেদ করিয়া বুদ্ধ-শাসনকে উদ্ধার করিতে সমর্থ হন। মারিষ, ভিক্ষুসঙ্ঘ আপনাকে এই বলিয়া প্রার্থনা করিতেছেন—'সাধু, সৎপুরুষ, আপনি মনুষ্যলোকে জন্মধারণ করিয়া দশবলের শাসনকে উদ্ধার করিয়া দিন।'

এই প্রকার উক্ত হইলে, দেবপুত্র মহাসেন 'আমি মিলিন্দ রাজার বাদ খণ্ডন করিয়া
১৫ বুদ্ধশাসন উদ্ধার করিতে সমর্থ হইব'—এই ভাবিয়া হৃষ্ট-তুষ্ট ও (মনে মনে) স্ফীত-স্ফীত হইয়া প্রতিজ্ঞা করিলেন—'ভাল, ভদন্ত, আমি মনুষ্যলোকে উৎপন্ন হইব।'

১৯। অথ খো তে ভিক্খূ দেবলোকে তং করণীয্যং তীরেত্বা, দেবেসু তাবতিংসেসু অন্তরহিতা হিমবন্তে পব্বতে রক্খিততলে পাতুরহেসুং। অথ খো আয়স্মা অস্সগুত্তো ভিক্খুসঙ্ঘং এতদবোচ—'অত্থা'বুসো ইমস্মিং ভিক্খুসঙ্ঘে কোচি ভিক্খু সন্নিপাতং অনাগতো'তি ?'

এবং বুত্তে, অঞ্ঞতরো ভিক্খু আয়স্মন্তং অস্সগুত্তং এতদবোচ—'অত্থি ভন্তে, আয়স্মা রোহণো ইতো সত্তমে দিবসে হিমবন্তং পব্বতং পবিসিত্বা নিরোধং সমাপন্নো; তস্স সন্তিকে দূতং পাহেথা'তি।' আয়স্মাপি রোহণো তং খণঞ্ঞেব নিরোধা বুট্‌ঠায় 'সঙ্ঘো মং পটিমানেতীতি' হিমবন্তে পব্বতে অন্তরহিতো রক্খিততলে কোটিসতানং অরহন্তানং পুরতো পাতুরহোসি।

অথ খো আয়স্মা অস্সগুত্তো আয়স্মন্তং রোহণমেতদবোচ—'কিন্নু খো আবুসো রোহণ, বুদ্ধসাসনে পলুজ্জন্তে ন পস্সসি সঙ্ঘস্স করণীয়ানীতি ?'

'অমনসিকারো মে ভন্তে, অহোসীতি।'

'তেন হা'বুসো রোহণ, দণ্ডকম্মং করোহীতি।'

'কিং ভন্তে, করোমীতি ?'

১৯। অনন্তর সেই ভিক্ষুগণ দেবলোকে ঐ কার্য্য সম্পন্ন করিয়া ত্রয়স্ত্রিংশৎ-দেবলোক হইতে অন্তর্হিত হইয়া হিমালয় পর্ব্বতের রক্ষিততলে প্রাদুর্ভূত হইলেন। আয়ুষ্মান্ অশ্বগুপ্ত ভিক্ষুসঙ্ঘকে বলিলেন—'ওহে, এই ভিক্ষুসংঙ্ঘের অন্তর্গত এমন কি কোন ভিক্ষু আছেন, যিনি এখানে সমুপস্থিত হন নাই ?'

৫ এইরূপ উক্ত হইলে, অপর ভিক্ষু আয়ুষ্মান্ অশ্বগুপ্তকে বলিলেন—'ভদন্ত, আয়ুষ্মান্ রোহণ অদ্য সপ্তম দিবস হইল, হিমালয়-পর্ব্বতে প্রবেশ করিয়া 'নিরোধ'-ধ্যানসম্পন্ন হইয়াছেন; তাঁহার নিকট দূত প্রেরণ করুন।' আয়ুষ্মান্ রোহণও ভিক্ষুসঙ্ঘ তাঁহার অপেক্ষা করিতেছেন, জানিতে পারিয়া তৎক্ষণাৎ 'নিরোধ'-ধ্যান হইতে উত্থিত হইয়া হিমালয় পর্ব্বত হইতে অন্তর্হিত হইলেন ও রক্ষিততলে কোটিশত অর্হতের পুরোভাগে ১০ প্রাদুর্ভূত হইলেন।

আয়ুষ্মান্ অশ্বগুপ্ত আয়ুষ্মান্ রোহণকে বলিলেন—'ওহে রোহণ, বুদ্ধশাসন নিতান্ত রুগ্ন হইয়া পড়িতেছে, আপনি এখনও সংঘের কর্ত্তব্য-সমূহ দর্শন করিতেছেন না কেন ?'

'ভদন্ত, আমার অমনোযোগিতায় (এরূপ) হইয়াছে।'

'তবে রোহণ, আপনি দণ্ডকর্ম্ম করুন।'

১৫ 'ভদন্ত, কি করিব ?'

'অথা'বুসো রোহণ, হিমবন্তপব্বতপস্সে 'কজঙ্গলং' নাম ব্রাহ্মণগামো। তথ সোনু'ত্তরো নাম ব্রাহ্মণো পটিবসতি। তস্স পুত্তো উপ্পজ্জিস্সতি নাগসেনো নাম দারকো। তেন হি ত্বং আবুসো রোহণ, দসমাসাধিকানি সত্ত বস্সানি তং কুলং পিণ্ডায় পবিস। পিণ্ডায় পবিসিত্বা নাগসেনং দারকং নীহরিত্বা পব্বাজেহি। পব্বজিতে চ তস্মিং দণ্ডকম্মতো মুচ্চিস্সতীতি' —আহ।

আয়স্মাপি খো রোহণো 'সাধূ'তি' সম্পটি'চ্ছি।

২০। মহাসেনো'পি খো দেবপুত্তো দেবলোকা চবিত্বা সোনু'ত্তরব্রাহ্মণস্স ভরিয়ায় কুচ্ছিস্মিং পটিসন্ধিং অগ্গহেসি। সহ পটিসন্ধিগহণা তয়ো অচ্ছরিয়া অব্ভুতা ধম্মা পাতুরহেসুং—আয়ুধ-ভণ্ডানি পজ্জলিংসু, অগ্গসস্সং অভিনিপ্ফন্নং, মহামেঘো অভিপ্পবস্সি। আয়স্মাপি খো রোহণো তস্স পটিসন্ধিগহণতো পট্ঠায় দসমাসাধিকানি সত্ত বস্সানি তং কুলং পিণ্ডায় প-বিসন্তো একদিবসম্'পি কটচ্ছুমত্তং ভত্তং বা, উলুঙ্কমত্তং যাগুং বা, অভিবাদনং বা, অঞ্জলিকম্মং বা, সামীচিকম্মং বা নালত্থ; অথ খো অক্কোসঞ্ঞেব, পরিহাসঞ্ঞেব পটিলভতি। 'অতি'চ্ছথ ভন্তে'তি' বচনমত্তম্'পি বত্তা নাম নাহোসি।

'রোহণ, হিমালয়পর্ব্বত-পার্শ্বে 'কজঙ্গল'-নামে এক ব্রাহ্মণ-গ্রাম আছে। সেখানে শোণোত্তর (সোনু'ত্তরো) নামে এক ব্রাহ্মণ বসতি করেন। তাঁহার এক পুত্র উৎপন্ন হইবে। বালকের নাম হইবে 'নাগসেন'। অতএব রোহণ আপনি সাতবৎসর দশমাস তাঁহার গৃহে খাদ্য-ভিক্ষার জন্য প্রবেশ করুন। প্রবেশ করিয়া বালক
৫ নাগসেনকে (গৃহ হইতে) অপনীত করিয়া প্রব্রজিত করুন। সে প্রব্রজিত হইলে, আপনি দণ্ডকর্ম্ম হইতে মুক্ত হইবেন।'

আয়ুষ্মান্ রোহণও 'সাধু' বলিয়া তাহা গ্রহণ করিলেন।

২০। দেবপুত্র মহাসেনও দেবলোক হইতে চ্যুত হইয়া শোণোত্তর-ব্রাহ্মণের ভার্য্যার কুক্ষিতে জন্ম গ্রহণ করিলেন। তাঁহার জন্মগ্রহণ-ক্ষণের সঙ্গেই তিনটি আশ্চর্য্য-অদ্ভুত
১০ কর্ম্ম (ধম্ম) প্রাদুর্ভূত হইয়া ছিল:—আয়ুধ-ভাণ্ড সকল প্রজ্বলিত হইয়াছিল, নবীন শস্যসমূহ অভিনিষ্পন্ন অর্থাৎ পরিপক্ব হইয়াছিল, ও মহামেঘ বর্ষণ করিয়াছিল। আয়ুষ্মান্ রোহণও তাঁহার জন্মলাভ-কাল হইতে সপ্তবর্ষ দশমাস যাবৎ পিণ্ড-প্রার্থনায় সেই ভবনে প্রবেশ করিয়া, একদিনও দর্ব্বীমাত্র অন্ন, কি উদঙ্ক পরিমিত যবাগূ, কি অভিবাদন, কি অঞ্জলিবন্ধন, অথবা অপর কোন সমীচীন কর্ম্ম লাভ করেন নাই; বরং আক্রোশ ও পরিহাসই পাইয়া ছিলেন। সেখানে এমন কোন লোক ছিল না, যে তাঁহাকে এইটুকু বলিত 'ভেদন্ত, আপনি অন্যত্র গমন করুন।'

দসমাসাধিকানং পুন সত্তন্নং বস্সানং অচ্চয়েন একদিবসং 'অতি'চ্ছথ ভন্তে'তি' বচনমত্তং অলত্থ। তং দিবসমেব ব্রাহ্মণো'পি বহিকম্মতো আগচ্ছন্তো পটিপথে থেরং দিস্বা 'কিং ভো পব্বজিত, অম্হাকং গেহমগমত্থা'তি' আহ।

'আম ব্রাহ্মণ, অগমম্হা'তি।'

'অপি কিঞ্চি লভিত্থা'তি ?'

'আম ব্রাহ্মণ, লভিম্হা'তি।'

সো অত্তমনো গেহং গন্ত্বা পুচ্ছি 'তস্স পব্বজিতস্স কিঞ্চি অদত্থা'তি ?'

'ন কিঞ্চি অদম্হা'তি।'

২১। ব্রাহ্মণো দুতিয়দিবসে ঘরদ্বারে যেব নিসীদি—'অজ্জ পব্বজিতং মুসাবাদেন নিগ্গহেস্সামীতি।' থেরো দুতিয়দিবসে ব্রাহ্মণস্স ঘরদ্বারং সম্পত্তো। ব্রাহ্মণো থেরং দিস্বা'ব এবমাহ—'তুম্হে হীয্যো অম্হাকং গেহে কিঞ্চি অলভিত্বা যেব লভিম্হা'তি অবোচুত্থ, বট্টতি নু খো তুম্হাকং মুসাবাদো'তি ?'

থেরো আহ 'ময়ং ব্রাহ্মণ, তুম্হাকং গেহে দসমাসাধিকানি সত্ত বস্সানি 'অতি'চ্ছথা'তি' বচনমত্তম্'পি অলভিত্বা, হীয্যো 'অতি'চ্ছথা'তি' বচনমত্তং লভিম্হ, অথে'তং বচনপটিসন্থারমত্তং

সাত বৎসর দশমাস অতীত হইলে, একদিন ঐ কথাটুকু লাভ করিলেন 'ভদন্ত, আপনি অন্যত্র গমন করুন।' সেই দিনই ব্রাহ্মণ (শোনোত্তর) (গ্রামের) বহিঃ-সম্পাদ্য
৫ কর্ম্ম হইতে আগমন করিতে করিতে পথে স্থবিরকে ফিরিতে দেখিয়া বলিলেন—'কি হে প্রব্রজিত, আপনি কি আমাদের গৃহে গমন করিয়াছিলেন ?'

'হাঁ ব্রাহ্মণ, গিয়াছিলাম।'

'আপনি সেখানে কিছু পাইয়াছেন ?'

'হাঁ ব্রাহ্মণ, পাইয়াছি।'

তিনি আনন্দিতমনে গৃহে গমন করিয়া জিজ্ঞাসা করিলেন—'তোমরা সেই ভিক্ষুকে
১০ কিছু দিয়াছ কি ?'

'না, আমরা কিছুই দিই নাই।'

২১। দ্বিতীয় দিবসে ব্রাহ্মণ গৃহদ্বারেই নিষণ্ণ হইয়া মনে করিলেন—'আজ মৃষাবাদের জন্য ভিক্ষুকে নিগৃহীত করিব।' স্থবির দ্বিতীয় দিবসে ব্রাহ্মণের গৃহদ্বারে উপস্থিত হইলেন। ব্রাহ্মণ স্থবিরকে দেখিয়াই বলিলেন—'আপনি কাল আমাদের গৃহে
১৫ কিছু না পাইয়াই 'পাইয়াছি' বলিয়াছেন, আপনাদের কি মৃষাবাদ উচিত ?'

স্থবির বলিলেন—'ব্রাহ্মণ, আমি সাত বৎসর দশমাস যাবৎ আপনাদের গৃহে 'অন্যত্র গমন কর'—এই কথামাত্রও না পাইয়া, কল্য ঐ কথাটি লাভ করিয়াছিলাম। এই বচনসৎকার-মাত্র লাভ করিয়া এইরূপ বলিয়াছিলাম।'

উপাদায় এবমবোচুম্‌হা'তি।'

ব্রাহ্মণো চিন্তেসি—'ইমে বাচাপটিসন্থারমত্তম্'পি লভিত্বা জনমজ্ঝে লভিম্‌হা'তি পসংসন্তি, অঞ্ঞং কিঞ্চি খাদনীয়ং বা ভোজনীয়ং বা লভিত্বা কস্মা নপ্পসংসন্তীতি' পসীদিত্বা অত্তনো অত্থায় পটিয়াদিতভত্ততো কটচ্ছুভিক্‌খং তদুপিয়ং চ ব্যঞ্জনং দাপেত্বা, 'ইমং ভিক্‌খং সব্বকালং তুম্‌হে লভিস্‌সথা'তি' আহ। সো পুনদিবসতোপ্পভুতি উপসঙ্কমন্তস্‌স থেরস্‌স উপসমং দিস্বা ভীয্যো সোমত্তায় পসীদিত্বা থেরং নিচ্চকালং অত্তনো ঘরে ভত্তবিস্‌সগ্‌গকরণ'থায় যাচি। থেরো তুণ্‌হীভাবেন অধিবাসেত্বা দিবসে দিবসে ভত্তকিচ্চং কত্বা গচ্ছন্তো থোকং থোকং বুদ্ধবচনং কথেত্বা গচ্ছতি।

২২। সাপি খো ব্রাহ্মণী দসমাস'চ্চয়েন পুত্তং বিজায়ি। নাগসেনো'তি'স্‌স নামং অহোসি। সো অনুক্কমেন বড্ঢেন্তো সত্তবস্‌সিকো জাতো। অথ খো নাগসেনস্‌স দারকস্‌স পিতা নাগসেনং দারকং এতদবোচ—'ইমস্মিং খো তাত নাগসেন, ব্রাহ্মণকুলে সিক্‌খানি সিক্‌খেয্যাসীতি।'

'কতমানি তাত, ইমস্মিং ব্রাহ্মণকুলে সিক্‌খানি নামা'তি?'

'তয়ো খো তাত নাগসেন, বেদা সিক্‌খানি নাম, অবসেসানি সিপ্পানি সিপ্পং নামা'তি।'

ব্রাহ্মণ চিন্তা করিলেন—'ইহাঁরা বচনসৎকার-মাত্র লাভ করিয়া জনমধ্যে 'পাইয়াছি' বলিয়া প্রশংসা করেন, অন্য যদি কিঞ্চিৎ খাদ্য বা ভোজ্য লাভ করেন, তবে কেননা প্রশংসা করিবেন!' তিনি প্রসন্ন হইয়া নিজার্থ প্রস্তুত অন্ন হইতে দর্ব্বী-('কটচ্ছু') পরিমিত ভিক্ষা ও তদনুরূপ ব্যঞ্জন প্রদান করাইয়া বলিলেন—'আপনি সর্ব্বকালেই
৫ এইরূপ ভিক্ষা লাভ করিবেন।' তিনি পরদিবস হইতে আগমনকারী স্থবিরের উপশান্ততা দর্শনে আরও প্রসন্ন হইয়া, স্বগৃহে নিত্য অন্ন বিতরণ করিবার জন্য তাঁহাকে প্রার্থনা করিলেন। স্থবিরও তূষ্ণীম্ভাব-দ্বারা আত্মসম্মতি প্রকাশ করিয়া, (সেস্থানে) দিনে দিনে অন্নগ্রহণ-কৃত্য করিতেন, ও অল্প অল্প করিয়া বুদ্ধবচন কহিয়া যাইতেন।

১০ ২২। (এদিকে) সেই ব্রাহ্মণপত্নীও দশমাস অতীত হইলে, এক পুত্র প্রসব করিলেন। তাহার নাম হইল 'নাগসেন।' বালক অনুক্রমে বর্দ্ধিত হইয়া সপ্তবর্ষ হইলে, তাহার পিতা তাহাকে বলিলেন—'তাত নাগসেন, তোমাকে এই ব্রাহ্মণকুলের শিক্ষাসমূহ শিখিতে হইবে।'

'তাত, এই ব্রাহ্মণকুলের শিক্ষাসমূহ কি কি?'

১৫ 'তাত নাগসেন, বেদত্রয়ের নাম শিক্ষা, অবশিষ্ট বিদ্যা-সমূহের (সিপ্পানি) নাম শিল্প।'

'তেন হি তাত, সিক্‌খিস্‌সামীতি।'

অথ খো সোণুত্তরো ব্রাহ্মণো আচরিযস্‌স ব্রাহ্মণস্‌স আচরিযভাগং সহস্‌সং দত্বা, অন্তোপাসাদে একস্মিং গব্‌ভে একতো মঞ্চকং পঞ্ঞাপেত্বা আচরিযব্রাহ্মণং এতদবোচ—'সজ্‌ঝাযাপেহি খো ত্বং ব্রাহ্মণ, ইমং দারকং মন্তানীতি।'

'তেন হি তাত দারক, উগ্‌গণ্হাহি মন্তানীতি'—আচরিযো ব্রাহ্মণো সজ্‌ঝাযতি। নাগসেন-দারকস্‌স একেনে'ব উদ্দেসেন তযো বেদা হদযঙ্গতা, বাচু'গ্‌গতা, সুপধারিতা, সুববত্থাপিতা, সুমনসিকতা অহেসুং; সকিমেব চক্‌খুং উদপাদি তীসু বেদেসু, সনিঘণ্ডুকেটুভেসু, সাক্‌খরপ্পভেদেসু, ইতিহাসপঞ্চমেসু; পদকো, বেয্যাকরণো, লোকাযতমহাপুরিসলক্‌খণেসু অনবযো অহোসি।

২৩। অথ খো নাগসেনো দারকো পিতরং এতদবোচ—'অত্থি নু খো তাত, ইমস্মিং ব্রাহ্মণকুলে ইতো উত্তরিম্'পি সিক্‌খিতব্‌বানি, উদাহু এত্তকানে'বা'তি?'

'ন'ত্থি তাত নাগসেন, ইমস্মিং ব্রাহ্মণকুলে ইতো উত্তরিং সিক্‌খিতব্‌বানীতি; এত্তকানে'ব সিক্‌খিতব্‌বানীতি।'

'তাত, তবে আমি তাহা শিক্ষা করিব।'

অনন্তর ব্রাহ্মণ শোণোত্তর আচার্য্যকে দেয়-স্বরূপ সহস্র মুদ্রা আচার্য্য-ব্রাহ্মণকে প্রদান করিলেন; এবং প্রাসাদান্তর্ভাগে এক গর্ভগৃহের একদিকে মঞ্চক নির্দ্দিষ্ট করাইয়া, আচার্য্য-ব্রাহ্মণকে বলিলেন—'ব্রাহ্মণ, আপনি এই বালককে মন্ত্রসমূহের স্বাধ্যায় করাউন।'

৫ 'তাহা হইলে, তাত নাগসেন, তুমি মন্ত্র সকল গ্রহণ কর'—এই বলিয়া আচার্য্য-ব্রাহ্মণ স্বাধ্যায় করিতে লাগিলেন। একোচ্চারণেই নাগসেনের বেদত্রয় হৃদ্গত হইল। তিনি তাহা (স্বর সংযোগে) উচ্চারণ করিতে পারিতেন, সবিশেষ ধরণা করিতে পারিয়াছিলেন, অর্থাবধারণ পূর্ব্বক তাহা ব্যবস্থাপিত বা কর্ম্মে বিনিযুক্ত করিতে পারিতেন, এবং তাহা মনে করিয়া রাখিয়াছিলেন। নিঘণ্টু বা নিরুক্ত, কল্প, ছন্দ

১০ ও পঞ্চমবেদ-সদৃশ ইতিহাসের সহিত বেদত্রয়ে সহসা তাঁহার চক্ষু উৎপন্ন হইয়াছিল। তিনি পদজ্ঞ ও বৈয়াকরণ, এবং লোকায়ত (নাস্তিকদর্শন) ও মহাপুরুষ-লক্ষণজ্ঞানে নিপুণ হইয়াছিলেন।

২৩। অনন্তর বালক নাগসেন পিতাকে বলিলেন—'তাত, ব্রাহ্মণকুলে ইহার পরেও কি কিছু শিক্ষা আছে, অথবা এই পর্য্যন্তই (আর কিছু নাই)?'

১৫ 'তাত নাগসেন, ব্রাহ্মণকুলে ইহার পর আর কিছু শিক্ষা নাই, এই পর্য্যন্তই।'

অথ খো নাগসেনো দারকো আচরিয়স্‌স অনুযোগং দত্বা, পাসাদা ওরুয্‌হ পুব্‌ববাসনায় চোদিতহদয়ো রহোগতো পতিসল্লীনো অত্তনো সিপ্পস্‌স আদিমজ্ঝপরিয়োসানং ওলোকেন্তো আদিম্‌হি বা, মজ্ঝে বা, পরিয়োসানে বা অপ্পমত্তকম্‌'পি সারং অদিস্বা 'তুচ্ছা বত ভো ইমে বেদা! পলাপা বত ভো ইমে বেদা অসারা নিস্‌সারা'তি!'—বিপ্পটিসারী অনত্তমনো অহোসি।

তেন খো পন সময়েন আয়স্মা রোহণো বত্তনিয়ে সেনাসনে নিসিন্নো নাগসেনস্‌স দারকস্‌স চেতসা চেতোপরিবিতক্কম্‌ঞায়, নিবাসেত্বা পত্তচীবরমাদায়, বত্তনিয়ে সেনাসনে অন্তরহিতো কজঙ্গল-ব্রাহ্মণগামস্‌স পুরতো পাতুরহোসি। অদ্দসা খো নাগসেনো দারকো অত্তনো দ্বারকোট্‌ঠকে ঠিতো আয়স্মন্তং রোহণং দূরতো'ব; আগচ্ছন্তং দিস্বান অত্তমনো উদগ্‌গো পমুদিতো পীতিসোমনস্‌সজাতো 'অপ্পেব নামায়ং পব্‌বজিতো কিঞ্চি সারং জানেয্যা'তি' যেনায়স্মা রোহণো, তেনু'পসঙ্কমি। উপসঙ্কমিত্বা আয়স্মন্তং রোহণং এতদবোচ— 'কো নু খো ত্বং মারিস, এদিসো ভণ্ডু-কাসাববসনো'তি?'

অতঃপর বালক নাগসেন আচার্য্যকে (তাঁহার শেষ) প্রশ্নের উত্তর প্রদান করিয়া প্রাসাদ হইতে অবতরণ করিলেন; এবং পূর্ব্বজন্মের সংস্কার-দ্বারা প্রণোদিত-চিত্ত হইয়া নির্জ্জনে চিন্তা-নিমগ্ন হইয়া স্বোপার্জ্জিত বিদ্যার আদি, মধ্য ও অবসান পর্য্যালোচনা করিতে লাগিলেন। তিনি এইরূপ পর্য্যালোচনা করিতে করিতে আদি, মধ্য ও অব-
৫ সান, কোনও স্থানে অল্পমাত্রও সার দেখিতে না পাইয়া বলিয়া উঠিলেন 'অহো বেদ সকল তুচ্ছ! অহো বেদ সকল তুষের ন্যায়, অসার—নিঃসার!' এই বলিয়া তিনি অনুতপ্ত ও অসন্তুষ্ট হইলেন।

সেই সময়ে আয়ুষ্মান্ রোহণ 'বত্তনিয়'-আশ্রমে নিষণ্ণ হইয়াছিলেন। তিনি স্বহৃদয়ে বালক নাগসেনের চিত্তোদিত সেই বিতর্ক জানিতে পারিয়া বসন পরিধান করিয়া (ভিক্ষা-) পাত্র ও চীবর গ্রহণপূর্ব্বক, 'বত্তনিয়'-আশ্রম হইতে অন্তর্হিত হইয়া
১০ 'কজঙ্গল'-গ্রামের পুরোভাগে প্রাদুর্ভূত হইলেন। নাগসেন স্বকীয় দ্বারবর্ত্তী অন্তর্গৃহে উপবিষ্ট ছিলেন, আয়ুষ্মান্ রোহণকে দেখিতে পাইলেন। তিনি দূর হইতেই তাঁহাকে আসিতে দেখিয়া প্রমুদিত, আনন্দিত, ও মনে মনে কিঞ্চিৎ স্ফীত হইলেন; তাঁহার প্রীতি ও সৌমনস্য উৎপন্ন হইল। হয় ত এই প্রব্রজিত কিছু সার জানেন—এই মনে করিয়া তিনি আয়ুষ্মান্ রোহণের নিকট উপস্থিত হইলেন, ও বলিলেন—'মারিষ,
১৫ ঈদৃশ মুণ্ডিত ও কাষায়বসনধারী আপনি কে?'

'পব্বজিতো নামাহং দারকা'তি।'

'কেন ত্বং মারিস, পব্বজিতো নামাসীতি?'

'পাপকানং মলানং পব্বাজেতুং পব্বজিতো, তস্মাহং দারক, পব্বজিতো নামা'তি।'

'কিং কারণা মারিস, কেসা তে ন, যথা অঞ্ঞেস'ন্তি?'

'সোলসি'মে দারক, পলিবোধে দিস্বা কেসমস্সুং ওহারেত্বা পব্বজিতো। কতমে সোলস? অলঙ্কারপলিবোধো, মণ্ডনপলিবোধো, তেলমণ্ডণপলিবোধো, ধোবনপলিবোধো, মালাপলিবোধো, গন্ধপলিবোধো, বাসনপলিবোধো, হরীটকপলিবোধো, আমলকপলিবোধো, রংগপলিবোধো, বন্ধনপলিবোধো, কোচ্ছপলিবোধো, কপ্পকপলিবোধো, বিজটনপলিবোধো, উকাপলিবোধো, কেসেসু বিলূনেসু সোচন্তি, কিলমন্তি, পরিদেবন্তি, উরত্তালিং কন্দন্তি, সম্মোহং আপজ্জন্তি;—ইমেসু খো দারক, সোলসসু পলিবোধেসু পলিগুণ্ঠিতা মনুস্সা সব্বানি অতিসুখুমানি সিপ্পানি নাসেন্তীতি।'

'কিং কারণা মারিস, বত্থানি'পি তে ন, যথা অঞ্ঞেস'ন্তি?'

'বৎস, আমি প্রব্রজিত।'

'কিজন্য মারিষ, আপনি প্রব্রজিত হইয়াছেন?'

'বৎস, পাপ-মল-সমূহ অতিবাহিত করিবার জন্য প্রব্রজিত বা সন্ন্যাসী হয়। সেই জন্য বৎস, আমি প্রব্রজিত।'

৫

শিরোমুণ্ডনের প্রয়োজন।

'মারিষ, কি কারণে অন্য-লোকের ন্যায় আপনার কেশ নাই?'

'বৎস, এই ষোড়শ প্রকার অত্যন্ত-পীড়া দর্শন করিয়া লোক কেশ ও শ্মশ্রু বপন করিয়া প্রব্রজিত হয়। এই ষোড়শ প্রকার অত্যন্ত-পীড়া কি? কেশ অলঙ্কৃত করা, সজ্জিত করা (মণ্ডন), তেল মাখান, ধৌত করা, মাল্যধারণ, গন্ধ-সম্পাদন, (ধূপাদি ১০ দ্বারা) সুবাসিত করা, হরীতকী ও আমলকী দ্বারা পরিষ্কার করা, চারুতর-বর্ণ-সম্পাদন, [illegible] ধন নাপিত, গ্রন্থিমোচন, উকুন, এবং কেশ ছিন্ন হইলে তাহার জন্য [illegible] তারা তজ্জন্য শোক করে, পরিদেবনা করে, উরঃস্থল আহত করিয়া ক্রন্দন করে, ও মোহ প্রাপ্ত হয়। বৎস, এই ষোড়শ প্রকার অত্যন্ত-পীড়ায় আবদ্ধ হইয়া মনুষ্যগণ অতিসূক্ষ্ম বিদ্যা-('শিল্প') সমূহ নষ্ট করে।'

১৫

কাষায়-বসনের প্রয়োজন।

'মারিষ, অন্য লোকের ন্যায় আপনার বস্ত্রও নাই কেন?'

'কামনিস্সিতানি খো দারক, বথানি কমনীয়ানি গিহিব্যঞ্জনানি, যানি কানিচি খো ভয়ানি বথতো উপ্পজ্জন্তি, তানি কাসাববসনস্স ন হোন্তি, তস্মা বথানি'পি মে ন,যথা অঞ্ঞেস'ন্তি।'

'জানাসি খো ত্বং মারিস, সিপ্পানি নামা'তি?'

'আম দারক; জানাম'হং সিপ্পানি। যং লোকে উত্তমং মন্তং, তম্'পি জানামীতি।'

'ময্হম্'পি তং মারিস, দাতুং সক্কা'তি?'

'আম দারক; সক্কা'তি।'

'তেন হি মে দেহীতি?'

'অকালো খো দারক; অন্তরঘরং পিণ্ডায় পবিট্ঠ'ম্হা'তি।'

২৪। অথ খো নাগসেনো দারকো আয়স্মতো রোহণস্স হথতো পত্তং গহেত্বা, ঘরং পবেসেত্বা, পণীতেন খাদনীয়েন ভোজনীয়েন সহথা সন্তপ্পেত্বা, সম্পবারেত্বা, আয়স্মন্তং রোহণং ভুত্তাবিং ওনীতপত্তপাণিং এতদবোচ—'দেহি মে'দানি মারিস, মন্ত'ন্তি।'

'বৎস, যে সকল কমনীয় বস্ত্র গৃহিগণের চিহ্নস্বরূপ,—অর্থাৎ গৃহিগণ ব্যবহার করিয়া থাকেন, ঐ সমুদয় বস্ত্র কাম বা লালসাকে আশ্রয় করিয়া থাকে;—তাহার দ্বারা যে-কোন ভয়ের উৎপত্তি হয়। কাষায়বসন ধারণ করিলে ঐ সব ভয় হয় না। সেই-জন্য অন্য লোকের ন্যায় আমার বস্ত্রও নহে।'

৫ 'মারিষ, আপনি বিদ্যা-(শিল্প) সমূহ জানেন?'

'হাঁ বৎস; আমি বিদ্যাসমূহ জানি। লোকে যাহাকে উত্তম মন্ত্র বলে, আমি তাহাও জানি।'

'মারিষ, আমাকেও তাহা প্রদান করিতে পারা যায়?'

'হাঁ বৎস; পারা যায়।'

১০ 'তবে আমাকে প্রদান করুন।'

'বৎস, এখন অসময়; খাদ্য ভিক্ষা করিবার জন্য এখন অন্তর্গৃহে প্রবেশ করিয়াছি।'

২৪। অনন্তর বালক নাগসেন, আয়ুষ্মান্ রোহণের হস্ত হইতে (ভিক্ষা-) পাত্র গ্রহণ করিয়া তাঁহাকে গৃহে প্রবেশ করাইলেন; এবং স্বহস্তে উত্তম খাদ্য-ভোজ্য

১৫ দ্বারা তাঁহাকে এতদূর সন্তর্পিত করিয়া ভোজন করাইলেন, যাহাতে 'আর দিও না' বলিয়া তিনি নিষেধ করিলেন। আয়ুষ্মান্ রোহণ ভোজন শেষ করিয়া পাত্র হইতে হস্ত অপনীত করিলে, নাগসেন বলিলেন—'মারিষ, এখন আমাকে মন্ত্র প্রদান করুন।'

'যদা খো ত্বং দারক, নিপ্পলিবোধো হুত্বা মাতাপিতরো অনুজানাপেত্বা, মযা গহিতং পব্‌বজিতবেসং গণ্‌হিস্‌সসি, তদা দস্‌সামীতি'—আহ।

২৫। অথ খো নাগসেনো দারকো মাতাপিতরো উপসঙ্কমিত্বা আহ—'অম্ম, তাত, অযং পব্‌বজিতো "যং লোকে উত্তমং মন্তং, তং জানামীতি" বদতি; ন চ অত্তনো সন্তিকে অপব্‌বজিতস্‌স দেতি। অহং এতস্‌স সন্তিকে পব্‌বজিত্বা তং মন্তং উগ্‌গণ্‌হিস্‌সামীতি।'

অথ'স্‌স মাতা-পিতরো 'পব্‌বজিত্বাপি নো পুত্তো মন্তং উগ্‌গণ্‌হাতু, গহেত্বা পুনাগচ্ছতীতি' মঞ্‌ঞমানা 'গণ্‌হ পুত্তা'তি' অনুজানিংসু।

অথ খো আযস্মা রোহণো নাগসেনং দারকং আদায, যেন বত্তনিযং সেনাসনং,—যেন "বিজম্ভবত্থু," তেনু'পসঙ্কমি। উপসঙ্কমিত্বা বিজম্ভবত্থুস্মিং সেনাসনে একরত্তিং বসিত্বা, যেন রক্‌খিততলং, তেনু'পসঙ্কমি। উপসঙ্কমিত্বা কোটিসতানং অরহন্তানং মজ্ঝে নাগসেনং দারকং পব্‌বাজেসি॥

২৬। পব্‌বজিতো চ পনাযস্মা নাগসেনো আযস্মন্তং রোহণং এতদবোচ:—'গহিতো মে ভন্তে, তব বেসো, দেথ মে'দানি মন্ত'ন্তি।'[1]

'বৎস, যখন তুমি বাধাশূন্য হইয়া পিতা ও মাতার অনুজ্ঞায় আমা-দ্বারা গৃহীত এই প্রব্রজিত-বেশ গ্রহণ করিবে, তখন প্রদান করিব।'

২৫। বালক নাগসেন পিতা-মাতার নিকট উপস্থিত হইয়া বলিলেন—মাত, তাত, লোকে যাহা উত্তম মন্ত্র, এই প্রব্রজিত তাহা জানেন; কিন্তু তাঁহার নিকট প্রব্রজ্যা
৫ গ্রহণ না করিলে, তিনি তাহা প্রদান করিবেন না। আমি তাঁহার নিকট প্রব্রজিত হইয়া সেই মন্ত্র গ্রহণ করিব।'

তাঁহার পিতা ও মাতা মনে ভাবিলেন—'প্রব্রজিত হইয়াও আমাদের পুত্র মন্ত্র গ্রহণ করুক, পরে আবার আসিবে।' এইরূপে তাঁহারা পুত্রকে অনুজ্ঞা প্রদান করিলেন।

আয়ুষ্মান্ রোহণ বালক-নাগসেনকে গ্রহণ করিয়া বত্তনিয়-আশ্রমে, ও তথা হইতে
১০ 'বিজম্ভবত্থু'-আশ্রমে উপস্থিত হইলেন; এবং এই স্থানে এক রাত্রি বাস করিয়া রক্ষিততল-আশ্রমে উপস্থিত হইলেন। সেখানে কোটিশত অর্হতের মধ্যে বালক নাগসেনকে প্রব্রজিত করিলেন।

২৬। আয়ুষ্মান্ নাগসেন প্রব্রজিত হইয়া আয়ুষ্মান্ রোহণকে বলিলেন 'ভদন্ত, আমি আপনার বেশ ধারণ করিয়াছি, আমাকে এখন মন্ত্র দান করুন।'

১৫ আয়ুষ্মান্ রোহণ চিন্তা করিলেন—'কোন্ বিষয়ে প্রথমে ইহাকে বিনীত অর্থাৎ

অথ খো আয়স্মা রোহণো 'কিম্হি নু খো'হং নাগসেনং পঠমং বিনেয্যং,—সুত্তন্তে বা, অভিধম্মে বা'তি' চিন্তেত্বা, 'পণ্ডিতো খো অয়ং নাগসেনো, সক্কোতি সুখেনে'ব অভিধম্মং পরিয়াপুণিতু'ন্তি' পঠমং অভিধম্মে বিনেসি।

আয়স্মা চ নাগসেনো 'কুসলা ধম্মা, অকুসলা ধম্মা, অব্যাকতা ধম্মা'তি'—তিকদুকপতিমণ্ডিতং "ধম্মসঙ্গণিং," 'খন্ধবিভঙ্গাদি'-অট্ঠারস-বিভঙ্গ-পতিমণ্ডিতং "বিভঙ্গপ্পকরণং," 'সঙ্গহো, অসঙ্গহো'তি-আদিনা চুদ্দসবিধেন বিভত্তং "ধাতুকথাপ্পকরণং," 'খন্ধপঞ্ঞত্তি, আয়তনপঞ্ঞত্তি'তি'-আদিনা ছব্বিধেন বিভত্তং "পুগ্গল-পঞ্ঞত্তিং," 'সকবাদে পঞ্চসুত্তসতানি, পরবাদে পঞ্চসুত্তসতানীতি'—সুত্তসহস্সং সমোধানেত্বা বিভত্ত—"কথাবত্থুপ্পকরণং," 'মূলযমকং. খন্ধযমক'ন্তি'-আদিনা দসবিধেন বিভত্তং "যমকং," 'হেতুপচ্চয়ো, আরম্মণপচ্চয়ো'তি' আদিনা চতুবীসতি-বিধেন বিভত্তং "পট্ঠানপ্পকরণ'ন্তি"—সব্বন্তং অভিধম্মপিটকং একেনে'ব সজ্ঝায়েন পগুণং কত্বা 'তিট্ঠথ ভন্তে, ন পুন ওসারেথ, এত্তকেনে'বাহং সজ্ঝায়িস্সামীতি' আহ।

২৭। অথায়স্মা নাগসেনো যেন কোটিসতা অরহন্তো, তেনু'পসঙ্কমি; উপসঙ্কমিত্বা কোটিসতানং অরহন্তানং এতদবোচ—'অহং খো ভন্তে, কুসলা ধম্মা, অকুসলা ধম্মা, অব্যাকতা

শিক্ষিত করিব—সূত্রান্তে অথবা অভিধর্ম্মে? নাগসেন পণ্ডিত, এ সুখেই অভিধর্ম্মে বিশেষ ব্যুৎপত্তি লাভ করিতে সমর্থ হইবে।' এই ভাবিয়া তিনি তাঁহাকে প্রথমে অভিধর্ম্মেই শিক্ষিত করিলেন।

আয়ুষ্মান্ নাগসেনও এক স্বাধ্যায়েই নিম্নলিখিত সমস্ত অভিধর্ম্ম পিটক অভ্যাস
৫ করিয়া ফেলিলেন; যথা—কুশলধর্ম্ম, অকুশলধর্ম্ম ও অব্যাকৃতধর্ম্ম—এই অবান্তর দ্বি-ত্রি-ভেদমণ্ডিত 'ধর্ম্মসঙ্গণী'; স্কন্ধবিভঙ্গাদি-অষ্টাদশ-বিভঙ্গ-মণ্ডিত 'বিভঙ্গ-প্রকরণ'; সংগ্রহ ও অসংগ্রহ-প্রভৃতি চতুর্দ্দশভাগ-বিভক্ত 'ধাতুকথা-প্রকরণ'; স্কন্ধ-প্রজ্ঞপ্তি, আয়তনপ্রজ্ঞপ্তি-প্রভৃতি ষড়্ভাগ-বিভক্ত 'পুদ্গলপ্রজ্ঞপ্তি'; স্বকীয়-বাদে পঞ্চশত সূত্র, পরবাদে পঞ্চশত সূত্র—এই সহস্র সূত্রযোগে বিভক্ত 'কথাবস্তুপ্রকরণ';
১০ মূলযমক, স্কন্ধযমক—ইত্যাদি দশবিধ 'যমক'; এবং হেতু-প্রত্যয় ও আরম্বণ-প্রত্যয়-ইত্যাদি চতুর্বিংশতিবিধভাগ-বিভক্ত 'প্রস্থানপ্রকরণ'। নাগসেন বলিলেন—'ভদন্ত, আর আপনাকে ঐ সকল বিবৃত করিতে হইবে না, ইহা দ্বারাই আমি স্বাধ্যায় করিতে পারিব।'

২৭। অনন্তর আয়ুষ্মান্ নাগসেন, যে স্থানে কোটিশত অর্হৎ ছিলেন, সে-স্থানে
১৫ উপস্থিত হইলেন। উপস্থিত হইয়া বলিলেন—'ভদন্তগণ, কুশলধর্ম্ম, অকুশলধর্ম্ম, ও

ধম্মা'তি ইমেসু তীসু পদেসু পক্খিপিত্বা সব্বন্তং অভিধম্মপিটকং বিত্থারেণ ওসারেস্সামীতি।'

'সাধু নাগসেন, ওসারেহীতি।'

অথ খো আয়স্মা নাগসেনো সত্তমাসানি সত্তপ্পকরণে বিত্থারেণ ওসারেসি। পঠবী উন্নদী, দেবতা সাধুকারমদংসু, ব্রহ্মাণো অপ্পোঠেসুং, দিব্বানি চন্দনচুণ্ণানি, দিব্বানি চ মন্দারবপুপ্ফানি অভিপ্পবস্সিংসু। অথ খো কোটিসতা অরহন্তো আয়স্মন্তং নাগসেনং পরিপুণ্ণবীসতিবস্সং রক্খিততলে উপসম্পাদেসুং।

২৮। উপসম্পন্নো চ পনায়স্মা নাগসেনো তস্সা রত্তিয়া অচ্চয়েন পুব্বণ্হসময়ং নিবাসেত্বা, পত্তচীবরমাদায়, উপজ্ঝায়েন সদ্ধিং গামং পিণ্ডায় পবিসন্তো এবরূপং পরিবিতক্কং উপ্পাদেসি— তুচ্ছো বত মে উপজ্ঝায়ো! বালো বত মে উপজ্ঝায়ো! ঠপেত্বা অবসেসং বুদ্ধবচনং, পঠমং মং অভিধম্মে বিনেসীতি!'

অথ খো আয়স্মা রোহণো আয়স্মতো নাগসেনস্স চেতসা চেতোপরিবিতক্কমঞ্ঞায় আয়স্মন্তং নাগসেনং এতদবোচ—অননুচ্ছবিকং খো নাগসেন, পরিবিতক্কং বিতক্কেসি;

অব্যাকৃতধর্ম্ম—এই বিষয়-ত্রিতয়ে প্রক্ষিপ্ত করিয়া সমস্ত অভিধর্ম্মপিটক আমি বিস্তারপূর্ব্বক বিবৃত করিব।'

'সাধু নাগসেন! বিবৃত করুন'—এই বলিয়া তাঁহা[illegible] অনুমোদন করিলেন।

আয়ুষ্মান্ নাগসেন সপ্তমাসে সপ্ত প্রকরণ বিস্তারপূর্ব্বক বিবৃত করিলেন। পৃথিবী উচ্চনাদ করিল, দেবতারা সাধুবাদ প্রদান করিলেন, ব্রহ্মদেবগণ (ব্রহ্মাণো) ৫ করতালিকা প্রদান করিলেন, এবং দিব্য চন্দনচূর্ণ সকল নিক্ষিপ্ত হইতে ও মন্দারকুসুমসমূহ অভিবৃষ্ট হইতে লাগিল। এই সময় তাঁহার বয়ঃক্রম পূর্ণ বিংশতি বৎসর হইয়াছিল। তখন রক্ষিততলে সেই কোটিশত অর্হৎ তাঁহাকে 'উপসম্পদা'-নামক দীক্ষা প্রদান করিলেন।

২৮। আয়ুষ্মান্ নাগসেন উপসম্পদা গ্রহণ করিয়া, সেই রাত্রি অতীত হইলে, পূর্ব্বাহ্ণ ১০ সময়ে বসন পরিধান করিয়া, পাত্র ও চীবর গ্রহণপূর্ব্বক উপাধ্যায়ের সহিত পিণ্ড ভিক্ষা করিবার জন্য গ্রামে প্রবেশ করিতে করিতে মনে মনে এইরূপ বিতর্ক উৎপাদন করিতে লাগিলেন—'অহো আমার উপাধ্যায় তুচ্ছ! আমার উপাধ্যায় বালক! তিনি সমস্ত বুদ্ধবচন পরিত্যাগ করিয়া আমাকে প্রথমে অভিধর্ম্মপিটকে বিনীত অর্থাৎ শিক্ষিত করিলেন!'

১৫ অনন্তর আয়ুষ্মান্ রোহণ স্বহৃদয়ে আয়ুষ্মান্ নাগসেনের চিত্তের বিতর্ক জানিতে পারিয়া এই বলিলেন—'নাগসেন তুমি অননুরূপ বিতর্ক করিতেছ, ইহা তোমার অনুরূপ নহে!'

ন খো পনে'তং নাগসেন, তবাম্মচ্ছবিয'ন্তি।'

অথ খো আয়স্মতো নাগসেনস্স এতদহোসি—'অচ্ছরিয়ং বত ভো! অব্ভুতং বত ভো! যত্র হি নাম মে উপজ্ঝায়ো চেতসা চেতোপরিবিতক্কং জানিস্সতি! পণ্ডিতো বত মে উপজ্ঝায়ো! যন্নূনাহং উপজ্ঝায়ং খমাপেয্য'ন্তি।' অথ খো আয়স্মা নাগসেনো আয়স্মন্তং রোহণং এতদবোচ—'খমথ মে ভন্তে, ন পুন এবরূপং বিতক্কেস্সামীতি।'

অথ খো আয়স্মা রোহণো আয়স্মন্তং নাগসেনং এতদবোচ—'ন খো ত্যাহং নাগসেন, এত্তাবতা খমামি। অত্থি খো নাগসেন, সাগলং নাম নগরং। তত্থ মিলিন্দো নাম রাজা রজ্জং কারেতি। সো দিট্‌ঠিবাদেন পঞ্‌হং পুচ্ছিত্বা ভিক্‌খুসঙ্ঘং বিহেঠেতি। সচে ত্বং তত্থ গন্ত্বা তং রাজানং দমেত্বা পসাদেস্সসি, এবাহন্তং খমিস্সামীতি।'

'তিট্‌ঠতু ভন্তে, একো মিলিন্দো রাজা, সচে সকলজম্বুদীপে সব্বে রাজানো আগন্ত্বা মং পঞ্‌হং পুচ্ছেয্যুং, সব্বন্তং বিস্সজ্জেত্বা সম্পদালেস্সামি। খমথ মে ভন্তে'তি' বত্বা, 'ন খমামীতি' বুত্তে, 'তেন হি ভন্তে, ইমং তেমাসং কস্স সন্তিকে বসিস্সামীতি'—আহ।

পরে আয়ুষ্মান্ নাগসেন ভাবিলেন—'অহো আশ্চর্য্য! অহো অদ্ভুত! যেহেতু আমার উপাধ্যায় স্বচিত্তে (অন্যের) চিত্তগত বিতর্ক জানিবেন! অহো আমার উপাধ্যায় পণ্ডিত! আমি নিশ্চয় তাঁহাকে ক্ষমা করাইব।' এই ভাবিয়া আয়ুষ্মান্ নাগসেন আয়ুষ্মান্ রোহণকে বলিলেন—'ভদন্ত, আমাকে ক্ষমা করুন, আর কখন এরূপ বিতর্ক করিব না।'

আয়ুষ্মান্ রোহণ আয়ুষ্মান্ নাগসেনকে বলিলেন—'নাগসেন, কেবল ইহাতেই আমি তোমাকে ক্ষমা করিব না। নাগসেন, সাগল-নামে এক নগর আছে। সেখানে মিলিন্দ-নামক রাজা দর্শনবাদ (বা নাস্তিকবাদ) গ্রহণপূর্ব্বক প্রশ্ন জিজ্ঞাসা করিয়া ভিক্ষুসঙ্ঘকে বাধা প্রদান করিতেছেন। অতএব, তুমি যদি সেই রাজাকে দমন ১০ করিয়া প্রসন্ন করিতে পার, তবে আমি তোমাকে ক্ষমা করিতে পারি।'

'ভদন্ত, এক মিলিন্দ রাজা থাকুক, যদি এই সমগ্র জম্বুদ্বীপের নিখিল রাজা আগমন করিয়া আমাকে প্রশ্ন জিজ্ঞাসা করেন, ভদন্ত, আমি উত্তর প্রদান করিয়া তৎসমুদয়কে খণ্ডিত করিব। ভদন্ত, আপনি আমাকে ক্ষমা করুন।'

'(এখন) ক্ষমা করিতেছি না।'

১৫ 'তাহা হইলে ভদন্ত, এই তিন মাস (বর্ষা) কাহার নিকটে বাস করিব?'

২৯। 'অয়ং খো নাগসেন, আয়স্মা অস্‌সগুত্তো বত্তনিয়ে সেনাসনে বিহরতি। গচ্ছ ত্বং নাগসেন, যেনায়স্মা অস্‌সগুত্তো, তেনু'পসঙ্কম। উপসঙ্কমিত্বা মম বচনেন আয়স্মতো অস্‌সগুত্তস্‌স পাদে সিরসা বন্দ; এবঞ্চ নং বদেহি—"উপজ্ঝায়ো মে ভন্তে, তুম্‌হাকং পাদে সিরসা বন্দতি; অপ্পাবাধং, অপ্পাতঙ্কং, লহু'ট্‌ঠানং, বলং, ফাসুবিহারং পুচ্ছতি; ইমং তেমাসং তুম্‌হাকং সন্তিকে বসিতুং মং পহিণীতি।" "কো নামো তে উপজ্ঝায়ো'তি" চ বুত্তে, "রোহণত্থেরো নাম ভন্তে'তি" বদেয্যাসি। "অহং কো নামো'তি" বুত্তে এবং বদেয্যাসি—"মম উপজ্ঝায়ো ভন্তে, তুম্‌হাকং নামং জানাতীতি।"

'এবং ভন্তেতি'—খো আয়স্মা নাগসেনো আয়স্মন্তং রোহণং অভিবাদেত্বা, পদক্খিণং কত্বা, পত্তচীবরমাদায় অনুপুব্বেন চারিকং চরমাণো যেন বত্তনিযং সেনাসনং,—যেনায়স্মা অস্‌সগুত্তো, তেনু'পসঙ্কমি; উপসঙ্কমিত্বা আয়স্মন্তং অস্‌সগুত্তং অভিবাদেত্বা একমন্তং অট্‌ঠাসি; একমন্তং ঠিতো খো আয়স্মা নাগসেনো আয়স্মন্তং অস্‌সগুত্তং এতদবোচ—'উপজ্ঝায়ো মে ভন্তে, তুম্‌হাকং পাদে সিরসা বন্দতি; এবঞ্চ বদেতি; অপ্পাবাধং, অপ্পাতঙ্কং, লহু'ট্‌ঠানং, বলং, ফাসুবিহারং পুচ্ছতি। উপজ্ঝায়ো মং ভন্তে, ইমং তেমাসং তুম্‌হাকং সন্তিকে বসিতুং পহিণীতি।'

২৯। 'নাগসেন, এই আয়ুষ্মান্ অশ্বগুপ্ত বত্তনিয়-আশ্রমে বিহার করিতেছেন। যাও নাগসেন, যেখানে আয়ুষ্মান্ অশ্বগুপ্ত আছেন, সেখানে উপস্থিত হও। উপস্থিত হইয়া আমার কথায় মস্তক-দ্বারা তাঁহার পাদবন্দনা কর; এবং তাঁহাকে এইরূপ বল—"ভদন্ত, আমার উপাধ্যায় মস্তক-দ্বারা আপনার পাদবন্দনা করিয়া, আপনাদের অনাময়,
৫ অনাতঙ্ক, ক্ষিপ্র-উদ্যোগ, বল ও মঙ্গল-বিহরণ জিজ্ঞাসা করিয়াছেন; এবং আমাকে এই তিন মাস আপনার নিকটে বাস করিবার জন্য প্রেরণ করিয়াছেন।" যদি তিনি জিজ্ঞাসা করেন "তোমার উপাধ্যায়ের নাম কি?" তবে তুমি বলিবে—"ভদন্ত তাঁহার নাম রোহণ-স্থবির।" আর যদি তিনি নিজেরই নাম বা পরিচয় তোমাকে জিজ্ঞাসা করেন, তবে তুমি এই বলিবে—"ভদন্ত, আমার উপাধ্যায় আপনার নাম জানেন।"

১০ 'ভদন্ত, ইহাই হউক'—এই বলিয়া আয়ুষ্মান্ নাগসেন অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া পাত্র ও চীবর-গ্রহণপূর্ব্বক অনুক্রমে ভ্রমণ করিতে করিতে, যে স্থানে বত্তনিয় আশ্রম,—যে স্থানে আয়ুষ্মান্ অশ্বগুপ্ত ছিলেন, সে-স্থানে উপস্থিত হইলেন। উপস্থিত হইয়া আয়ুষ্মান্ অশ্বগুপ্তকে অভিবাদন করিয়া এক পার্শ্বে উপবেশন করিলেন, ও বলিলেন—'ভদন্ত আমার উপাধ্যায় মস্তক-দ্বারা আপনার পাদবন্দনা করিয়া, আপনাদের অনাময়,
১০ অনাতঙ্ক, ক্ষিপ্র-উদ্যোগ, বল ও মঙ্গল-বিহরণ জিজ্ঞাসা করিয়াছেন। ভদন্ত, তিনি আমাকে এই তিন মাস আপনার নিকটে বাস করিবার জন্য প্রেরণ করিয়াছেন।'

অথ খো আয়স্মা অস্সগুত্তো আয়স্মন্তং নাগসেনং এতদবোচ—'ত্বং কিংনামো'সীতি ?'

'অহং ভন্তে, নাগসেনো নামা'তি।'

'কো নামো তে উপজ্ঝায়ো'তি ?'

'উপজ্ঝায়ো মে ভন্তে, রোহণথেরো নামা'তি।'

'অহং কো নামো'তি ?'

'উপজ্ঝায়ো মে ভন্তে, তুম্হাকং নামং জানাতীতি।'

'সাধু, নাগসেন, পত্তচীবরং পটিসামেহীতি।'

'সাধু ভন্তে'তি'—পত্তচীবরং পটিসামেত্বা পুনদিবসে পরিবেণং সম্মজ্জিত্বা, মুখোদকং দন্তপোণং উপট্ঠাপেসি। থেরো সম্মট্ঠ-ট্ঠানং পটিসম্মজ্জি, তং উদকং ছড্ডেত্বা অঞ্ঞং উদকং আহরি, তঞ্চ দন্তকট্ঠং অপনেত্বা অঞ্ঞং দন্তকট্ঠং গণ্হি ; ন অল্লাপসল্লাপং অকাসি। এবং সত্ত দিবসানি কত্বা, সত্তমে দিবসে পুন পুচ্ছিত্বা, পুন তেন তথে'ব বুত্তে, বস্সাবাসং অনুজানি।

৩০। তেন খো পন সময়ে একা মহা-উপাসিকা আয়স্মন্তং অস্সগুত্তং তিংসমত্তানি

আয়ুষ্মান্ অশ্বগুপ্ত আয়ুষ্মান্ নাগসেনকে এই বলিলেন—'তোমার নাম কি ?'

'ভদন্ত, আমার নাম নাগসেন।'

'তোমার উপাধ্যায়ের নাম কি ?'

'ভদন্ত, আমার উপাধ্যায়ের নাম রোহণ-স্থবির।'

৫ 'আমার নাম কি ?'

'ভদন্ত, আপনার নাম আমার উপাধ্যায় জানেন।'

'সাধু, নাগসেন, তোমার পাত্র ও চীবর স্থাপন কর।'

'সাধু ভদন্ত,'—এই বলিয়া নাগসেন পাত্র ও চীবর স্থাপন করিলেন। এবং পরদিবসে আশ্রম সম্মার্জ্জন করিয়া, স্থবির অশ্বগুপ্তের মুখ ধুইবার জন্য জল ও দন্তকাষ্ঠ আনিয়া

১০ উপস্থিত করিলেন। কিন্তু স্থবির (অশ্বগুপ্ত) প্রমৃষ্ট স্থান পুনর্ব্বার মার্জ্জনা করিলেন, সেই জল পরিত্যাগ করিয়া অন্য জল আহরণ করিলেন, এবং সেই দন্তকাষ্ঠ অপনীত করিয়া অপর দন্তকাষ্ঠ গ্রহণ করিলেন। তিনি নাগসেনের সহিত কোন আলাপ-সালাপ করিলেন না। তিনি এইরূপই সপ্ত দিবস করিয়া, সপ্তম দিবসে পুনর্ব্বার প্রশ্ন জিজ্ঞাসা করিলেন, এবং নাগসেন তদ্রূপই উত্তর প্রদান করিলে, তাঁহাকে বর্ষা-বাস

১০ করিবার অনুজ্ঞা দান করিলেন।

৩০। সেই সময়ে কোন এক মহোপাসিকা আয়ুষ্মান্ অশ্বগুপ্তের ত্রিংশৎবর্ষ কাল

বস্সানি উপট্ঠাসি। অথ খো সা মহা-উপাসিকা তেমাস'চ্চয়েন যেনায়স্মা অস্সগুত্তো, তেনু'পসঙ্কমি। উপসঙ্কমিত্বা আয়স্মন্তং অস্সগুত্তং এতদবোচ—'অত্থি নু খো তাত, তুম্হাকং সন্তিকে অঞ্ঞো ভিকখূ'তি?'

'অত্থি মহা-উপাসিকে, অম্হাকং সন্তিকে নাগসেনো নাম ভিকখূ'তি।'

'তেন হি তাত অস্সগুত্ত, অধিবাসেহি নাগসেনেন সদ্ধিং স্বাতনায় ভত্ত'ন্তি।'

অধিবাসেসি খো আয়স্মা অস্সগুত্তো তুণ্হীভাবেন। অথ খো আয়স্মা অস্সগুত্তো তস্সা রত্তিয়া অচ্চয়েন পুব্বণ্হসময়ং নিবাসেত্বা, পত্তচীবরমাদায় আয়স্মতা নাগসেনেন সদ্ধিং পচ্ছা-সমনেন, যেন মহা-উপাসিকায় নিবেসনং, তেনু'পসঙ্কমি; উপসঙ্কমিত্বা পঞ্ঞত্তে আসনে, নিসীদী। অথ খো সা মহা-উপাসিকা আয়স্মন্তং অস্সগুত্তং আয়স্মন্তঞ্চ নাগসেনং পণীতেন খাদনীয়েন ভোজনীয়েন সহত্থা সন্তপ্পেসি, সম্পবারেসি। অথ খো আয়স্মা অস্সগুত্তো ভুত্তাবিং ওণীতপত্তপাণিং আয়স্মন্তং নাগসেনং এতদবোচ—'ত্বং নাগসেন, মহা-উপাসিকায় অনুমোদনং করোহীতি।' ইদং বত্বা উট্ঠায়াসনা পক্কমি।

উপস্থান (সেবা-বন্দনাদি) করিতেছিলেন। বর্ষার তিন মাস অতীত হইলে, তিনি যে-স্থানে আয়ুষ্মান্ অশ্বগুপ্ত ছিলেন, সে-স্থানে উপস্থিত হইলেন; এবং উপস্থিত হইয়া বলিলেন—'তাত, আপনার নিকট কি অন্য কোন ভিক্ষু আছেন?'

'মহোপাসিকে, আমার নিকট নাগসেন-নামে এক ভিক্ষু আছেন।'

৫ 'তাহা হইলে, তাত অশ্বগুপ্ত, নাগসেনের সহিত (আগামী কল্য আমার গৃহে) ভোজন স্বীকার করুন।'

আয়ুষ্মান্ অশ্বগুপ্ত মৌন-দ্বারা তাহাতে সম্মতি প্রকাশ করিলেন। অনন্তর সেই রাত্রি শেষ হইলে আয়ুষ্মান্ অশ্বগুপ্ত পূর্ব্বাহ্ণ-সময়ে বসন পরিধানপূর্ব্বক পাত্র ও চীবর গ্রহণ করিয়া, ও অনুচর-শ্রমণরূপে আয়ুষ্মান্ নাগসেনকে সঙ্গে লইয়া মহোপাসিকার

১০ নিকেতনে উপস্থিত হইলেন ও নির্দ্দিষ্ট আসনে উপবেশন করিলেন। মহোপাসিকা স্বহস্তে উত্তম খাদ্য-ভোজ্যে তাঁহাদিগকে এতদূর সন্তর্পিত করিলেন, যাহাতে তাঁহারা 'আর চাই না' বলিয়া নিষেধ করিয়াছিলেন। পাত্র হইতে হস্ত অপনীত করিয়া ভোজন শেষ করিলে, আয়ুষ্মান্ অশ্বগুপ্ত আয়ুষ্মান্ নাগসেনকে এই বলিলেন—'নাগসেন' তুমি (ধর্ম্মোপদেশাদি শুনাইয়া) মহোপাসিকার আনন্দ-উৎপাদন কর।' তিনি এই

১৫ বলিয়া আসন হইতে উত্থিত হইয়া গমন করিলেন।

৩১। অথ খো সা মহা-উপাসিকা আয়স্মন্তং নাগসেনং এতদবোচ—'মহল্লিকা খো'হং তাত নাগসেন, গম্ভীরায় ধম্মকথায় ময্হং অনুমোদনং করোহীতি।' অথ খো আয়স্মা নাগসেনো তস্সা মহা-উপাসিকায় গম্ভীরায় অভিধম্মকথায় লোকু'ত্তরায় সুঞ্ঞতা-পটিসংযুত্তায় অনুমোদনং অকাসি। অথ খো তস্সা মহা-উপাসিকায় তস্মিঞ্ঞেব আসনে বিরজং বীতমলং ধম্মচক্খুং উদপাদি—"যং কিঞ্চি সমুদয়ধম্মং, সব্বন্তং নিরোধ-ধম্ম'ন্তি।" আয়স্মাপি খো নাগসেনো তস্সা মহা-উপাসিকায় অনুমোদনং কত্বা, অত্তনা দেসিতং ধম্মং পচ্চবেক্খন্তো বিপস্সনং পট্ঠাপেত্বা, তস্মিং যেব আসনে নিসিন্নো সোতাপত্তি-ফলে পতিট্ঠাসি।

৩২। অথ খো আয়স্মা অস্সগুত্তো মণ্ডলমালে নিসিন্নো দ্বিন্নম্'পি ধম্মচক্খু-পটিলাভং ঞত্বা সাধুকারং পবত্তেসি—"সাধু সাধু নাগসেন! একেন কণ্ডপ্পহারেন দ্বে মহাকায়া পদালিতা'তি!" অনেকানি চ দেবতা-সহস্সানি সাধুকারং পবত্তেসুং।

অথ খো আয়স্মা নাগসেনো উট্ঠায়াসনা, যেনায়স্মা অস্সগুত্তো, তেনু'পসঙ্কমি; উপসঙ্কমিত্বা আয়স্মন্তং অস্সগুত্তং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নং খো আয়স্মন্তং

৩১। মহোপাসিকা আয়ুষ্মান্ নাগসেনকে বলিলেন—'তাত নাগসেন আমি বৃদ্ধা হইয়াছি, অতএব গম্ভীর ধর্ম্মকথা-দ্বারা আমার আনন্দ-উৎপাদন করুন।' আয়ুষ্মান্ নাগসেন লোকোত্তর শূন্যতাবাদসংযুক্ত গম্ভীর অভিধর্ম্মকথা-দ্বারা সেই মহোপাসিকার আনন্দ-উৎপাদন করিলেন।

অনন্তর সেই মহোপাসিকার সেই আসনেই বিরজ বীতমল ধর্ম্মচক্ষু উৎপন্ন হইল—'যে কোন কোন পদার্থের উদয় (উৎপত্তি) আছে, তাহার নিরোধ (বিনাশ) আছে।' আয়ুষ্মান্ নাগসেনও মহোপাসিকার আনন্দ উৎপাদন করিয়া, স্বয়ং উপদিষ্ট ধর্ম্মকে পর্য্যালোচনা করিতে করিতে বিশেষজ্ঞান (বিপস্সনা) লাভ করিয়া, সেই আসনেই শ্রোতাপত্তি-ফলে প্রতিষ্ঠিত হইলেন।

৩২। আয়ুষ্মান্ অশ্বগুপ্ত মণ্ডলাকার একশৃঙ্গ গৃহে নিষণ্ণ হইয়া ছিলেন, তিনি তাঁহাদের উভয়েরই ধর্ম্মচক্ষু-লাভ জানিতে পারিয়া সাধুকার উচ্চারণ করিলেন—'সাধু সাধু নাগসেন! তুমি এক বাণ-প্রহারে দুই মহাকায় বস্তুকে বিদীর্ণ করিয়াছ!' বহুসহস্র দেবতারাও তাঁহাকে সাধুবাদ প্রদান করিলেন।

অনন্তর আয়ুষ্মান্ নাগসেন আসন হইতে উত্থিত হইয়া, যে স্থানে আয়ুষ্মান্ অশ্বগুপ্ত ছিলেন, সে স্থানে উপস্থিত হইলেন। উপস্থিত হইয়া তাঁহাকে অভিবাদন করিয়া

নাগসেনং আয়স্মা অস্সগুত্তো এতদবোচ—'গচ্ছ ত্বং নাগসেন, পাটলিপুত্তং। পাটলিপুত্তনগরে অসোকারামে আয়স্মা ধম্মরক্খিতো পটিবসতি; তস্স সন্তিকে বুদ্ধবচনং পরিয়াপুণাহীতি।'*

'কীব দূরে ভন্তে, ইতো পাটলিপুত্তনগর'ন্তি?'

'যোজনসতানি খো নাগসেনা'তি।'

'দূরো খো ভন্তে মগ্গো, অন্তরামগ্গে ভিক্খা দুল্লভা; কথাহং গমিস্সামীতি?'

'গচ্ছ ত্বং নাগসেন, অন্তরামগ্গে পিণ্ডপাতং লভিস্সসি সালীনং ওদনং বিচিতকালকং অনেকসূপং অনেকব্যঞ্জন'ন্তি।'

'এবম্ভন্তে'তি'—খো আয়স্মা নাগসেনো অয়স্মন্তং অস্সগুত্তং অভিবাদেত্বা, পদক্খিণং কত্বা, পত্তচীবরমাদায়, যেন পাটলিপুত্তকং, তেন চারিকং পক্কমি।

৩৩। তেন খো পন সময়েন পাটলিপুত্তকো সেট্ঠী পঞ্চহি সকটসতেহি পাটলিপুত্তগামিমগ্গং পটিপন্নো হোতি। অদ্দসা খো পাটলিপুত্তকো সেট্ঠী আয়স্মন্তং নাগসেনং দূরতো'ব আগচ্ছন্তং; দিস্বান পঞ্চ সকটসতানি পটিপামেত্বা, যেনায়স্মা নাগসেনো, তেনু'পসঙ্কমি। উপসঙ্কমিত্বা আয়স্মন্তং নাগসেনং অভিবাদেত্বা 'কুহিং গচ্ছসি তাতা'তি'—আহ।

একপার্শ্বে উপবিষ্ট হইলেন। উপবিষ্ট হইলে, আয়ুষ্মান্ অশ্বগুপ্ত তাঁহাকে বলিলেন—'নাগসেন, তুমি পাটলিপুত্র নগরে গমন কর। পাটলিপুত্রনগরে 'অশোকারামে' আয়ুষ্মান্ ধর্ম্মরক্ষিত বাস করিতেছেন। তুমি তাঁহার নিকটে বিশেষ-রূপে বুদ্ধবচনসমূহ প্রাপ্ত হও।'

৫ 'ভদন্ত, এখান হইতে পাটলিপুত্র নগর কতদূর?'

'বহু শত যোজন, নাগসেন।'

'ভদন্ত, পথ দূর, পথি-মধ্যে ভিক্ষা দুর্লভ; কি প্রকারে গমন করিব?'

'নাগসেন গমন কর। তুমি পথি-মধ্যে বহু সূপ ও ব্যঞ্জন-যুক্ত পরিষ্কৃত শালি-তণ্ডুলের ওদন পাইবে।'

১০ 'ভদন্ত এইরূপই হউক'—এই বলিয়া আয়ুষ্মান্ নাগসেন আয়ুষ্মান্ অশ্বগুপ্তকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া পাত্র-চীবর গ্রহণপূর্ব্বক পাটলিপুত্রাভিমুখে গমন করিতে আরম্ভ করিলেন।

৩৩। সেই সময়ে পাটলিপুত্রের কোন একজন শ্রেষ্ঠী পঞ্চশত শকট সহ পাটলিপুত্রগামী মার্গ অবলম্বন করিয়া গমন করিতেছিলেন। শ্রেষ্ঠী দূর হইতেই আয়ুষ্মান্ নাগ-

১০ সেনকে আগমন করিতে দেখিতে পাইয়া সেই শকটসমূহ থামাইলেন, ও সমীপে উপস্থিত হইয়া তাঁহাকে অভিবাদনপূর্ব্বক জিজ্ঞাসা করিলেন—'তাত আপনি কোথায় যাইতেছেন?'

'পাটলিপুত্তং গহপতীতি।'

'সাধু তাত, মযম্'পি পাটলিপুত্তং গচ্ছাম, অম্হেহি সদ্ধিং সুখং গচ্ছথা'তি।'

অথ খো পাটলিপুত্তকো সেট্ঠী আয়স্মতো নাগসেনস্স ইরিয়াপথে পসীদিত্বা, আয়স্মন্তং নাগসেনং পণীতেন খাদনীয়েন ভোজনীয়েন সহত্থা সন্তপ্পেত্বা সম্পবারেত্বা, আয়স্মন্তং নাগসেনং ভুত্তাবিং ওনীতপত্তপাণিং, অঞ্ঞতরং নীচং আসনং গহেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নো খো পাটলিপুত্তকো সেট্ঠী আয়স্মন্তং নাগসেনং এতদবোচ—'কিংনামো'সি ত্বং তাতা'তি?'

'অহং গহপতি, নাগসেনো নামা'তি।'

''জানাসি ত্বং খো তাত, বুদ্ধবচনং নামা'তি?'

'জানামি খো'হং গহপতি, অভিধম্মপদানীতি।'

'লাভা নো তাত! সুলদ্ধং নো তাত! অহম্'পি খো তাত, অভিধম্মিকো, ত্বম্'পি অভিধম্মিকো। ভণথ তাত, অভিধম্মপদানীতি।'

অথ খো আয়স্মা নাগসেনো পাটলিপুত্তকস্স সেট্ঠিস্স অভিধম্মং দেসেসি। দেসেন্তে

'গৃহপতি, আমি পাটলিপুত্রে যাইতেছি।'

'উত্তম; তাত, আমরাও পাটলিপুত্রে যাইতেছি, আমাদের সহিত আপনি সুখে যাইতে পারিবেন।'

পাটলিপুত্রীয় শ্রেষ্ঠী আয়ুষ্মান্ নাগসেনের আচার-পদ্ধতিতে (ইরিয়াপথে) প্রসন্ন
৫ হইয়া স্বহস্তে উত্তম খাদ্য-ভোজ্য দ্বারা তাঁহাকে এতদূর সন্তর্পিত করিয়া ভোজন করাইলেন, যাহাতে তিনি 'আর আবশ্যক নাই'—বলিয়া নিষেধ করিলেন। তিনি পাত্র হইতে হস্ত অপনীত করিয়া ভোজন শেষ করিলে, শ্রেষ্ঠী একখানি নিম্ন আসন গ্রহণ করিয়া তাঁহার একপার্শ্বে উপবেশনপূর্ব্বক জিজ্ঞাসা করিলেন—'তাত আপনার নাম কি?'

১০ 'গৃহপতি, আমার নাম নাগসেন।'

'তাত, আপনি কি বুদ্ধবচন জানেন?'

'গৃহপতি, আমি 'অভিধর্ম্মপদ'-সমূহ জানি।'

'তাত ইহা আমাদের লাভ! আমরা উত্তম লাভ করিয়াছি! আমিও অভিধর্ম্মজ্ঞ, আপনিও অভিধর্ম্মজ্ঞ। তাত, অভিধর্ম্মপদ-সমূহ বলুন না?'

১০ আয়ুষ্মান্ নাগসেন পাটলীপুত্রীয় শ্রেষ্ঠীকে অভিধর্ম্ম উপদেশ করিলেন। তিনি উপ-

দেসেন্তে যেব পাটলিপুত্তকস্‌স সেট্‌ঠিস্‌স বিরজং বীতমলং ধম্মচক্‌খুং উদপাদি—'যং কিঞ্চি সমুদয়ধম্মং, সব্বন্তং নিরোধধম্ম'ন্তি।'

৩৪। অথ খো পাটলিপুত্তকো সেট্‌ঠী পঞ্চমত্তানি সকটসতানি পুরতো উয্যোজেত্বা, সয়ং পচ্ছতো গচ্ছন্তো, পাটলিপুত্তকস্‌স অবিদূরে দ্বেধা-পথে ঠত্বা আয়স্মন্তং নাগসেনং এতদবোচ—'অয়ং খো তাত নাগসেন, অসোকারামস্‌স মগ্‌গো। ইদং খো তাত মমহং কম্বলরতনং সোলস-হত্থং আয়ামেন, অট্‌ঠহত্থং বিত্থারেন। পতিগণ্হাহি খো তাত, ইমং কম্বলরতনং অনুকম্পং উপাদায়া'তি।' পটিগ্‌গহেসি খো আয়স্মা নাগসেনো তং কম্বলরতনং অনুকম্পং উপাদায়। অথ খো পাটলিপুত্তকো সেট্‌ঠী অত্তমনো উদগ্‌গো পমুদিতহদয়ো পীতিসোমনস্‌সজাতো আয়স্মন্তং নাগসেনং অভিবাদেত্বা, পদক্‌খিণং কত্বা পক্কমি।

৩৫। অথ খো আয়স্মা নাগসেনো যেন অসোকারামো,—যেনায়স্মা ধম্মরক্‌খিতো, তেনু'প-সঙ্কমি। উপসঙ্কমিত্বা আয়স্মন্তং ধম্মরক্‌খিতং অভিবাদেত্বা, অত্তনো আগতকারণং কথেত্বা আয়স্মতো ধম্মরক্‌খিতস্‌স সন্তিকে তেপিটকং বুদ্ধবচনং একে'নেব উদ্দেসেন তীহি মাসেহি ব্যঞ্জনতো পরিয়াপুণিত্বা, পুন তীহি মাসেহি অত্থতো মনসাকাসি।

দেশ করিতে করিতেই সেই পাটলিপুত্রীয় শ্রেষ্ঠীর বিরজ-বিমল ধর্ম্মচক্ষু উৎপন্ন হইল—'যে-কোন পদার্থের উদয় আছে, তাহার নিরোধ আছে।'

৩৪। অনন্তর পাটলিপুত্রীয় শ্রেষ্ঠী পঞ্চশত শকট অগ্রে যোজিত করিয়া স্বয়ং পশ্চাদ্‌ভাগে যাইতে যাইতে পাটলিপুত্রের অবিদূরে এক দ্বিধা-বিভক্ত মার্গে উপস্থিত হইলেন, ৫ এবং আয়ুষ্মান্ নাগসেনকে বলিলেন:—'তাত নাগসেন, এই অশোকারামের মার্গ; আর এই আমার একখানি কম্বলরত্ন আছে, ইহা দৈর্ঘ্যে ষোড়শ হস্ত, ও বিস্তারে অষ্ট হস্ত। তাত, অনুকম্পা করিয়া এই কম্বলরত্নখানি আপনি গ্রহণ করুন।' আয়ুষ্মান্ নাগসেন অনুকম্পা করিয়া তাহা গ্রহণ করিলেন। পাটলিপুত্রীয় শ্রেষ্ঠী (তাহাতে) সন্তুষ্ট, (মনে মনে কিঞ্চিৎ) স্ফীত, প্রমুদিত-হৃদয়, প্রীত, ও জাতসৌমনস্য হইলেন; এবং ১০ আয়ুষ্মান্ নাগসেনকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া গমন করিলেন।

৩৫। পরে, যে-স্থানে অশোকারাম,—যে-স্থানে আয়ুষ্মান্ ধর্ম্মরক্ষিত ছিলেন, আয়ুষ্মান্ নাগসেন সে-স্থানে উপস্থিত হইয়া তাঁহাকে অভিবাদনপূর্ব্বক নিজের আগমন-প্রয়োজন বলিলেন; এবং তাঁহার নিকটে তিন মাসের মধ্যে একই পাঠে ত্রিপিটক-নিহিত বুদ্ধবচন শব্দতঃ আয়ত্ত করিয়া, পুনর্ব্বার মাসত্রয়ে অর্থোপলব্ধি-দ্বারা মনোপগত ১৫ করিলেন।

অথ খো আয়স্মা ধম্মরক্খিতো আয়স্মন্তং নাগসেনং এতদবোচ—'সেয্যথাপি নাগসেন, গোপালকো গাবো রক্খতি, অঞ্ঞে গোরসং পরিভুঞ্জন্তি, এবমেব খো ত্বং নাগসেন, তেপিটকং বুদ্ধবচনং ধারেন্তো'পি ন ভাগী সামঞ্ঞস্সা'তি।'

'হোতু ভন্তে, অলং এত্তকেনা'তি।'

তেনে'ব দিবসভাগেন, তেন রত্তিভাগেন, সহ পটিসম্ভিদাহি অরহত্তং পাপুণী। সহ সচ্চপটিবেধেন আয়স্মতো নাগসেনস্স সব্বে দেবা সাধুকারমদংসু, পঠবী উন্নদী, ব্রহ্মাণো অপ্পোঠেসুং, দিব্বানি চন্দনচুন্নানি চে'ব দিব্বানি চ মন্দারবপুপ্ফানি অভিপ্পবস্সিংসু।

৩৬। তেন খো পন সময়েন কোটিসতা অরহন্তো হিমবন্তে পব্বতে রক্খিততলে সন্নিপতিত্বা, আয়স্মতো নাগসেনস্স সন্তিকে দূতং পাহেসুং—'আগচ্ছতু নাগসেনো, দস্সনকামা ময়ং নাগসেন'ন্তি।' অথ খো আয়স্মা নাগসেনো দূতস্স বচনং সুত্বা, অসোকারামে অন্তরহিতো হিমবন্তে পব্বতে রক্খিততলে কোটিসতানং অরহন্তানং পুরতো পাতুরহোসি। অথ খো কোটিসতা অরহন্তো আয়স্মন্তং নাগসেনং এতদবোচুং—'এসো খো নাগসেন, মিলিন্দো রাজা ভিক্খুসঙ্ঘং বিহেঠেতি বাদ-পটিবাদেন পঞ্হং পুচ্ছায়। সাধু, নাগসেন, গচ্ছ ত্বং, মিলিন্দং রাজানং দমেহী'তি।'

অতঃপর আয়ুষ্মান্ ধর্ম্মরক্ষিত তাঁহাকে এই বলিলেন—'নাগসেন, যেমন গো-পালক গো-সমূহ রক্ষা করে, আর অন্য ব্যক্তি গোরস অর্থাৎ দুগ্ধাদি পান করিয়া থাকে, নাগসেন, তুমি এইরূপই ত্রিপিটক-নিহিত বুদ্ধবচন ধারণ করিয়াও শ্রামাণ্যফলভাগী হইতেছ না।'

'হউক ভদন্ত; এত বলিবার প্রয়োজন নাই।'

৫ সেই দিবসেই, সেই রাত্রিভাগেই নাগসেন সমস্ত বিবেক-বিজ্ঞানের সহিত অর্হত্ত্ব প্রাপ্ত হইলেন। তাঁহার সেই সত্যে প্রবেশের সঙ্গে-সঙ্গেই দেবগণ তাঁহার সাধুবাদ উচ্চারণ করিতে লাগিলেন, পৃথিবী উচ্চনাদ করিয়া উঠিলেন, ব্রহ্ম-দেবগণ করতালিকা প্রদান করিলেন, এবং (আকাশ হইতে) দিব্য চন্দনচূর্ণ ও দিব্য মন্দারপুষ্প সকল অভিবৃষ্ট হইতে লাগিল।

১০ ৩৬। সেই সময়ে কোটিশত অর্হৎ হিমালয় পর্ব্বতের রক্ষিততলে সমবেত হইয়া আয়ুষ্মান্ নাগসেনের নিকট দূত প্রেরণ করিলেন—'নাগসেন আগমন করুন, আমরা তাঁহাকে দর্শন করিতে ইচ্ছা করি।' আয়ুষ্মান্ নাগসেন দূতের বাক্য শ্রবণ করিয়া অশোকারাম হইতে অন্তর্দ্ধানপূর্ব্বক হিমবৎ-পর্ব্বতের রক্ষিততলে সমবেত কোটিশত অর্হতের পুরোভাগে প্রাদুর্ভূত হইলেন। কোটিশত অর্হৎ তাঁহাকে বলিলেন—

১৫ 'নাগসেন, রাজা মিলিন্দ বাদ-প্রতিবাদে প্রশ্ন জিজ্ঞাসা করিয়া ভিক্ষুসঙ্ঘকে বাধা প্রদান করিতেছে। ভাল, নাগসেন, গমন কর, রাজা মিলিন্দকে দমন কর।'

'তিট্‌ঠতু ভন্তে, একো মিলিন্দো রাজা, সচে ভন্তে, সকল-জম্বুদীপে রাজানো আগন্ত্বা মং পঞ্‌হং পুচ্ছেয়্যুং, সব্বং তং বিস্‌জ্জেত্বা সম্পদালেস্‌সামি। গচ্ছথ খো ভন্তে, অসন্তীতা সাগল-নগর'ন্তি।'

অথ খো থেরা ভিক্‌খূ সাগলনগরং কাষাবপজ্জোতং ইসিবাত-পটিবাতং অকংসু।

৩৭। তেন খো পন সময়েন আয়স্মা আয়ুপালো সঙ্খেয্য-পরিবেণে পটিবসতি। অথ খো মিলিন্দো রাজা অমচ্চে এতদবোচ—'রমণীয়া বত ভো দোসিনা রত্তি! কন্নু খ্‌বজ্জ সমণং বা, ব্রাহ্মণং বা উপসঙ্কমেয্যাম সাকচ্ছায়, পঞ্‌হং পুচ্ছনায়? কো ময়া সদ্ধিং সল্লপিতুং উস্‌সহতি, কঙ্খং পটিবিনেতু'ন্তি?'

এবং বুত্তে, পঞ্চসতা যোনকা রাজানং মিলিন্দং এতদবোচুং—'অত্থি মহারাজ, আয়ুপালো নাম থেরো তেপিটকো, বহুস্‌সুতো, আগতাগমো। সো এতরহি সঙ্খেয্য-পরিবেণে পটিবসতি। গচ্ছ ত্বং মহারাজ, আয়স্মন্তং আয়ুপালং পঞ্‌হং পুচ্ছস্‌সূ'তি।'

'তেন হি ভণে, ভদন্তস্‌স আরোচেথা'তি।'

'ভদন্তগণ, থাকুক এক মিলিন্দ রাজা, যদি সমগ্র-জম্বুদ্বীপের রাজগণ আগমন করিয়া আমাকে প্রশ্ন করেন, ভদন্তগণ, আমি উত্তর প্রদান করিয়া সেই সমস্ত প্রশ্নকে সম্যক্‌-রূপে খণ্ডিত করিব। আপনারা শঙ্কিত না হইয়া সাগল-নগরে গমন করুন।'

অনন্তর স্থবির ভিক্ষুগণ সাগল-নগরে আগমন করিলেন। তাঁহাদের কাষায়-বস্ত্রে ৫ সাগল-নগর প্রদ্যোতিত হইয়া উঠিল, এবং সেই ঋষিগণের অঙ্গসংলগ্ন পবন সে-স্থানে ইতস্ততঃ বহিতে লাগিল।

৩৭। সেই সময়ে আয়ুষ্মান্ আয়ুষ্পাল সংখেয়-আশ্রমে (পরিবেণে) বাস করিতেছেন। রাজা মিলিন্দ অমাত্যগণকে বলিলেন—'ওহে, এই জ্যোৎস্না রাত্রি কি রমণীয়! আজ আমরা কোন্ শ্রমণ, বা ব্রাহ্মণের নিকটে কথাবার্ত্তা করিতে ও প্রশ্ন ১০ জিজ্ঞাসা করিতে যাইতে পারি? কে আমার সহিত আলাপ করিতে ও আমার সন্দেহ অপনয়ন করিতে উৎসাহিত হয়?'

এই প্রকার উক্ত হইলে, পঞ্চশত যবন রাজা মিলিন্দকে বলিলেন—'মহারাজ, আয়ুষ্পাল নামে এক বহুশ্রুত, ত্রিপিটকজ্ঞ ও সম্প্রদায়াগতশিক্ষা-প্রাপ্ত স্থবির আছেন। ইনি এক্ষণে সংখেয়-আশ্রমে বাস করিতেছেন। মহারাজ, আপনি গমন করুন, তাঁহাকে ১৫ প্রশ্ন জিজ্ঞাসা করুন।'

'তবে, আমি বলিতেছি, আপনারা সেই ভদন্তকে তাহা বলুন।'

অথ খো নেমিত্তিকো আয়স্মতো আয়ুপালস্স সন্তিকে দূতং পাহেসি—'রাজা ভন্তে, মিলিন্দো আয়স্মন্তং আয়ুপালং দস্সনকামো'তি।' আয়স্মাপি খো আয়ুপালো এবমাহ—'তেন হি আগচ্ছতূ'তি।'

অথ খো মিলিন্দো রাজা পঞ্চমত্তেহি যোনকসতেহি পরিবুতো রথবরমারুয্হ, যেন সঙ্খেয্য-পরিবেণং,—যেনায়স্মা আয়ুপালো, তেনু'পসঙ্কমি। উপসঙ্কমিত্বা আয়স্মতা আয়ুপালেন সদ্ধিং সম্মোদি, সম্মোদনীয়ং কথং সারাণীয়ং বীতিসারেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসিন্নো খো মিলিন্দো রাজা আয়স্মন্তং আয়ুপালং এতদবোচ :—

৩৮। 'কিমত্থিয়া ভন্তে আয়ুপাল, তুম্হাকং পব্বজ্জা? কো চ তুম্হাকং পরম'ত্থো'তি?'

থেরো আহ—'ধম্মচরিয়-সমচরিয়'ত্থা খো মহারাজ পব্বজ্জা'তি।'

'অত্থি পন ভন্তে, কোচি গিহী'পি ধম্মচারী সমচারীতি?'

'আম মহারাজ; অত্থি গিহী'পি ধম্মচারী সমচারী। ভগবতি খো মহারাজ, বারাণসিয়ং ইসিপতনে, মিগদায়ে, ধম্মচক্কং পবত্তেন্তো অট্ঠারসন্নং ব্রহ্মকোটীনং ধম্মাভিসময়ো অহোসি, দেবতানাং পন ধম্মাভিসময়ো গণনপথং বীতিবত্তো; সব্বে তে গিহীভূতা, ন পব্বজিতা।

অনন্তর নৈমিত্তিক আয়ুষ্মান্ আয়ুষ্পালের নিকটে দূত প্রেরণ করিলেন—'ভদন্ত, রাজা মিলিন্দ আয়ুষ্মান্ আয়ুষ্পালকে (আপনাকে) দেখিতে কামনা করেন।' তিনিও বলিলেন—'তবে তিনি আসিতে পারেন।'

রাজা মিলিন্দ পঞ্চশত যবনে পরিবৃত হইয়া, যে-স্থানে সংখ্যেয়-আশ্রম,—যে-স্থানে ৫ আয়ুষ্মান্ আয়ুষ্পাল ছিলেন, সে-স্থানে উপস্থিত হইলেন; উপস্থিত হইয়া তাঁহার সহিত আনন্দিত হইলেন, এবং পরস্পরে প্রীতিপদ স্মরণার্হ কথা উচ্চারণ করিবার পর, তিনি এক পার্শ্বে উপবেশন করিলেন, ও আয়ুষ্মান্ আয়ুষ্পালকে জিজ্ঞাসা করিলেন—

প্রব্রজ্যার প্রয়োজন ও পরমার্থ।

৩৮। 'ভদন্ত, আয়ুষ্পাল আপনাদের প্রব্রজ্যার প্রয়োজন কি? আপনাদের ১০ পরমার্থই বা কি?'

স্থবির কহিলেন—'মহারাজ, ধর্ম্মচর্য্যা ও শমচর্য্যা প্রব্রজ্যার প্রয়োজন।'

'ভদন্ত, কোন গৃহীও কি ধর্ম্ম-ও শম-চর্য্যাকারী নাই?'

'হাঁ মহারাজ; গৃহীও ধর্ম্ম-ও শম-চর্য্যাকারী আছে। মহারাজ, বারাণসীর সন্নিহিত 'ঋষিপতন'-নামক স্থানে, 'মৃগদাব'-আরামে ভগবান্ যখন ধর্ম্মচক্র প্রবর্ত্তন করেন, তখন ১৫ অষ্টাদশ কোটি ব্রহ্মদেববৃন্দ ও গণনপথাতীত অপরাপর দেবগণ ধর্ম্ম লাভ করিয়া-

পুন চ পরং মহারাজ ভগবতা "মহাসময়সুত্ত'ন্তে" দেসিয়মানে, "মহামঙ্গলসুত্ত'ন্তে" দেসিয়মানে, "সমচিত্তপরিয়ায়সুত্ত'ন্তে" দেসিয়মানে, "রাহুলো'বাদসুত্ত'ন্তে" দেসিয়মানে, "পরাভবসুত্ত'ন্তে" দেসিয়মানে, গণনপথমতীতানং দেবতানং ধম্মাভিসময়ো অহোসি; সব্বে তে গিহীভূতা, ন পব্বজিতা'তি।'

'তেন হি ভন্তে আয়ুপাল, নিরত্থিকা তুম্হাকং পব্বজ্জা। পুব্বে কতস্স পাপকম্মস্স নিস্সন্দেন সমণা সক্যপুত্তিয়া পব্বজন্তি, ধুত'ঙ্গানি চ পরিহরন্তি। যে খো তে ভন্তে আয়ুপাল, ভিক্খূ "একাসনিকা," নূন তে পুব্বে পরেসং ভোগহারকা চোরা; তে পরেসং ভোগে অচ্ছিন্দিত্বা, তস্স কম্মস্স নিস্সন্দেন এতরহি "একাসনিকা" ভবন্তি; ন লভন্তি কালেন কালং সেনাসনানি পরিভুঞ্জিতুং। ন'ত্থি তেসং সীলং, ন'ত্থি তপো, ন'ত্থি ব্রহ্মচরিয়ং! যে খো পন তে ভন্তে আয়ুপাল, ভিকখূ "অব্ভোকাসিকা", নূন তে পুব্বে গামঘাতকা চোরা; তে পরেসং গেহানি বিনাসেত্বা, তস্স কম্মস্স নিস্সন্দেন এতরহি "অব্ভোকাসিকা" ভবন্তি;

ছিলেন; তাঁহারা সকলেই গৃহী ছিলেন, প্রব্রজিত নহেন। আরও, মহারাজ, যখন ভগবান্ "মহাসময়সুত্রান্ত," "মহামঙ্গলসুত্রান্ত," "সমচিত্তপর্য্যায়সুত্রান্ত," "রাহুলাববাদ-সুত্রান্ত," ও "পরাভবসুত্রান্ত" উপদেশ করেন, তখন অগণ্য দেবতা ধর্ম্ম লাভ করিয়াছিলেন, তাঁহারা সকলেই গৃহী ছিলেন, প্রব্রজিত নহেন।'

৫ 'তাহা হইলে ভদন্ত আয়ুষ্পাল, আপনাদের প্রব্রজ্যা নিরর্থক। পূর্ব্বকৃত কোন পাপকর্ম্মের পরিপাকে শাক্যপুত্রীয় শ্রমণগণ প্রব্রজ্যা গ্রহণ করেন, ও 'ধুতাঙ্গ' সকল সর্ব্বতোভাবে বহন করেন। ভদন্ত আয়ুষ্পাল, যে সকল ভিক্ষু 'ঐকাসনিক,'—অর্থাৎ একাসনেই ভোজন করেন, তাঁহারা পূর্ব্বে নিশ্চয় অন্যের ভোগ-হরণকারী চোর ছিলেন; তাঁহারা পরের ভোগ-সমূহ বলপূর্ব্বক গ্রহণ করিয়া, তাহার পরিপাকে ১০ এখন 'ঐকাসনিক' হইয়াছেন। তাঁহারা উপভোগের জন্য কালে কালে শয়নাসন-স্থান লাভ করিতে পারেন না। তাঁহাদের শীল নাই, তপ নাই, ব্রহ্মচর্য্য নাই! ভদন্ত আয়ুষ্পাল, যে সকল ভিক্ষু 'অভ্যবকাশিক' (অব্ভোকাসিকো) অর্থাৎ অবকাশ-অনাবৃত স্থানে বাস করেন, তাঁহারা পূর্ব্বে গ্রামঘাতক চোর ছিলেন; তাঁহারা পরের গৃহ বিনাশ করিয়া, সেই কর্ম্মের পরিপাকে এখন 'অভ্যবকাশিক' হইয়াছেন, এবং ১৫ উপভোগের জন্য শয়নাসন-স্থান লাভ করিতেছেন না। তাঁহাদের শীল নাই, তপ নাই, ব্রহ্মচর্য্য নাই। ভদন্ত আয়ুষ্পাল, যে সকল ভিক্ষু 'নৈষদ্যিক' (নেসজ্জিকো)

ন লভন্তি সেনাসনানি পরিভুঞ্জিতুং। ন'ত্থি তেসং সীলং, ন'ত্থি তপো, ন'ত্থি ব্রহ্মচরিয়ং! যে খো তে ভন্তে আয়ুপাল, ভিক্‌খূ "নেসজ্জিকা", নূন তে পুব্‌বে পন্থদূসকা চোরা; তে পন্থিকে জনে গহেত্বা, বন্ধেত্বা, নিসীদাপেত্বা তস্‌স কম্মস্‌স নিস্‌সন্দেন এতরহি "নেসজ্জিকা" ভবন্তি; ন লভন্তি সেয্যং কপ্পেতুং। ন'ত্থি তেসং সীলং, ন'ত্থি তপো, ন'ত্থি ব্রহ্মচরিয়'ন্তি'—আহ।

৩৯। এবং বুত্তে, আয়স্মা আয়ুপালো তুণ্‌হী অহোসি, ন কিঞ্চি পটিভাসি। অথ খো পঞ্চসতা যোনকা রাজানং মিলিন্দং এতদবোচুং:—'পণ্ডিতো মহারাজ, থেরো, অপিচ খো অবিসারদো ন কিঞ্চি পটিভাসতীতি।' অথ খো মিলিন্দো রাজা আয়স্মন্তং আয়ুপালং তুণ্‌হীভূতং দিস্বা অপ্পোঠেত্বা, উক্কুট্‌ঠিং কত্বা যোনকে এতদবোচ:—'তুচ্ছো বত ভো জম্বুদীপো! পলাপো বত ভো জম্বুদীপো! ন'ত্থি কোচি সমণো বা, ব্রাহ্মণো বা, যো ময়া সদ্ধিং সল্লপিতুং সক্কোতি, কঙ্খং পটিবিনেতু'ন্তি!'

অথ খো মিলিন্দস্‌স রঞ্‌ঞো সব্‌বন্তং পরিসং অনুবিলোকেন্তস্‌স অভীতে অমঙ্কুভূতে যোনকে দিস্বা এতদহোসি—'নিস্‌সংসয়ং অত্থি মঞ্‌ঞে, অঞ্‌ঞো কোচি সমণো ভিক্‌খু, যো ময়া সদ্ধিং সল্লপিতুং উস্‌সহতি, যেনি'মে যোনকা ন মঙ্কুভূতা'তি।' অথ খো মিলিন্দো

অর্থাৎ কোন নির্দ্দিষ্ট সময়ের জন্য উপবেশন করেন না, তাঁহারা পূর্ব্বে পান্থ-দূষক চোর ছিলেন; তাঁহারা পথিক-জনকে গ্রহণ করিয়া, বন্ধন করিয়া, বসাইয়া রাখিয়াছিলেন, সেই কর্ম্মের পরিপাকে সম্প্রতি 'নৈষদ্যিক' হইয়াছেন; তাঁহারা শয্যা রচনা করিতে পান না। তাঁহাদের শীল নাই, তপ নাই, ব্রহ্মচর্য্য নাই!'

৫ ৩৯। এই প্রকার উক্ত হইলে, আয়ুষ্মান্ আয়ুষ্পাল নীরব হইয়া রহিলেন, কিছুই প্রতিবাদ করিলেন না। অনন্তর পঞ্চশত যবন রাজা মিলিন্দকে বলিলেন—'মহারাজ, স্থবির পণ্ডিত, কিন্তু অপ্রতিভান্বিত হইয়া কিছু প্রতিবাদ করিতেছেন না।' রাজা মিলিন্দ আয়ুষ্মান্ আয়ুষ্পালকে তূষ্ণীম্ভূত দেখিয়া, করতালিকা প্রদান-পূর্ব্বক চীৎকার করিয়া তাঁহাদিগকে কহিলেন—'অহো জম্বুদ্বীপ তুচ্ছ! জম্বুদ্বীপ তুষের

১০ ন্যায় অসার! কোন শ্রমণ, বা ব্রাহ্মণ নাই, যিনি আমার সহিত আলাপ করিতে, ও আমার শঙ্কা অপনয়ন করিতে উৎসাহিত হন!'

অনন্তর রাজা মিলিন্দ সেই সমগ্র পরিষৎকে চতুর্দ্দিকে অবলোকন করিতে করিতে যবনগণকে অভীত ও অনুদ্বিগ্ন দেখিয়া ভাবিলেন—'নিঃসংশয়, মনে করি, অপর কোন শ্রমণ ভিক্ষু আছেন, যিনি আমার সহিত আলাপ করিতে উৎসাহিত

১৫ হইতে পারেন; কেননা, এই যবনগণ উদ্বিগ্ন হন নাই। অনন্তর তিনি যবনগণকে

পুন চ পরং মহারাজ ভগবতা "মহাসময়সুত্ত'ন্তে" দেসিয়মানে, "মহামঙ্গলসুত্ত'ন্তে" দেসিয়মানে, "সমচিত্তপরিয়ায়সুত্ত'ন্তে" দেসিয়মানে, "রাহুলো'বাদসুত্ত'ন্তে" দেসিয়মানে, "পরাভবসুত্ত'ন্তে" দেসিয়মানে, গণনপথমতীতানং দেবতানং ধম্মাভিসময়ো অহোসি; সব্বে তে গিহীভূতা, ন পব্বজিতা'তি।'

'তেন হি ভন্তে আয়ুপাল, নিরত্থিকা তুম্হাকং পব্বজ্জা। পুব্বে কতস্স পাপকম্মস্স নিস্সন্দেন সমণা সক্যপুত্তিয়া পব্বজন্তি, ধুত'ঙ্গানি চ পরিহরন্তি। যে খো তে ভন্তে আয়ুপাল, ভিক্খূ "একাসনিকা," নূন তে পুব্বে পরেসং ভোগহারকা চোরা; তে পরেসং ভোগে অচ্ছিন্দিত্বা, তস্স কম্মস্স নিস্সন্দেন এতরহি "একাসনিকা" ভবন্তি; ন লভন্তি কালেন কালং সেনাসনানি পরিভুঞ্জিতুং। ন'ত্থি তেসং সীলং, ন'ত্থি তপো, ন'ত্থি ব্রহ্মচরিয়ং! যে খো পন তে ভন্তে আয়ুপাল, ভিক্খূ "অব্ভোকাসিকা", নূন তে পুব্বে গামঘাতকা চোরা; তে পরেসং গেহানি বিনাসেত্বা, তস্স কম্মস্স নিস্সন্দেন এতরহি "অব্ভোকাসিকা" ভবন্তি;

ছিলেন; তাঁহারা সকলেই গৃহী ছিলেন, প্রব্রজিত নহেন। আরও, মহারাজ, যখন ভগবান্ "মহাসময়স্ত্রান্ত," "মহামঙ্গলস্ত্রান্ত," "সমচিত্তপর্য্যায়স্ত্রান্ত," "রাহুলাববাদ-স্ত্রান্ত," ও "পরাভবস্ত্রান্ত" উপদেশ করেন, তথন অগণ্য দেবতা ধর্ম্ম লাভ করিয়াছিলেন, তাঁহারা সকলেই গৃহী ছিলেন, প্রব্রজিত নহেন।'

৫ 'তাহা হইলে ভদন্ত আয়ুষ্পাল, আপনাদের প্রব্রজ্যা নিরর্থক। পূর্ব্বকৃত কোন পাপকর্ম্মের পরিপাকে শাক্যপুত্রীয় শ্রমণগণ প্রব্রজ্যা গ্রহণ করেন, ও 'ধুতাঙ্গ' সকল সর্ব্বতোভাবে বহন করেন। ভদন্ত আয়ুষ্পাল, যে সকল ভিক্ষু 'ঐকাসনিক,'—অর্থাৎ একাসনেই ভোজন করেন, তাঁহারা পূর্ব্বে নিশ্চয় অন্যের ভোগ-হরণকারী চোর ছিলেন; তাঁহারা পরের ভোগ-সমূহ বলপূর্ব্বক গ্রহণ করিয়া, তাহার পরিপাকে ১০ এখন 'ঐকাসনিক' হইয়াছেন। তাঁহারা উপভোগের জন্য কালে কালে শায়নাসন-স্থান লাভ করিতে পারেন না। তাঁহাদের শীল নাই, তপ নাই, ব্রহ্মচর্য্য নাই! ভদন্ত আয়ুষ্পাল, যে সকল ভিক্ষু 'অভ্যবকাশিক' (অব্ভোকাসিকো) অর্থাৎ অবকাশ-অনাবৃত স্থানে বাস করেন, তাঁহারা পূর্ব্বে গ্রামঘাতক চোর ছিলেন; তাঁহারা পরের গৃহ বিনাশ করিয়া, সেই কর্ম্মের পরিপাকে এখন 'অভ্যবকাশিক' হইয়াছেন, এবং ১৫ উপভোগের জন্য শয়নাসন-স্থান লাভ করিতেছেন না। তাঁহাদের শীল নাই, তপ নাই, ব্রহ্মচর্য্য নাই! ভদন্ত আয়ুষ্পাল, যে সকল ভিক্ষু 'নৈষদ্যিক' (নেসজ্জিকো)

ন লভন্তি সেনাসনানি পরিভুঞ্জিতুং। ন'ত্থি তেসং সীলং, ন'ত্থি তপো, ন'ত্থি ব্রহ্মচরিয়ং! যে খো তে ভন্তে আয়ুপাল, ভিক্খূ "নেসজ্জিকা", নূন তে পুব্বে পন্থদূসকা চোরা; তে পত্থিকে জনে গহেত্বা, বন্ধেত্বা, নিসীদাপেত্বা তস্স কম্মস্স নিস্সন্দেন এতরহি "নেসজ্জিকা" ভবন্তি; ন লভন্তি সেয্যং কপ্পেতুং। ন'ত্থি তেসং সীলং, ন'ত্থি তপো, ন'ত্থি ব্রহ্মচরিয়'ন্তি'—আহ।

৩৯। এবং বুত্তে, আয়স্মা আয়ুপালো তুণ্হী অহোসি, ন কিঞ্চি পটিভাসি। অথ খো পঞ্চসতা যোনকা রাজানং মিলিন্দং এতদবোচুং:—'পণ্ডিতো মহারাজ, থেরো, অপিচ খো অবিসারদো ন কিঞ্চি পটিভাসতীতি।' অথ খো মিলিন্দো রাজা আয়স্মন্তং আয়ুপালং তুণ্হীভূতং দিস্বা অপ্পোঠেত্বা, উক্কুট্ঠিং কত্বা যোনকে এতদবোচ:—'তুচ্ছো বত ভো জম্বুদীপো! পলাপো বত ভো জম্বুদীপো! ন'ত্থি কোচি সমণো বা, ব্রাহ্মণো বা, যো ময়া সদ্ধিং সল্লপিতুং সক্কোতি, কঙ্খং পটিবিনেতু'ন্তি!'

অথ খো মিলিন্দস্স রঞ্ঞো সব্বন্তং পরিসং অনুবিলোকেন্তস্স অভীতে অমঙ্কুভূতে যোনকে দিস্বা এতদহোসি—'নিস্সংসয়ং অত্থি মঞ্ঞে, অঞ্ঞো কোচি সমণো ভিক্খু, যো ময়া সদ্ধিং সল্লপিতুং উস্সহতি, যেনি'মে যোনকা ন মঙ্কুভূতা'তি।' অথ খো মিলিন্দো

অর্থাৎ কোন নির্দ্দিষ্ট সময়ের জন্য উপবেশন করেন না, তাঁহারা পূর্ব্বে পান্থ-দূষক চোর ছিলেন; তাঁহারা পথিক-জনকে গ্রহণ করিয়া, বন্ধন করিয়া, বসাইয়া রাখিয়াছিলেন, সেই কর্ম্মের পরিপাকে সম্প্রতি 'নৈষদ্যিক' হইয়াছেন; তাঁহারা শয্যা রচনা করিতে পান না। তাঁহাদের শীল নাই, তপ নাই, ব্রহ্মচর্য্য নাই!'

৫ ৩৯। এই প্রকার উক্ত হইলে, আয়ুষ্মান্ আয়ুষ্পাল নীরব হইয়া রহিলেন, কিছুই প্রতিবাদ করিলেন না। অনন্তর পঞ্চশত যবন রাজা মিলিন্দকে বলিলেন—'মহারাজ, স্থবির পণ্ডিত, কিন্তু অপ্রতিভান্বিত হইয়া কিছু প্রতিবাদ করিতেছেন না।' রাজা মিলিন্দ আয়ুষ্মান্ আয়ুষ্পালকে তূষ্ণীম্ভূত দেখিয়া, করতালিকা প্রদান-পূর্ব্বক চীৎকার করিয়া তাঁহাদিগকে কহিলেন—'অহো জম্বুদ্বীপ তুচ্ছ! জম্বুদ্বীপ তুষের ১০ ন্যায় অসার! কোন শ্রমণ, বা ব্রাহ্মণ নাই, যিনি আমার সহিত আলাপ করিতে, ও আমার শঙ্কা অপনয়ন করিতে উৎসাহিত হন!'

অনন্তর রাজা মিলিন্দ সেই সমগ্র পরিষৎকে চতুর্দ্দিকে অবলোকন করিতে করিতে যবনগণকে অভীত ও অনুদ্বিগ্ন দেখিয়া ভাবিলেন—'নিঃসংশয়, মনে করি, অপর কোন শ্রমণ ভিক্ষু আছেন, যিনি আমার সহিত আলাপ করিতে উৎসাহিত ১৫ হইতে পারেন; কেননা, এই যবনগণ উদ্বিগ্ন হন নাই। অনন্তর তিনি যবনগণকে

রাজা যোনকে এতদবোচ :—'অত্থি ভনে, অঞ্ঞো কোচি পণ্ডিতো ভিক্খু, যো ময়া সদ্ধিং সল্লপিতুং উস্সহতি কংখং পটিবিনেতু'ন্তি ?'

৪০। তেন খো পন সময়েন আয়স্মা নাগসেনো সমণগণপরিবুতো, সঙ্ঘী, গণী, গণাচরিয়ো, ঞাতো, যসস্সী, সাধুসম্মতো বহুজনস্স, পণ্ডিতো, ব্যত্তো, মেধাবী, নিপুণো, বিঞ্ঞূ, বিভাবী, বিনীতো, বিসারদো, বহুস্সুতো, তেপিটকো, বেদগূ, পভিন্নবুদ্ধিমা, আগতাগমো, পভিন্নপটিসম্ভিদো, নবঙ্গসত্থুসাসনপরিয়ত্তিধরো, পারমিপ্পত্তো জিনবচনে, ধম্ম'ত্থদেসনাপটিবেধকুসলো, অক্খয়বিচিত্রপটিভানো, চিত্রকথী, কল্যাণবাক্করণো, দুরাসদো, দুপ্পসহো, দুরুত্তরো, দুরাবরণো, দুন্নিবারয়ো, সাগরো বিয় অক্খোভো, গিরিরাজা বিয় নিচ্চলো, রণংজহো, তমোনুদো, পভঙ্করো, মহাকথী, পরগণিগণমথনো, পরতিত্থিয়প্পমদ্দনো, ভিক্খূনং-ভিক্খুনীনং উপাসকানং-উপাসিকানং রাজূনং-রাজমহামত্তানং সক্কতো গরুকতো মানিতো পূজিতো অপচিতো, লাভী চীবর-পিণ্ডপাত-সেনাসন-গিলানপচ্চয়ভেসজ্জ-পরিক্খারাণং,

---

বলিলেন—'আমি বলি, অপর কি কোন শ্রমণ ভিক্ষু আছেন, যিনি আমার সহিত আলাপ করিতে, ও আমার শঙ্কা অপনয়ন করিতে উৎসাহিত হন ?'

৪০। সেই সময়ে আয়ুষ্মান্ নাগসেন শ্রমণগণে পরিবৃত হইয়া গ্রাম, নিগম ও রাজধানী-সমূহে ভিক্ষাচর্য্যায় ভ্রমণ করিতে করিতে সাগল-নগরে উপস্থিত হইলেন। তিনি
৫ সঙ্ঘ ও গণের অধিপতি ও গণাচার্য্য ; সর্ব্বত্র বিদিত, যশস্বী, ও বহুলোকের সুসম্মত ; পণ্ডিত ও বিচক্ষণ ; মেধাবী ও নিপুণ ; বিজ্ঞ ও ভাবুক ; বিনীত ও বিশারদ ; বহুশ্রুত, ত্রিপিটকজ্ঞ ও বেদজ্ঞ ; বিবেক-বুদ্ধিশালী, আগমবেত্তা ও অনুশীলিত-প্রতিসম্ভিদ ; তিনি নবাঙ্গ বুদ্ধশাসনে পরম ব্যুৎপন্ন, ও বুদ্ধবচনের পরমজ্ঞান-লাভী ; ধর্ম্মার্থের উপদেশ ও নিগূঢ়ার্থ-বোধে কুশল, এবং অক্ষয় ও বিচিত্র প্রতিভা-
১০ যুক্ত ; বিচিত্রবিচারকারী ও কল্যাণবাদী ; (প্রতিপক্ষগণের) দুরাসদ, দুরভিভবনীয়, দুরুত্তর, দুরাবরণ ও দুর্নিবার ; সাগরের ন্যায় ক্ষোভরহিত, ও গিরিরাজের ন্যায় নিশ্চল ; (পাপ-)রণজয়ী ও (অজ্ঞান-)তিমিরের নাশক ; (জ্ঞান-)প্রভার উৎপাদক, ও মহাবিচারক ; তিনি প্রতিপক্ষভূত গণ ও গণাচার্য্য-সমূহের মন্থনকারী, ও প্রতিদ্বন্দী তীর্থিকগণের মর্দ্দনকর্ত্তা ; ভিক্ষু-ভিক্ষুণী, উপাসক-উপাসিকা ও রাজা-রাজ-
১৫ মহামাত্যগণের দ্বারা সৎকৃত, গুরুরূপে গৃহীত, সম্মানিত, সুপূজিত ও সেবিত ; তিনি চীবর, পিণ্ড (খাদ্য), শয়নাসনস্থান, রোগাবস্থায় অপেক্ষিত ঔষধ, ও আবশ্যক দ্রব্য-সমূহ লাভ করিতেন, এবং সকল লাভের অগ্রস্বরূপ পরমকীর্ত্তি লাভ করিয়াছিলেন। আয়ুষ্মান্ নাগসেন সাগল-নগরে আগমন সময়ে (স্থানে স্থানে) সমবেত বুদ্ধিমান্, ও

লাভ'গ্‌গ-যস'গ্‌গ-প্পত্তো, বুদ্ধানং বিঞ্‌ঞূনং সোতাবধানেন সমন্নাগতানং সন্দস্সেন্তো নব'ঙ্গং জিনসাসনরতনং উপদিসন্তো ধম্মমগ্‌গং, ধারেন্তো ধম্মপজ্জোতং, উস্সাপেন্তো ধম্মযূপং, যজন্তো ধম্মযাগং, পগ্‌গণ্হন্তো ধম্মদ্ধজং, উস্সাপেন্তো ধম্মকেতুং, উপ্পলাপেন্তো ধম্মসঙ্খং, আহনন্তো ধম্মভেরিং, নদন্তো সীহনাদং, গজ্জন্তো ইন্দগজ্জিতং, মধুরগিরগজ্জিতেন ঞাণবরবিজ্জুজালপরিবেঠিতেন করুণাজলভরিতেন মহতা ধম্মামতমেঘেন সকলং লোকমভিতপ্পয়ন্তো, গামনিগমরাজধানীসু চারিকং চরমাণো অনুপুব্বেন সাগল-নগরং অনুপ্পত্তো হোতি।

৪১। তত্র সুদং আয়স্মা নাগসেনো অসীতিয়া ভিক্‌খুসহস্সেহি সদ্ধিং সঙ্খেয্য-পরিবেণে পটিবসতি।* তেনাহ:—

"বহুস্সুতো চিত্রকথী নিপুণো চ বিসারদো।
সামায়িকো চ কুসলো পটিভানো চ কোবিদো॥
তে চ তেপিটকা ভিক্‌খু, পঞ্চনেকায়িকা'পি চ।
চতুনেকায়িকা চে'ব নাগসেনং পুরক্‌খরুং॥
গম্ভীরপঞ্‌ঞো মেধাবী মগ্‌গামগ্‌গস্স কোবিদো।
উত্তম'ত্থং অনুপ্পত্তো নাগসেনো বিসারদো॥

বিজ্ঞ শ্রবণাবহিত ব্যক্তিবর্গকে নবাঙ্গ বুদ্ধশাসন-রত্ন সন্দর্শন করাইয়া, ধর্ম্মমার্গের উপদেশ করিয়া, ধর্ম্মপ্রদীপ ধারণ করিয়া, ধর্ম্মযূপ উত্থাপিত করিয়া, ধর্ম্মযাগের অনুষ্ঠান করিয়া, ধর্ম্মধ্বজ গ্রহণ করিয়া, ধর্ম্মকেতু উড্ডীন করিয়া, ধর্ম্মশঙ্খ ধ্বনিত করিয়া, ধর্ম্মভেরী আহত করিয়া, সিংহনাদ ও ইন্দ্রের (বজ্রের) ন্যায় গর্জ্জন করিতে করিতে, মধুরবচনরূপ-গর্জ্জনযুক্ত, উত্তমজ্ঞানরূপ-বিদ্যুৎ-জাল-পরিবেষ্টিত ও করুণারূপ-সলিলপূর্ণ মহান্ ধর্ম্মামৃতরূপ-মেঘের দ্বারা চতুর্দ্দিকে লোকসমূহকে পরিতৃপ্ত করিতে করিতে গমন করিতেছিলেন।

৪১। সেখানে আয়ুষ্মান্ নাগসেন অশীতিসহস্র ভিক্ষুর সহিত সংখ্যেয়-আশ্রমে বাস করিতে লাগিলেন। সেইজন্য উক্ত হইয়াছে:—

"বহুশ্রুত, বিশারদ, চিত্রকথালাপী,
নিপুণ, প্রতিভান্বিত, কুশল, কোবিদ,
ধর্ম্মের নিয়ম-জ্ঞাতা, নিখিল-নিকায়-
বিজ্ঞ, ত্রৈপিটক, ভিক্ষুসঙ্ঘ অগ্রে যাঁ'কে
করে'ছিল, সেই নাগসেন বিশারদ,

তেহি ভিক্খুহি পরিবুতো নিপুণেহি সচ্চবাদিহি।
চরন্তো গামনিগমং সাগলং উপসঙ্কমি॥
সঙ্খেয্য-পরিবেণস্মিং নাগসেনো তদা বসী।
কথেতি সো মনুস্সেহি পব্বতে কেসরী যথা'তি।"

৪২। অথ খো দেবমন্তিয়ো রাজানং মিলিন্দং এতদবোচ :—'আগমেহি ত্বং মহারাজ! আগমেহি ত্বং মহারাজ! অত্থি মহারাজ, নাগসেনো নাম থেরো পণ্ডিতো, ব্যত্তো, মেধাবী, বিনীতো, বিসারদো, বহুস্সুতো, চিত্রকথী, কল্যাণপটিভানো, অত্থধম্মনিরুত্তিপটিভানপটি-সম্ভিদাসু পারমিপ্পত্তো। সো এতরহি সঙ্খেয্য-পরিবেণে পটিবসতি। গচ্ছ ত্বং মহারাজ, আয়স্মন্তং নাগসেনং পঞ্হং পুচ্ছস্সু। উস্সহতি সো তয়া সদ্ধিং সল্লপিতুং, কঙ্খং পটি-বিনেতু'ন্তি।'

অথ খো মিলিন্দস্স রঞ্ঞো সহসা 'নাগসেনো'তি সদ্দং সুত্বা'ব অহুদেব ভয়ং, অহুদেব ছম্ভিতত্তং, অহুদেব লোমহংসো। অথ খো মিলিন্দো রাজা দেবমন্তিয়ং এতদবোচ— 'উস্সহতি ভো, নাগসেনো ভিক্খু ময়া সদ্ধিং সল্লপিতু'ন্তি ?'

মেধাবী, গম্ভীরপ্রজ্ঞ, যুক্তাযুক্ত পথ-
বিবেচক, পরমার্থ-অনুগত। তিনি
সেই সত্যবাদী পটু ভিক্ষুসঙ্ঘে বৃত
হইয়া, নিগম-গ্রাম ভ্রমিতে ভ্রমিতে
৫ হইলেন উপস্থিত সাগল-নগরে।
জনগণ সহ সেথা সঙ্খ্যেয়-আশ্রমে
করিলেন বাস, যথা কেশরী পর্ব্বতে।"

৪২। অনন্তর দেবমন্ত্রী (দেবমন্তিয়) রাজা মিলিন্দকে বলিলেন—'আসুন মহারাজ, আসুন! মহারাজ, নাগসেন নামে এক স্থবির আছেন। ইনি পণ্ডিত, বিচক্ষণ, ১০ মেধাবী, বিনীত, বিশারদ, বহুশ্রুত, বিচিত্রবিচারক ও কল্যাণপ্রতিভাযুক্ত। ইনি অর্থ, ধর্ম্ম, নিরুক্তি ও প্রতিভান—এই চতুর্বিধ প্রতিসংভিদায় পরমোৎকর্ষ প্রাপ্ত হইয়াছেন। তিনি এখন সংখ্যেয়-আশ্রমে বাস করিতেছেন। গমন করুন মহারাজ, আয়ুষ্মান্ নাগসেনকে প্রশ্ন জিজ্ঞাসা করুন। তিনি আপনার সহিত আলাপ করিতে ও আপনার শঙ্কা অপনয়ন করিতে উৎসাহী।'

১৫ সহসা 'নাগসেন'—এই শব্দ শুনিয়াই রাজা মিলিন্দের ভয়, স্তম্ভিততা ও লোমহর্ষ উপস্থিত হইল। তিনি দেবমন্ত্রীকে বলিলেন—'ভিক্ষু নাগসেন কি আমার সহিত আলাপ করিতে উৎসাহী হইতেছেন ?'

'উস্সহতি মহারাজ, অপি ইন্দ-যম-বরুণ-কুবের-পজাপতি-সুযাম-সন্তুসিত-লোকপালেহি, পিতুপিতামহেন মহাব্রহ্মুণাপি সদ্ধিং সল্লপিতুং, কিমঙ্গ, পন মনুস্সভূতেনা'তি!'

অথ খো মিলিন্দো রাজা দেবমন্তিয়ং এতদবোচ—'তেন হি ত্বং দেবমন্তিয়, ভদন্তস্স সন্তিকে দূতং পেসেহীতি।'

'এবং দেবা'তি'—খো দেবমন্তিয়ো আয়স্মতো নাগসেনস্স সন্তিকে দূতং পাহেসি—'রাজা ভন্তে, মিলিন্দো আয়স্মন্তং দস্সনকামো'তি।' আয়স্মাপি খো নাগসেনো এবমাহ—'তেন হি আগচ্ছতু'তি।'

অথ খো মিলিন্দো রাজা পঞ্চমত্তেহি যোনকসতেহি পরিবুতো রথবরমারুয্হ মহতা বলকায়েন সদ্ধিং, যেন সঙ্খেয্যপরিবেণং,—যেনায়স্মা নাগসেনো, তেনু'পসঙ্কমি।

৪৩। তেন খো পন সময়েন আয়স্মা নাগসেনো অসীতিয়া ভিক্খুসহস্সেহি সদ্ধিং মণ্ডলমালে নিসিন্নো হোতি। অদ্দসা খো মিলিন্দো রাজা আয়স্মতো নাগসেনস্স পরিসং দূরতো'ব; দিস্বান দেবমন্তিয়ং এতদবোচ—'কস্সে'সা দেবমন্তিয়, মহতী পরিসা'তি?'

'আয়স্মতো খো মহারাজ, নাগসেনস্স পরিসা'তি।'

'মহারাজ, উৎসাহী হইতেছেন। তিনি ইন্দ্র, যম, বরুণ, কুবের, প্রজাপতি, সুযাম ও সন্তুষিত—এই সকল লোকপালের সহিত, পিতৃপিতামহ মহাব্রহ্মারও সহিত আলাপ করিতে উৎসাহী, মনুষ্যলোকের সহিত আর কথা কি!'

অনন্তর রাজা মিলিন্দ দেবমন্ত্র্যকে বলিলেন—'তবে দেবমন্ত্র্য, তুমি ভদন্তের (নাগ- ৫ সেনের) নিকটে দূত প্রেরণ কর।'

'দেব, এইরূপ করিতেছি'—এই বলিয়া দেবমন্ত্র্য আয়ুষ্মান্ নাগসেনের নিকট (এই সংবাদে) দূত প্রেরণ করিলেন—'ভদন্ত, রাজা মিলিন্দ আয়ুষ্মান্‌কে (আপনাকে) দর্শন করিতে কামনা করেন।' আয়ুষ্মান্ নাগসেনও বলিলেন—'তবে তিনি আগমন করুন।' অনন্তর নরপতি মিলিন্দ পঞ্চশত যবনে পরিবৃত হইয়া উৎকৃষ্ট রথে আরোহণ- ১০ পূর্ব্বক, যে-স্থানে সংখেয় আশ্রম,—যে-স্থানে আয়ুষ্মান্ নাগসেন, সে-স্থানে উপস্থিত হইলেন।

৪৩। সেই সময়ে আয়ুষ্মান্ নাগসেন অশীতিসহস্র ভিক্ষুর সহিত মণ্ডলাকার এক-শৃঙ্গ গৃহে উপবিষ্ট হইয়া ছিলেন। রাজা মিলিন্দ দূর হইতেই নাগসেনের সেই পরিষৎকে দেখিয়া দেবমন্ত্র্যকে বলিলেন—'দেবমন্ত্র্য, এই মহতী পরিষৎ কাহার?'

১৫ 'মহারাজ, আয়ুষ্মান নাগসেনের।'

অথ খো মিলিন্দস্স রঞ্ঞো আয়স্মতো নাগসেনস্স পরিসং দূরতো'ব দিস্বা অহুদেব ভয়ং, অহুদেব ছম্ভিতত্তং, অহুদেব লোমহংসো। অথ খো মিলিন্দো রাজা খগ্গপরিবারিতো বিয় গজো, গরুল-পরিবারিতো বিয় নাগো, অজগর-পরিবারিতো বিয কোট্ঠুকো, মহিস-পরিবারিতো বিয় অচ্ছো, নাগানুবদ্ধো বিয় মণ্ডুকো, সদ্দূলানুবদ্ধো বিয় মিগো, অহিগুণ্ঠিক-সমাগতো বিয় পন্নগো, মজ্জারসমাগতো বিয় উন্দুরো, ভূতবেজ্জসমাগতো বিয় পিসাচো, রাহুমুখগতো বিয় চন্দো, পন্নগো বিয় পেল'ন্তরগতো, সকুনো বিয় পঞ্জর'ন্তরগতো, মচ্ছো বিয় জাল'ন্তরগতো, বালবনমনুপ্পবিট্ঠো বিয় পুরিসো, বেস্সবণাপরাধিকো বিয় যক্খো, পরিক্খীণাযুকো বিয় দেবপুত্তো, ভীতো, উব্বিগ্গো, উত্রস্তো, সংবিগ্গো, লোমহট্ঠজাতো, বিমনো, দুম্মনো, ভন্তচিত্তো, বিপরিণতমানসো, 'মা মং অয়ং জনো পরাভবীতি' ধিতিং উপট্ঠপেত্বা দেবমন্তিয়ং এতদবোচ—'মা খো ত্বং দেবমন্তিয়, আয়স্মন্তং নাগসেনং ময্হং আচিক্খেয্যাসি, অনক্খাতঞ্ঞেবাহং নাগসেনং জানিস্সামীতি।'

'সাধু, মহারাজ, ত্বঞ্ঞেব জানাহীতি।'

৪৪। তেন খো পন সময়েন আয়স্মা নাগসেনো তস্সং ভিক্খুপরিসায়ং পুরতো চত্তালীসায় ভিক্খুসহস্সানং নবকতরো হোতি, পচ্ছতো চত্তালীসায় ভিক্খুসহস্সানং বুড্ঢতরো। অথ

দূর হইতেই আয়ুষ্মান্ নাগসেনের পরিষৎকে দেখিয়া রাজা মিলিন্দের ভয়, স্তম্ভিতত্তা ও লোমহর্ষ উপস্থিত হইল। তিনি তখন গণ্ডার-পরিবেষ্টিত গজের ন্যায়, গরুড়-পরিবেষ্টিত নাগের ন্যায়, অজাগর-পরিবেষ্টিত শৃগালের ন্যায়, মহিষ-পরিবেষ্টিত ভল্লুকের ন্যায়, ভুজঙ্গানুসৃত ভেকের ন্যায়, শার্দ্দূলানুসৃত মৃগের ন্যায়, আহিতুণ্ডিক-সমাগত
৫ পন্নগের ন্যায়, মার্জ্জার-সমাগত ইন্দুরের ন্যায়, ভূতবৈদ্য-সমাগত পিশাচের ন্যায়, রাহু-মুখগত চন্দ্রের ন্যায়, পেটিকান্তর্গত ভুজঙ্গের ন্যায়, পঞ্জরান্তর্গত বিহঙ্গের ন্যায়, জালান্ত-র্গত মৎস্যের ন্যায়, গহনবন-প্রবিষ্ট মনুষ্যের ন্যায়, বৈশ্রবণ-(কুবের) সমীপে কৃতাপরাধ যক্ষের ন্যায়, ও পরিক্ষীণায়ু দেবপুত্রের ন্যায়, ভীত, উদ্বিগ্ন, উৎত্রস্ত, সংবিগ্ন, রোমাঞ্চিত, বিমনাঃ, দুর্মনাঃ, ভ্রান্তচিত্ত ও বিপর্য্যস্ত-মানস হইলেও, 'এ আমাকে পরাভব করিতে
১০ পারিবে না'—এই আশ্বাসে কথঞ্চিৎ ধৈর্য্যাবলম্বন করিয়া দেবমন্ত্র্যকে বলিলেন—'দেবমন্ত্র্য, (এই পরিষদের মধ্যে) আয়ুষ্মান্ নাগসেন কে, তাহা তুমি আমাকে বলিয়া দিবে না, বলিয়া না দিলেও আমি তাঁহাকে জানিয়া লইব।'

'ভাল, মহারাজ, আপনিই তাঁহাকে জানিয়া লউন।'

৪৪। সেই সময়ে সেই ভিক্ষু-পরিষদের পুরোভাগে উপবিষ্ট চত্বারিংশৎ সহস্র ভিক্ষু
১৫ অপেক্ষা আয়ুষ্মান্ নাগসেন নবীনতর,—অর্থাৎ ছোট, এবং পশ্চাদ্ভাগে উপবিষ্ট

খো মিলিন্দো রাজা সব্বন্তং ভিক্ষুসঙ্ঘং পুরতো চ, পচ্ছতো চ, মজ্ঝতো চ অনুবিলোকেন্তো অদ্দসা খো আয়স্মন্তং নাগসেনং দূরতো'ব ভিক্খুসঙ্ঘস্স মজ্ঝে নিসিন্নং কেসরসীহং বিয় বিগত-ভয়-ভেরবং, বিগতলোমহংসং, বিগতভয়সারজ্জং। দিস্বান আকারেনে'ব অঞ্ঞাসি—'এসো খো এথ নাগসেনো'তি।' অথ খো মিলিন্দো রাজা দেবমন্তিয়ং এতদবোচ—'এসো খো দেবমন্তিয়, আয়স্মা নাগসেনো'তি?'

'আম মহারাজ; এসো খো নাগসেনো। সুট্ঠু খো ত্বং মহারাজ, নাগসেনং অঞ্ঞাসীতি।'

ততো রাজা তুট্ঠো অহোসি—'অনক্খাতো'ব ময়া নাগসেনো অঞ্ঞাতো'তি।' অথ খো মিলিন্দস্স রঞ্ঞো আয়স্মন্তং নাগসেনং দিস্বা'ব অহুদেব ভয়ং, অহুদেব ছম্ভিতত্তং অহুদেব লোমহংসো'তি। তেনাহ—

"চরণেন চে'ব সম্পন্নং সুদন্তং উত্তমে দমে।
দিস্বা রাজা নাগসেনং ইদং বচনমব্রবী॥
কথিকা ময়া বহূ দিট্ঠা, সাকচ্ছা ওসটা বহূ।

চত্বারিংশৎ সহস্র ভিক্ষু অপেক্ষায় বৃদ্ধতর,—অর্থাৎ বড় ছিলেন। রাজা মিলিন্দ আগমন-পূর্ব্বক ভিক্ষুসঙ্ঘের পুরোভাগ, পশ্চাদ্ভাগ ও মধ্যভাগ অনুক্রমে অবলোকন করিয়া দূর হইতেই মধ্যস্থলে উপবিষ্ট আয়ুষ্মান্ নাগসেনকে দেখিলেন যে, তিনি কেশর-সিংহের ন্যায় নির্ভয় ও ভৈরব; তাঁহার লোমহর্ষ বা ভয়জনিত সঙ্কোচভাব উৎপন্ন হয় নাই।
৫ তিনি দেখিয়া আকারেই তাঁহাকে 'এই এখানে নাগসেন'—বলিয়া জানিলেন, এবং দেবমন্ত্রাকে দেখাইয়া বলিলেন—'দেবমন্ত্রা, এই আয়ুষ্মান্ নাগসেন।'

দেবমন্ত্রা বলিলেন—'হাঁ মহারাজ; ইনিই নাগসেন। মহারাজ, আপনি সুন্দররূপে নাগসেনকে চিনিয়াছেন।'

কেহ বলিয়া না দিলেও আমি নাগসেনকে চিনিয়া লইয়াছি,—এই মনে করিয়া রাজা
১০ আনন্দিত হইলেন। কিন্তু আয়ুষ্মান্ নাগসেনকে দেখিয়া তাঁহার ভয় হইয়াছিলই, স্তম্ভিততা হইয়াছিলই ও লোমহর্ষ হইয়াছিলই। তজ্জন্য উক্ত হইয়াছে:—

"উত্তম দমের গুণে অতিজিতেন্দ্রিয়
সদাচারী নাগসেনে দর্শন করিয়া
বলিলা নৃপতি—'দেখিয়াছি বহু বাদী,
১৫ করিয়াছি বহু কথা; কিন্তু কভু হেন

ন তাদিসং ভয়ং আসী, অজ্জ তাসো যথা মম ॥
নিস্‌সংসয়ং পরাজয়ো মম অজ্জ ভবিস্‌সতি।
জয়ো'ব নাগসেনস্‌স, যথা চিত্তং ন সণ্ঠিত'ন্তি ॥"

বাহিরকথা নিট্‌ঠিতা।

হয় নাই ভয় মম, আজি যথা ত্রাস;
হৃদয় চঞ্চল যথা হইয়াছে মম,
তাহে বুঝি নিঃসংশয় মম পরাজয়,
জয়ী হবে নাগসেন আজিকার দিনে।"

বাহ্যকথা সম্পূর্ণ।

১। অথ খো মিলিন্দো রাজা যেনায়ুস্মা নাগসেনো, তেনু'পসঙ্কমি ; উপসঙ্কমিত্বা আয়স্মতা নাগসেনেন সদ্ধিং সম্মোদি, সম্মোদনীয়ং কথং সারাণীয়ং বীতিসারেত্বা একমন্তং নিসীদি। অয়স্মাপি খো নাগসেনো পটিসম্মোদি, তেনে'ব রঞ্ঞো মিলিন্দস্স চিত্তং আরাধেসি।

৫ অথ খো মিলিন্দো রাজা আয়স্মন্তং নাগসেনং এতদবোচ—'কথং ভদন্তো ঞায়তি? —কিন্নামো'সি ভন্তে'তি?'

'নাগসেনো'তি খো অহং মহারাজ, ঞায়ামি; নাগসেনো'তি মং মহারাজ, সব্রহ্মচারী সমুদাচরন্তি। অপিচ, মাতাপিতরো নামং করোন্তি নাগসেনো'তি বা, সূরসেনো'তি বা, বীরসেনো'তি বা, সীহসেনো'তি বা। অপিচ খো মহারাজ সঙ্খা,

---

১০

দ্বিতীয় পরিচ্ছেদ।

লক্ষণ প্রশ্ন।

প্রথম বর্গ।

পুদ্গল বা ব্যক্তি কি।

১। অনন্তর রাজা মিলিন্দ যে-স্থানে আয়ুষ্মান্ নাগসেন ছিলেন, সে-স্থানে উপস্থিত

১৫ হইয়া তাঁহার সহিত আনন্দিত হইলেন; এবং পরস্পরে স্মরণীয় প্রীতিপ্রদ সম্ভাষণ করিলে, এক পার্শ্বে উপবেশন করিলেন। আয়ুষ্মান্ নাগসেনও আনন্দিত হইয়া, তাহা দ্বারা রাজা মিলিন্দের চিত্তরঞ্জন করিলেন।

রাজা মিলিন্দ আয়ুষ্মান্ নাগসেনকে বলিলেন—'ভদন্ত কিরূপে জ্ঞাত হইয়া থাকেন? —ভদন্ত, আপনার নাম কি?'

২০ 'মহারাজ, 'নাগসেন' বলিয়া আমি জ্ঞাত হইয়া থাকি; আমার সব্রহ্মচারিগণ আমাকে 'নাগসেন' বলিয়া আহ্বান করিয়া থাকেন। পিতা-মাতা নাম করিয়া থাকেন—নাগসেন, বা শূরসেন, বা বীরসেন, বা সিংহসেন; কিন্তু মহারাজ, 'নাগসেন'

সমঞ্ঞা, পঞ্ঞত্তি, বোহারো, নামমত্তং যদিদং নাগসেনো'তি। নহে'থ পুগ্গলো উপলব্ভতীতি।'

'অথ খো মিলিন্দো রাজা এবমাহ—'সুণন্তু মে ভোন্তো পঞ্চসতা যোনকা, অসীতিসহস্সা চ ভিক্খূ, অয়ং নাগসেনো এবমাহ—"ন হে'থ পুগ্গলো উপলব্ভতীতি।"
৫ কল্লন্নু খো তদভিনন্দিতু'ন্তি?' অথ খো মিলিন্দো রাজা আয়স্মন্তং নাগসেনং এতদবোচ - 'সচে ভন্তে নাগসেন, পুগ্গলো ন্'পলব্ভতি, কো চ'রহি তুম্হাকং চীবর-পিণ্ডপাত-সেনাসন-গিলানপচ্চয়ভেসজ্জ-পরিক্খারং দেতি? কো তং পরিভুঞ্জতি? কো সীলং রক্খতি? কো ভাবনমনুযুঞ্জতি? কো মগ্গ-ফল-নিব্বাণানি সচ্ছিকরোতি? কো পাণং হন্তি? কো অদিন্নং আদিয়তি? কো
১০ কামেসু মিচ্ছা চরতি? কো মুসা ভণতি? কো মজ্জং পিবতি? কো পঞ্চানন্তরিয়ং কম্মং করোতি? তস্মা ন'ত্থি কুসলং, ন'ত্থি অকুসলং, ন'ত্থি কুসলাকুসলানং কম্মানং কত্তা বা, কারেতা বা; ন'ত্থি সুকত-দুক্কটানং কম্মানং ফলং বিপাকো। সচে ভন্তে নাগসেন, যো তুম্হে মারেতি, ন'ত্থি তস্সাপি পাণাতিপাতো। তুম্হাকম্'পি

—ইহা একটী বুদ্ধি, সংজ্ঞা, প্রকাশ, ব্যবহার, নামমাত্র; কেননা, এখানে পুদ্গলের—
১৫ (অর্থাৎ কোন ব্যক্তি, বা অবয়বি-স্বরূপ লোকের) উপলব্ধি হয় না।'

অনন্তর রাজা মিলিন্দ বলিলেন—'আপনারা এই পঞ্চ-শত যবন, ও অশীতি-সহস্র ভিক্ষু, শ্রবণ করুন—এই নাগসেন বলিতেছেন, "পুদ্গলের (অর্থাৎ কোন ব্যক্তি, বা অবয়বি-স্বরূপ লোকের) উপলব্ধি হয় না।" ইহা কি অভিনন্দনের উপযুক্ত?' অনন্তর তিনি আয়ুষ্মান্ নাগসেনকে বলিলেন—'যদি ভদন্ত নাগসেন, পুদ্গল না থাকে, তবে
২০ কে আপনাদিগকে চীবর, পিণ্ডপাত (পাত্রে খাদ্য প্রদান), শয়নাসন-স্থান, ব্যাধি-সময়ে অপেক্ষিত ঔষধ, ও আবশ্যক দ্রব্যসমূহ প্রদান করে? কে তাহা উপভোগ করে? কে শীল রক্ষা করে? কে ভাবনা অভ্যাস করে? কে (স্রোতাপত্তি-প্রভৃতি) মার্গ, তৎফল-সমূহ ও নির্ব্বাণকে প্রত্যক্ষ করে? কে প্রাণিহত্যা করে? কে অদত্ত বস্তু গ্রহণ করে? কে ব্যভিচার করে? কে মিথ্যা বলে? কে মদ পান করে? কে ইহজন্মেই বিরস-
২৫ ফলোৎপাদক পঞ্চবিধ কর্ম্ম করিয়া থাকে? অতএব কুশল নাই, অকুশল নাই; কুশল ও অকুশল কর্ম্মের কর্ত্তাও কেহ নাই, তাহার কারয়িতাও কেহ নাই; সুকৃত-দুষ্কৃত কর্ম্মের ফল—বিপাকও কিছু নাই। ভদন্ত নাগসেন, যদি আপনাদিগকে কেহ বধ করে, তাহারও প্রাণাতিপাত করা হইবে না। ভদন্ত নাগসেন, আপনাদের তবে

ভন্তে নাগসেন, ন'ত্থি আচরিয়ো, ন'ত্থি উপজ্ঝায়ো, নত্থি উপসম্পদা! "নাগ-সেনো'তি মং মহারাজ, সব্রহ্মচারী সমুদাচরন্তীতি" যং বদেসি, কতমো এত্থ নাগসেনো? কিন্নু খো ভন্তে কেসা নাগসেনো'তি?'

'নহি মহারাজা'তি।

৫ 'লোমা নাগসেনো'তি?'

'নহি মহারাজা'তি।'

'নখা—পে—দন্তা, তচো, মংসং, নহারু, অট্‌ঠি, অট্‌ঠিমিঞ্জা, বক্কং, হদয়ং, যকনং, কিলোমকং, পিহকং, পপ্‌ফাসং, অন্তং, অন্তগুণং, উদরিয়ং, করীসং, পিত্তং, সেম্‌হং, পুব্‌বো, লোহিতং, সেদো, মেদো, অস্‌সু, বসা, খেলো, সিংঘাণিকা, লসিকা, মুত্তং,

১০ মত্থকে মত্থলুঙ্গং নাগসেনো'তি?'

'নহি মহারাজা'তি।'

'কিন্নু খো ভন্তে রূপং নাগসেনো'তি?'

'নহি মহারাজা'তি।'

'বেদনা নাগসেনো'তি?

---

১৫ কেহ আচার্য্য নাই, উপাধ্যায় নাই, উপসম্পদা নাই। আপনি যাহাকে লক্ষ্য করিয়া বলিতেছেন "মহারাজ, আমার সব্রহ্মচারিগণ আমাকে 'নাগসেন' বলিয়া আহ্বান করেন," এখানে নাগসেন কে? ভদন্ত, কেশ-গুলি কি নাগসেন?'

'না মহারাজ।'

'লোমসমূহ নাগসেন?'

২০ 'না মহারাজ।'

'তবে কি নখ, দন্ত, ত্বক্, মাংস, স্নায়ু, অস্থি, অস্থিমজ্জা, মূত্রাশয়, হৃদয়, যকৃৎ, ক্লোমা, প্লীহা, ফুস্‌ফুস, অন্ত্র, অন্ত্রগুণ, উদর, শ্লেষ্মা, পূয, শোণিত, স্বেদ, মেদ, অশ্রু, বসা, কফ, সিংঘাণ, লালা, মূত্র, অথবা মস্তিষ্ক নাগসেন?'

'না মহারাজ।'

২৫ 'রূপ নাগসেন?'

'না মহারাজ।'

বেদনা, সংজ্ঞা, সংস্কার, বা বিজ্ঞান নাগসেন?'

'নহি মহারাজা'তি।'

'সঞ্ঞা নাগসেনো'তি?'

'নহি মহারাজা'তি।'

'সঙ্খারা নাগসেনো'তি?'

৫ 'নহি মহারাজা'তি।'

'বিঞ্ঞাণং নাগসেনো'তি?'

'নহি মহারাজা'তি।'

'কিম্পন ভন্তে, রূপ-বেদনা-সঞ্ঞা-সঙ্খার-বিঞ্ঞাণং নাগসেনো'তি?'

'নহি মহারাজা'তি।'

১০ 'কিম্পন ভন্তে, অঞ্ঞত্র রূপ-বেদনা-সঞ্ঞা-সঙ্খার-বিঞ্ঞাণং নাগসেনো'তি?

'নহি মহারাজা'তি।'

'তমহং ভন্তে, পুচ্ছন্তো পুচ্ছন্তো ন পস্সামি নাগসেনং! সদ্দো যেব নু খো ভন্তে নাগসেনো? কো পনে'থ নাগসেনো? অলিকং ত্বং ভন্তে, ভাসসি মুসাবাদং—"ন'ত্থি নাগসেনো'তি।"'

১৫ অথ খো আয়স্মা নাগসেনো মিলিন্দং রাজানং এতদবোচ—'ত্বং খো'সি মহারাজ, খত্তিয়সুকুমালো অচ্চন্তসুকুমালো। তস্স তে মহারাজ, মজ্ঝন্তিকসময়ং তত্তায়

নাগসেন সর্ব্বত্রই 'না' উত্তর করিলেন।

'তবে কি ভদন্ত, রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান—এই পঞ্চস্কন্ধ (সমষ্টিরূপে) নাগসেন?'

২০ 'না মহারাজ।'

'ভদন্ত, তবে কি রূপ, বেদনা, সংজ্ঞা, সংস্কার, ও বিজ্ঞান হইতে অন্যত্র কিছু নাগসেন?

'না মহারাজ।'

'ভদন্ত, আপনাকে জিজ্ঞাসা করিয়া করিয়া নাগসেনকে ত দেখিতে পাইতেছি না! ২৫ ভদন্ত, 'নাগসেন'—ইহা কি কেবল শব্দই? তবে এখানে বিদ্যমান নাগসেন কে? ভদন্ত, ব্যর্থ আপনি মিথ্যা বলিতেছেন "নাগসেন নাই"!'

আয়ুষ্মান্ নাগসেন রাজা মিলিন্দকে বলিলেন—'মহারাজ, আপনি ক্ষত্রিয়ের মধ্যে সুকুমার, অত্যন্ত সুকুমার। মধ্যাহ্ন সময় হইয়াছে, ইহাতে তপ্তভূমি ও উষ্ণবালুকার

ভূমিয়া, উণ্হায় বালিকায় খরা সক্খর-কঠল-বালিকা মদ্দিত্বা পাদেনাগচ্ছন্তস্স পাদা রুজন্তি, কায়ো কিলমতি, চিত্তং উপহঞ্ঞতি, দুক্খসহগতং কায়বিঞ্ঞাণং উপ্পজ্জতি। কিন্নু খো ত্বং পাদেনাগতোসি, উদাহু বাহনেনা'তি ?'

'নাহং ভন্তে পাদেনাগচ্ছামি, রথেনাহং আগতো'স্মীতি।'

৫ 'সচে ত্বং মহারাজ, রথেনাগতো'সি, রথং মে আরোচেহি ; কিন্নু খো মহারাজ, ঈসা রথো'তি ?'

'নহি ভন্তে'তি।'

'অক্খো রথো'তি ?'

'নহি ভন্তে'তি।'

১০ 'চক্কানি রথো'তি ?'

'নহি ভন্তে'তি।'

'রথপঞ্জরং রথো'তি ?'

'নহি ভন্তে'তি।'

'রথদণ্ডকো রথো'তি ?

'নহি ভন্তে'তি ?'

'যুগং রথো'তি ?'

---

১৫ উপর তীক্ষ্ণ শর্করা (কাঁকর), ভগ্ন মৃৎপাত্র খণ্ড, ও বালুকা সকল মর্দ্দন করিয়া পদব্রজে আগমন করায় (সম্ভবতঃ) আপনার চরণ উপহত হইতেছে, এবং শরীর-বুদ্ধি দুঃখময় বোধ হইতেছে। মহারাজ, আপনি কি পদব্রজে, অথবা কোন বাহনে আগমন করিয়াছেন ?

'ভদন্ত, আমি পদব্রজে আসি না, রথে আসিয়াছি।'

'আপনি যদি মহারাজ, রথে আগমন করিয়া থাকেন, তবে রথ কি আমাকে বলুন।

২০ ঈষা (রথের অক্ষ ও যুগ সংযোজক দণ্ড) কি রথ ?'

'না ভদন্ত।'

'অক্ষ রথ ?'

'না ভদন্ত।'

'তবে কি চক্র, না রথপঞ্জর, না রথদণ্ড, না যুগ, না রজ্জু, না রথচালন-যষ্টি রথ ?

২৫ 'রাজা সর্ব্বত্রই অস্বীকার করিলেন।

'মহারাজ, তবে কি ঈষা, অক্ষ, চক্র, রথপঞ্জর, রথদণ্ড, যুগরজ্জু ও রথচালন-যষ্টি

(সমষ্টি রূপে [illegible]

'নহি ভন্তে'তি।

'রথরস্মিয়ো রথো'তি?'

৫ 'নহি ভন্তে'তি।'

'পতোদ-লট্‌ঠি রথো'তি?'

'নহি ভন্তে'তি।'

'কিন্নু খো মহারাজ, ঈসা-অক্‌খ-চক্ক-রথপঞ্জর-রথদণ্ড-যুগ-রস্মি-পতোদলট্‌ঠি রথো'তি?'

১০ 'নহি ভন্তে'তি।'

'কিম্পন মহারাজ, অঞ্ঞত্র ঈসা-অক্‌খ-চক্ক-রথপঞ্জর-রথদণ্ড-যুগ-রস্মি-পতোদং রথো'তি?'

'নহি ভন্তে'তি।'

'তমহং মহারাজ, পুচ্ছন্তো পুচ্ছন্তো ন পস্‌সামি রথং! সদ্দো যেব নু খো মহারাজ, ১৫ রথো? কো পনে'থ রথো? অলিকং ত্বং মহারাজ, ভাসসি মুসাবাদং—"ন'ত্থি রথো।" ত্বং'সি মহারাজ, সকলজম্বুদীপে অগ্‌গরাজা, কস্‌স পন ত্বং ভায়িত্বা মুসা ভাসসি? সুণন্তু মে ভোন্তো পঞ্চসতা যোনকা, অসীতিসহস্‌সা চ ভিক্‌খু, অয়ং মিলিন্দো রাজা এবমাহ—"রথেনাহং আগতো'স্মীতি"। "সচে ত্বং মহারাজ, রথেনাগতো'সি, রথং মে আরোচেহীতি"—বুত্তো সমানো রথং ন সম্পাদেতি। কল্লন্নু খো ২০ তদভিনন্দিতু'ন্তি?'

'না ভদন্ত।'

'তবে কি মহারাজ, ঈষা, অক্ষ প্রভৃতি হইতে অন্যত্র কোন বস্তু রথ?'

'না ভদন্ত।'

'আমি আপনাকে জিজ্ঞাসা করিয়া করিয়া মহারাজ, রথ দেখিতে পাইতেছি না। ২৫ মহারাজ, 'রথ'—ইহা কি কেবল শব্দই? তবে এখানে বিদ্যমান রথ কি? ব্যর্থ আপনি মহারাজ, বলিতেছেন "রথ নাই"। মহারাজ, আপনি জম্বুদ্বীপের মধ্যে শ্রেষ্ঠ ভূপতি, কাহাকে ভয় করিয়া আপনি মিথ্যা কথা বলিতেছেন? পঞ্চ-শত যবন ও অশীতি-সহস্র ভিক্ষু, আপনারা শ্রবণ করুন, এই মিলিন্দ নরপতি বলিতেছেন—"আমি রথে আগমন করিয়াছি," কিন্তু যখন তাঁহাকে প্রশ্ন করা হইল—"মহারাজ আপনি যদি রথে আসিয়া ৩০ থাকেন, তবে রথ কি আমাকে বলুন," তখন তিনি তাহা প্রতিপাদন করিতে পারিতেছেন না। ইহা কি অভিনন্দনের যোগ্য?'

এবং বুত্তে পঞ্চসতা যোনকা আয়স্মতো নাগসেনস্স সাধুকারং দত্বা মিলিন্দং রাজানং এতদবোচুং—"ইদানি খো ত্বং মহারাজ, সক্কন্তো ভাসস্‌সূ'তি।"

অথ খো মিলিন্দো রাজা আয়স্মন্তং নাগসেনং এতদবোচ—'নাহং ভন্তে নাগসেন, মুসা ভণামি। ঈসঞ্চ পটিচ্চ, অকখঞ্চ পটিচ্চ, চক্কানি চ পটিচ্চ, রথপঞ্জরঞ্চ পটিচ্চ, রথদণ্ডকঞ্চ পটিচ্চ, রথো'তি সঙ্খা, সমঞ্‌ঞা, পঞ্‌ঞত্তি, বোহারো, নামং পবত্ততীতি।'

'সাধু খো ত্বং মহারাজ, রথং জানাসি। এবমেব খো মহারাজ, ময়্‌হম্'পি কেসে চ পটিচ্চ, লোমে চ পটিচ্চ—পে—মথলুঙ্গঞ্চ পটিচ্চ, রূপঞ্চ পটিচ্চ, বেদনঞ্চ পটিচ্চ, সঞ্‌ঞঞ্চ পটিচ্চ, সঙ্খারে চ পটিচ্চ, বিঞ্‌ঞাণঞ্চ পটিচ্চ, নাগসেনো'তি সঙ্খা, সমঞ্‌ঞা, পঞ্‌ঞত্তি, বোহারো, নামমত্তং পবত্ততি। পরম'থতো পনে'থ পুগ্‌গলো ন্'পলব্‌ভতি। ভাসিতম্'পে'তং মহারাজ, বজিরায় ভিক্‌খুনিয়া ভগবতো সম্মুখা—

"যথা হি অঙ্গসম্ভারা হোতি সদ্দো রথো ইতি।
এবং খন্ধেসু সন্তেসু হোতি সত্তো'তি সম্মুতীতি॥"

'অচ্ছরিয়ং ভন্তে নাগসেন! অব্‌ভুতং ভন্তে নাগসেন! অতিচিত্রানি পঞ্‌হপটি-

---

এই শুনিয়া পঞ্চ-শত যবন আয়ুষ্মান্ নাগসেনকে সাধুবাদ প্রদান করিয়া রাজা মিলিন্দকে বলিলেন—'মহারাজ, এখন যদি আপনি সমর্থ হন, আলাপ করুন।

অনন্তর রাজা মিলিন্দ আয়ুষ্মান্ নাগসেনকে বলিলেন—'ভদন্ত, আমি মিথ্যা বলিতেছি না। ঈষা, অক্ষ, চক্র, রথপঞ্জর ও রথদণ্ড-হেতুই "রথ"—এই বুদ্ধি, সংজ্ঞা, প্রকাশ, ব্যবহার ও নাম প্রবৃত্ত হয়।'

সাধু, মহারাজ; রথ কি, আপনি তাহা জানেন। আমাদেরও মহারাজ, এইরূপ কেশ-লোমাদি ও রূপাদি পঞ্চস্কন্ধ-হেতুই "নাগসেন"—এই বুদ্ধি, সংজ্ঞা, প্রকাশ, ব্যবহার ও নামমাত্র প্রবৃত্ত হইতেছে। পরমার্থতঃ এখানে পুদ্গলের (অর্থাৎ পৃথক্ কোন ব্যক্তি, বা অবয়বি-স্বরূপ লোকের) উপলব্ধি হয় না। মহারাজ, 'বজ্রা'-(বজিরা) নামক ভিক্ষুণী ভগবানের (বুদ্ধের) সম্মুখে ইহা বলিয়াছেনও—

"অঙ্গ সমূহের যোগে 'রথ'-সংজ্ঞা যথা।
স্কন্ধচয়-হেতু 'লোক'-ব্যবহার তথা॥"

'আশ্চর্য্য ভদন্ত নাগসেন! অদ্ভুত ভদন্ত নাগসেন! অতি বিচিত্র রূপে প্রশ্নের

ভানানি বিস্সজ্জিতানি! যদি বুদ্ধো তিট্ঠেয্য, সাধুকারং দদেয্য। সাধু সাধু নাগসেন, অতিচিত্রাণি পঞ্হপটিভানানি বিস্সজ্জিতানি!'

২। 'কতিবস্সো'সি ত্বং ভন্তে, নাগসেনো'তি?'

'সত্তবস্সো'হং মহারাজা'তি।'

৫ 'কে তে ভন্তে, সত্ত,—ত্বং বা সত্ত, গণনা বা সত্তা'তি?'

তেন খো পন সময়েন মিলিন্দস্স রঞ্ঞো সব্বাভরণপতিমণ্ডিতস্স অলঙ্কতপটিযত্তস্স পঠবিয়ং ছায়া দিস্সতি, উদকমণিকে'পি ছায়া দিস্সতি। অথ খো আয়স্মা নাগসেনো মিলিন্দং রাজানং এতদবোচ—'অয়ং তে মহারাজ, ছায়া পঠবিয়ং উদকমণিকে চ দিস্সতি। কিম্পন মহারাজ, ত্বং বা রাজা, ছায়া বা রাজা'তি?'

১০ 'অহং ভন্তে নাগসেন, রাজা, নায়ং ছায়া রাজা; মং পন নিস্সায় ছায়া পবত্ততীতি।'

'এবমেব খো মহারাজ, বস্সানং গণনা সত্তা'তি, ন পনা'হং সত্ত; মং পন নিস্সায় সত্ত পবত্ততি, ছায়ূ'পমং মহারাজা' তি।'

উত্তর করা হইয়াছে। যদি বুদ্ধ উপস্থিত থাকিতেন, তিনি আপনাকে সাধুবাদ প্রদান করিতেন। সাধু সাধু নাগসেন! অতি বিচিত্ররূপে প্রশ্নের উত্তর করা হইয়াছে!

---

১৫ সপ্ত কে,—লোক না সংখ্যা?

২। 'ভদন্ত নাগসেন, আপনার (প্রব্রজ্যা গ্রহণের) কত বর্ষ হইয়াছে?'

'সপ্ত বর্ষ মহারাজ।'

'ভদন্ত, সপ্ত কে,—আপনি সপ্ত, না সংখ্যা সপ্ত?'

সেই সময়ে সর্ব্বাভরণ-প্রতিমণ্ডিত, অলঙ্কৃত-ভূষিত রাজা মিলিন্দের ছায়া পৃথিবীতে

২০ ও উদকপাত্রে দেখা যাইতেছিল। আয়ুষ্মান্ নাগসেন, তাঁহাকে বলিলেন—মহারাজ, আপনার ছায়া পৃথিবীতে ও উদকপাত্রে দেখা যাইতেছে। আপনি রাজা, না এই ছায়া রাজা মহারাজ?'

'আমিই রাজা ভদন্ত নাগসেন, ছায়া রাজা নহে। তবে আমাকে আশ্রয় করিয়া ছায়া প্রবৃত্ত হইতেছে।'

২৫ 'এই প্রকারই মহারাজ, বর্ষের সংখ্যা সপ্ত, আমি সপ্ত নহি। তবে আমাকে আশ্রয় করিয়া ঐ সংখ্যা প্রবৃত্ত হইতেছে,—ঠিক ছায়ার ন্যায় মহারাজ।'

'অচ্ছরিয়ং ভন্তে নাগসেন! অব্ভুতং ভন্তে নাগসেন! অতিচিত্রাণি পঞ্হ-পটিভানানি বিস্সজ্জিতানি!'

৩। রাজা আহ—'ভন্তে নাগসেন, সল্লপিস্সসি ময়া সদ্ধিং'তি?'

'সচে ত্বং মহারাজ, পণ্ডিতবাদা সল্লপিস্সসি, সল্লপিস্সামি; সচে পন রাজবাদা সল্লপিস্সসি, ন সল্লপিস্সামীতি।'

৫ 'কথং ভন্তে নাগসেন, পণ্ডিতা সল্লপন্তীতি?'

'পণ্ডিতানং খো মহারাজ, সল্লাপে আবেঠনম্'পি করিয়তি, নিব্বেঠনম্'পি করিয়তি; নিগ্গহো'পি করিয়তি, পটিকম্মম্'পি করিয়তি; বিসেসোপি করিয়তি, পটি-বিসেসো'পি করিয়তি; ন চ তেন পণ্ডিতা কুপ্পন্তি। এবং খো মহারাজ, পণ্ডিতা সল্লপন্তীতি।'

১০ 'কথম্পন ভন্তে, রাজানো সল্লপন্তীতি?'

'রাজানো খো মহারাজ, সল্লাপে একং বত্থুং পটিজানন্তি, যো তং বত্থুং বিলোমেতি,

---

'আশ্চর্য্য-অদ্ভুত ভদন্ত নাগসেন! অতি বিচিত্র রূপে প্রশ্নের উত্তর করা হইয়াছে?'

পণ্ডিতের বিচার ও রাজার বিচার।

৩। রাজা বলিলেন 'ভদন্ত নাগসেন, আমার সহিত আপনি আলাপ করিবেন কি?'

১৫ 'মহারাজ, আপনি যদি পণ্ডিতগণের বিচার অবলম্বন করিয়া আলাপ করেন, আমি আলাপ করিব; আর যদি রাজগণের বিচার অবলম্বন করিয়া আলাপ করেন, মহারাজ, তবে আমি আলাপ করিব না।'

'ভদন্ত নাগসেন, পণ্ডিতগণ কি-প্রকারে আলাপ করিয়া থাকেন?'

'মহারাজ, পণ্ডিতগণের বিচারে (বাদী ও প্রতিবাদীর দুরবগাহ প্রশ্ন-রূপ) আ-

২০ বেষ্টনও করা হয়, এবং (তাহার যথোচিত উত্তর-রূপ) নিরাবরণও করা হয়; নিগ্রহও (পরাজয়) করা হয়; এবং তাহার প্রতীকারও করা হয়; কোন বৈলক্ষণ্যও প্রদর্শিত হয়, এবং তদ্বিরুদ্ধ বৈলক্ষণ্যও প্রদর্শিত হয়। তজ্জন্য পণ্ডিতেরা কোপ করেন না। মহারাজ, পণ্ডিতেরা এই প্রকারে আলাপ করিয়া থাকেন।'

'আর রাজারা কি-প্রকারে আলাপ করিয়া থাকেন?'

২৫ 'মহারাজ, রাজারা আলাপে কোন একটী বস্তুর প্রতিজ্ঞা করিয়া লন। যদি কেহ ঐ

তস্‌স দণ্ডং আণাপেন্তি—"ইমস্‌স দণ্ডং পণেথা'তি।" এবং খো মহারাজ, রাজানো সল্লপন্তীতি।'

'পণ্ডিতবাদাহং ভন্তে সল্লপিস্‌সামি, নো রাজবাদা। বিস্‌সত্থো ভদন্তো সল্লপতু; যথা ভিক্‌খুনা বা সামণেরেন বা, উপাসকেন বা, আরামিকেন বা সদ্ধিং সল্লপতি, এবং
৫ বিস্‌সত্থো ভদন্তো সল্লপতু, মা ভায়তূ'তি।'

'সুট্‌ঠু মহারাজা'তি' থেরো অব্‌ভনুমোদি।

রাজা আহ—'ভন্তে নাগসেন পুচ্ছিস্‌সামীতি?'

'পুচ্ছ মহারাজা'তি।'

'পুচ্ছিতো'সি মে ভন্তে'তি।'

১০ 'বিস্‌সজ্জিতং মহারাজা'তি।'

'কিম্পন ভন্তে তয়া বিস্‌সজ্জিত'ন্তি?'

'কিম্পন মহারাজ, তয়া পুচ্ছিত'ন্তি?'

অথ খো মিলিন্দস্‌স রঞ্‌ঞো এতদহোসি—পণ্ডিতো খো অয়ং ভিক্‌খু, পটিবলো

বস্তুকে প্রতিকূল-ভাবে প্রতিপাদন করে, তবে তাঁহারা "ইহাকে দণ্ড দাও" বলিয়া
১৫ তাহার দণ্ডাজ্ঞা প্রদান করেন। মহারাজ, রাজারা এই প্রকারে আলাপ করিয়া থাকেন।'

'ভদন্ত নাগসেন, আমি পণ্ডিত-বিচার অবলম্বন করিয়া আলাপ করিব, রাজ-বিচার অবলম্বন করিব না। ভদন্ত, আপনি বিশ্বস্ত হইয়া আমার সহিত আলাপ করুন। আপনি যেমন ভিক্ষু, সামণের (নব শিষ্য), উপাসক (গৃহস্থ বৌদ্ধ) বা পরিচারকের
২০ সহিত আলাপ করেন, সেইরূপ বিশ্বস্ত হইয়া আলাপ করুন, আপনি ভয় করিবেন না।' স্থবির "ভাল মহারাজ" বলিয়া তাহা অনুমোদন করিলে, রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, আপনাকে কিছু জিজ্ঞাসা করিব।'

'করুন মহারাজ।'

'ভদন্ত, আপনাকে (পূর্ব্বে) জিজ্ঞাসা করিয়াছি।'

২৫ 'তাহার উত্তর ত মহারাজ, প্রদান করিয়াছি।'

'ভদন্ত, আপনি কি উত্তর করিয়াছেন?'

'আপনি কি জিজ্ঞাসা করিয়াছেন মহারাজ?'

রাজা মিলিন্দ মনে মনে ভাবিলেন—'এই ভিক্ষু পণ্ডিত, এবং আমার সহিত আলাপ

ময়া সদ্ধিং সল্লপিতুং। বহুকানি চ মে ঠানানি পুচ্ছিতব্বানি ভবিস্সন্তি। যাব অপুচ্ছিতানি যেব তানি ঠানানি ভবিস্সন্তি, অথ সুরিয়ো অত্থং গমিস্সতি। যন্নূনাহং স্বে অন্তেপুরে সল্লপেয্য'ন্তি। অথ খো রাজা দেবমন্তিয়ং এতদবোচ—'তেন হি ত্বং দেবমন্তিয়, ভদন্তস্স আরোচেয্যাসি—"স্বে অন্তেপুরে রঞ্ঞা সদ্ধিং সল্লাপো
৫ ভবিস্সতীতি।" ইদং বত্বা মিলিন্দো রাজা উট্‌ঠায়াসনা থেরং নাগসেনং আপুচ্ছিত্বা, অস্সং অভিরূহিত্বা "নাগসেনো নাগসেনো'তি"—সজ্ঝায়ং করোন্তো পক্কমি।

অথ খো দেবমন্তিয়ো আয়স্মন্তং নাগসেনং এতদবোচ—'রাজা ভন্তে, মিলিন্দো এবমাহ—"স্বে অন্তেপুরে সল্লাপো ভবিস্সতীতি।"'

'সুট্‌ঠূ'তি' থেরো অব্ভনুমোদি।

---

১০ অথ খো তস্সা রত্তিয়া অচ্চয়েন দেবমন্তিয়ো চ, অনন্তকায়ো চ, মঙ্কুরো চ, সব্বদিন্নো চ যেন মিলিন্দো রাজা, তেনু'পসঙ্কমিংসু। উপসঙ্কমিত্বা রাজানং মিলিন্দং এতদবোচং—'আগচ্ছতি মহারাজ, ভদন্তো নাগসেনো'তি?'

করিতে সমর্থ। আমাকে বহু বিষয় জিজ্ঞাসা করিতে হইবে। কিন্তু সে সমুদয় জিজ্ঞাসা করা না হইতেই সূর্য্য অস্তগমন করিবেন। অতএব আগামী কল্য অন্তঃপুরে
১৫ অর্থাৎ প্রাসাদেই ইহাঁর সহিত আলাপ করিব।' অনন্তর তিনি দেবমন্ত্রীকে বলিলেন—'তবে দেবমন্ত্র্য আপনি ভদন্তকে (নাগসেনকে) নিবেদন করিবেন, আগামী কল্য অন্তঃপুরে রাজার সহিত (আপনার) আলাপ হইবে।' এই বলিয়া রাজা মিলিন্দ আসন হইতে উত্থান করিলেন, এবং স্থবির নাগসেনের নিকট বিদায় গ্রহণ করিয়া, অশ্বে আরোহণপূর্ব্বক 'নাগসেন! নাগসেন!'—উচ্চারণ করিতে করিতে গমন
২০ করিলেন।

অনন্তর দেবমন্ত্র্য ভদন্ত নাগসেনকে বলিলেন, 'ভদন্ত, রাজা মিলিন্দ বলিতেছেন—"আগামী কল্য অন্তঃপুরে আলাপ হইবে।"

স্থবির 'ভাল' বলিয়া তাহা অনুমোদন করিলেন।

মিলিন্দ ও সর্ব্বদত্ত।

২৫ অনন্তর সেই রাত্রি অতীত হইলে দেবমন্ত্র্য, অনন্তকায়, মঙ্কুর ও সর্ব্বদত্ত রাজা মিলিন্দের নিকট উপস্থিত হইয়া বলিলেন—'মহারাজ, ভদন্ত নাগসেন (অদ্য) আগমন করিতেছেন?'

'আম, আগচ্ছতূ'তি'

'কিত্তকেহি ভিক্খূহি সদ্ধিং আগচ্ছতূ'তি ?'

'যত্তকে ভিক্খূ ইচ্ছতি, তত্তকেহি ভিক্খূহি সদ্ধিং আগচ্ছতূ'তি'

অথ খো সব্বদিন্নো আহ—'আগচ্ছতু মহারাজ, দসহি ভিক্খূহি সদ্ধি'ন্তি।'

৫ দুতিয়ম্'পি খো রাজা আহ—'যত্তকে ভিক্খূ ইচ্ছতি, তত্তকেহি ভিক্খূহি সদ্ধিং আগচ্ছতূ'তি।'

দুতিয়ম্'পি খো সব্বদিন্নো আহ—'আগচ্ছতু মহারাজ, দসহি ভিক্খূহি সদ্ধি'ন্তি।'

ততিয়ম্'পি খো রাজা আহ—'যত্তকে ভিক্খূ ইচ্ছতি, তত্তকেহি ভিক্খূহি সদ্ধিং আগচ্ছতূ'তি।'

১০ ততিয়ম্'পি খো সব্বদিন্নো আহ—'আগচ্ছতু মহারাজ, দসহি ভিক্খূহি সদ্ধি'ন্তি।'

'সব্বো পন অয়ং সক্কারো পটিযাদিতো। অহং ভণামি যত্তকে ভিক্খূ ইচ্ছতি, তত্তকেহি ভিক্খূহি সদ্ধিং আগচ্ছতূ'তি। অয়ং ভণে, সব্বদিন্নো অঞ্ঞথা ভণতি, কিন্নু মযং ন পটিবলা ভিক্খূনং ভোজনং দা'তুন্তি ?'

১৫ এবং বুত্তে সব্বদিন্নো মঙ্কু অহোসি।

'হাঁ ; আসুন।'

'তিনি কত জন ভিক্ষুর সহিত আগমন করিতেছেন ?'

'তিনি যত জন ভিক্ষু ইচ্ছা করেন, তত জনের সহিত আসুন।'

সর্ব্বদত্ত বলিলেন —'মহারাজ, তিনি দশ জন ভিক্ষুর সহিত আসুন।'

২০ রাজা দ্বিতীয়বারও বলিলেন—'তিনি যত জন ভিক্ষু ইচ্ছা করেন, তত জনের সহিত আসুন।'

সর্ব্বদত্ত দ্বিতীয়বারও বলিলেন—'মহারাজ, দশ জন ভিক্ষুর সহিত আসুন।'

রাজা তৃতীয়বারও বলিলেন—'তিনি যত জন ভিক্ষু ইচ্ছা করেন, তত জনের সহিত আসুন।'

২৫ সর্ব্বদত্ত তৃতীয়বারও বলিলেন —'মহারাজ, দশজন ভিক্ষুর সহিত আসুন।'

'এই সমস্ত সৎকার পরিকল্পিত হইয়াছে। আমি বলিতেছি, তিনি যত জন ভিক্ষু ইচ্ছা করেন, তত জনের সহিত আসুন। আমি বলি, এই সর্ব্বদত্ত অন্য প্রকার বলিতেছেন, আমরা কি ভিক্ষুগণকে ভোজন দিতে সমর্থ নহি ?'

এইরূপ উক্ত হইলে সর্ব্বদত্ত লজ্জিত ('মঙ্কু') হইলেন।

৪। অথ খো দেবমন্তিয়ো চ, অনন্তকায়ো চ, মঙ্কুরো চ যেনায়স্মা নাগসেনো, তেনু'প সঙ্কমিংসু; উপসঙ্কমিত্বা আয়স্মন্তং নাগসেনং এতদবোচুং—'রাজা ভন্তে, মিলিন্দো এবমাহ—"যত্তকে ভিক্খূ ইচ্ছতি, তত্তকেহি ভিক্খূহি সদ্ধিং আগচ্ছতূ'তি।"

অথ খো আয়স্মা নাগসেনো পুব্বণ্হসময়ং নিবাসেত্বা, পত্তচীবরমাদায় অসীতিয়া
৫ ভিক্খুসহস্সেহি সদ্ধিং সাগলং পাবিসি।

অথ খো অনন্তকায়ো আয়স্মন্তং নাগসেনং নিস্সায় গচ্ছন্তো আয়স্মন্তং নাগসেনং এতদবোচ—'ভন্তে নাগসেন, যম্পনে'তং ব্রূমি "নাগসেনো'তি" কতমে'ত্থ "নাগসেনো'তি"?'

থেরো আহ—'কো পনে'ত্থ "নাগসেনো'তি" মঞ্ঞসীতি?'

১০ 'যো সো ভন্তে, অব্ভন্তরে বায়ো জীবো পবিসতি, নিক্খমতি চ, সো "নাগসেনো'তি" মঞ্ঞামীতি।'

'যদি পনে'সো বাতো নিক্খমিত্বা ন পবিসেয্য, পবিসিত্বা বা ন নিক্খমেয্য, জীবেয্য নু খো সো পুরিসো'তি?'

'নহি ভন্তে'তি।'

আশ্বাস-প্রশ্বাস জীব নহে, শরীরের ধর্ম্ম।

১৫ ৪। অনন্তর দেবমন্ত্রী, অনন্তকায় ও মঙ্কুর যে-স্থানে আয়ুষ্মান্ নাগসেন ছিলেন, সে-স্থানে উপস্থিত হইলেন; এবং উপস্থিত হইয়া বলিলেন—'ভদন্ত, রাজা মিলিন্দ বলিতেছেন, আপনি যত জন ভিক্ষু ইচ্ছা করেন, তত জনের সহিত আগমন করুন।'

আয়ুষ্মান্ নাগসেন পূর্ব্বাহ্ণ সময়ে বসন পরিধান করিয়া, (ভিক্ষা-) পাত্র ও চীবর গ্রহণ-পূর্ব্বক অশীতি-সহস্র ভিক্ষুর সহিত সাগল-নগরে প্রবেশ করিলেন।

২০ অনন্তকায় আয়ুষ্মান্ নাগসেনের অনুগমন করিতে করিতে তাঁহাকে বলিলেন—'ভদন্ত নাগসেন, এই যাঁহাকে আমি "নাগসেন" বলিতেছি, সেই "নাগসেন" এখানে কে?'

স্থবির কহিলেন—'আপনি কাহাকে "নাগসেন" মনে করেন?'

'আমি মনে করি, যে-সেই অভ্যন্তরে বায়ু—জীব প্রবেশ করিতেছে ও নিক্রান্ত
২৫ হইতেছে, সেই "নাগসেন"।'

'যদি এই বায়ু নিক্রান্ত হইয়া আর প্রবেশ না করে, অথবা প্রবিষ্ট হইয়া আর নিক্রান্ত না হয়, তবে কি সেই পুরুষ জীবিত থাকিবে?'

'না ভদন্ত।'

'যে পনি'মে সঙ্খ-ধমকা সঙ্খং ধমেন্তি, তেসং বাতো পুন পবিসতীতি?'
'নহি ভন্তে'তি।'
'যে পনি'মে বংস-ধমকা বংসং ধমেন্তি, তেসং বাতো পুন পবিসতীতি?'
'নহি ভন্তে'তি।'
৫ 'যে পনি'মে সিঙ্গ-ধমকা সিঙ্গং ধমেন্তি, তেসং বাতো পুন পবিসতীতি?'
'নহি ভন্তে'তি।'
'অথ কিস্স পন তে ন মরন্তি?'
'নাহং পটিবলো তয়া বাদিনা সদ্ধিং সল্লপিতুং, সাধু ভন্তে, অত্থং জপ্পেহীতি।'
'নে'সো জীবো, অস্সাস-পস্সাসা নামে'তে কায়সঙ্খারা'তি'—থেরো অভিধম্মকথং
১০ অকাসি।
অথ অনন্তকায়ো উপাসকত্তং পটিবেদেসি।

'এই যে শঙ্খ-বাদকেরা (যখন) শঙ্খ বাদন করে, (তখন) বায়ু কি তাহাদের মধ্যে পুনর্ব্বার প্রবেশ করে?'
'না ভদন্ত।'
১৫ 'এই যে বেণু-বাদকেরা (যখন) বেণু বাদন করে, (তখন) বায়ু কি তাহাদের মধ্যে পুনর্ব্বার প্রবেশ করে?'
'না ভদন্ত।'
'এই যে শৃঙ্গ-(শিঙা) বাদকেরা (যখন) শৃঙ্গ বাদন করে, (তখন) বায়ু কি তাহাদের মধ্যে প্রবেশ করে?'
২০ 'না ভদন্ত।'
'তবে কি জন্য তাহারা মরে না?'
'আপনি বাদী অর্থাৎ বিচারশীল, আপনার সহিত আলাপ করিতে আমি সমর্থ নহি। ভাল, ভদন্ত, তত্ত্ব ('অর্থ') কি আমাকে বলুন।'
'এই (বায়ু) জীব নহে, ইহার নাম আশ্বাস-প্রশ্বাস; ইহারা শরীরের ধর্ম্ম।'
২৫ এই বলিয়া স্থবির অভিধর্ম্ম কথা কহিলেন, এবং অনন্তকায় নিজে উপাসক হইলেন বলিয়া নিবেদন করিলেন।

৫। অথ খো আয়স্মা নাগসেনো যেন মিলিন্দস্স রঞ্ঞো নিবেসনং, তেনু'প-সঙ্কমি; উপসঙ্কমিত্বা পঞ্ঞত্তে আসনে নিসীদি।

অথ খো মিলিন্দো রাজা আয়স্মন্তং নাগসেনং সপরিসং পণীতেন খাদনীয়েন ভোজনীয়েন সহত্থা সন্তপ্পেত্বা সম্পবারেত্বা, একমেকং ভিক্খুং একমেকেন দুস্সযুগেন ৫ অচ্ছাদেত্বা, আয়স্মন্তং নাগসেনং তিচীবরেণ অচ্ছাদেত্বা, আয়স্মন্তং নাগসেনং এতদবোচ —'ভন্তে নাগসেন, দসহি ভিক্খূহি সদ্ধিং ইধ নিসীদথ, অবসেসা গচ্ছন্তূ'তি।'

অথ খো মিলিন্দো রাজা আয়স্মন্তং নাগসেনং ভুত্তাবিং ওণীতপত্তপাণিং বিদিত্বা অঞ্ঞতরং নীচং আসনং গহেত্বা একমন্তং নিসীদি।

একমন্তং নিসিন্নো খো মিলিন্দো রাজা আয়স্মন্তং নাগসেনং এতদবোচ—'ভন্তে নাগ-১০ সেন, কিম্হি হোতি কথাসল্লাপো'তি?'

'অত্থেন মযং মহারাজ, অত্থিকা; অত্থেন তাব হোতু কথাসল্লাপো'তি।'

সন্ন্যাসের প্রয়োজন, এবং পরমার্থ।

৫। অনন্তর আয়ুষ্মান্ নাগসেন যে-স্থানে রাজা মিলিন্দের নিকেতন, সে-স্থানে উপস্থিত হইলেন; এবং উপস্থিত হইয়া নির্দ্দিষ্ট আসনে উপবেশন করিলেন।

১৫ রাজা মিলিন্দ ভিক্ষু-পরিষদের সহিত আয়ুষ্মান্ নাগসেনকে স্বহস্তে উত্তম খাদ্য ও ভোজ্য-দ্বারা এতদূর সন্তর্পিত করিয়া ভোজন করাইলেন যে, 'আর আবশ্যক নাই' বলিয়া তাঁহারা নিবারণ করিলেন। পরে তিনি এক-এক ভিক্ষুকে এক-এক বসন-যুগল, ও আয়ুষ্মান্ নাগসেনকে ত্রি-চীবর দ্বারা আচ্ছাদিত করিয়া, ইঁহাকে বলিলেন—'আয়ুষ্মন্ নাগসেন, আপনি দশ জন ভিক্ষুর সহিত এখানে উপবেশন করুন, এবং ২০ অবশিষ্ট অপর ভিক্ষুগণ গমন করুন।'

পরে রাজা মিলিন্দ আয়ুষ্মান্ নাগসেন ভোজন সম্পন্ন করিয়া ভিক্ষাপাত্র হইতে হস্ত অপনীত করিয়াছেন জানিয়া, অপর একখানি (নাগসেনের আসন অপেক্ষায়) নীচ আসন গ্রহণ করিয়া এক-পার্শ্বে উপবেশ করিলেন।

সেইরূপে উপবেশন করিয়া তিনি আয়ুষ্মান্ নাগসেনকে বলিলেন,—'ভদন্ত নাগসেন, ২৫ কোন্ বিষয়ে আমাদের কথালাপ হইবে?'

'মহারাজ, আমরা অর্থের (তত্ত্ব বা প্রয়োজনের) প্রার্থী, অতএব তদ্বিষয়েই কথালাপ হউক।'

রাজা আহ—'কিমত্থিয়া ভন্তে নাগসেন, তুম্হাকং পব্বজ্জা ? কো চ তুম্হাকং পরম'ত্থোতি ?'

থেরো আহ—'কি'ন্তি মহারাজ ? ইদং দুক্খং নিরুজ্ঝেয্য, [illegible] দুক্খং ন উপ্পজ্জেয্যা'তি—এতদত্থা মহারাজ, অম্হাকং পব্বজ্জা। অনুপাদা পরিনিব্বাণং খো পন অম্হাকং পরমত্থো'তি।'

'কিম্পন ভন্তে নাগসেন, সব্বে এতদত্থায় পব্বজন্তীতি ?'

'নহি মহারাজ ; কেচি এতদত্থায় পব্বজন্তি, কেচি রাজভীতিতো পব্বজন্তি, কেচি চোরভীতিতো পব্বজন্তি, কেচি ইণট্টা পব্বজন্তি, কেচি আজীবিকট্ঠায় পব্বজন্তি। যে পন সম্মা পব্বজন্তি, তে এতদত্থায় পব্বজন্তীতি।'

'ত্বং পন ভন্তে, এতদত্থায় পব্বজিতো'সীতি ?'

'অহং খো মহারাজ, দহরকো সন্তো পব্বজিতো ; ন জানামি—ইমং নাম'ত্থায় পব্বজামীতি। অপিচ খো মে এবং অহোসি—পণ্ডিতা ইমে সমণা সক্যপুত্তিয়া,

---

'ভদন্ত নাগসেন, আপনাদের প্রব্রজ্যার প্রয়োজন কি ? এবং আপনাদের পরমার্থই বা কি ?

স্থবির কহিলেন—'কেন মহারাজ ? এই (অনুভূয়মান) দুঃখ নিরুদ্ধ হইবে, এবং অন্য দুঃখ উৎপন্ন হইবে না,—ইহাই আমাদের প্রব্রজ্যার প্রয়োজন ; এবং সংসার-অনাসক্তিতে পরিনির্ব্বাণই আমাদের পরমার্থ।'

'ভদন্ত নাগসেন, সকলেই কি এই প্রয়োজনে প্রব্রজিত হয় ?'

'না মহারাজ, কেহ-কেহ এই প্রয়োজনে প্রব্রজিত হয়, কেহ-কেহ রাজ-ভয়ে, কেহ-কেহ চৌর-ভয়ে, কেহ-কেহ ঋণের জন্য, কেহ-কেহ বা জীবিকার জন্য প্রব্রজিত হয়। কিন্তু যাহারা সম্যগ্-ভাবে প্রব্রজিত হয়, তাহারা এই (পূর্ব্বোক্ত) প্রয়োজনের জন্য হয়।

'আপনি তবে ভদন্ত, এই প্রয়োজনের জন্য প্রব্রজিত হইয়াছেন ?'

'মহারাজ, আমি যখন বালক ('দহর'), তখন প্রব্রজিত হইয়াছি। আমি তখন জানিতাম না যে, এই-জন্য প্রব্রজিত হইতেছি। আমি চিন্তা করিয়াছিলাম—'এই শাক্যপুত্রীয় শ্রমণগণ পণ্ডিত, তাঁহারা আমাকে শিক্ষা প্রদান করিবেন। সেই-

তে মং সিক্খাপেস্সন্তীতি। অহং তেহি সিক্খাপিতো জানামি চ পস্সামি চ—ইমস্সে ন্নাম'থায় পব্বজ্জা'তি ?

'কল্লো'সি ভন্তে, নাগসেনা'তি !'

৬। রাজা আহ—'ভন্তে নাগসেন, অত্থি কোচি মতো ন পটিসন্দহতীতি ?'

৫ থেরো আহ—'কোচি পটিসন্দহতি, কোচি ন পটিসন্দহতীতি।'

'কো পটিসন্দহতি, কো ন পটিসন্দহতীতি ?'

'সকিলেসো মহারাজ, পটিসন্দহতি ; নিক্কিলেসো ন পটিসন্দহতীতি।'

'ত্বং পন ভন্তে, পটিসন্দহিস্সসীতি ?'

'স চে মহারাজ, স-উপাদানো ভবিস্সামি, পটিসন্দহিস্সামি ; স চে অনুপাদানো

১০ ভবিস্সামি, ন পটিসন্দহিস্সামীতি।'

'কল্লো'সি ভন্তে, নাগসেনা'তি !'

আমি তাঁহাদের নিকট শিক্ষা লাভ করিয়া জানিতেছি ও দেখিতেছি যে, প্রব্রজ্যার প্রয়োজন এই।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

---

১৫ কে জন্ম গ্রহণ করে, এবং কে না করে।

৬। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, এমন কি কোন মৃত-ব্যক্তি আছে, যে আর জন্ম গ্রহণ করে না ?'

স্থবির কহিলেন—'কেহ জন্ম গ্রহণ করে, কেহ করে না।'

'কে জন্ম গ্রহণ করে, এবং কে না করে ?'

২০ 'যাহার ক্লেশ (অর্থাৎ তৃষ্ণা, বা কামাদি) থাকে, সে জন্ম গ্রহণ করে, এবং যাহার না থাকে মহারাজ, সে জন্ম গ্রহণ করে না।'

'আপনি কি আবার জন্ম গ্রহণ করিবেন ?'

'মহারাজ, আমি যদি আসক্তি যুক্ত ('স-উপাদান') হই, জন্ম গ্রহণ করিব ; আর যদি আসক্তি-শূন্য হই, জন্ম গ্রহণ করিব না।'

২৫ 'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

৭। রাজা আহ—'ভন্তে নাগসেন, যো ন পটিসন্দহতি, নন্নু সো যোনিসো-মনসিকারেন ন পটিসন্দহতীতি?'

'যোনিসো চ মহারাজ, মনসিকারেন, পঞ্‌ঞায় চ, অঞ্‌ঞেহি চ কুসলেহি ধম্মেহীতি।'

'নন্নু ভন্তে, যোনিসো-মনসিকারো যেব পঞ্‌ঞা'তি?'

'নহি মহারাজ; অঞ্‌ঞো মনসিকারো, অঞ্‌ঞা পঞ্‌ঞা'তি। ইমেসং খো মহারাজ, অজে'লক-গো-মহিস-ওট্ঠ-গদ্রভানম্'পি মনসিকারো অত্থি, পঞ্‌ঞা পন তেসং ন'ত্থীতি।'

'কল্লো'সি ভন্তে, নাগসেনা'তি!'

---

১০ ৮। রাজা আহ—'কিংলক্‌খণো ভন্তে, মনসিকারো? কিংলক্‌খণা পঞ্‌ঞা'তি?'

'উহনলক্‌খণো খো মহারাজ, মনসিকারো; ছেদনলক্‌খণা পঞ্‌ঞা'তি।'

'কথং উহনলক্‌খণো মনসিকারো? কথং ছেদনলক্‌খণা পঞ্‌ঞা? ওপম্মং করোহীতি।'

জন্মগ্রহণ না করিবার হেতু।

১৫ ৭। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, যে জন্মগ্রহণ করে না, সে কি "যোনিসো-মনসিকার"-(তর্ক) হেতু তাহা করে না?'

'মহারাজ "যোনিসো-মনসিকার" (তর্ক), প্রজ্ঞা, ও অন্য কতকগুলি কুশলধর্ম্ম হেতু (তাহা করে না)।'

'ভদন্ত "যোনিসো-মনসিকার"ই ত প্রজ্ঞা?'

২০ 'না মহারাজ; "মনসিকার" অন্য, এবং প্রজ্ঞা অন্য। মহারাজ, এই অজ-মেষ-গো-মহিষ-উষ্ট্র ও গর্দ্দভেরও "মনসিকার" আছে, কিন্তু তাহাদের প্রজ্ঞা নাই।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

মনসিকার ও প্রজ্ঞার লক্ষণ।

৮। রাজা কহিলেন—'ভদন্ত, মনসিকার ও প্রজ্ঞার লক্ষণ কি?'

২৫ 'মহারাজ, মনসিকারের লক্ষণ "উহন" (তর্ক), এবং প্রজ্ঞার লক্ষণ "ছেদন"।'

'কি প্রকারে মনসিকারের লক্ষণ "উহন", এবং কি প্রকারে প্রজ্ঞার লক্ষণ "ছেদন"?'

'মহারাজ, আপনি যবচ্ছেদনকারি-গণকে জানেন?'

'জানাসি ত্বং মহারাজ, যবলাবকে'তি ?'

'আম ভন্তে ; জানামীতি।'

'কথং মহারাজ, যবলাবকা যবং লুনন্তীতি ?'

'বামেন ভন্তে, হত্থেন যবকলাপং গহেত্বা, দক্খিণেন হত্থেন দাত্তং গহেত্বা,

৫ দাত্তেন ছিন্দন্তীতি।'

'যথা মহারাজ, যবলাবকো বামেন হত্থেন যবকলাপং গহেত্বা, দক্খিণেন হত্থেন দাত্তং গহেত্বা, দাত্তেন ছিন্দতি, এবমেব খো মহারাজ, যোগাবচরো মনসিকারেন মানসং গহেত্বা, পঞ্ঞায় কিলেসে ছিন্দতি। এবং খো মহারাজ উহনলক্খণো মনসিকারো, এবং ছেদনলক্খণা পঞ্ঞা'তি।'

১০ 'কল্লো'সি ভন্তে, নাগসেনা'তি!'

৯। রাজা আহ—'ভন্তে নাগসেন, যম্পনে'তং ব্রূসি—"অঞ্ঞেহি চ কুসলেহি ধম্মেহীতি," কতমে তে কুসলা ধম্মা'তি।'

'সীলং মহারাজ, সদ্ধা, বিরিয়ং, সতি, সমাধি,—ইমে তে কুসলা ধম্মা'তি।'

'হাঁ ভদন্ত ; জানি।'

১৫ 'মহারাজ, যবচ্ছেদনকারীরা কিরূপে যব ছেদন করে ?'

'ভদন্ত, তাহারা বামহস্তে যবকলাপ ও দক্ষিণ-হস্তে দাত্র গ্রহণ করিয়া, দাত্র-দ্বারা তাহা ছেদন করে।'

'যেমন যবচ্ছেদনকারি-গণ মহারাজ, বামহস্তে যবকলাপ ও দক্ষিণহস্তে দাত্র ধারণ করিয়া, দাত্র-দ্বারা তাহা ছেদন করে, এই-প্রকারেই মহারাজ, যোগী মনসিকারের

২০ দ্বারা মন গ্রহণ করিয়া, প্রজ্ঞা-দ্বারা ক্লেশসমূহ ছেদন করে। মহারাজ, এইরূপে মনসিকারের লক্ষণ "উহন," এবং প্রজ্ঞার লক্ষণ "ছেদন"।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

কুশলধর্ম্ম-সমূহ।

৯। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, এই যে আপনি বলিতেছেন (২.১.§৭)—

২৫ "এবং অন্ত কতকগুলি কুশলধর্ম্ম হেতু," সেই কুশলধর্ম্ম-সমূহ কি ?'

'মহারাজ, শীল, শ্রদ্ধা, বীর্য্য, স্মৃতি ও সমাধি,—ইহারাই সেই কুশল ধর্ম্ম।'

'কিংলক্খণং ভন্তে, সীল'ন্তি ?'

'পতিট্ঠানলক্খণং মহারাজ, সীলং। সব্বেসং কুসলানং ধম্মানং ইন্দ্রিয়-বল-বোজ্ঝঙ্গ-মগ্গ-সতিপট্ঠান-সম্মপ্পধান-ইদ্ধিপাদ-ঝান-বিমোক্খ-সমাধি-সমাপত্তীনং সীলং পতিট্ঠা। সীলে পতিট্ঠিতস্স খো মহারাজ, সব্বে কুসলা ধম্মা ন পরিহায়ন্তী'তি।'

৫ 'ওপম্মং করোহীতি।'

'যথা, মহারাজ, যে কেচি বীজগাম-ভূতগামা বুদ্ধিং বিরূল্হিং বেপুল্লং আপজ্জন্তি, সব্বে তে পঠবিং নিস্সায়, পঠবিয়ং পতিট্ঠায়; এবমেতে বীজগাম-ভূতগামা বুদ্ধিং বিরূল্হিং বেপুল্লং আপজ্জন্তি। এবমেব, খো মহারাজ, যোগাবচরো সীলং নিস্সায়, সীলে পতিট্ঠায়, পঞ্চি'ন্দ্রিয়ানি ভাবেতি—সদ্ধি'ন্দ্রিয়ং, বিরিয়ি'ন্দ্রিয়ং, সতি'ন্দ্রিয়ং',

১০ সমাধি'ন্দ্রিয়ং, পঞ্ঞি'ন্দ্রিয়'ন্তি।'

'ভিয্যো ওপম্মং করোহীতি।'

'যথা, মহারাজ, যে কেচি বলকরণীয়া কম্মন্তা করীয়ন্তি, সব্বে তে পঠবিং নিস্সায়, পঠবিয়ং পতিট্ঠায়; এবমেতে বলকরণীয়া কম্মন্তা করীয়ন্তি। এবমেব

শীলের লক্ষণ।

১৫ 'ভদন্ত, শীলের লক্ষণ কি ?'

'মহারাজ, শীলের লক্ষণ প্রতিষ্ঠা। সমস্ত কুশল ধর্ম্ম, (পঞ্চবিধ) ইন্দ্রিয় বল, (সপ্তবিধ) বোধি অর্থাৎ জ্ঞানের অঙ্গ, চতুর্বিধ (নির্ব্বাণ-)মার্গ, (চতুর্বিধ) স্মৃত্যুপস্থান, (চতুর্বিধ) সম্যক্ প্রধান (চেষ্টা), (চতুর্বিধ) ঋদ্ধিপাদ, (চতুর্বিধ) ধ্যান, (অষ্টবিধ) বিমোক্ষ, (চতুর্বিধ) সমাধি, ও (অষ্টবিধ) সমাপত্তি —এই সকলের প্রতিষ্ঠা শীল। মহারাজ, নিখিল কুশল-

২০ ধর্ম্ম শীলকে অবলম্বন করিয়া পরিক্ষীণ হয় না।'

'উপমা (প্রদান) করুন।'

'যেমন, মহারাজ, যে-কোন বীজ ও জীব-সমূহ বৃদ্ধি, বিরূঢ়ি ও বিপুলতা লাভ করে, তৎ-সমুদয় পৃথিবীকে আশ্রয় করিয়া থাকে, ও পৃথিবীতে প্রতিষ্ঠিত; এবং এই প্রকারে বীজ ও জীব-সমূহ বৃদ্ধি, বিরূঢ়ি ও বিপুলতা লাভ করে। এইরূপ মহারাজ, যোগী

২৫ শীল আশ্রয় করিয়া, শীলে প্রতিষ্ঠিত হইয়া শ্রদ্ধা-বীর্য্য-স্মৃতি-সমাধি ও প্রজ্ঞা—এই পঞ্চ-ইন্দ্রিয়ের অর্থাৎ ইন্দ্রিয়-বলের ভাবনা করিয়া থাকেন।'

'আরও উপমা (প্রদান) করুন।'

যেমন, মহারাজ, যে-কোন বলসাধ্য কর্ম্মসমূহ অনুষ্ঠিত হয়, তৎ-সমুদয়কে পৃথিবী আশ্রয় করিয়া,—পৃথিবীতে প্রতিষ্ঠিত হইয়া করিতে হয়; এবং এই প্রকারে এই বল-সাধ্য

৩০ কর্ম্মসমূহ করা হইয়া থাকে। এইরূপ মহারাজ, যোগী শীল আশ্রয় করিয়া,—শীলে

খো মহারাজ, যোগাবচরো সীলং নিস্সায়, সীলে পতিট্ঠায় পঞ্চি'ন্দ্রিয়ানি ভাবেতি—সদ্ধি'ন্দ্রিয়ং, বিরিয়ি'ন্দ্রিয়ং, সতি'ন্দ্রিয়ং, সমাধি'ন্দ্রিয়ং, পঞ্ঞি'ন্দ্রিয়'ন্তি।'

'ভিয্যো ওপম্মং করোহীতি।'

'যথা, মহারাজ, নগর ড্ঢকি নগরং মাপেতুকামো পঠমং নগরট্ঠানং সোধাপেত্বা,
৫ খাণুকণ্টকং অপকড্ঢাপেত্বা, সমং কারাপেত্বা, ততো অপরভাগে বীথি-চতুক্ক-সিংঘাটকাদি-পরিচ্ছেদেন বিভজিত্বা নগরং মাপেতি; এবমেব খো মহারাজ, যোগাবচরো সীলং নিস্সায়, সীলে পতিট্ঠায় পঞ্চি'ন্দ্রিয়ানি ভাবেতি—সদ্ধি'ন্দ্রিয়ং, বিরিয়ি'ন্দ্রিয়ং, সতি'ন্দ্রিয়ং, সমাধি'ন্দ্রিয়ং, পঞ্ঞি'ন্দ্রিয়'ন্তি।

'ভিয্যো ওপম্মং করোহীতি।'

১০ 'যথা, মহারাজ, লঙ্ঘকো সিপ্পং দস্সেতুকামো পঠবিং খণাপেত্বা, সক্খর-কঠলকং অপকড্ঢাপেত্বা, ভূমিং সমং কারাপেত্বা, মুদুকায় ভূমিয়া সিপ্পং দস্সেতি; এবমেব খো মহারাজ, যোগাবচরো সীলং নিস্সায়, সীলে পতিট্ঠায়, পঞ্চি'ন্দ্রিয়ানি ভাবেতি—

প্রতিষ্ঠিত হইয়া শ্রদ্ধা-বীর্য্য-স্মৃতি-সমাধি ও প্রজ্ঞা—এই পঞ্চ-ইন্দ্রিয়ের অর্থাৎ ইন্দ্রিয়-বলের ভাবনা করিয়া থাকেন।'

১৫ আরও উপমা (প্রদান) করুন।'

'মহারাজ, যেমন কোন নগর-নির্ম্মাণেচ্ছু নগর-বর্দ্ধকি (ছুতার) প্রথমে নগর-স্থানকে শোধন করাইয়া, স্থাণু ও কণ্টক অপনীত করাইয়া তাহা সমান করায়, এবং পরে অপর-ভাগে বীথি, চতুষ্ক ও শৃঙ্গাটক-প্রভৃতি সীমানির্দ্ধারণপূর্ব্বক বিভক্ত করিয়া নগর নির্ম্মাণ করে, এইরূপই মহারাজ, যোগী শীল আশ্রয় করিয়া,—শীলে প্রতিষ্ঠিত
২০ হইয়া, শ্রদ্ধা, বীর্য্য, স্মৃতি, সমাধি ও প্রজ্ঞা—এই পঞ্চ ইন্দ্রিয়ের অর্থাৎ ইন্দ্রিয়-বলের ভাবনা (উৎপাদন) করে।'

'আরও উপমা (প্রদান) করুন।'

'মহারাজ, যেমন কোন লঙ্ঘক (বাজিকর) (স্বকীয়) শিল্প দেখাইবার জন্য প্রথমে পৃথিবী খনন করাইয়া, ও তাহা হইতে ছোট ছোট পাথর ও খোলাকুচি
২৫ সকল অপনীত করাইয়া ভূমিকে সমান করায়, এবং মৃদু ভূমির উপর শিল্প দেখায়, এইরূপ মহারাজ, যোগী শীল আশ্রয় করিয়া,—শীলে প্রতিষ্ঠিত হইয়া শ্রদ্ধা-

সদ্ধি'ন্দ্রিয়ং, বিরিয়ি'ন্দ্রিয়ং, সতি'ন্দ্রিয়ং, সমাধি'ন্দ্রিয়ং, পঞ্‌ঞ'ন্দ্রিয়ং। ভাসিতম্'পেতং মহারাজ, ভগবতা—

"সীলে পতিট্‌ঠায় নরো সপঞ্‌ঞো চিত্তং পঞ্‌ঞঞ্চ ভাবয়ং।
আতাপী নিপকো ভিক্‌খু সো ইমং বিজটয়ে জট'ন্তি।"

"অয়ং পতিট্‌ঠা ধরণীব পাণিনং,
ইদঞ্চ মূলং কুসলাভিবুদ্ধিয়া।
মুখঞ্চি'দং সব্‌বজিনামুসাসনে,
যো সীলক্‌খন্ধো বরপাতিমোক্‌খিয়ো'তি।"

'কল্লো'সি ভন্তে, নাগসেনা'তি!'

---

১০ ১০। রাজা আহ—'ভন্তে নাগসেন, কিংলক্‌খণা সদ্ধা'তি?'

'সম্পসাদন-লক্‌খণা চ মহারাজ, সদ্ধা সম্পক্‌খন্দন-লক্‌খণা চা'তি।'

বীর্য্য-স্মৃতি-সমাধি ও প্রজ্ঞা—এই পঞ্চ ইন্দ্রিয়ের অর্থাৎ ইন্দ্রিয়বলের ভাবনা করে। মহারাজ, ভগবান্ ইহা বলিয়াছেনও—

"সেই বিজ্ঞ ভিক্ষু জীব শীল-প্রতিষ্ঠায়
১৫ সমাধি ও 'বিপস্‌সনা' করিয়া ভাবনা,
হ'য়ে বীর্য্যযুক্ত, আর প্রজ্ঞা লাভ করি,
করে এই (তৃষ্ণা-জাল-) জটার ছেদন।"
"এই শীল ভূমি-সম জীবের প্রতিষ্ঠা,
কুশল বৃদ্ধির মূল—কারণ ইহাই,
২০ সর্ব্ব জিন-উপদেশে ইহাই প্রধান,
'প্রাতিমোক্ষ'-নিয়মেতে ইহা শ্রেষ্ঠ হয়।"

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

শ্রদ্ধার লক্ষণ।

১০। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, শ্রদ্ধার লক্ষণ কি?'

২৫ 'শ্রদ্ধার লক্ষণ মহারাজ, "সম্প্রসাদন" (প্রসন্নতা-উৎপাদন), ও "সম্প্রস্কন্দন" (উৎপ্লবন—উল্লম্ফন—একবারে মহাকাঙ্ক্ষা)।

'কথং ভন্তে, সম্পসাদন-লক্‌খণা সদ্ধা'তি ?'

'সদ্ধা খো মহারাজ উপ্পজ্জমানা নীবরণে বিক্‌খম্ভেতি, বিনীবরণং চিত্তং হোতি অচ্ছং, বিপ্পসন্নং, অনাবিলং। এবং খো মহারাজ, সম্পসাদন-লক্‌খণা সদ্ধা'তি।'

'ওপম্মং করোহীতি।'

৫ 'যথা মহারাজ, রাজা চক্কবত্তী চতুরঙ্গিনিয়া সেনায় সদ্ধিং অদ্ধানমগ্‌গপটিপন্নো পরিত্তং উদকং তরেয্য; তং উদকং হত্থীহি চ, অস্‌সেহি চ, পত্তীহি চ খুভিতং ভবেয্য আবিলং, লুলিতং, কললীভূতং; উত্তিণ্ণো চ রাজা চক্কবত্তী মনুস্‌সে আণাপেয্য—"পানীয়ং ভনে, আহরথ পিবিস্‌সামীতি;" রঞ্‌ঞো চ উদকপ্পসাদকো মণি ভবেয্য; "এবং দেবা'তি"—খো তে মনুস্‌সা রঞ্‌ঞো চক্কবত্তিস্‌স পটিস্‌সুত্বা তং উদকপ্পসাদকং মণিং

১০ উদকে পক্‌খিপেয্যুং; তস্মিং উদকে পক্‌খিত্তমত্তে সঙ্খ-সেবাল-পণকং বিগচ্ছেয্য, কদ্দমো চ সন্নিসীদেয্য, অচ্ছং ভবেয্য উদকং বিপ্পসন্নং অনাবিলং। ততো রঞ্‌ঞো চক্কবত্তিস্‌স পানীয়ং উপনামেয্যুং—"পিবতু দেবো পানীয়'ন্তি।" যথা মহারাজ উদকং, এবং চিত্তং দট্‌ঠব্‌বং; যথা তে মনুস্‌সা, এবং যোগাবচরো দট্‌ঠব্‌বো; যথা সঙ্খ-সেবাল-পনকং,

---

'কি প্রকারে ভদন্ত, শ্রদ্ধার লক্ষণ "সম্প্রসাদন" ?'

১৫ 'মহারাজ, উৎপদ্যমান শ্রদ্ধা (কাম, দ্বেষ, তন্দ্রা, গর্ব্ব ও মোহ এই পঞ্চবিধ মানসিক) প্রতিবন্ধককে প্রতিবদ্ধ করে। অতএব চিত্ত প্রতিবন্ধকহীন হইয়া নির্ম্মল, সুপ্রসন্ন ও অনাবিল হয়। মহারাজ, এইরূপেই শ্রদ্ধার লক্ষণ "সম্প্রসাদন"।'

'উপমা (প্রদান) করুন।'

'যেমন, মহারাজ, যদি কোন চক্রবর্ত্তী রাজা চতুরঙ্গিণী সেনার সহিত পথের অগ্রে

২০ গমন করিতে করিতে কোন অল্প জল পার হন, আর সেই জল হস্তী, অশ্ব, রথ ও পদাতি-সমূহের দ্বারা ক্ষুভিত হইয়া আবিল আন্দোলিত ও পঙ্কীভূত হয়, এবং সেই সময়ে সেই জলোত্তীর্ণ চক্রবর্ত্তী রাজা তাঁহার মনুষ্যগণকে আজ্ঞা করেন—"বলি, তোমরা জল আহরণ কর, আমি পান করিব", আর সেই রাজার যদি উদক-প্রসাদক অর্থাৎ জলপরিষ্কারক মণি থাকে, তবে মনুষ্যগণ 'হাঁ দেব'—বলিয়া আদেশ স্বীকারপূর্ব্বক

২৫ সেই মণি জলমধ্যে প্রক্ষিপ্ত করিবে, এবং তাহা প্রক্ষিপ্ত হইলেই শঙ্খ, শৈবাল ও পনক (পানা) বিগত হইবে, কর্দ্দম নীচে পড়িবে, এবং উদক নির্ম্মল সুপ্রসন্ন ও অনাবিল হইবে। অনন্তর মনুষ্যগণ "দেব, জল পান করুন"—এই বলিয়া চক্রবর্ত্তী রাজার নিকট জল উপস্থিত করিবে। মহারাজ, যেমন এই জল, চিত্তও এইরূপ দ্রষ্টব্য। যোগীকে ঐ জলপরিষ্কার-কারী মনুষ্যগণের

৩০ ন্যায় দেখিতে হইবে। যেমন, শঙ্খ, শৈবাল, পনক (পানা) ও কর্দ্দম

এবং কিলেসা দট্‌ঠব্‌বা; যথা উদকপ্পসাদকো মণি, এবং সদ্ধা দট্‌ঠব্‌বা; যথা উদকপ্পসদকে মণিম্‌হি উদকে পক্‌খিত্তমত্তে সঙ্খ-সেবাল-পণকং বিগচ্ছেয্য, কদ্দমো চ সন্নিসীদেয্য, অচ্ছং ভবেয্য উদকং বিপস্‌সনং অনাবিলং, এবমেব খো মহারাজ, সদ্ধা উপ্পজ্জমানা নীবরণে বিক্‌খম্ভেতি, বিনীবরণং চিত্তং হোতি অচ্ছং বিপ্পসন্নং অনাবিলং। এবং খো ৫ মহারাজ, সম্পসাদন-লক্‌খণা সদ্ধা'তি।'

'কথং ভন্তে, সম্পক্‌খন্দন-লক্‌খণা সদ্ধা'তি?'

'যথা, মহারাজ, যোগাবচরো অঞ্‌ঞেসং চিত্তং বিমুত্তং পস্‌সিত্বা সোতাপত্তিফলে বা, সকদাগামিফলে বা, অনাগামিফলে বা, অরহত্তে বা সম্পক্‌খন্দতি, যোগং করোতি—অপ্পত্তস্‌স পত্তিয়া, অনধিগতস্‌স অধিগমায়, অসচ্ছিকতস্স সচ্ছিকিরিয়ায়; এবং খো ১০ মহারাজ, সম্পক্‌খন্দন-লক্‌খণা সদ্ধা'তি।'

'ওপম্মং করোহীতি।'

'যথা, মহারাজ, উপরিপব্‌বতে মহামেঘো অভিপ্পবস্‌সেয্য; তং উদকং যথানিন্নং পবত্তমানং পব্‌বতকন্দরপদরসাখা পরিপূরেত্বা নদিং পপূরেয্য; সা উভতো কূলানি

(জলের মালিন্য-হেতু), ক্লেশকে এইরূপ (চিত্তমালিন্য-হেতু) দেখিতে হইবে। যেমন ১৫ উদক-প্রসাদক মণি, এইরূপ শ্রদ্ধাকে দেখিতে হইবে। যেমন উদক-প্রসাদক মণি উদকে প্রক্ষিপ্ত হইলে শঙ্খ, শৈবাল, ও পনক (পানা) বিগত হয়, কর্দ্দম নীচে পড়িয়া যায়, এবং উদক নির্ম্মল সুপ্রসন্ন ও অনাবিল হয়, এই প্রকারই মহারাজ, উৎপদ্যমান শ্রদ্ধা (পূর্ব্বোক্ত পঞ্চবিধ) প্রতিবন্ধককে প্রতিবদ্ধ করে। অতএব প্রতিবন্ধকহীন চিত্ত নির্ম্মল সুপ্রসন্ন ও অনাবিল হয়। মহারাজ, এইরূপে শ্রদ্ধার ২০ লক্ষণ "সম্প্রসাদন"।'

'ভদন্ত, "সম্প্রস্কন্দন" কি প্রকারে শ্রদ্ধার লক্ষণ?'

'যেমন, মহারাজ যোগী অন্য লোকের চিত্তকে (তৃষ্ণা-) বিমুক্ত দেখিয়া স্রোতাপত্তি-ফলে, বা সকৃদাগামি-ফলে, বা অনাগামি-ফলে, বা অর্হত্বে 'সম্প্রস্কন্দন' (উৎপ্লবন—উল্লম্ফন—একবারে মহাকাঙ্ক্ষা) করে, এবং অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তির জন্য, অজ্ঞাত ২৫ বস্তুর জ্ঞানের জন্য, ও অপ্রত্যক্ষ বস্তুর প্রত্যক্ষ করিবার জন্য উপায় করে। এইরূপ মহারাজ, শ্রদ্ধার লক্ষণ "সম্প্রস্কন্দন"।'

'উপমা (প্রদান) করুন।'

'যেমন, মহারাজ, যদি পর্ব্বতের উপর মহামেঘ বর্ষণ করে, তবে সেই জল নিম্নভাগানুসারে প্রবর্ত্তমান হইয়া পর্ব্বতের কন্দর ও প্রদর-(গভীর বিবর) শাখা-সমূহ পরিপূর্ণ

সংবিস্‌সন্দন্তী গচ্ছেয্য ; অথ মহাজনকায়ো আগন্ত্বা তস্‌সা নদিয়া উত্তানতং বা, গম্ভীরতং বা অজানন্তো ভীতো বিথতো তীরে তিট্‌ঠেয্য ; অথ অঞ্‌ঞতরো পুরিসো আগন্ত্বা অত্তনো ঠামঞ্চ বলঞ্চ সম্পস্‌সন্তো গাল্‌হং কচ্ছং বন্ধিত্বা, পক্‌খন্দিত্বা তরেয্য ; তং তিণ্ণং পস্‌সিত্বা মহাজনকায়ো'পি তরেয্য। এবমেব খো মহারাজ, যোগাবচরো অঞ্‌ঞেসং
৫ চিত্তং বিমুত্তং পস্‌সিত্বা সোতাপত্তিফলে বা, সকদাগামিফলে বা, অনাগামিফলে বা, অরহত্তে বা সম্পক্‌খন্দতি, যোগং করোতি—অপ্পত্তস্‌স পত্তিয়া, অনধিগতস্‌স অধিগমায়, অসচ্ছিকতস্‌স সচ্ছিকিরিয়ায়। এবমেব খো মহারাজ, সম্পক্‌খন্দন-লক্‌খণা সদ্ধা'তি। ভাসিতম্‌'পে'তং মহারাজ, ভগবতা "সংযুত্তনিকায়বরে"—

"সদ্ধায় তরতী ওঘং, অপ্পমাদেন অণ্ণবং।
১০ বিরিয়েন দুক্‌খং অচ্চেতি, পঞ্‌ঞায় পরিসুজ্ঝতীতি॥""

'কল্লো'সি ভন্তে, নাগসেনা'তি!'

করিয়া, (অবশেষে) নদীকে পরিপূর্ণ করে ; এবং সেই নদী উভয় কূলে প্রবাহিত হইয়া গমন করে। (মনে করুন এই সময়ে) বহু লোক আগমন করিয়া সেই নদীর স্ফীততা ও গম্ভীরতা না জানিয়া ভীত ও বিস্তৃত হইয়া তীরে অবস্থান করিতেছে।
১৫ এখন যদি অপর কোন পুরুষ নিজের সামর্থ্য ও বল বিচারপূর্ব্বক দৃঢ়ভাবে কাছা বাঁধিয়া 'সম্প্রস্কন্দন'—উল্লম্ফন করিয়া তাহা উত্তীর্ণ হয়, তবে তাহাকে উত্তীর্ণ দেখিয়া সেই লোকসমূহও উত্তীর্ণ হয়। এইরূপ মহারাজ, অন্যের চিত্তকে (তৃষ্ণা-) বিমুক্ত দেখিয়া যোগী শ্রোতাপত্তি-ফলে, বা সকৃদাগামি-ফলে, বা অনাগামি-ফলে, বা অর্হত্বে 'সম্প্রস্কন্দন' করে, এবং অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তির জন্য, অজ্ঞাত বস্তুর জ্ঞানের জন্য, ও অপ্রত্যক্ষীকৃত
২০ বস্তুর প্রত্যক্ষ করার জন্য উপায় করে। মহারাজ, এই প্রকারে শ্রদ্ধার লক্ষণ "সম্প্রস্কন্দন"। মহারাজ ভগবান্ শ্রেষ্ঠ "সংযুক্তনিকায়ে" ইহা বলিয়াছেনও—

"শ্রদ্ধা-বলে তরে লোক (কামাদি-) প্রবাহ,
অপ্রমাদে তরে এই (জীবন-) অর্ণব,
দুঃখের অত্যয় বীর্য্যে করিবারে পারে,
২৫ করে পরিশুদ্ধি লাভ প্রজ্ঞার প্রভাবে।"

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ।'

১১। রাজা আহ—'ভন্তে নাগসেন, কিংলক্খণং বিরিয'ন্তি?'

'উপত্থম্ভন-লক্খণং মহারাজ, বিরিযং; বিরিয়ূ'পত্থম্ভিতা সব্বে কুসলা ধম্মা ন পরিহায়ন্তীতি।'

'ওপম্মং করোহীতি।'

৫ 'যথা, মহারাজ, পুরিসো গেহে পতন্তে অঞ্ঞেন দারুণা উপত্থম্ভেয্য, উপত্থম্ভিতং সন্তং এবং তং গেহং ন পতেয্য। এবমেব খো মহারাজ, উপত্থম্ভন-লক্খণং বিরিযং, বিরিয়ূ'পত্থিম্ভিতা সব্বে কুসলা ধম্মা ন পরিহায়ন্তী'তি।'

'ভিয্যো ওপম্মং করোহীতি।'

'যথা মহারাজ, পরিত্তকং সেনং মহতী সেনা ভঞ্জেয্য; ততো রাজা অঞ্ঞমঞ্ঞং

১০ অনুসারেয্য, অনুপেসেয্য; তায় সদ্ধিং পরিত্তকা সেনা মহতিং সেনং ভঞ্জেয্য। এবমেব খো মহারাজ, উপত্থম্ভন-লক্খণং বিরিযং; বিরিয়ূ'পত্থম্ভিতা সব্বে কুসলা ধম্মা ন পরিহায়ন্তীতি।' ভাসিতম্'পে'তং মহারাজ, ভগবতা—"বিরিযবা খো ভিক্খবে, অরিয়সাবকো

বীর্য্যের লক্ষণ।

১১। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, বীর্য্যের লক্ষণ কি?'

১৫ 'বীর্য্যের লক্ষণ মহারাজ, 'উপস্তম্ভন' (নিরোধ, ধারণ); সমস্ত কুশল-ধর্ম্ম বীর্য্যের দ্বারা উপস্তব্ধ (নিরুদ্ধ, ধৃত) হইয়া পরিহীণ অর্থাৎ বিনষ্ট হয় না।

'উপমা (প্রদান) করুন।'

'যেমন, গৃহ পতনোন্মুখ হইলে, মহারাজ, লোকে অন্য কাষ্ঠ-দ্বারা তাহার উপস্তম্ভন (নিরোধ, ধারণ) করে, এবং এইরূপে উপস্তব্ধ (নিরুদ্ধ, ধৃত) হইয়া সেই গৃহ আর

২০ পতিত হয় না। মহারাজ, এইরূপই বীর্য্যের লক্ষণ 'উপস্তম্ভন' (নিরোধ. ধারণ); ইহার দ্বারা উপস্তব্ধ (নিরুদ্ধ, ধৃত) হইয়া কুশলধর্ম্ম-সমূহ পরিহীণ অর্থাৎ বিনষ্ট হয় না।'

'আরও উপমা (প্রদান) করুন।'

'যেমন, মহারাজ, কোন মহতী সেনা যদি এক অল্প সেনাকে ভগ্ন করে তাহা হইলে (সেই অল্পসেনাধিকারী) রাজা অন্য-অন্য সেনাকে অনুসরণ করান,—পশ্চাতে

২৫ প্রেরণ করেন, এবং সেই (নব প্রেরিত) সেনার সহিত (পূর্ব্বোক্ত) অল্প সেনা (মিলিত হইয়া) মহতী সেনাকে ভগ্ন করে। মহারাজ, এইরূপই বীর্য্যের লক্ষণ 'উপস্তম্ভন' (নিরোধ, ধারণ), বীর্য্যের দ্বারা উপস্তব্ধ হইয়া কুশলধর্ম্ম-সমূহ বিনষ্ট হয় না। মহারাজ ভগবান্ ইহা বলিয়াছেনও—

'ভিক্ষুগণ, যে আর্য্যশ্রাবক বীর্য্যবান্, সে অকুশল ত্যাগ করে, ও কুশলকে ভাবনা

অকুসলং পজহতি, কুশলং ভাবেতি;—সাবজ্জং পজহতি, অনবজ্জং ভাবেতি;—সুদ্ধ-মত্তানং পরিহরতীতি।" '

'কল্লো'সি ভন্তে, নাগসেনা'তি!'

১২। রাজা আহ—'ভন্তে নাগসেন, কিংলক্‌খণা সতীতি?'

৫ 'অপিলাপন-লক্‌খণা মহারাজ, সতি উপগণ্হনলক্‌খণা চা'তি?'

'কথং ভন্তে, অভিলাপন-লক্‌খণা সতীতি?'

সতি মহারাজ, উপ্পজ্জমানা কুসলাকুসল-সাবজ্জানবজ্জ-হীনপ্পণীত-কণ্হসুক্ক-সপ্পটিভাগ-ধম্মে অপিলাপেতি—ইমে চত্তারো সতিপট্‌ঠানা, ইমে চত্তারো সম্মপ্পধানা, ইমে চত্তারো ইদ্ধিপাদা, ইমানি পঞ্চিন্দ্রিয়ানি, ইমানি পঞ্চবলানি, ইমে সত্ত বোজ্ঝঙ্গা, অয়ং অরিয়ো

১০ অট্‌ঠঙ্গিকো মগ্‌গো, অয়ং সমথো, অয়ং বিপস্‌সনা, অয়ং বিজ্জা, ইয়ং বিমুত্তীতি। ততো যোগাবচরো সেবিতব্বে ধম্মে সেবতি, অসেবিতব্বে ধম্মে ন সেবতি; ভজিতব্বে ধম্মে

করে; যাহা সপাপ ('সাবদ্য'), তাহা ত্যাগ করে, ও যাহা নিষ্পাপ ('নিরবদ্য') তাহাকে ভাবনা করে; এবং আত্মাকে (নিজেকে) শুদ্ধ রাখে।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

১৫

স্মৃতির লক্ষণ।

১২। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, স্মৃতির লক্ষণ কি?'

'মহারাজ, স্মৃতির লক্ষণ 'অপিলাপন' (অভিলাপন, চিন্তিত বিষয়কে বলান, পর্য্যালোচনা করান) ও 'উপগ্রহণ' (ধারণ)।

'ভদন্ত, কি প্রকারে স্মৃতির লক্ষণ 'অপিলাপন'?'

২০ 'মহারাজ, উৎপদ্যমান স্মৃতি (ইহা যাহার অন্তঃকরণে উৎপন্ন হয় তাহাকে) কুশল-অকুশল, সপাপ-নিষ্পাপ (সাবদ্য-নিরবদ্য), হীন-উত্তম, বিশদ-অবিশদ ও এতাদৃশ অপর ধর্ম্ম সকলকে (এইরূপে) বলায় অর্থাৎ পর্য্যালোচনা করায় ('অভিলাপেতি')—"এই চারি স্মৃত্যুপস্থান, এই চারি সম্যক্ প্রধান (চেষ্টা), এই পঞ্চ ইন্দ্রিয়, এই পঞ্চ বল, এই সপ্ত বোধি-অঙ্গ, এই আর্য্য অষ্টাঙ্গিক মার্গ, এই

২৫ শান্তি, এই বিদর্শন ('বিপস্‌সনা'), এই বিদ্যা, এবং এই বিমুক্তি। অনন্তর যোগী সেবনীয় ধর্ম্ম সেবন করে, এবং অসেবনীয় ধর্ম্ম সেবন করে না; আরাধ্য ধর্ম্ম সকলের

ভজতি, অভজিতব্বে ধম্মে ন ভজতি। এবং খো মহারাজ, অপিলাপন-লক্খণা সতীতি।'

'ওপম্মং করোহীতি।'

'যথা, মহারাজ, রঞ্ঞো চক্কবত্তিস্স ভণ্ডাগারিকো রাজানং চক্কবত্তিং সায়ং পাতং
৫ যসং সরাপেতি—"এত্তকা দেব, তে হত্থী, এত্তকা অস্সা, এত্তকা রথা, এত্তকা পত্তী, এত্তকং হিরঞ্ঞং, এত্তকং সুবণ্ণং, এত্তকং সাপতেয্যং,—তং দেবো সরতূ'তি" রঞ্ঞো সাপতেয্যং অপিলাপেতি; এবমেব খো মহারাজ, সতি উপ্পজ্জমানা কুসলাকুসল-সাবজ্জা-বজ্জ-হীনপ্পণীত-কণ্হসুক্ক-সপ্পটিভাগ-ধম্মে অপিলাপেতি—ইমে চত্তারো ইদ্ধিপাদা, ইমানি পঞ্চি'ন্দ্রিয়ানি, ইমানি পঞ্চ বলানি, ইমে সত্ত বোজ্ঝঙ্গা, অয়ং অরিয়ো অট্ঠঙ্গিকো মগ্গো,
১০ অয়ং সমথো, অয়ং বিপস্সনা, অয়ং বিজ্জা, অয়ং বিমুত্তীতি। ততো যোগাবচরো সেবিতব্বে ধম্মে সেবতি, অসেবিতব্বে ধম্মে ন সেবতি; ভজিতব্বে ধম্মে ভজতি, ন-ভজিতব্বে ধম্মে ন ভজতি। এবং খো মহারাজ, অপিলাপন-লক্খণা সতীতি।'

'কথং ভন্তে উপগণ্হনলক্খণা সতীতি?'

আরাধনা করে, এবং অনারাধ্য ধর্ম্মসকলের আরাধনা করে না। মহারাজ, এইরূপে
১৫ স্মৃতির লক্ষণ 'অপিলাপন'।'

'উপমা (প্রদান) করুন।'

'যেমন, মহারাজ, কোন চক্রবর্ত্তী রাজার ভাণ্ডাগারিক সায়ং ও প্রাতঃ-সময়ে তাঁহাকে তাঁহার (সমৃদ্ধিরূপ) যশ স্মরণ করাইয়া দেয়—"দেব, আপনার এতগুলি হস্তী, এতগুলি অশ্ব, এতগুলি রথ, এতগুলি পদাতি, এত হিরণ্য, এত সুবর্ণ, ও এত ধন
২০ আছে; দেব, ইহা আপনি স্মরণ করুন।" এবং এইরূপে সে রাজাকে তাঁহার ধন বলায় অর্থাৎ পর্য্যালোচনা করাইয়া দেয় ('অভিলাপেতি')। এইরূপই মহারাজ, উৎপদ্যমান স্মৃতি কুশল-অকুশল, সপাপ-নিষ্পাপ, হীন-উত্তম, কৃষ্ণ-শুক্ল ও এতাদৃশ ধর্ম্ম সকলকে বলায়, অর্থাৎ পর্য্যালোচনা করাইয়া দেয় ('অভিলাপেতি')—এই চারি স্মৃত্যুপস্থান, এই চারি সম্যক্ প্রধান (চেষ্টা), এই চারি ঋদ্ধিপাদ, এই পঞ্চ
২৫ ইন্দ্রিয়, এই পঞ্চ বল, এই সপ্ত বোধি-অঙ্গ, এই আর্য্য অষ্টাঙ্গিক মার্গ, এই শান্তি, এই বিদর্শন ('বিপস্সনা'), এই বিদ্যা, এবং এই বিমুক্তি।" অনন্তর যোগী সেবনীয় ধর্ম্ম সেবন করে, এবং অসেবনীয় ধর্ম্ম সেবন করে না; আরাধ্য ধর্ম্ম সকলের আরাধনা করে, এবং অনারাধ্য ধর্ম্ম সকলের আরাধনা করে না। মহারাজ, এইরূপে স্মৃতির লক্ষণ 'অভিলাপন'।'

৩০ 'ভদন্ত, কি প্রকারে স্মৃতির লক্ষণ 'উপগ্রহণ' (ধারণ)?'

'সতি মহারাজ, উপ্পজ্জমানা হিতাহিতানং ধম্মানং গতিয়ো সমন্নেসতি—ইমে ধম্মা হিতা, ইমে ধম্মা অহিতা; ইমে ধম্মা উপকারা, ইমে ধম্মা অনুপকারা'তি। ততো যোগাবচরো অহিতে ধম্মে অপনুদেতি, হিতে ধম্মে উপগণ্হাতি; অনুপকারে ধম্মে অপনুদেতি, উপকারে ধম্মে উপগণ্হাতি। এবং খো মহারাজ, উপগণ্হন-লক্খণা
৫ সতীতি।'

'ওপম্মং করোহীতি।'

'যথা, মহারাজ, রঞ্ঞো চক্কবত্তিস্স পরিনায়করতনং রঞ্ঞো হিতাহিতে জানাতি—ইমে রঞ্ঞো হিতা, ইমে অহিতা; ইমে উপকারা, ইমে অনুপকারা'তি। ততো অহিতে অপনুদেতি, হিতে উপগণ্হাতি; অনুপকারে অপনুদেতি, উপকারে
১০ উপগণ্হাতি। এবং খো মহারাজ, সতি উপ্পজ্জমানা হিতাহিতানং ধম্মানং গতিয়ো সমন্নেসতি—ইমে ধম্মা হিতা, ইমে ধম্মা অহিতা; ইমে ধম্মা উপকারা, ইমে ধম্মা অনুপকারা'তি। ততো যোগাবচরো অহিতে ধম্মে অপনুদেতি, হিতে ধম্মে

'উৎপদ্যমান স্মৃতি মহারাজ, হিতাহিত ধর্ম্মের গতি অন্বেষণ করে—"এই সকল ধর্ম্ম হিতকর, এই সকল ধর্ম্ম অহিতকর; এবং এই সকল ধর্ম্ম উপকারক,
১৫ এই সকল ধর্ম্ম অনুপকারক।" অনন্তর যোগী অহিতকর ধর্ম্ম সকল পরিত্যাগ করে, ও হিতকর ধর্ম্ম সকল গ্রহণ করে ('উপগণ্হাতি'); এবং অনুপকারক ধর্ম্ম সকল পরিত্যাগ করে, ও উপকারক ধর্ম্ম সকল গ্রহণ করে। এইরূপে মহারাজ, স্মৃতির লক্ষণ 'উপগ্রহণ' (ধারণ)।'

'উপমা (প্রদান) করুন।'

২০ 'মহারাজ, যেমন কোন চক্রবর্ত্তী রাজার শ্রেষ্ঠ-অধিনায়ক ('পরিনায়করতনং') রাজার হিতকর ও অহিতকর লোকগণকে জানেন—"ইহারা হিতকর, ও ইহারা অহিতকর; এবং ইহারা উপকারক, ও ইহারা অনুপকারক।" এইরূপ জানিয়া তিনি অহিতকরগণকে পরিত্যাগ করেন, ও হিতকরগণকে গ্রহণ করেন; এবং অনুপকারকগণকে পরিত্যাগ করেন, ও উপকারকগণকে গ্রহণ করেন। এইরূপই
২৫ মহারাজ, উৎপদ্যমান স্মৃতি হিতাহিত ধর্ম্মের গতি অন্বেষণ করে—"এই সকল ধর্ম্ম হিতকর, ও এইসকল ধর্ম্ম অহিতকর; এবং এই সকল ধর্ম্ম উপকারক, ও এই সকল ধর্ম্ম অনুপকারক।" অনন্তর যোগী অহিতকর ধর্ম্ম সকল পরিত্যাগ করে, ও হিতকর

উপগণ্হাতি ; অনুপকারে ধম্মে অপনুদেতি, উপকারে ধম্মে উপগণ্হাতি। এবং খো মহারাজ, উপগণ্হনলক্খণা সতি। ভাসিতম্'পে'তং মহারাজ, ভগবতা—"সতিং চ খ্বাহং ভিক্খবে, সব্ব'খিকং বদামীতি।" '

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি।'

---

৫ ১৩। রাজা আহ—'ভন্তে নাগসেন, কিংলক্খণো সমাধীতি ?'

'পমুখলক্খণো মহারাজ, সমাধি ; যে কেচি কুসলা ধম্মা, সব্বে তে সমাধিপমুখা হোন্তি, সমাধিনিন্না, সমাধিপোণা, সমাধিপব্ভারা'তি।'

'ওপম্মং করোহীতি।'

'যথা, মহারাজ, কূটাগারস্স যা কাচি গোপানসিয়ো, সব্বা তা কূটঙ্গমা হোন্তি,

১০ কূটনিন্না, কূটসমোসরণা ; কূটং তাসং অগ্গমক্খায়তি। এবমেব খো মহারাজ, যে কেচি কুসলা ধম্মা, সব্বে তে সমাধিপমুখা হোন্তি, সমাধিনিন্না, সমাধিপোণা, সমাধিপব্ভারা'তি।'

ধর্ম্ম সকল গ্রহণ করে ; এবং অনুপকারক ধর্ম্ম সকল পরিত্যাগ করে, ও উপকারক ধর্ম্ম সকল গ্রহণ করে। মহারাজ, এই প্রকারে স্মৃতির লক্ষণ 'উপগ্রহণ'। ভগবান্

১৫ ইহা বলিয়াছেনও মহারাজ,—"ভিক্ষুগণ, স্মৃতিকে আমি সর্ব্বার্থ-সাধন বলি।" '

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

সমাধির লক্ষণ।

১৩। 'ভদন্ত নাগসেন, সমাধির লক্ষণ কি ?'

'মহারাজ, সমাধির লক্ষণ এই যে ইহা (সকলের) 'প্রমুখ' (শ্রেষ্ঠ) ; কেননা, যে-

২০ কোন কুশল ধর্ম্ম আছে, তৎসমুদয় সমাধি-প্রমুখ, সমাধি-নিম্ন (অর্থাৎ সমাধির দিকে নত), সমাধি-প্রবণ, এবং সমাধিতে তাহাদের প্রধান ভার অবস্থিত (সমাধি-প্রাগ্ভার)।

'উপমা (প্রদান) করুন।'

'যেমন, মহারাজ, কূটাগারের যে-সকল ছাদের নিম্নস্থ কাষ্ঠ ('গোপানসী') থাকে,

২৫ তৎ-সমুদয় কূট বা শৃঙ্গে গমন করে, এবং তাহাতে নিম্ন ও সঙ্গত হইয়া থাকে ; এবং সেই কূট তাহাদের শ্রেষ্ঠ বলিয়া কথিত হয়। এইরূপই মহারাজ, যে-কোন কুশল ধর্ম্ম আছে, তাহারা সমাধি-প্রমুখ, সমাধি-নিম্ন (অর্থাৎ সমাধির দিকে নত), সমাধি-প্রবণ, এবং সমাধিতে তাহাদের প্রধান ভার অবস্থিত।'

'ভিয্যো ওপম্মং করোহীতি।'

'যথা, মহারাজ, কোচি রাজা চতুরঙ্গিনিয়া সেনায় সদ্ধিং সঙ্গামং ওতরেয্য ; সব্বা চ সেনা—হত্থী চ, অস্সা চ, রথা চ, পত্তী চ তপ্পমুখা ভবেয্যুং, তন্নিন্না, তপ্পোণা, তপ্পব্ভারা, তং যেব অনুপরিয়ায়েয্যুং। এবমেব খো মহারাজ, যে কেচি কুসলা
৫ ধম্মা, সব্বে তে সমাধিপমুখা, সমাধিনিন্না, সমাধিপোণা, সমাধিপব্ভারা। এবং খো মহারাজ, পমুখলক্খণো সমাধি। ভাসিতম্'পে'তং মহারাজ, ভগবতা—"সমাধিং ভিক্খবে, ভাবেথ ; সমাহিতো যথাভূতং পজানাতীতি।"'

'কল্লো'সি ভন্তে নাগসেনো'তি!'

১৪। রাজা আহ—'ভন্তে নাগসেন, কিংলক্খণা পঞ্ঞা'তি?'

১০ 'পুব্বে খো মহারাজ, ময়া বুত্তং—ছেদন-লক্খণা পঞ্ঞাতি ; অপিচ ওভাসন-লক্খণা'পি পঞ্ঞা'তি।'

'আরও উপমা (প্রদান) করুন।'

'যেমন, মহারাজ, যদি কোন রাজা চতুরঙ্গিণী সেনার সহিত সংগ্রামে অবতীর্ণ হন, এবং সমস্ত সেনার—হস্তী, অশ্ব, রথ ও পদাতির তিনি শ্রেষ্ঠ হন, তাঁহাতে তাহারা
২০ নত থাকে, ও তৎ-প্রবণ হয়, এবং তাঁহাতে তাহাদের প্রধান ভার থাকে, তাহা হইলে, তাহারা তাঁহার পশ্চাতে পর্য্যায় ক্রমে অবস্থিত হইবে। এইরূপই মহারাজ, যে-কোন কুশল ধর্ম্ম আছে, তাহারা সমাধি-প্রমুখ, সমাধি-নিম্ন (অর্থাৎ সমাধির দিকে নত), সমাধি-প্রবণ, এবং সমাধিতে তাহাদের প্রধান ভার অবস্থিত। মহারাজ, এইরূপে সমাধির লক্ষণ এই যে, ইহা 'প্রমুখ' (শ্রেষ্ঠ)। ভগবান্ ইহা
২৫ বলিয়াছেনও মহারাজ,—"হে ভিক্ষুগণ, সমাধি ভাবনা কর ; সমাহিত ব্যক্তি যথাভূত (বস্তুতত্ত্ব) জানিতে পারে।"

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

প্রজ্ঞার লক্ষণ।

১৪। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, প্রজ্ঞার লক্ষণ কি?'

৩০ 'মহারাজ, আমি ত পূর্ব্বেই বলিয়াছি, প্রজ্ঞার লক্ষণ 'ছেদন' (২।১।৮) ; আবার 'অবভাসনও' (প্রকাশনও) প্রজ্ঞার লক্ষণ হয়।'

'কথং ভন্তে, ওভাসন-লক্‌খণা পঞ্‌ঞা'তি ?'

'পঞ্‌ঞা মহারাজ, উপ্পজ্জমানা অবিজ্জ'ন্ধকারং বিধমেতি, বিজ্জো'ভাসং জনেতি, ঞাণালোকং বিদংসেতি, অরিয়সচ্চানি পাকটানি করোতি। ততো যোগাবচরো অনিচ্চ'ন্তি বা, দুক্‌খ'ন্তি বা, অনত্তা'তি বা সম্মপ্পঞ্‌ঞায় পস্‌সতীতি।'

৫ 'ওপম্মং করোহীতি।'

'যথা, মহারাজ, পুরিসো অন্ধকারে গেহে পদীপং পবেসেয্য, পবিট্‌ঠো পদীপো অন্ধকারং বিধমেতি, ওভাসং জনেতি, আলোকং বিদংসেতি, রূপানি পাকটানি করোতি। এবমেব খো মহারাজ, পঞ্‌ঞা উপ্পজ্জমানা অবিজ্জ'ন্ধকারং বিধমেতি, বিজ্জো'ভাসং জনেতি, ঞাণালোকং বিদংসেতি, অরিয়সচ্চানি পাকটানি করোতি।

১০ ততো যোগাবচরো অনিচ্চ'ন্তি বা, দুক্‌খ'ন্তি বা, অনত্তা'তি বা সম্মপ্পঞ্‌ঞায় পস্‌সতি। এবং খো মহারাজ, ওভাসন-লক্‌খণা পঞ্‌ঞা'তি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি।'

'কিরূপে ভদন্ত, 'অবভাসন' প্রজ্ঞার লক্ষণ ?'

'উৎপদ্যমান প্রজ্ঞা মহারাজ, অবিদ্যা-অন্ধকার অপনীত করে, বিদ্যা-অবভাস

১৫ উৎপন্ন করে, জ্ঞানালোক প্রদর্শন করে, ও আর্য্য সত্য-সমূহ প্রকটিত করে। অনন্তর যোগী অনিত্য (সংসার), বা দুঃখ, বা আত্মাভাবকে সম্যক্ জ্ঞান-পূর্ব্বক দেখিতে পারে।'

'উপমা (প্রদান) করুন।'

'যেমন' মহারাজ, কোন লোক যদি অন্ধকার-গৃহে প্রদীপ প্রবেশ করায়, সেই প্রবিষ্ট

২০ প্রদীপ অন্ধকার অপনীত করে, অবভাস উৎপন্ন করে, আলোক প্রদর্শন করে, ও রূপ সকল প্রকটিত করে, এইরূপই মহারাজ, উৎপদ্যমান প্রজ্ঞা অবিদ্যা-অন্ধকার অপনীত করে, বিদ্যা-অবভাস উৎপন্ন করে, জ্ঞানালোকে প্রদর্শন করে, ও আর্য্য-সত্য-সমূহকে প্রকটিত করে। অনন্তর যোগী অনিত্য (সংসার), বা দুঃখ, বা আত্মা-ভাবকে সম্যক্ জ্ঞানপূর্ব্বক দেখিতে পারে। মহারাজ, এই প্রকারে প্রজ্ঞার লক্ষণ

২৫ 'অবভাস'।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

১৫। রাজা আহ—'ভন্তে নাগসেন, ইমে ধম্মা নানা সন্তা একং অত্থং অভি-
নিপ্ফাদেন্তীতি ?'

'আম মহারাজ; ইমে ধম্মা নানা সন্তা একং অত্থং অভিনিপ্ফাদেন্তি,—কিলেসে
হনন্তীতি।'

৫ 'কথং ভন্তে, ইমে ধম্মা নানা সন্তা একং অত্থং অভিনিপ্ফাদেন্তি,—কিলেসে
হনন্তি ? ওপম্মং করোহীতি।'

'যথা, মহারাজ, সেনা নানা সন্তা—হত্থী চ, অস্সা চ, রথা চ পত্তী চ একং অত্থং
অভিনিপ্ফাদেন্তি,—সংগামে পরসেনং অভিবিজিনন্তি, এবমেব খো মহারাজ, ইমে
ধম্মা নানা সন্তা একং অত্থং অভিনিপ্ফাদেন্তি,—কিলেসে হনন্তীতি।'

১০ 'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

পঠমো বগ্গো।

নানাধর্ম্মের এক প্রয়োজন।

১৫। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, এই সকল ধর্ম্ম নানা হইয়া কি এক
অর্থ (প্রয়োজন) নিষ্পন্ন করে ?'

১৫ 'হাঁ মহারাজ; এই সকল ধর্ম্ম নানা হইয়া এক অর্থ নিষ্পন্ন করে,—ক্লেশসমূহকে
নষ্ট করে।'

'ভদন্ত কি প্রকারে এই সকল ধর্ম্ম নানা হইয়া এক প্রয়োজন নিষ্পন্ন করে,—
ক্লেশসমূহকে বিনষ্ট করে ? উপমা (প্রদান) করুন।'

'যেমন, মহারাজ, সেনা হস্তী-অশ্ব-রথ-ও পদাতি-রূপে নানা হইয়া এক প্রয়োজন
২০ নিষ্পন্ন করে,—সংগ্রামে শত্রুসেনাকে পরাজিত করে; এইরূপই মহারাজ,
এই সকল ধর্ম্ম নানা হইয়া এক প্রয়োজন নিষ্পন্ন করে,—ক্লেশসমূহকে বিনষ্ট
করে।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

ইতি প্রথম বর্গ।

১। রাজা আহ—'ভন্তে নাগসেন, যো উপ্পজ্জতি, সো এব সো, উদাহু অঞ্ঞো'তি ?'

থেরো আহ—'ন চ সো, ন চ অঞ্ঞো'তি।'

'ওপম্মং করোহীতি।'

৫ 'তং কিং মঞ্ঞসি মহারাজ ?—যদা ত্বং দহরো, তরুণো, মন্দো, উত্তানসেয্যকো অহোসি, সো যেব ত্বং এতরহি মহন্তো'তি ?'

'নহি ভন্তে ; অঞ্ঞো সো দহরো তরুণো, মন্দো, উত্তানসেয্যকো অহোসি, অঞ্ঞো অহং এতরহি মহন্তো'তি।'

'এবং সন্তে খো মহারাজ, মাতা'তি'পি ন ভবিস্সতি, পিতা'তি'পি ন ভবিস্সতি,

১০ আচরিয়ো'তি'পি ন ভবিস্সতি, সিপ্পবা'তি'পি ন ভবিস্সতি, সীলবা'তি'পি ন ভবিস্সতি, পঞ্ঞাবা'তি'পি ন ভবিস্সতি। কিন্নু খো মহরোজ, অঞ্ঞা এব কললস্স মাতা, অঞ্ঞা অব্বুদস্স মাতা, অঞ্ঞা পেসিয়া মাতা, অঞ্ঞা

দ্বিতীয় পরিচ্ছেদ।

দ্বিতীয় বর্গ।

১৫ যে উৎপন্ন হয়, সে কি সেই, অথবা অন্য ?

১। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, যে উৎপন্ন হয়, সে কি সেই, অথবা অন্য ?'

স্থবির বলিলেন—'সেও নহে, অন্যও নহে।'

'উপমা (প্রদান) করুন।'

'মহারাজ, তাহা আপনি কি মনে করেন ?—যখন আপনি শিশু, নবীন, ক্ষুদ্র ও

অবস্থান করে না। তাহার তাহাতে অভিনন্দিত না হওয়ায়, তদ্বিষয়ে সম্ভাষণ না করায়, এবং নিশ্চয় করিয়া তাহাতে অবস্থান না করায় তৃষ্ণার নিরোধ হয়, তৃষ্ণার নিরোধে উপাদানের নিরোধ হয়, উপাদানের নিরোধে ভবের নিরোধ হয়, ভবের নিরোধে

১৫ জাতির নিরোধ হয়, জাতির নিরোধে জরা-মরণ-শোক-পরিদেবনা-দুঃখ-দৌর্মনস্য ও উপায়াসের নিরোধ হয় ; এবং এইরূপে এই সমগ্র দুঃখ রাশির নিরোধ হয়। মহারাজ, এই প্রকারেই নিরোধ নির্ব্বাণ।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

সকলেই কি নির্ব্বাণ লাভ করে ?

২০ ৭। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, সকলেই কি নির্ব্বাণ লাভ করে ?'

'না মহারাজ, সকলে নির্ব্বাণ লাভ করে না ; কিন্তু মহারাজ, যে সম্যক্ শীলাদিমান্ ব্যক্তি সর্ব্বতোভাবে জ্ঞেয় ধর্ম্ম সকলকে সর্ব্বতোভাবে জানে, পরিস্ফুটভাবে জ্ঞেয় ধর্ম্ম সকলকে পরিস্ফুট ভাবে জানে, পরিত্যাজ্য ধর্ম্ম সকলকে পরিত্যাগ করে, ভাবনীয় ধর্ম্ম সকলকে ভাবনা করে, এবং সাক্ষাৎ-করণীয় ধর্ম্মসকলকে সাক্ষাৎ করে,

২৫ সে নির্ব্বাণ লাভ করে।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

৮। রাজা আহ—'ভন্তে নাগসেন, যো ন লভতি নিব্বানং, জানাতি সো—সুখং নিব্বান'ন্তি?'

'আম মহারাজ; যো ন লভতি নিব্বানং, জানাতি সো—সুখং নিব্বান'ন্তি।'

'কথং ভন্তে নাগসেন, অলভন্তো জানাতি—সুখং নিব্বান'ন্তি?'

৫ 'তং কিং মঞ্ঞসি মহারাজ?—যেসং ন ছিন্না হত্থপাদা, জানেয্যুং তে মহারাজ,—দুক্খং হত্থপাদচ্ছেদন'ন্তি?'

'আম ভন্তে; জানেয্যু'ন্তি।'

'কথং জানেয্যু'ন্তি?'

'অঞ্ঞেসং ভন্তে, ছিন্নহত্থপাদানং পরিদেবিতসদ্দং সুত্বা জানাতি—দুক্খং

১০ হত্থপাদচ্ছেদন'ন্তি।'

'এবমেব খো মহারাজ, যেসং দিট্ঠং নিব্বানং তেসং সদ্দং সুত্বা জানাতি—সুখং নিব্বান'ন্তি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

চতুত্থো বগ্গো।

---

১৫ ## যে নির্ব্বাণ লাভ না করে, সে কি জানে যে, নির্ব্বাণ সুখ?

৮। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, যে নির্ব্বাণ লাভ না করে, সে কি জানিতে পারে যে, নির্ব্বাণ সুখ?'

'হাঁ মহারাজ; যে নির্ব্বাণ লাভ না করে, সে জানিতে পারে যে, নির্ব্বাণ সুখ?'

'ভদন্ত নাগসেন, লাভ না করিয়া কিরূপে জানিতে পারে যে, নির্ব্বাণ সুখ?'

২০ 'মহারাজ, আপনি কি মনে করেন—যাহাদের হস্ত-পদ ছিন্ন হয় নাই, তাহারা কি জানিতে পারে যে, হস্ত-পদের ছেদন দুঃখ?'

'হাঁ ভদন্ত; জানিতে পারে।'

'কি প্রকারে জানিতে পারে?'

'ছিন্ন-হস্তপদ অপর ব্যক্তিগণের বিলাপ-শব্দ শ্রবণ করিয়া জানে যে, হস্ত-পদের

২৫ ছেদন দুঃখ।'

'এইরূপই মহারাজ, যাঁহারা নির্ব্বাণ দর্শন করিয়াছেন, তাঁহাদের কথা শুনিয়া জানে যে, নির্ব্বাণ সুখ।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

ইতি চতুর্থ বর্গ।

১। রাজা আহ—'ভন্তে নাগসেন, বুদ্ধো তয়া দিট্ঠো'তি ?'

'নহি মহারাজা'তি।'

'অথ তে আচরিয়েহি বুদ্ধো দিট্ঠো'তি ?'

'নহি মহারাজা'তি।'

৫ 'তেন হি ভন্তে নাগসেন, ন'ত্থি বুদ্ধো'তি।'

'কিং পন মহারাজ, হিমবতি উহানদী তয়া দিট্ঠা'তি ?'

'নহি ভন্তে'তি।'

'অথ তে পিতরা উহানদী দিট্ঠা'তি ?'

'নহি ভন্তে'তি।'

১০ 'তেন হি মহারাজ, ন'ত্থি উহানদী'তি!'

'অত্থি ভন্তে; কিঞ্চাপি মে উহানদী ন দিট্ঠা, পিতরা' পি মে উহানদী ন দিট্ঠা, অপি চ অত্থি উহানদী'তি।'

তৃতীয় পরিচ্ছেদ।

পঞ্চম বর্গ।

১৫

বুদ্ধকে দেখিয়াছেন কি না ?

১। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, আপনি বুদ্ধকে দর্শন করিয়াছেন ?'

'না মহারাজ।'

'আপনার আচার্য্যেরা কি বুদ্ধকে দেখিয়াছেন ?'

'না মহারাজ।'

২০ 'তবে ভদন্ত নাগসেন, বুদ্ধ নাই।'

'মহারাজ, আপনি কি হিমালয়ে 'উহা'-নামক নদীকে দর্শন করিয়াছেন ?'

'না ভদন্ত।'

'আপনার পিতা কি উহা-নদীকে দেখিয়াছেন ?'

'না ভদন্ত।'

২৫ 'তবে মহারাজ, উহা-নদী নাই!'

'আছে ভদন্ত; কিন্তু আমি উহা-নদীকে দেখি নাই, এবং আমার পিতাও উহা-নদীকে দেখেন নাই; তাহা হইলেও উহা-নদী আছে।'

'এৰমেৰ খো মহারাজ, কিঞ্চাপি ময়া ভগবা ন দিট্‌ঠো, আচরিয়েহি'পি যে ভগবা ন দিট্‌ঠো, অপিচ অত্থি ভগবা'তি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

২। রাজা আহ—'ভন্তে নাগসেন, বুদ্ধো অনুত্তরো'তি?'

৫ 'আম মহারাজ; ভগবা অনুত্তরো'তি।'

'কথং ভন্তে নাগসেন, অদিট্‌ঠপুব্বং জানাসি—বুদ্ধো অনুত্তরো'তি?'

'তং কিং মঞ্ঞসি মহারাজ?—যেহি অদিট্‌ঠপুব্বো মহাসমুদ্দো, জানেয্যুং তে মহারাজ,—মহন্তো খো মহাসমুদ্দো গম্ভীরো অপ্পমেয্যো দুপ্পরিয়োগাহো, যত্থি'মা পঞ্চ মহানদিয়ো সততং সমিতং অপ্পেন্তি, সেয্যথীদং—গঙ্গা, যমুনা, অচিরবতী, সরভূ, মহী;

১০ নে'ব তস্স উনত্তং বা পূরত্তং বা পঞ্ঞায়তী'তি?'

'আম ভন্তে; জানেয্যু'ন্তি।'

'এই প্রকারই মহারাজ, যদিও আমি ভগবান্‌কে দর্শন করি নাই, এবং আমার আচার্য্যগণও দর্শন করেন নাই, তথাপি তিনি আছেন।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

১৫
বুদ্ধ সর্ব্বশ্রেষ্ঠ।

২। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, বুদ্ধ কি সর্ব্বশ্রেষ্ঠ?'

'হাঁ মহারাজ; বুদ্ধ সর্ব্বশ্রেষ্ঠ।'

'ভদন্ত নাগসেন, অদৃষ্ট-পূর্ব্ব বুদ্ধকে আপনি কিরূপে জানিতেছেন যে, তিনি সর্ব্বশ্রেষ্ঠ?'

২০ 'মহারাজ, আপনি তাহা কি মনে করেন?—যাহারা পূর্ব্বে মহাসমুদ্র দর্শন করে নাই, তাহারা কি জানিতে পারে যে, মহাসমুদ্র বিশাল, গম্ভীর, অপ্রমেয়, দুষ্প্রতর ও অগাধ;—যাহাতে গঙ্গা, যমুনা, অচিরবতী, শরভূ ও মহী এই পঞ্চনদী সতত অবিচ্ছেদে (জল) অর্পণ করিতেছে;—এবং তাহার উনত্ব বা পূর্ণত্ব জানা যায় না?'

'হাঁ ভদন্ত; জানিতে পারে।'

'এবমেব খো মহারাজ, সাবকে মহন্তে পরিনিব্‌বুতে পস্‌সিত্বা জানামি—ভগবা অনুত্তরো'তি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

৩। রাজা আহ—'ভন্তে নাগসেন, সক্কা জানিতুং—বুদ্ধো অনুত্তরো'তি।'

৫ 'আম মহারাজ; সক্কা জানিতুং—ভগবা অনুত্তরো'তি।'

'কথং ভন্তে নাগসেন, সক্কা জানিতুং—বুদ্ধো অনুত্তরো'তি?'

'ভূতপুব্‌বং মহারাজ, তিস্‌সত্থেরো নাম লেখাচারিয়ো অহোসি', বহূনি বস্‌সানি অব্‌ভতীতানি কালকটস্‌স, কথং সো ঞায়তীতি?'

'লেখেন ভন্তে'তি।'

---

১০ 'এই প্রকারই মহারাজ, পরি নির্ব্বাণ-প্রাপ্ত মহাশ্রাবক-গণকে দেখিয়া আমি জানিতেছি যে, ভগবান্ সর্ব্বশ্রেষ্ঠ।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

বুদ্ধ যে সর্ব্বশ্রেষ্ঠ, তাহা জানা যায় কি না?

৩। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, বুদ্ধ যে সর্ব্বশ্রেষ্ঠ, তাহা কি জানিতে ১৫ পারা যায়?'

'হাঁ মহারাজ; বুদ্ধ যে সর্ব্বশ্রেষ্ঠ, তাহা জানিতে পারা যায়।'

'ভদন্ত নাগসেন, কি প্রকারে জানিতে পারা যায় যে, বুদ্ধ সর্ব্বশ্রেষ্ঠ?'

'মহারাজ, পূর্ব্বে তিষ্য-স্থবির নামে এক লেখাচার্য্য (রেখাচার্য্য) ছিলেন, তাঁহার মৃত্যুর পর বহু বর্ষ অতীত হইয়া গিয়াছে। তিনি যে ছিলেন, তাহা কি প্রকারে ২০ জানা যায়?'

'ভদন্ত, তাঁহার লেখা দ্বারা।'

'এবমেব খো মহারাজ, যো ধম্মং পস্সতি, সো ভগবন্তং পস্সতি; ধম্মো হি মহারাজ, ভগবতা দেসিতো'তি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

৪। রাজা আহ—'ভন্তে নাগসেন, ধম্মো তয়া দিট্ঠো'তি ?'

৫ বুদ্ধনেত্তিয়া খো মহারাজ, বুদ্ধপঞ্ঞত্তিয়া যাবজীবং সাবকেহি বত্তিতব্ব'ন্তি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

৫। রাজা আহ—'ভন্তে নাগসেন, ন চ সঙ্কমতি পটিসন্দহতি চা'তি ?'

'আম মহারাজ; ন চ সঙ্কমতি পটিসন্দহতি চা'তি।'

'কথং ভন্তে নাগসেন, ন চ সঙ্কমতি পটিসন্দহতি চ ? ওপম্মং করোহী'তি।'

---

১০ 'এই প্রকারই মহারাজ, যে ব্যক্তি ধর্ম্মকে দর্শন করে, সে ভগবান্‌কে দর্শন করে; কেন না মহারাজ, ভগবান্ ধর্ম্ম উপদেশ করিয়াছেন।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

ধর্ম্মকে দর্শন করিয়াছেন কি না ?

৪। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, আপনি ধর্ম্মকে দর্শন করিয়াছেন ?'

১৫ 'মহারাজ, বুদ্ধের আদেশ তাঁহাকে দেখিবার নেত্রস্বরূপ, শ্রাবকগণকে যাবজ্জীবন তাহা দ্বারা অবস্থান করিতে হয়।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

সংক্রমণ না করিলেও পুনর্জন্ম হয় কি না ?

৫। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, লোক কি সংক্রমণ (অর্থাৎ পুনর্জন্ম গ্রহণের

২০ জন্য গমন) না করিয়াও পুনর্জন্ম গ্রহণ করে ?'

'হাঁ মহারাজ; সংক্রমণ করে না, অথচ পুনর্জন্ম গ্রহণ করে।'

'ভদন্ত নাগসেন, কি প্রকারে সংক্রমণ করে না, অথচ পুনর্জন্ম গ্রহণ করে ? উপমা (প্রদান) করুন।'

'যথা মহারাজ, কোচিদেব পুরিসো পদীপতো পদীপং পদীপেয্য, কিন্নু খো সো মহারাজ, পদীপো পদীপম্হা সঙ্কন্তো'তি ?'

'নহি ভন্তে'তি।'

'এবমেব খো মহারাজ, নচ সঙ্কমতি পটিসন্দহতি চা'তি।'

৫ 'ভিয্যো ওপম্মং করোহী'তি।'

'অভিজানাসি নু ত্বং মহারাজ, দহরকো সন্তো সিলোকাচরিয়স্স সন্তিকে কিঞ্চি সিলোকং গহিত'ন্তি ?'

'আম ভন্তে'তি।'

'কিন্নু খো মহারাজ, সো সিলোকো আচরিয়ম্হা সঙ্কন্তো'তি ?'

১০ 'নহি ভন্তেতি।'

'এবমেব খো মহারাজ, ন চ সঙ্কমতি পটিসন্দহতি চা'তি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

৬। রাজা আহ—'ভন্তে নাগসেন, বেদগূ উপলব্ভতীতি।'

'মহারাজ, যদি কোন পুরুষ প্রদীপ হইতে (অপর) প্রদীপ জ্বালে, তবে কি

১৫ মহারাজ, সেই (দ্বিতীয়) প্রদীপ (প্রথম) প্রদীপ হইতে সংক্রান্ত হয় ?'

'না ভদন্ত।'

'এই প্রকারই মহারাজ, সংক্রমণ করে না, অথচ পুনর্জ্জন্ম গ্রহণ করে।'

'আরও উপমা (প্রদান) করুন।'

'মহারাজ, আপনি কি মনে করেন, আপনি যখন বালক, তখন শ্লোকাচার্য্যের

২০ নিকটে কোন শ্লোক গ্রহণ (অর্থাৎ শিক্ষা) করিয়াছিলেন ?'

'হাঁ ভদন্ত।'

'সেই শ্লোক কি মহারাজ, আচার্য্যের নিকট হইতে সংক্রান্ত হইয়াছিল ?'

'না ভদন্ত।'

'এই প্রকারই মহারাজ, সংক্রমণ করে না, অথচ পুনর্জ্জন্ম গ্রহণ করে।'

২৫ 'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

বেত্তার (আত্মার) উপলব্ধি।

৬। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, বেত্তার (আত্মার) কি উপলব্ধি হয় ?'

থেরো আহ—'পরম'থেন খো মহারাজ, বেদগূ ন উপলব্ভতীতি।'

'কল্লোসি ভন্তে নাগসেনাতি!'

৭। রাজা আহ—'ভন্তে নাগসেন, অত্থি কোচি সত্তো যো ইমম্হা কায়া অঞ্ঞং কায়ং সঙ্কমতী'তি?'

৫ 'নহি মহারাজা'তি।'

যদি ভন্তে নাগসেন, ইমম্হা কায়া অঞ্ঞং কায়ং সঙ্কমন্তো ন'ত্থি, ননু মুত্তো ভবিস্সতি পাপকেহি কম্মেহীতি!'

'আম মহারাজ; যদি ন পটিসন্দহেয্য, মুত্তো ভবিস্সতি পাপকেহি কম্মেহি; যস্মা চ খো মহারাজ, পটিসন্দহতি, তস্মা ন পরিমুত্তো পাপকেহি কম্মেহীতি।'

১০ 'ওপম্মং করোহীতি।'

'যথা মহারাজ, কোচিদেব পুরিসো অঞ্ঞতরস্স পুরিসস্স অম্বং অপহরেয্য, কিং সো দণ্ডপ্পত্তো ভবেয্যা'তি?

স্থবির কহিলেন—'মহারাজ, পরমার্থতঃ বেত্তা উপলব্ধ হয় না।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

---

১৫ জীব শরীরান্তরে সংক্রমণ করে কি না?

৭। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, এমন কি কোন জীব আছে, যে এই শরীর হইতে অন্য শরীরে সংক্রমণ করে?'

'না, মহারাজ।'

'ভদন্ত নাগসেন, যদি এই শরীর হইতে শরীরান্তরে সংক্রমণকারী কেহ না থাকে, ২০ তাহা হইলে সে পাপকর্ম্ম হইতে মুক্ত হইবে?'

'হাঁ মহারাজ; যদি সে আবার জন্মগ্রহণ না করিত, পাপকর্ম্ম হইতে মুক্ত হইত; কিন্তু যেহেতু মহারাজ, সে জন্মগ্রহণ করে, সেজন্য পাপকর্ম্ম হইতে মুক্ত হইবে না।'

'উপমা (প্রদান) করুন।'

'মহারাজ, যদি কোন ব্যক্তি অন্য ব্যক্তির আম্র অপহরণ করে, তবে কি সে দণ্ড- ২৫ প্রাপ্ত হইবে?'

'আম ভন্তে ; দণ্ডপ্পত্তো ভবেয্যা'তি।'

'ন খো সো মহারাজ, তানি অম্বানি অবহরতি, যানি তেন রোপিতানি ; কস্মা দণ্ডপ্পত্তো ভবেয্যা'তি ?'

'তানি ভন্তে, অম্বানি নিস্সায় জাতানি, তস্মা দণ্ডপ্পত্তো ভবেয্যা'তি।'

৫ 'এবমেব খো মহারাজ, ইমিনা নাম-রূপেন কম্মং করোতি সোভনং বা অসোভনং বা, তেন কম্মেন অঞ্‌ঞং নাম-রূপং পটিসন্দহতি ; তস্মা ন পরিমুত্তো পাপকেহি কম্মেহীতি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি।'

৮। রাজা আহ—'ভন্তে নাগসেন, ইমিনা নাম-রূপেন কম্মং কতং কুসলং বা

১০ অকুসলং বা ; কুহিং তানি কম্মানি তিট্‌ঠন্তীতি ?'

'অনুবন্ধেয্যুং খো মহারাজ, তানি কম্মানি ছায়া'ব অনপায়িনীতি।'

'সক্কা পন ভন্তে, তানি কম্মানি দস্সেতুং—ইধ বা ইধ বা তানি কম্মানি তিট্‌ঠন্তীতি ?'

'হাঁ ; সে দণ্ডপ্রাপ্ত হইবে।'

১৫ 'সে ত মহারাজ, তাহার ঐ আম্রগুলি অপহরণ করে নাই, যেগুলিকে সে রোপণ করিয়াছিল ; অতএব কিজন্য সে দণ্ডপ্রাপ্ত হইবে ?'

'ভদন্ত, (সে যে আম্রগুলি অপহরণ করিয়াছিল, সেগুলি) সেই (পূর্ব্বরোপিত) আম্র হইতেই উৎপন্ন, এই জন্য দণ্ডপ্রাপ্ত হইবে।'

'এইরূপই মহারাজ, এই (বর্ত্তমান) নাম-রূপের দ্বারা শোভন বা অশোভন কর্ম্ম

২০ করে, ও সেই কর্ম্ম দ্বারা অপর নাম-রূপ গ্রহণ করে ; এ জন্য পাপ কর্ম্ম হইতে মুক্ত হয় না।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

শুভাশুভ কর্ম্ম কোথায় থাকে ?

৮। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, এই (বর্ত্তমান) নাম-রূপের দ্বারা কুশল

২৫ বা অকুশল কর্ম্ম করা হয় ; সেই কর্ম্মসমূহ থাকে কোথায় ?

'মহারাজ, সেই কর্ম্মসমূহ অনপায়িনী (অপরিত্যাগিনী) ছায়ার ন্যায় অনুসরণ করে।'

'ন সক্কা মহারাজ, তানি কম্মানি দস্‌সেতুং—ইধ বা ইধ বা তানি কম্মানি তিট্‌ঠন্তীতি।'

'ওপম্মং করোহীতি।'

'তং কিং মঞ্‌ঞসি মহারাজ?—যানি'মানি রুক্‌খানি অনিব্‌বত্তফলানি, সক্কা ৫ তেসং ফলানি দস্‌সেতুং—ইধ বা ইধ বা তানি ফলানি তিট্‌ঠন্তীতি?'

'নহি ভন্তে'তি।'

'এবমেব খো মহারাজ, অব্‌ভোচ্ছিন্নায় সন্ততিয়া ন সক্কা তানি কম্মানি দস্‌সেতুং—ইধ বা ইধ বা তানি কম্মানি তিট্‌ঠন্তীতি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি।

---

১০ ৯। রাজা আহ—'ভন্তে নাগসেন, যো উপ্পজ্জতি, জানাতি সো—উপ্পজ্জিসসামীতি?'

'ভদন্ত, সেই কর্ম্মসমূহকে কি দেখাইতে পারা যায় যে, এইখানে, বা এইখানে সেই কর্ম্মসমূহ আছে?'

'মহারাজ, সেই কর্ম্মসমূহকে দেখাইতে পারা যায় না যে, এইখানে, বা এইখানে ১৫ সেই কর্ম্মসমূহ আছে।'

'উপমা (প্রদান) করুন।'

'মহারাজ, আপনি তাহা কি মনে করেন?—যে সকল বৃক্ষের ফল উৎপন্ন হয় নাই, সেই বৃক্ষের ফলসমূহকে কি দেখাইতে পারা যায় যে, এইখানে, বা এইখানে সেই ফলগুলি আছে?'

২০ 'না ভদন্ত।'

'এইরূপই মহারাজ, সন্ততির (প্রবাহের) অবিচ্ছেদ-হেতু দেখাইতে পারা যায় না যে, এইখানে, বা এইখানে সেই সকল কর্ম্ম আছে।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

নিজের ভবিষ্যৎ উৎপত্তি জানা যায় কি না?

২৫ ৯। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, যে উৎপন্ন হইবে, সে কি জানে যে, আমি উৎপন্ন হইব?'

'আম মহারাজ ; যো উপ্পজ্জতি, জানাতি সো—উপ্পজ্জিস্‌সামীতি।'

'ওপম্মং করোহীতি।'

'যথা মহারাজ, কস্‌সকো গহপতিকা বীজানি পঠবিয়ং নিক্‌খিপিত্বা সম্মা দেবে বস্‌সন্তে জানাতি—ধঞ্‌ঞং নিব্‌ব‌ত্তিস্‌সতীতি ?'

৫ 'আম ভন্তে ; জানেয্যা'তি।'

'এবমেব খো মহারাজ, যো উপ্পজ্জতি, জানাতি সো—উপ্পজ্জস্‌সামীতি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি।'

১০। রাজা আহ—'ভন্তে নাগসেন, বুদ্ধো অত্থীতি ?'

'আম মহারাজ ; ভগবা অত্থীতি।'

১০ 'সক্কা পন ভন্তে নাগসেন, বুদ্ধো নিদ্দস্‌সেতুং—ইধ বা ইধ বা'তি ?'

'হাঁ মহারাজ, যে উৎপন্ন হইবে, সে জানে যে, আমি উৎপন্ন হইব।'

'উপমা (প্রদান) করুন।'

'যেমন মহারাজ, যদি কৃষক-গৃহস্থ ক্ষেত্রে বীজ নিক্ষেপ করে, আর দেবতার বৃষ্টি যদি ভালরূপে হয়, তবে কি সে জানিতে পারে যে, ধান্য হইবে ?'

১৫ 'হাঁ ; সে জানিতে পারে।'

'এই প্রকারই মহারাজ, যে উৎপন্ন হইবে, সে তাহা জানে যে, আমি উৎপন্ন হইব।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

বুদ্ধ কি আছেন ?

২০ ১০। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, বুদ্ধ কি আছেন ?'

'হাঁ মহারাজ ; ভগবান্ আছেন।'

'আপনি কি বুদ্ধকে নির্দ্দিষ্ট করিয়া দেখাইতে পারেন যে, তিনি এখানে, বা এখানে আছেন ?'

'পরিনিব্বুতো মহারাজ, ভগবা অনুপাদিসেসায় নিব্বাণধাতুয়া, ন সক্কা ভগবা নিদ্দেস্সেতুং—ইধ বা ইধ বা'তি?'

'ওপম্মং করোহীতি।'

'তং কিম্মঞ্ঞসি মহারাজ?—মহতো অগ্গিক্খন্ধস্স জলমানস্স যা অচ্চি অত্থঙ্গতা, সক্কা সা অচ্চি দস্সেতুং—ইধ বা ইধ বা'তি?'

'নহি ভন্তে; নিরুদ্ধা সা অচ্চি অপ্পঞ্ঞত্তিং গতা'তি।'

'এবমেব খো মহারাজ, ভগবা অনুপদিসেসায় নিব্বাণধাতুয়া পরিনিব্বুতো, অত্থংগতো ভগবা ন সক্কা নিদ্দস্সেতুং—ইধ বা ইধ বা'তি। ধম্মকায়েন পন খো মহারাজ, সক্কা ভগবা নিদ্দস্সেতুং; ধম্মো হি মহারাজ, ভগবতা দেসিতো'তি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

পঞ্চমো বগ্গো।

'মহারাজ, ভগবান্ সেইরূপ নির্ব্বাণে পরিনির্ব্বাণ লাভ করিয়াছেন, যাহাতে কোন উপাধি শেষ থাকে না। অতএব নির্দ্দেশ করিয়া দেখাইতে পারা যায় না যে, তিনি এখানে বা এখানে আছেন।'

'উপমা (প্রদান) করুন।'

'মহারাজ, আপনি তাহা কি মনে করেন?—মহান্ প্রজ্জ্বলিত অগ্নির যে শিখা নির্ব্বাণ প্রাপ্ত হয়, তাহাকে কি দেখাইতে পারা যায় যে, ইহা এইখানে, বা এইখানে আছে?'

'না ভদন্ত; সেই শিখা নিরুদ্ধ হইয়া অজ্ঞানগোচর হয়।'

'এই প্রকারই মহারাজ, ভগবান্ সেইরূপ নির্ব্বাণে পরিনির্ব্বাণ লাভ করিয়াছেন, যাহাতে উপাধি শেষ থাকে না; তিনি অস্তগত হইয়াছেন। অতএব তাঁহাকে নির্দ্দেশ করিয়া দেখাইতে পারা যায় না যে, তিনি এখানে, বা এখানে আছেন। কিন্তু মহারাজ, ধর্ম্মরূপ শরীরে তাঁহাকে নির্দ্দিষ্ট করিয়া দেখাইতে পারা যায়, কেননা মহারাজ, তিনি ধর্ম্ম উপদেশ করিয়াছেন।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

ইতি পঞ্চম বর্গ।

১। রাজা আহ—'ভন্তে নাগসেন, পিয়ো পব্বজিতানং কায়ো'তি ?'

'ন খো মহারাজ, পিয়ো পব্বজিতানং কায়ো'তি।'

'অথ কিস্স নু খো ভন্তে, কেলায়থ মমায়থা'তি ?'

'কিম্পন তে মহারাজ, কদাচি করহচি সঙ্গামগতস্স কণ্ডপ্পহারো হোতীতি ?'

৫ 'আম ভন্তে; হোতীতি।'

'কিন্নু খো মহারাজ, সো বণো আলেপেন চ আলিম্পীয়তি, তেলেন চ মক্খীয়তি, সুখুমেন চ চোলপট্টেন পলিবেট্ঠীয়তীতি ?'

'আম ভন্তে; আলেপেন চ আলিম্পীয়তি, তেলেন চ মক্খীয়তি, সুখুমেন চ চোলপট্টেন পলিবেট্ঠীয়তীতি।'

১০ 'কিন্নু খো মহারাজ, পিয়ো তে বণো, যেন আলেপেন চ আলিম্পীয়তি, তেলেন চ মক্খীয়তি, সুখুমেন চ চোলপট্টেন পলিবেট্ঠীয়তীতি ?'

তৃতীয় পরিচ্ছেদ।

ষষ্ঠ বর্গ।

সন্ন্যাসিগণের শরীর প্রিয় কি না ?

১৫ ১। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, সন্ন্যাসিগণের শরীর কি প্রিয় ?'

'না মহারাজ; সন্ন্যাসিগণের শরীর প্রিয় নহে।'

'ভদন্ত, তবে কি জন্য আপনারা ইহাকে বহন করেন, ও ইহাতে মমতা করেন ?'

'মহারাজ, আপনি যদি কখন কোন সময়ে সংগ্রামে গমন করেন, তবে কি আপনার প্রতি শরপ্রহার হইয়া থাকে ?'

২০ 'হাঁ ভদন্ত; হয়।'

'মহারাজ, সেই ব্রণে কি প্রলেপ লেপন করা হয় ও তৈল মাখান হয় ? এবং সূক্ষ্ম বসনের পটিদ্বারা তাহাকে কি পরিবেষ্টিত করা হয় ?'

'হাঁ ভদন্ত; প্রলেপও লেপন করা হয়, তৈলও মাখান হয়, এবং সূক্ষ্ম বসনের পটি-দ্বারা তাহাকে পরিবেষ্টিতও করা হয়।'

২৫ 'মহারাজ, ব্রণ কি আপনার প্রিয় যে, তাহাতে প্রলেপও লেপন করা হয়, তৈলও মাখান হয়, এবং সূক্ষ্ম বসনের পটিদ্বারা তাহাকে পরিবেষ্টিতও করা হয় ?'

'নখো মে ভন্তে, পিয়ো বণো ; অপিচ মংসস্স রূহণ'থায় আলেপেন চ আলিম্পীয়তি, তেলেন চ মক্খীয়তি, সুখুমেন চ চোলপট্টেন পলিবেট্ঠীয়তীতি।'

'এবমেব খো মহারাজ, অপ্পিয়ো পব্বজিতানং কায়ো; অথচ পব্বজিতা অনজ্ঝোসিতা কায়ং পরিহরন্তি ব্রহ্মচরিয়ানুগ্গহায়। অপিচ খো মহারাজ, বণূপমো
৫ কায়ো বুত্তো ভগবতা; তেন পব্বজিতা বণমিব কায়ং পরিহরন্তি অনজ্ঝোসিতা। ভাসিতম্'পে'তং মহারাজ, ভগবতা—

"অল্লচম্মপটিচ্ছন্নো নবদ্বারো মহাবণো।
সমন্ততো পগ্ঘরতি অসুচী পূতিগন্ধিয়ো'তি।" '

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

---

১০ ২। রাজা আহ—'ভন্তে নাগসেন, বুদ্ধো সব্বঞ্ঞূ সব্বদস্সাবীতি?'
'আম মহারাজ; ভগবা সব্বঞ্ঞূ সব্বদস্সাবীতি।'

'ভদন্ত, ব্রণ আমার প্রিয় নহে; কিন্তু (সেখানে পুনর্ব্বার) মাংস জন্মিবার জন্য তাহাতে প্রলেপও লেপন করা হয়, তৈলও মাখান হয়, এবং সূক্ষ্ম বসনের পটির দ্বারা তাহাকে পরিবেষ্টিতও করা হয়।'

১৫ 'এইরূপই মহারাজ, সন্ন্যাসিগণের শরীর অপ্রিয়; অথচ তাঁহারা ব্রহ্মচর্য্যরূপ অনুগ্রহ লাভের জন্য শরীর বহন করেন, কিন্তু তাহাতে তাঁহাদিগের আসক্তি থাকে না। মহারাজ, ভগবান্ শরীরকে ব্রণোপম বলিয়াছেন। তজ্জন্য সন্ন্যাসিগণ শরীরের প্রতি অনাসক্ত থাকিয়া ব্রণের ন্যায় তাহাকে বহন করেন। মহারাজ, ভগবান্ ইহা বলিয়াছেনও—

২০ "আর্দ্রচর্ম্মাবৃত মহাব্রণ নবদ্বার।
অপবিত্র পূতিগন্ধি গলে চারিধার॥" '

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

বুদ্ধ সর্ব্বজ্ঞ ও সর্ব্বদর্শী কি না ?

২। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, বুদ্ধ কি সর্ব্বজ্ঞ ও সর্ব্বদর্শী?'
২৫ 'হাঁ মহারাজ; ভগবান্ সর্ব্বজ্ঞ ও সর্ব্বদর্শী।'

'অথ কিস্‌স নু খো ভন্তে নাগসেন, সাবকানং অনুপুব্‌বেন সিক্‌খাপদং পঞ্‌ঞাপেসীতি ?'

'অত্থি পন তে মহারাজ, কোচি বেজ্জো, যো ইমিস্‌সং পঠবিয়ং সব্‌বভেসজ্জানি জানাতীতি ?'

৫ 'আম ভন্তে, অত্থীতি।'

'কিন্নু খো মহারাজ, সো বেজ্জো গিলানকং সম্পত্তে কালে ভেসজ্জং পাযেতি, উদাহু অসম্পত্তে কালে'তি ?'

'সম্পত্তে কালে ভন্তে, গিলানকং ভেসজ্জং পাযেতি, নো অসম্পত্তে কালে'তি।'

'এবমেব খো মহারাজ, ভগবা সব্‌বঞ্‌ঞূ সব্‌বদস্‌সাবী, ন অকালে সাবকানং

১০ সিক্‌খাপদং পঞ্‌ঞাপেতি, সম্পত্তে কালে সাবকানং সিক্‌খাপদং পঞ্‌ঞাপেতি যাবজীব অনতিক্কমনীয়'ন্তি।'

কল্লো'সি ভন্তে নাগসেনা'তি !'

'ভদন্ত নাগসেন, তবে কি জন্য তিনি শ্রাবকগণকে শিক্ষাপদসমূহ ক্রমানুসারে জানাইয়াছেন ?'

১৫ 'মহারাজ, আপনার কি এরূপ কোন বৈদ্য আছেন, যিনি পৃথিবীতে সমস্ত ঔষধকে জানেন ?'

'হাঁ ভদন্ত ; আছেন।'

'সেই বৈদ্য কি মহারাজ, (ঔষধ পানের উপযুক্ত) সময় উপস্থিত হইলে রোগীকে ঔষধ পান করান, না সময় উপস্থিত না হইলেই ?'

২০ 'ভদন্ত, সময় উপস্থিত হইলেই রোগীকে ঔষধ পান করান, উপস্থিত না হইলে করান না।'

'এই প্রকারই মহারাজ, ভগবান্ সর্ব্বজ্ঞ ও সর্ব্বদর্শী। তিনি অকালে শ্রাবকগণকে শিক্ষাপদসমূহ জানান না, কিন্তু সময় উপস্থিত হইলেই শ্রাবকগণকে যাবজ্জীবন অনতিক্রমণীয় শিক্ষাপদসমূহ জানাইয়া থাকেন।'

২৫ 'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

৩। রাজা আহ—'ভন্তে নাগসেন, বুদ্ধো দ্বত্তিংসমহাপুরিসলক্খণেহি সমন্নাগতো, অসীতিয়া চ অনুব্যঞ্জনেহি পরিরঞ্জিতো, সুবণ্ণবণ্ণো, কঞ্চনসন্নিভত্তচো ব্যামপ্পভো'তি ?'

'আম মহারাজ, ভগবা দ্বত্তিংসমহাপুরিসলক্খণেহি সমন্নাগতো, অসীতিয়া চ অনুব্যঞ্জনেহি পরিরঞ্জিতো, সুবণ্ণবণ্ণো, কঞ্চনসন্নিভত্তচো, ব্যামপ্পভো'তি।'

৫ 'কিম্পন'স্স ভন্তে, মাতাপিতরো'পি দ্বত্তিংসমহাপুরিসলক্খণেহি সমন্নাগতা, অসীতিয়া চ অনুব্যঞ্জনেহি পরিরঞ্জিতা, সুবণ্ণবণ্ণা, কঞ্চনসন্নিভত্তচা, ব্যামপ্পভা'তি ?'

'নহি মহারাজা'তি।'

'এবং সন্তে খো ভন্তে নাগসেন, উপ্পজ্জতি বুদ্ধো দ্বত্তিংসমহাপুরিসলক্খণেহি সমন্নাগতো, অসীতিয়া চ অনুব্যঞ্জনেহি পরিরঞ্জিতো, সুবণ্ণবণ্ণো, কঞ্চনসন্নিভত্তচো, ১০ ব্যামপ্পভো'তি ? অপিচ মাতুসদিসো বা পুত্তো হোতি মাতুপক্খো বা, পিতুসদিসো বা পুত্তো হোতি পিতুপক্খো বা'তি।'

থেরো আহ—'অত্থি পন মহারাজ, কিঞ্চি পদুমং সতপত্তং'তি ?'

বুদ্ধের লক্ষণযুক্ত আকার।

৩। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, বুদ্ধ কি দ্বাত্রিংশৎ প্রকার মহালক্ষণযুক্ত ও ১৫ অশীতি প্রকার অনুব্যঞ্জনে বিরাজিত ? তিনি কি সুবর্ণবর্ণ ও কাঞ্চনসন্নিভ চর্ম্মশালী ? এবং তাঁহার প্রভা কি (চতুর্দ্দিকে) ব্যাম-পরিমাণ বিস্তৃত হয় ?'

'হাঁ মহারাজ; ভগবান্ দ্বাত্রিংশৎ প্রকার মহালক্ষণযুক্ত ও অশীতি প্রকার অনুব্যঞ্জনে বিরাজিত, তিনি সুবর্ণবর্ণ ও কাঞ্চনসন্নিভ চর্ম্মশালী, এবং তাঁহার প্রভা (চতুর্দ্দিকে) ব্যাম-পরিমাণ বিস্তৃত।'

২০ 'ভদন্ত, তাঁহার পিতা-মাতাও কি দ্বাত্রিংশৎ প্রকার মহালক্ষণযুক্ত ও অশীতি প্রকার অনুব্যঞ্জনে বিরাজিত ?—সুবর্ণবর্ণ ও কাঞ্চনসন্নিভ চর্ম্মশালী ? এবং তাঁহাদের প্রভা (চতুর্দ্দিকে) ব্যাম-পরিমাণ বিস্তৃত ?'

'না মহারাজ।'

'ভদন্ত নাগসেন, ইহা যদি হয়, তবে কি বুদ্ধ তাদৃশ হইয়া উৎপন্ন হইতে পারেন ? ২৫ কেন না পুত্র হয় মাতৃসদৃশ, বা মাতৃপক্ষ-সদৃশ; অথবা পিতৃসদৃশ, বা পিতৃপক্ষ-সদৃশ হইয়া থাকে।'

স্থবির কহিলেন—'আচ্ছা মহারাজ, শতপত্র পদ্ম নামে কি কিছু আছে ?'

'আম ভন্তে ; অত্থীতি।'

'তস্‌স পন কুহিং সম্ভবো'তি ?'

'কদ্দমে জায়তি, উদকে আসীয়তীতি।'

'কিন্নু খো মহারাজ, পদুমং কদ্দমেন সদিসং বণ্ণেন বা, গন্ধেন বা, রসেন বা'তি ?'

৫ 'নহি ভন্তে'তি।'

'এবমেব খো মহারাজ, ভগবা দ্বত্তিংসমহাপুরিসলক্‌খণেহি সমন্নাগতো, অসীতিয়া চ অনুব্যঞ্জনেহি পরিরঞ্জিতো, সুবণ্ণবণ্ণো, কঞ্চনসন্নিভত্তচো, ব্যামপ্পভো ; ন চ'স্‌স মাতাপিতরো দ্বত্তিংসমহাপুরিসলক্‌খণেহি সমন্নাগতা, অসীতিয়া চ অনুব্যঞ্জনেহি পরিরঞ্জিতা, সুবণ্ণবণ্ণা, কঞ্চনসন্নিভত্তচা, ব্যামপ্পভা'তি।'

১০ 'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

। রাজা আহ—'ভন্তে নাগসেন, বুদ্ধো ব্রহ্মচারীতি ?'

'আম মহারাজ ; ভগবা ব্রহ্মচারীতি।'

'তেন হি ভন্তে নাগসেন, বুদ্ধো ব্রহ্মুণো সিস্‌সো'তি!'

'হাঁ ভদন্ত ; আছে।'

১৫ 'ইহার উৎপত্তি কোথায় ?'

'ইহা কর্দ্দমে উৎপন্ন হয়, এবং জলে অবস্থান করে।'

'মহারাজ, পদ্ম কি বর্ণে, বা গন্ধে, বা রসে কর্দ্দমের সদৃশ ?'

'না ভদন্ত।'

'ইহা কি বর্ণে, বা গন্ধে, বা রসে জলের সদৃশ ?'

২০ 'না ভদন্ত।'

'এইরূপই মহারাজ, ভগবান্ দ্বাত্রিশৎ প্রকার মহালক্ষণাদি যুক্ত হইলেও তাঁহার পিতা-মাতা সেরূপ নহেন।'

'ভদন্ত নাগসেন আপনি দক্ষ!'

বুদ্ধ কি ব্রহ্মচারী ?

২৫ ৪। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, বুদ্ধ কি ব্রহ্মচারী ?'

'হাঁ মহারাজ ; ভগবান্ ব্রহ্মচারী।'

'তাহা হইলে ভদন্ত নাগসেন, বুদ্ধ ব্রহ্মার শিষ্য!'

'অত্থি পন তে মহারাজ, হত্থিপামোক্খো'তি ?'
'আম ভন্তে ; অত্থীতি।'
'কিন্নু খো মহারাজ, সো হত্থী কদাচি করহচি কোঞ্চনাদং নদতীতি ?'
'আম ভন্তে ; নদতীতি।'
৫ 'তেন হি মহারাজ, সো হত্থী কোঞ্চানং সিস্সো'তি ?'
'নহি ভন্তে'তি।'
'কিম্পন মহারাজ, ব্রহ্মা সবুদ্ধিকো অবুদ্ধিকো'তি ?'
'সবুদ্ধিকো ভন্তে'তি।'
'তেন হি মহারাজ, ব্রহ্মা ভগবতো সিস্সো'তি।'
১০ 'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি !'

৫। রাজা আহ—'ভন্তে নাগসেন, উপসম্পদা সুন্দরা'তি ?'
'আম মহারাজ ; উপসম্পদা সুন্দারা'তি।'
'অত্থি পন ভন্তে, বুদ্ধস্স উপসম্পদা, উদাহু ন'ত্থীতি ?'

'মহারাজ, আপনার কি প্রধান হস্তী আছে ?'
১৫ 'হাঁ ভদন্ত ; আছে।'
'সেই হস্তী কি মহারাজ, কখন কোন সময়ে ক্রৌঞ্চের ন্যায় শব্দ করে ?'
'হাঁ ভদন্ত ; করে।'
'তাহা হইলে মহারাজ, সেই হস্তী ক্রৌঞ্চের শিষ্য ?'
'না ভদন্ত।'
২০ 'আচ্ছা মহারাজ, ব্রহ্মা বুদ্ধিমান্ কি অবুদ্ধিমান্ ?'
'বুদ্ধিমান্ ভদন্ত।'
'তাহা হইলে মহারাজ, ব্রহ্মা ভগবানের শিষ্য।'
'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

বুদ্ধের উপসম্পদা।

২৫ ৫। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, উপসম্পদা কি সুন্দর ?'
'হাঁ মহারাজ ; উপসম্পদা সুন্দর।'
'ভদন্ত, বুদ্ধের উপসম্পদা আছে কি না ?'

'উপসম্পন্নো খো মহারাজ, ভগবা বোধিরুক্‌খমূলে সহ সব্বঞ্‌ঞুতঞ্‌ঞাণেন ; ন'ত্থি ভগবতো উপসম্পদা অঞ্‌ঞেহি দিন্না, যথা সাবকানং মহারাজ, ভগবা সিক্‌খাপদং পঞ্‌ঞাপেতি যাবজীবং অনতিক্কমনীয়'ন্তি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

---

৫ ৬। রাজা আহ—'ভন্তে নাগসেন, যো চ মাতরি মতায় রোদতি, যো চ ধম্মপেমেন রোদতি, উভিন্নং তেসং রোদন্তানং কস্‌স অস্‌সু ভেসজ্জং, কস্‌স ন ভেসজ্জ'ন্তি ?'

'একস্‌স খো মহারাজ, অস্‌সু রাগ-দোস-মোহেহি সমলং উণ্‌হং, একস্‌স পীতি-সোমনস্‌সেন বিমলং সীতলং। যং খো মহারাজ, সীতলং, তং ভেসজ্জং, যং উণ্‌হং, তং ন ভেসজ্জ'ন্তি।'

১০ 'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

'মহারাজ, ভগবান্ বোধিবৃক্ষ-মূলে সর্ব্বজ্ঞত্ব-জ্ঞানলাভের সঙ্গেই উপসম্পদাযুক্ত হইয়াছিলেন ; ভগবান্ যেমন শ্রাবকগণকে যাবজ্জীবন অনতিক্রমণীয় শিক্ষাপদসমূহ জ্ঞাপন করেন, সেইরূপ অন্য কোন ব্যক্তি তাঁহাকে উপসম্পদা দান করেন নাই।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

---

১৫ ## ভেষজ ও অভেষজ।

৬। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, যে ব্যক্তি মাতা মৃত হইলে রোদন করে, এবং যে ব্যক্তি ধর্ম্মপ্রেমে রোদন করে, এই রোদনকারী উভয় ব্যক্তির মধ্যে কাহার অশ্রু ভেষজ, এবং কাহার অশ্রু ভেষজ নয় ?'

'মহারাজ, একজনের অশ্রু রাগ, দ্বেষ ও মোহে মলিন ও উষ্ণ ; এবং আর একজনের

২০ প্রীতি ও সৌমনস্যে বিমল ও শীতল। মহারাজ, যাহা শীতল, তাহাই ভেষজ ; যাহা উষ্ণ, তাহা ভেষজ নহে।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

৭। রাজা আহ—'ভন্তে নাগসেন,কিং নানাকরণং সরাগস্‌স চ বীতরাগস্‌স চা'তি ?'
'একো খো মহারাজ, অজ্ঝোসিতো, একো অনজ্ঝোসিতো'তি।'
'কিং এতং ভন্তে, অজ্ঝোসিতো অনজ্ঝোস্রিতো নামা'তি ?'
'একো খো মহারাজ, অত্থিকো, একো অনত্থিকো'তি।'
৫ 'পস্‌সাম'হং ভন্তে এবরূপং—যো চ সরাগো যো চ বীতরাগো, সব্বো'পে'সো সোভনং যেব ইচ্ছতি খাদনিয়ং বা ভোজনিয়ং বা ; ন কোচি পাপকং ইচ্ছতীতি।'
'অবীতরাগো খো মহারাজ, রসপটিসংবেদী চ রসরাগপটিসংবেদী চ ভোজনং ভুঞ্জতি ; বীতরাগো পন রসপটিসংবেদী ভোজনং ভুঞ্জতি, নো চ খো রসরাগপটি-সংবেদীতি।'
১০ 'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি !'

৮। রাজা আহ—'ভন্তে নাগসেন, পঞ্‌ঞা কুহিং পটিবসতীতি ?'

সরাগ ও বীতরাগের ভেদ।

৭। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, সরাগ ও বীতরাগের মধ্যে ভেদ-সাধক কি ?'
১৫ 'মহারাজ, একজন আসক্তিযুক্ত, আর একজন আসক্তিযুক্ত নহে।'
'ভদন্ত নাগসেন, আসক্তিযুক্ত ও আসক্তিযুক্ত নহে,—ইহার মানে কি ?'
'মহারাজ, একজন অর্থী, ও আর একজন অর্থী নহে।'
'ভদন্ত, আমি এইরূপ দেখিতে পাই যে, যে সরাগ, বা যে বীতরাগ, ইহারা সকলেই শোভন খাদ্য-ভোজ্যই ইচ্ছা করে, মন্দকে কেহ ইচ্ছা করে না।'
২০ 'মহারাজ, অবীতরাগ ব্যক্তি রস, ও রসে একটি আকাঙ্ক্ষা অনুভব করিয়া ভোজ্য-বস্তু ভোজন করে ; কিন্তু বীতরাগ ব্যক্তি রসমাত্র অনুভব করিয়া ভোজ্যবস্তু ভোজন করে, সে রসের প্রতি আকাঙ্ক্ষার অনুভব করে না।'
'ভদন্ত নাগসেন আপনি দক্ষ !''

প্রজ্ঞা কোথায় বাস করে ?

২৫ ৮। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, প্রজ্ঞা কোথায় বাস করে ?'

'ন কত্থচি মহারাজা'তি।'
'তেন হি ভন্তে নাগসেন, ন'ত্থি পঞ্‌ঞা'তি!'
'বাতো মহারাজ, কুহিং পটিবসতীতি?'
'ন কত্থচি ভন্তে'তি।'
৫ 'তেন হি মহারাজ, ন'ত্থি বাতো'তি!'
'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

৯। রাজা আহ—'ভন্তে নাগসেন, যং পনে'তং ব্রূসি সংসারো'তি, কতমো সো সংসারো'তি?'

'ইধ মহারাজ, জাতো ইধে'ব মরতি, ইধ মতো অঞ্‌ঞত্র উপ্পজ্জতি; তহিংজাতো ১০ তহিং যেব মরতি, তহিং মতো অঞ্‌ঞত্র উপ্পজ্জতি; এবমেব খো মহারাজ, সংসারো হোতীতি।'

'ওপম্মং করোহীতি।'

'কোথাও না মহারাজ।'
'তাহা হইলে ভদন্ত নাগসেন, প্রজ্ঞা নাই!'
১৫ 'মহারাজ, বায়ু কোথায় বাস করে?'
'ভদন্ত, কোথাও না।'
'তাহা হইলে মহারাজ, বায়ু নাই!'
'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

সংসার।

২০ ৯। রাজা কহিলেন—'ভদন্ত নাগসেন, এই যে আপনি সংসার বলিতেছেন, এই সংসার কি?'

'মহারাজ, লোক এখানে জাত হইয়া এইখানেই মৃত হয়, এবং এখানে মৃত হইয়া অন্যত্র উৎপন্ন হয়; আবার সেখানে জাত হইয়া সেইখানেই মৃত হয়, এবং সেখানে মৃত হইয়া অন্যত্র উৎপন্ন হয়; মহারাজ এইরূপই সংসার।'

২৫ 'উপমা (প্রদান) করুন।'

'যথা মহারাজ, কোচিদেব পুরিসো পক্কং অম্বং খাদিত্বা অট্‌ঠিং রোপেয্য, ততো মহন্তো অম্বরুক্‌খো নিব্বত্তিত্বা ফলানি দদেয্য; অথ সো পুরিসো ততো'পি পক্কং অম্বং খাদিত্বা অট্‌ঠিং রোপেয্য, ততো'পি মহন্তো অম্বরুক্‌খো নিব্বত্তিত্বা ফলানি দদেয্য; এবং এতেসং রুক্‌খানং কোটি ন পঞ্‌ঞায়তি; এবমেব খো মহারাজ, ইধ জাতো ইধে'ব
৫ মরতি, ইধ মতো অঞ্‌ঞত্র উপ্পজ্জতি; তহিং জাতো তহিংযেব মরতি, তহিং মতো অঞ্‌ঞত্র উপ্পজ্জতি; এবমেব খো মহারাজ, সংসারো হোতীতি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

১০। রাজা আহ—ভন্তে নাগসেন, কেন অতীতং চিরকতং সরতীতি?'

'সতিয়া মহারাজা'তি।'

১০ 'ননু ভন্তে নাগসেন, চিত্তেন সরতি নো সতিয়া'তি?'

'অভিজানাসি নু ত্বং মহারাজ, কিঞ্চিদেব করণীয়ং কত্বা পমুট্‌ঠ'ন্তি?'

'যেমন, মহারাজ, যদি কোন লোক পাকা আম খাইয়া তাহার আঁঠি রোপণ করে, তবে তাহা হইতে মহান্ আম্র বৃক্ষ উৎপন্ন হইয়া ফল প্রদান করে। যদি সেই ব্যক্তি ঐ সমুদয় ফল হইতেও একটি পাকা আম খাইয়া তাহার আঁঠি রোপন করে, তবে
১৫ তাহা হইতেও মহান্ বৃক্ষ উৎপন্ন হইয়া ফল প্রদান করিবে। এইরূপে এই সকল বৃক্ষের শেষ জানা যায় না। এই প্রকারই মহারাজ, লোক এখানে জাত হইয়া এখানেই মৃত হয়, এবং এখানে মৃত হইয়া অন্যত্র উৎপন্ন হয়; আবার সেখানে জাত হইয়া সেখানেই মৃত হয়, এবং সেখানে মৃত হইয়া অন্যত্র উৎপন্ন হয়। এই রূপই মহারাজ, সংসার।'

২০ 'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!

কিসের দ্বারা স্মরণ করা যায়।

১০। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, চিরকৃত অতীত বিষয়কে কিসের দ্বারা স্মরণ করা যায়?'

'মহারাজ, স্মৃতির দ্বারা।'

২৫ 'ভদন্ত নাগসেন, চিত্তের দ্বারা ত স্মরণ করা যায়, স্মৃতির দ্বারা নহে?'

'মহারাজ, আপনি কি এমন কোন কার্য্য মনে করেন, যাহা পূর্ব্বে করিয়া ভুলিয়া গিয়াছেন?'

'আম ভন্তে।'

'কিন্নু খো ত্বং মহারাজ, তস্মিং সময়ে অচিত্তকো অহোসীতি ?'

'নহি ভন্তে ; সতি তস্মিং সময়ে নাহোসীতি।'

'অথ কস্মা ত্বং মহারাজ, এবমাহ—"চিত্তেন সরতি, নো সতিয়া'তি ?" '

৫ 'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

১১। রাজা আহ—'ভন্তে নাগসেন, সব্বা সতি অভিজানন্তা উপ্পজ্জতি, উদাহু কটুমিকা'ব সতীতি ?'

'অভিজানন্তাপি মহারাজ, সতি উপ্পজ্জতি, কটুমিকাপি সতীতি।'

'এবং হি খো ভন্তে নাগসেন, সব্বং সতিং অভিজানন্তি, ন'ত্থি কটুমিকা সতীতি।'

১০ 'যদি ন'ত্থি মহারাজ, কটুমিকা সতি, ন'ত্থি কিঞ্চি সিপ্পিকানং কম্মায়তনেহি বা, সিপ্পায়তনেহি বা, বিজ্জট্ঠানেহি বা করণীয়ং ; নিরত্থকা আচরিয়া। যস্মা চ খো

'হাঁ ভদন্ত।'

'মহারাজ, সেই সময়ে কি আপনি চিত্তহীন ছিলেন ?'

'না ভদন্ত ; সে সময়ে আমার স্মৃতি ছিল না।'

১৫ 'তাহা হইলে মহারাজ, আপনি কি জন্য বলিতেছেন যে, চিত্তের দ্বারা স্মরণ করা যায়, স্মৃতির দ্বারা নহে ?'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

স্মৃতি।

১১। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, সমস্ত স্মৃতি কি অভিজ্ঞাত হইয়া উৎপন্ন
২০ হয়, অথবা কৃত্রিম স্মৃতিও আছে ?'

'মহারাজ, স্মৃতি অভিজ্ঞাত হইয়াও উৎপন্ন হয়, এবং স্মৃতি কৃত্রিমও।'

'তাহা হইলে ভদন্ত নাগসেন, সমস্ত স্মৃতিই অভিজ্ঞাত, কৃত্রিম স্মৃতি নাই।'

'মহারাজ, যদি কৃত্রিম স্মৃতি না থাকে, তবে শিল্পিগণের কর্ম্ম, বা শিল্প, বা বিদ্যার কার্য্য কি ? এবং আচার্য্যগণেরও কোন প্রয়োজন নাই। কিন্তু যেহেতু মহারাজ,

মহারাজ, অত্থি কটুমিকা সতি, তস্মা অত্থি কম্মায়তনেহি বা, সিপ্পায়তনেহি বা, বিজ্জায়তনেহি বা করণীয়ং ; অত্থো চ আচরিযেহীতি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

ছট্ঠো বগ্গো।

কৃত্রিম স্মৃতি আছে, সেই জন্য শিল্পিগণের কর্ম্ম, বা শিল্প, বা বিদ্যার কার্য্য আছে; এবং আচার্য্যগণেরও প্রয়োজন আছে।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

ইতি ষষ্ঠ বর্গ।

১। রাজা আহ—'ভন্তে নাগসেন, কতিহি আকারেহি সতি উপ্পজ্জতীতি ?'

'সোলসহি আকারেহি মহারাজ, সতি উপ্পজ্জতি। কতমেহি সোলসহি আকারেহি ? অভিঞ্ঞানতো'পি মহারাজ, সতি উপ্পজ্জতি, কটুম্বিকায়'পি সতি উপ্পজ্জতি, ওলারিক-বিঞ্ঞাণতো'পি সতি উপ্পজ্জতি, হিতবিঞ্ঞাণতো'পি সতি উপ্পজ্জতি, অহিত-
৫ বিঞ্ঞাণতো'পি সতি উপ্পজ্জতি, সভাগনিমিত্ততো'পি সতি উপ্পজ্জতি, বিসভাগ-নিমিত্ততো'পি সতি উপ্পজ্জতি, কথাবিঞ্ঞাণতো'পি সতি উপ্পজ্জতি, লক্খণতো'পি সতি উপ্পজ্জতি, সরণতো'পি সতি উপ্পজ্জতি, মুদ্দাতো'পি সতি উপ্পজ্জতি, গণনাতো'পি সতি উপ্পজ্জতি, ধারণতো'পি সতি উপ্পজ্জতি, ভাবনাতো'পি সতি উপ্পজ্জতি, পোত্থক-নিবন্ধনতো'পি সতি উপ্পজ্জতি, উপনিক্খেপতো'পি সতি উপ্পজ্জতি, অনুভূততো'পি
১০ সতি উপ্পজ্জতি।

'কথং অভিঞ্ঞানতো সতি উপ্পজ্জতি ? যথা মহারাজ, আয়স্মা চ আনন্দো, খুজ্জুত্তরা চ উপাসিকা, যে বা পন'ঞ্ঞে'পি কেচি জাতিস্সরা জাতিং সরন্তি। এবং অভি-ঞ্ঞানতো সতি উপ্পজ্জতি।

তৃতীয় পরিচ্ছেদ।

১৫ সপ্তম বর্গ।

কত প্রকারে স্মৃতি উৎপন্ন হয়।

১। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, কত প্রকারে স্মৃতি উৎপন্ন হয় ?'

'মহারাজ, ষোড়শ প্রকারে স্মৃতি উৎপন্ন হয়। সেই ষোড়শ প্রকার কি কি ? অভিজ্ঞানেও স্মৃতি উৎপন্ন হয়, বাহ্য-উপায়েও স্মৃতি উৎপন্ন হয়, মহান্ বিষয়ের বিজ্ঞানেও
২০ স্মৃতি উৎপন্ন হয়, হিতবিজ্ঞানেও স্মৃতি উৎপন্ন হয়, অহিত-বিজ্ঞানেও স্মৃতি উৎপন্ন হয়, সাদৃশ্যনিমিত্তও স্মৃতি উৎপন্ন হয়, বৈসাদৃশ্য-নিমিত্তও স্মৃতি উৎপন্ন হয়, কথাভি-জ্ঞানেও স্মৃতি উৎপন্ন হয়, লক্ষণদ্বারাও স্মৃতি উৎপন্ন হয়, স্মরণের দ্বারাও স্মৃতি উৎপন্ন হয়, মুদ্রাতেও স্মৃতি উৎপন্ন হয়, গণনাতেও স্মৃতি উৎপন্ন হয়, ধারণাতেও স্মৃতি উৎপন্ন হয়, ভাবনাতেও স্মৃতি উৎপন্ন হয়, পুস্তকনিবন্ধনও স্মৃতি উৎপন্ন হয়, উপনিক্ষেপেও
২৫ স্মৃতি উৎপন্ন হয়, এবং অনুভবেও স্মৃতি উৎপন্ন হয়।

'অভিজ্ঞানের দ্বারা কিরূপে স্মৃতি উৎপন্ন হয় ? যেমন, মহারাজ, আয়ুষ্মান্ আনন্দ ও উপাসিকা খুজ্জুত্তরা, বা অন্য কোন জাতিস্মর ব্যক্তিগণ (নিজ নিজ পূর্ব্ব) জন্ম স্মরণ করেন। এই প্রকারে অভিজ্ঞানদ্বারা স্মৃতি উৎপন্ন হয়।'

'কথং কটুমিকায় সতি উপ্পজ্জতি? যো পকতিয়া মুট্‌ঠস্‌সতিকো, পরে চ তং সরাপন'থং নিবন্ধন্তি। এবং কটুমিকায় সতি উপ্পজ্জতি।

'কথং ওলারিকবিঞ্‌ঞাণতো সতি উপ্পজ্জতি? যদা রজ্জে বা অভিসিত্তো হোতি, সোতাপত্তিফলং বা পত্তো হোতি। এবং ওলারিকবিঞ্‌ঞাণতো সতি উপ্পজ্জতি।

৫ 'কথং হিতবিঞ্‌ঞাণতো সতি উপ্পজ্জতি? যম্‌হি সুখাপিতো, অমুকস্মিং এবং সুখাপিতো'তি সরতি। এবং হিতবিঞ্‌ঞাণতো সতি উপ্পজ্জতি।

'কথং অহিতবিঞ্‌ঞাণতো সতি উপ্পজ্জতি? যম্‌হি দুক্‌খাপিতো, অমুকস্মিং এবং দুক্‌খাপিতো'তি সরতি। এবং অহিতবিঞ্‌ঞাণতো সতি উপ্পজ্জতি।

'কথং সভাগনিমিত্ততো সতি উপ্পজ্জতি? সদিসং পুগ্‌গলং দিস্বা মাতরং বা, ১০ পিতরং বা, ভাতরং বা, ভগিনিং বা সরতি; ওট্‌ঠং বা, গোণং বা গদ্রভং বা দিস্বা অঞ্‌ঞং তাদিসং ওট্‌ঠং বা, গোণং বা, গদ্রভং বা সরতি। এবং সভাগনিমিত্ততো সতি উপ্পজ্জতি।

'বাহ্য উপায়ে কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন, স্বভাবত নষ্টস্মৃতি ব্যক্তিকে স্মরণ করাইবার জন্য অপর লোকেরা নির্ব্বন্ধ করিয়া থাকে, (এবং তাহাতে তাহার ১৫ স্মৃতি হয়)। এই প্রকারে বাহ্য-উপায়ে স্মৃতি উৎপন্ন হয়।

'মহান্ বিষয়ের বিজ্ঞানে কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন, (রাজা) যে দিন রাজ্যে অভিষিক্ত হন, তাহা স্মরণ করেন; অথবা কেহ শ্রোতাপত্তি ফল প্রাপ্ত হইলে, তাহা স্মরণ করে। এই প্রকারে মহান্ বিষয়ের বিজ্ঞানে স্মৃতি উৎপন্ন হয়।

'হিতবিজ্ঞানের দ্বারা কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন, যে ব্যক্তি যে স্থানে ২০ সুখ প্রাপ্ত হয়, তাহা স্মরণ করে যে, অমুক স্থানে সুখ পাইয়াছিলাম। এই প্রকারে হিতবিজ্ঞানের দ্বারা স্মৃতি উৎপন্ন হয়।

'অহিতবিজ্ঞানের দ্বারা কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন, যে ব্যক্তি যেখানে দুঃখ প্রাপ্ত হয়, তাহা স্মরণ করে যে, অমুক স্থানে দুঃখ প্রাপ্ত হইয়াছিলাম। এই প্রকারে অহিতবিজ্ঞানে স্মৃতি উৎপন্ন হয়।

২৫ 'সাদৃশ্যনিমিত্ত কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন, সদৃশ ব্যক্তিকে দেখিয়া লোকে মাতা, বা পিতা, বা ভ্রাতা, বা ভগিনীকে মনে করে; যেমন, কোন উষ্ট্র, বা বৃষভ, বা গর্দ্দভকে দেখিয়া তাদৃশ অপর উষ্ট্র বা বৃষভ, বা গর্দ্দভকে স্মরণ করে। এইরূপে সাদৃশ্যনিমিত্ত স্মৃতি উৎপন্ন হয়।

'কথং বিসভাগনিমিত্ততো সতি উপ্পজ্জতি? অমুকস্‌স নাম (এবং) বণ্ণো এদিসো, সদ্দো এদিসো, গন্ধো এদিসো, রসো এদিসো, ফোট্‌ঠব্‌বো এদিসো'তি সরতি। এবং বিসভাগনিমিত্ততো সতি উপ্পজ্জতি।

'কথং কথাভিঞ্‌ঞাণতো সতি উপ্পজ্জতি? যো পকতিয়া মুট্‌ঠস্‌সতিকো হোতি, ৫ তং পরে সরাপেন্তি, তেন সো সরতি। এবং কথাভিঞ্‌ঞাণতো সতি উপ্পজ্জতি।

'কথং লক্‌খণতো সতি উপ্পজ্জতি? যো বলিবদ্দানং অঙ্কেন জানাতি, লক্‌খণেন জানাতি। এবং লক্‌খণতো সতি উপ্পজ্জতি।

'কথং সরণতো সতি উপ্পজ্জতি? যো পকতিয়া মুট্‌ঠস্‌সতিকো হোতি, যো তং "সরাহি ভো, সরাহি ভো'তি" পুনপ্‌পুনং সরাপেতি। এবং সরণতো সতি উপ্পজ্জতি।

১০ 'কথং মুদ্দাতো সতি উপ্পজ্জতি? লিপিয়া সিক্‌খিতত্তা জানাতি ইমস্‌স অক্‌খরস্‌স অনন্তরং ইমং অক্‌খরং কত্তব্‌ব'ন্তি। এবং মুদ্দাতো সতি উপ্পজ্জতি।

'কথং গণনাতো সতি উপ্পজ্জতি? গণনায় সিক্‌খিতত্তা গণকা বহুম্‌'পি গণেতি। এবং গণনাতো সতি উপ্পজ্জতি।

'বৈসাদৃশ্যনিমিত্ত কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন লোকে মনে করে যে, ১৫ অমুকের বর্ণ এইরূপ, শব্দ এইরূপ, গন্ধ এইরূপ, রস এইরূপ ও স্পর্শ এইরূপ। এই প্রকারে বৈসাদৃশ্যনিমিত্ত স্মৃতি উৎপন্ন হয়।

'কথাভিজ্ঞানে কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন, যে ব্যক্তি স্বভাবত নষ্টস্মৃতি, অন্যেরা তাহাকে স্মরণ করাইয়া দেয়, এবং তাহাতে সে স্মরণ করে। এই প্রকারে কথাভিজ্ঞানে স্মৃতি উৎপন্ন হয়।

২০ 'লক্ষণ-দ্বারা কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন, যে ব্যক্তি বলীবর্দ্দগণের চিহ্ন দ্বারা তাহাদিগকে জানে, সে তাহাদিগকে লক্ষণের দ্বারা জানে। এইপ্রকারে লক্ষণের দ্বারা স্মৃতি উৎপন্ন হয়।

'স্মরণ-দ্বারা কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন, যে ব্যক্তি স্বভাবত নষ্টস্মৃতি, তাহাকে অন্যব্যক্তি "স্মরণ করহে, স্মরণ করহে" বলিয়া পুনঃ পুনঃ স্মরণ করায়। এই-২৫ রূপ স্মরণ-দ্বারা স্মৃতি উৎপন্ন হয়।

'মুদ্রা-দ্বারা কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন, লিপিদ্বারা শিক্ষা করা হেতু জানিতে পারে যে, এই অক্ষরের পর এই অক্ষর করিতে হইবে। এই প্রকারে মুদ্রা দ্বারা স্মৃতি উৎপন্ন হয়।

'গণনা-দ্বারা কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন, গণনা-শিক্ষা করা হেতু গণকেরা ৩০ বহুসংখ্যাও গণিতে পারে। এইরূপে গণনা-দ্বারা স্মৃতি উৎপন্ন হয়।

'কথং ধারণতো সতি উপ্পজ্জতি? ধারণায় নিকৃখিতত্তা ধারণকা বহুম্'পি ধারেন্তি। এবং ধারণতো সতি উপ্পজ্জতি।

'কথং ভাবনাতো সতি উপ্পজ্জতি? ইধ ভিক্খু অনেকবিহিতং পুব্বে-নিবাসং অনুস্সরতি, সেয্যথীদং—একম্'পি জাতিং, দ্বে'পি জাতিয়ো—পে—ইতি সাকারং স-
৫ উদ্দেসং পুব্বে-নিবাসং অনুস্সরতি। এবং ভাবনাতো সতি উপ্পজ্জতি।

'কথং পোত্থকনিবন্ধনতো সতি উপ্পজ্জতি? রাজানো অনুসাসনিয়ং অনুস্সরন্তা একং পোত্থকং আহরথা'তি তেন পোত্থকেন অনুস্সরন্তি। এবং পোত্থকনিবন্ধনতো সতি উপ্পজ্জতি।

'কথং উপনিক্খেপতো সতি উপ্পজ্জতি? উপনিক্খিত্তং ভণ্ডং দিস্বা সরতি। এবং
১০ উপনিক্খেপতো সতি উপ্পজ্জতি।

'কথং অনুভূততো সতি উপ্পজ্জতি? দিট্ঠত্তা রূপং সরতি, সুতত্তা সদ্দং সরতি, ঘায়িতত্তা গন্ধং সরতি, সায়িতত্তা রসং সরতি, ফুট্ঠত্তা ফোট্ঠব্বং সরতি, বিঞ্ঞাতত্তা ধম্মং সরতি। এবং অনুভূততো সতি উপ্পজ্জতি।

'ধারণা-দ্বারা কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন, ধারণা-শিক্ষা করা হেতু ধারণা-
১৫ কারীরা বহু বিষয় হৃদয়ে ধারণ করিতে পারে। এইরূপে ধারণা-দ্বারা স্মৃতি উৎপন্ন হয়।

'ভাবনা-দ্বারা কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন, কোন ভিক্ষু বহু জন্মবিহিত পূর্ব্ব অবস্থিতিকে—এক জন্মকেও দুই জন্মকেও.........তত্তৎ জন্মের আকার ও স্থান নির্দ্দেশ করিয়া অনুস্মরণ করিয়া থাকে। এইরূপে ভাবনা-দ্বারা স্মৃতি উৎপন্ন হয়।

'পুস্তকনিবন্ধন কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন, রাজারা অনুশাসনীয় বিষয়কে
২০ অনুস্মরণ করিবার জন্য "পুস্তক আনয়ন কর" বলিয়া (আদেশ করেন), এবং তাহার দ্বারা তাহা অনুস্মরণ করেন। এইরূপে পুস্তকনিবন্ধন স্মৃতি উৎপন্ন হয়।

'উপনিক্ষেপের দ্বারা কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন কেহ কাহারও নিকটে ন্যাসরূপে কোন ভাণ্ড রাখিলে তাহা (ঐ ভাণ্ডগত দ্রব্য, বা যে অবস্থায় ঐ ভাণ্ডকে রাখিয়াছিল, সেই অবস্থাকে) স্মরণ করে। এইরূপে উপনিক্ষেপে স্মৃতি উৎপন্ন হয়।

২৫ 'অনুভবে কিরূপে স্মৃতি উৎপন্ন হয়? যেমন, পূর্ব্বে দর্শন করা হেতু রূপকে, শ্রবণ করা হেতু শব্দকে, ঘ্রাণ করা হেতু গন্ধকে, আস্বাদ করা হেতু রসকে, ও স্পর্শ করা হেতু স্পর্শকে স্মরণ করে। এইরূপে অনুভবে স্মৃতি উৎপন্ন হয়।

'ইমেহি খো মহারাজ, সোলসহি আকারেহি সতি উপ্পজ্জতীতি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

২। রাজা আহ—'ভন্তে নাগসেন, তুম্হে এবং ভণথ—"যো বস্‌সসতং অকুসলং করেয্য, মরণকালে চ একং বুদ্ধগতং সতিং পটিলভেয্য, সো দেবেসু উপ্পজ্জেয্যা'তি;"

৫ —এতং ন সদ্দহামি। এবঞ্চ পন বদেথ—"একেন পাণাতিপাতেন নিরয়ে উপ্পজ্জেয্যা'তি;"—এতম্'পি ন সদ্দহামীতি।'

'তং কিম্মঞ্ঞসি মহারাজ? খুদ্দকো'পি পাসাণো বিনা নাবায় উদকে উপ্পিলবেয্যা'তি?'

'নহি ভন্তে'তি।'

১০ 'কিন্নু খো মহারাজ, বাহসতম্'পি পাষাণং নাবায় আরোপিতং উদকে উপ্পিলবেয্যা'তি?'

'মহারাজ, এই ষোড়শ প্রকারে স্মৃতি উৎপন্ন হইয়া থাকে।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!

বুদ্ধের স্মরণে পাপীরও দেবযোনিতে জন্ম।

১৫ ২। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, আপনারা বলিয়া থাকেন—"যে ব্যক্তি শতবর্ষ ধরিয়া পাপকর্ম্ম করে, সে মরণকালে একবার বুদ্ধের স্মরণ করিলে দেবতাদের মধ্যে জন্মগ্রহণ করিবে";—ইহা আমি শ্রদ্ধা করি না। আপনারা এইরূপ আরও বলেন—"একটি প্রাণাতিপাত করিলে নরকে উৎপন্ন হইতে হইবে;"—ইহাও আমি শ্রদ্ধা করি না।'

২০ 'মহারাজ, আপনি কি মনে করেন?—ক্ষুদ্রও পাষাণ কি বিনা নৌকায় জলে ভাসিতে পারে?'

'না ভদন্ত।'

'মহারাজ, শত শকট-বাহও পাষাণকে যদি নৌকায় স্থাপন করা যায়, তবে কি তাহা জলে ভাসিবে?'

'আম ভন্তে ; উপ্পিলবেয্যা'তি।'

'যথা মহারাজ, নাবা, এবং কুসলানি কম্মানি দট্ঠব্বানীতি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

৩। রাজা আহ—'ভন্তে নাগসেন, কিং তুম্হে অতীতস্স দুক্খস্স পহানায়

৫ বায়মথা'তি?'

'নহি মহারাজা'তি।'

'কিম্পন অনাগতস্স দুক্খস্স পহানায় বায়মথা'তি?'

'নহি মহারাজা'তি।'

'কিম্পন পচ্চুপ্পন্নস্স দুক্খস্স পহানায় বায়মথা'তি?'

১০ 'নহি মহারাজা'তি।'

'যদি তুম্হে ন অতীতস্স দুক্খস্স পহানায় বায়মথ, ন অনাগতস্স দুক্খস্স পহানায় বায়মথ, ন পচ্চুপ্পন্নস্স দুক্খস্স পহানায় বায়মথ, অথ কিমত্থায় বায়মথা'তি?'

'হাঁ ভদন্ত ; ভাসিবে।'

'মহারাজ, (এখানে) যেমন নৌকা, কুশল কর্ম্মসমূহও সেইরূপ দ্রষ্টব্য।'

১৫ 'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

দুঃখধ্বংসের উদ্যম।

৩। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, আপনারা কি অতীত দুঃখের ধ্বংসের জন্য উদ্যম করেন?'

'না মহারাজ।'

২০ 'তবে কি অনাগত (ভবিষ্যৎ) দুঃখের ধ্বংসের জন্য উদ্যম করেন?'

'না মহারাজ।'

'তবে কি বর্ত্তমান দুঃখের ধ্বংসের জন্য উদ্যম করেন?'

'না মহারাজ।'

'যদি আপনারা অতীত, অনাগত, বা বর্ত্তমান দুঃখের ধ্বংসের জন্য উদ্যম না করেন,

২৫ তবে কিসের জন্য উদ্যম করেন?'

থেরো আহ—'কি'ন্তি মহারাজ? ইদঞ্চ দুক্খং নিরুজ্ঝেয্য, অঞ্ঞঞ্চ দুক্খং ন উপ্পজ্জেয্যা'তি—এতদত্থায় বায়মামা'তি।'

'অত্থি পন ভন্তে নাগসেন, অনাগতং দুক্খ'ন্তি?'

'ন'ত্থি মহারাজা'তি।'

৫ 'তুম্হে খো ভন্তে নাগসেন, অতিপণ্ডিতা, যে তুম্হে অসন্তানং দুক্খানং পহানায় বায়মথা'তি!'

'অত্থি পন তে মহারাজ, কেচি পটিরাজানো পচ্চত্থিকা, পচ্চামিত্তা পচ্চুপট্ঠিতা হোন্তী'তি?'

'আম ভন্তে; অত্থীতি।'

১০ 'কিন্নু খো মহারাজ, তদা তুম্হে পরিখং খণাপেয্যাথ, পাকারং চিনাপেয্যাথ, গোপুরং কারাপেয্যাথ, অট্টালকং কারাপেয্যাথ, ধঞ্ঞং অতিহরাপেয্যাথা'তি?

'নহি ভন্তে; পটিগচ্চে'ব তং পটিয়ত্তং হোতীতি।'

'কিং তুম্হে মহারাজ, তদা হত্থিস্মিং সিক্খেয্যাথ, অস্সস্মিং সিক্খেয্যাথ, রথস্মিং সিক্খেয্যাথ, ধনুস্মিং সিক্খেয্যাথ, থরুস্মিং সিক্খেয্যাথা'তি?'

---

১৫ স্থবির কহিলেন—'কেন মহারাজ? এই (বর্ত্তমান) দুঃখ নিরুদ্ধ হইবে, এবং অপর কোন দুঃখ উৎপন্ন হইবে না, এই জন্য উদ্যম করিয়া থাকি।'

'ভদন্ত নাগসেন, অনাগত দুঃখ কি আছে?'

'না মহারাজ।'

'ভদন্ত নাগসেন, আপনারা অতিপণ্ডিত, যে আপনারা অসৎ দুঃখের ধ্বংসের জন্য ২০ উদ্যম করেন!'

'মহারাজ, আপনার কি কোন প্রতিপক্ষ প্রতিদ্বন্দ্বী শত্রু-রাজগণ আপনার বিরুদ্ধে আসিয়া উপস্থিত হন?'

'হাঁ ভদন্ত; হন।'

'মহারাজ, আপনারা কি সেই সময়ে পরিখা খনন করাইবেন, প্রাকার গ্রন্থন ২৫ করাইবেন, গোপুর ও অট্টালিকা নির্ম্মাণ করাইবেন ও ধান্য সংগ্রহ করাইবেন?'

'না ভদন্ত; পূর্ব্বেই সেই সমুদায় প্রস্তুত থাকে।'

'সেই সময়ে কি মহারাজ, আপনারা হস্তী, অশ্ব ও রথে আরোহণ, এবং ধনু ও খড়্গমুষ্টির পরিচালনা শিক্ষা করিবেন?'

'নহি ভন্তে ; পটিগচ্চে'ব তং সিক্খিতং হোতীতি।'

'কিস্স'খায়া'তি ?'

'অনাগতানং ভন্তে, ভয়ানং পটিবাহন'খায়াতি।'

'কিন্নু খো মহারাজ, অত্থি অনাগতং ভয়'ন্তি ?'

৫ 'ন'ত্থি ভন্তে'তি।'

'তুম্হে চ খো মহারাজ, অতিপণ্ডিতা, যে তুম্হে অনাগতানং ভয়ানং পটিবাহন'খায় পটিযাদেথা'তি !

'ভিয্যো ওপম্মং করোহীতি।'

'তং কিম্মঞ্ঞসি মহারাজ ?—যদা ত্বং পিপাসিতো ভয়েয্যাসি, তদা ত্বং

১০ উদপানং খণাপেয্যাসি পোক্খরণিং খণাপেয্যাসি, তলাকং খণাপেয্যাসি—পানীয়ং পিবিস্সামীতি ?'

'নহি ভন্তে ; পটিগচ্চে'ব তং পটিযত্তং হোতীতি।'

'কিস্স'খায়া'তি !'

'অনাগতানং ভন্তে, পিপাসানং পটিবাহন'খায় পটিযত্তং হোতীতি।'

---

১৫ 'না ভদন্ত ; পূর্ব্বেই তাহা শিক্ষিত থাকে।'

'কি জন্য ?'

'অনাগত ভয়ের প্রতিনিবারণ জন্য।'

'মহারাজ, অনাগত ভয় কি আছে ?'

'না ভদন্ত।'

২০ 'মহারাজ, আপনারাও অতিপণ্ডিত, যে আপনারা অসৎ ভয়ের প্রতিনিবারণের জন্য প্রস্তুত থাকেন !'

''আরও উপমা (প্রদান) করুন।'

'মহারাজ, আপনি কি মনে করেন ?—আপনি যখন পিপাসিত হইবেন, তখন কি "জল পান করিব" বলিয়া কূপ, পুষ্করিণী ও তড়াগ খনন করাইবেন ?'

২৫ 'না ভদন্ত ; পূর্ব্বেই তাহা প্রস্তুত থাকে।'

'কি জন্য ?'

'অনাগত পিপাসার প্রতিনিবারণের জন্য।'

'অত্থি পন মহারাজ, অনাগতা পিপাসা'তি ?'

'ন'ত্থি ভন্তে'তি।'

'তুম্হে খো মহারাজ, অতিপণ্ডিতা, যে তুম্হে অনাগতানং পিপাসানং পটিবাহন'থায় তং পটিযাদেথা'তি !'

৫ 'ভিয্যো ওপম্মং করোহীতি।'

'তং কিম্মঞ্ঞসি মহারাজ, যদা ত্বং বুভুক্খিতো ভবেয্যাসি তদা ত্বং খেত্তং কসাপেয্যাসি সালিং বপাপেয্যাসি—ভত্তং ভুঞ্জিস্সামীতি ?'

'নহি ভন্তে, পটিগচ্চে'ব তং পটিযত্তং হোতীতি।'

'কিস্স'থায়া'তি ?'

১০ 'অনাগতানং ভন্তে, বুভুক্খানং পটিবাহন'থায়া'তি।'

'অত্থি পন মহারাজ, অনাগতা বুভুক্খা'তি ?'

'ন'ত্থি ভন্তে'তি।'

'তুম্হে খো মহারাজ, অতিপণ্ডিতা, যে তুম্হে অসন্তানং অনাগতানং বুভুক্খানং পটিবাহন'থায় পটিযাদেথা'তি !'

১৫ 'কল্লো'সি ভন্তে, নাগসেনা'তি !

'অনাগত পিপাসা কি মহারাজ, আছে ?'

'না ভদন্ত।'

'মহারাজ, আপনারা অতিপণ্ডিত, যে আপনারা অনাগত পিপাসার প্রতিনিবারণের জন্য তাহা প্রস্তুত করেন !'

২০ 'আরও উপমা (প্রদান) করুন।'

'মহারাজ, আপনি তাহা কি মনে করেন ?—আপনি যখন বুভুক্ষিত হইবেন, তখন কি "ভাত খাইব" ভাবিয়া আপনি ক্ষেত্র-কর্ষণ ও শালি-(ধান্য) বপন করাইবেন ?'

'না ভদন্ত ; পূর্ব্বেই তাহা প্রস্তুত থাকে।'

'কি নিমিত্ত ?'

২৫ 'অনাগত বুভুক্ষার প্রতিনিবারণের জন্য।'

'মহারাজ, অনাগত বুভুক্ষা কি আছে ?'

'না ভদন্ত।'

'আপনারা মহারাজ, অতিপণ্ডিত, যে আপনারা অনাগত অসৎ বুভুক্ষার প্রতিনিবারণের জন্য প্রস্তুত হইয়া থাকেন !'

৩০ 'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

৪। রাজা আহ—'ভন্তে নাগসেন, কীব দূরো ইতো ব্রহ্মলোকো'তি?'

'দূরো খো মহারাজ, ইতো ব্রহ্মলোকো; কূটাগারমত্তা সিলা তম্হা পতিতা অহোরত্তেন অট্ঠচত্তালীস-যোজন-সহস্সানি ভস্সমানা চতুহি মাসেহি পঠবিয়ং পতিট্ঠহেয্যা'তি।'

৫ 'ভন্তে নাগসেন, তুম্হে এবং ভণথ—"সেয্যথাপি বলবা পুরিসো সমিঞ্জিতং বা বাহং পসারেয্য, পসারিতং বা বাহং সমিঞ্জেয্য, এবমেব ইদ্ধিমা ভিক্খু চেতোবসিপ্পত্তো জম্বুদীপে অন্তরহিতো ব্রহ্মলোকে পাতুভবেয্যা'তি;"—এতং বচনং ন সদ্দহামি, এবং অতিসিগ্ঘং তাব বহূনি যোজনসতানি গচ্ছিস্সতীতি।

থেরো আহ—'কুহিং পন মহারাজ, তব জাতভূমীতি?'

১০ 'অত্থি ভন্তে, অলসন্দো নাম দীপো, তত্থাহং জাতো'তি।'

'কীব দূরো মহারাজ, ইতো অলসন্দো হোতীতি?'

'দ্বিমত্তানি ভন্তে, যোজনসতানীতি।'

ব্রহ্মলোকের দূরত্ব।

৪। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, এস্থান হইতে ব্রহ্মলোক কতদূর?'

১৫ 'মহারাজ, এস্থান হইতে ব্রহ্মলোক দূর; কূটাগারপরিমিত শিলা সেস্থান হইতে পতিত হইলে অহোরাত্রে অষ্টচত্বারিংশৎসহস্র যোজন স্খলিত হইয়া চারি মাসে পৃথিবীতে আসিয়া প্রতিষ্ঠিত হইতে পারে।'

'ভদন্ত নাগসেন, আপনারা এইরূপ বলেন—"যেমন কোন বলবান্ পুরুষ কুঞ্চিত বাহুকে (সত্বরে) প্রসারিত করিতে পারে, বা প্রসারিত বাহুকে সঙ্কুচিত করিতে পারে,

২০ এইপ্রকার বুদ্ধিমান্ বশীকৃতচিত্ত ভিক্ষু জম্বুদ্বীপে অন্তর্হিত হইয়া ব্রহ্মলোকে প্রাদুর্ভূত হইতে পারে।"—একথা আমি শ্রদ্ধা করি না যে, এইরূপ অতিসত্বরে তত বহুশত যোজন গমন করিবে।'

স্থবির কহিলেন—'মহারাজ, আপনার জন্মভূমি কোথায়?'

'ভদন্ত, অলসন্দ নামে এক দ্বীপ আছে; সেখানে আমি জন্মগ্রহণ করি।'

২৫ 'মহারাজ, অলসন্দ এখান হইতে কতদূর হইবে?'

'ভদন্ত, দুইশত যোজন।'

'অভিজানাসি নু ত্বং মহারাজ, তত্থ কিঞ্চিদেব করণীয়ং করিত্বা সরিতা'তি ?'
'আম্ ভন্তে ; সরামীতি।'
'লহুং খো ত্বং মহারাজ, গতো'সি দ্বমত্তানি যোজনসতানীতি ?'
'কল্লো'সি ভন্তে, নাগসেনা'তি !'

---

৫ ৫। রাজা আহ—'ভন্তে নাগসেন, যো ইধ কালকতো ব্রহ্মলোকে উপ্পজ্জেয্য, যো চ ইধ কালকতো কশ্মীরে উপ্পজ্জেয্য, কো চিরতরং, কো সীঘতর'ন্তি ?'
'সমকং মহারাজা'তি।'
'ওপম্মং করোহীতি।'
'কুহিং পন মহারাজ, তব জাতনগর'ন্তি ?'
১০ 'অত্থি ভন্তে, কলসিগামো নাম ; তত্থাহং জাতো'তি।'
'কীব দূরো মহারাজ, ইতো কলসিগামো হোতীতি ?'

'মহারাজ, আপনি কি জানেন যে, আপনি সেখানে কোন কার্য্য করিয়া (এখন) স্মরণ করিতেছেন ?'
'হাঁ ভদন্ত ; স্মরণ করি।'
১৫ 'মহারাজ, আপনি শীঘ্র দুইশত যোজন গমন করিয়াছেন ?'
'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

ব্রহ্মলোকেও সমানসময়ে পুনর্জ্জন্মগ্রহণ।

৫। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, যে এখানে মৃত হইয়া ব্রহ্মলোকে উৎপন্ন হইবে, এবং যে এখানে মৃত হইয়া কাশ্মীরে উৎপন্ন হইবে, ইহাদের মধ্যে কে বিলম্বে
২০ ও কে শীঘ্র উৎপন্ন হইবে ?'
'মহারাজ, সমান (সময়ে উৎপন্ন হইবে)।'
'উপমা (প্রদান) করুন।'
'মহারাজ, আপনি যে-নগরে জন্ম গ্রহণ করেন, তাহা কোথায় ?'
'ভদন্ত, কলসী নামে এক গ্রাম আছে, আমি সেখানে জাত হই।'
২৫ 'মহারাজ এখান হইতে কলসীগ্রাম কতদুর হইবে ?'

'দ্বিমত্তানি ভন্তে যোজনসতানীতি।'

'কীব দূরং মহারাজ, ইতো কস্মীরং হোতীতি ?'

'দ্বাদস ভন্তে যোজনানি'তি।'

'ইঙ্ঘ ত্বং মহারাজ, কলসিগামং চিন্তেহীতি।'

৫ 'চিন্তিতো ভন্তে'তি।'

'ইঙ্ঘ ত্বং মহারাজ, কস্মীরং চিন্তেহী'তি।'

'চিন্তিতো ভন্তে'তি।'

'কতমন্নু খো মহারাজ, চিরেন চিন্তিতং, কতমং সীঘতর'ন্তি ?'

'সমকং ভন্তে'তি।'

১০ 'এবমেব খো মহারাজ, যো ইধ কালকতো ব্রহ্মলোকে উপ্পজ্জেয্য, যো চ ইধ কালকতো কস্মীরে উপ্পজ্জেয্য, সমকং যেব উপ্পজ্জন্তীতি।'

'ভিয্যো ওপম্মং করোহীতি।'

'তং কিম্মঞ্ঞসি মহারাজ ?—দ্বে সকুনা আকাসেন গচ্ছেয্যুং; তেসু একো উচ্চরুক্খে নিসীদেয্য, একো নীচে রুক্খে নিসীদেয্য; তেসং সমকং পতিট্ঠিতানং

---

১৫ 'ভদন্ত, দুইশত যোজন।'

'মহারাজ, এস্থান হইতে কাশ্মীর কতদূর ?'

'ভদন্ত, দ্বাদশ যোজন।'

'আচ্ছা মহারাজ, আপনি কলসীগ্রামকে চিন্তা করুন।

'করিলাম ভদন্ত।'

২০ 'মহারাজ, আপনি কাশ্মীরকে চিন্তা করুন।'

'করিলাম ভদন্ত।'

'মহারাজ, আপনি কাহাকে বিলম্বে ও কাহাকে শীঘ্র চিন্তা করিয়াছেন ?'

'ভদন্ত, দুটিকেই সমান (সময়ে চিন্তা করিয়াছি)।'

'আরও উপমা (প্রদান) করুন।'

২৫ 'মহারাজ, আপনি তাহা কি মনে করেন ?—দুইটি বিহঙ্গ আকাশে গমন করিবে; ইহাদের একটি উচ্চ বৃক্ষে ও অপরটি নীচ বৃক্ষে উপবেশন করিবে; তাহারা যদি

কতমস্‌স ছায়া পঠমতরং পঠবিয়ং পতিট্‌ঠহেয্য, কতমস্‌স ছায়া চিরেন পঠবিয়ং পতিট্‌ঠহেয্যা'তি ?'

'সমকং ভন্তে'তি।'

'এবমেব খো মহারাজ, যো ইধ কালকতো ব্রহ্মলোকে উপ্পজ্জেয্য, যো চ ইধ

৫ কালকতো কস্মীরে উপ্পজ্জেয্য, সমকং যেব উপ্পজ্জন্তীতি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি।'

৬। রাজা আহ—'কতি নু খো ভন্তে নাগসেন, বোজ্ঝঙ্গা'তি ?'

'সত্ত খো মহারাজ, বোজ্ঝঙ্গা'তি।'

'কতিহি পন ভন্তে বোজ্ঝঙ্গেহি বুজ্ঝতীতি ?'

১০ 'একেন খো মহারাজ, বোজ্ঝঙ্গেন বুজ্ঝতি, ধম্মবিচয়সম্বোজ্ঝঙ্গেনা'তি।'

'অথ কিস্‌স নু খো ভন্তে বুচ্চতি সত্ত বোজ্ঝঙ্গা'তি ?'

(আকাশ হইতে নামিবার জন্য) এক সময়ে প্রস্থিত হয়, তবে কোন্‌টির ছায়া পৃথিবীতে প্রথমে প্রতিষ্ঠিত হইবে, এবং কোন্‌টির ছায়া বিলম্বে প্রতিষ্ঠিত হইবে ?'

'ভদন্ত, সমান (সময়ে প্রতিষ্ঠিত) হইবে।'

১৫ 'এইরূপই মহারাজ, যে এখানে মৃত হইয়া ব্রহ্মলোকে উৎপন্ন হইবে, এবং যে এখানে মৃত হইয়া কাশ্মীরে উৎপন্ন হইবে, তাহারা সমান (সময়ে) উৎপন্ন হয়।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ।'

বোধ্যঙ্গ।

৬। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, বোধ্যঙ্গ (বোধি-জ্ঞানের অঙ্গ) কতগুলি ?'

২০ 'মহারাজ, বোধ্যঙ্গ সাতটি।'

'কয়টি বোধ্যঙ্গের দ্বারা বুদ্ধ হওয়া যায় ?

' "ধর্ম্মবিচয়সম্বোধ্যঙ্গ"—নামক (যাহার দ্বারা ধর্ম্মের অনুসন্ধান করিতে পারা যায়) একটি বোধ্যঙ্গের দ্বারা মহারাজ, বুদ্ধ হওয়া যায়।'

'ভদন্ত, তবে কি জন্য সাতটি বোধ্যঙ্গ কথিত হয় ?'

'তং কিম্মঞ্ঞসি মহারাজ, অসি কোসিয়া পক্খিত্তো অগ্গহীতো হত্থেন উস্সহতি ছেজ্জং ছিন্দিতু'ন্তি ?'

'নহি ভন্তে'তি ?'

'এবমেব খো মহারাজ, ধম্মবিচয়সম্বোজ্ঝঙ্গেন বিনা ছহি বোজ্ঝঙ্গেহি ন বুজ্ঝতীতি।'

৫ 'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি !'

৭। রাজা আহ—'ভন্তে নাগসেন কতমন্নু খো বহুতরং, পুঞ্ঞং বা অপুঞ্ঞং বা'তি ?'

'পুঞ্ঞং খো মহারাজ, বহুতরং, অপুঞ্ঞং থোক'ন্তি।'

'কেন কারণেনা'তি ?'

১০ 'অপুঞ্ঞং খো মহারাজ, করোন্তো বিপ্পটিসারী হোতি—পাপকম্মং ময়া কত'ন্তি ; তেন পাপং ন বড্ঢতি। পুঞ্ঞং খো মহারাজ, করোন্তো অবিপ্পটিসারী হোতি,

---

'মহারাজ, আপনি তাহা কি মনে করেন ?—অসি যদি কোষে প্রক্ষিপ্ত থাকে, ও তাহাকে হস্ত দ্বারা গ্রহণ করা না যায়, তবে কি তাহা ছেদ্য (বস্তুকে) ছেদন করিতে পারে ?'

১৫ 'না ভদন্ত।'

'এইরূপই মহারাজ, "ধর্ম্মবিচয়সম্বোধ্যঙ্গ" বিনা (অপর) ছয় বোধ্যঙ্গে বুদ্ধ হওয়া যায় না।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

পুণ্য ও অপুণ্যের মধ্যে কোন্‌টি বেশী।

২০ ৭। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, বহুতর কোন্‌টি, পুণ্য বা অপুণ্য ?'

'মহারাজ পুণ্যই বহুতর, অপুণ্য অল্প।'

'কি কারণে ?'

'মহারাজ, যে অপুণ্য করে, তাহার অনুতাপ হয় যে, আমি পাপ করিলাম, এইজন্য পাপ বাড়ে না ; কিন্তু মহারাজ, যে ব্যক্তি পুণ্য করে, তাহার অনুতাপ উপস্থিত

অবিপ্পটিসারিস্স পামোজ্জং জায়তি, পমুদিতস্স পীতি জায়তি, পীতিমনস্স কায়ো পস্সম্ভতি, পস্সদ্ধকায়ো সুখং বেদেতি, সুখিনো চিত্তং সমাধীয়তি, সমাহিতো যথাভূতং পজানাতি ; তেন কারণেন পুঞ্ঞং বড্ঢতি। পুরিসো খো মহারাজ, ছিন্নহত্থপাদো ভগবতো একং উপ্পলহত্থং দত্বা একনবুতি কপ্পানি বিনিপাতং ন
৫ গচ্ছিস্সতি ; ইমিনাপি কারণেন ভণামি—পুঞ্ঞং বহুতরং, অপুঞ্ঞং থোক'ন্তি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি।'

৮। রাজা আহ—'ভন্তে নাগসেন, যো জানন্তো পাপকম্মং করোতি, যো চ অজানন্তো পাপকম্মং করোতি, কস্স বহুতরং অপুঞ্ঞ'ন্তি ?'

থেরো আহ—'যো খো মহারাজ, অজানন্তো পাপকম্মং করোতি, তস্স বহুতরং
১০ অপুঞ্ঞ'ন্তি।'

'তেন হি ভন্তে নাগসেন, যো অম্হাকং রাজপুত্তো বা, রাজমহামত্তো বা, অজানন্তো পাপকম্মং করোতি, তং মযং দিগুণং দণ্ডেমা'তি ?'

হয় না, অনুতাপহীনের প্রমোদ উৎপন্ন হয়, প্রমুদিতের প্রীতি হয়, প্রীতচিত্তের শরীর শান্ত হয়, শান্তশরীর সুখ অনুভব করে, সুখীর চিত্ত সমাহিত হয়, এবং সমা-
১৫ হিতচিত্ত যথাভূত (বস্তুতত্ত্ব) জানিতে পারে ; সেইজন্য পুণ্য বৰ্দ্ধিত হয়। মহারাজ, কোন ছিন্নহস্তপদ ব্যক্তি যদি এক মুষ্ট উৎপল-পুষ্প ভগবান্‌কে অর্পণ করে, তবে একনবতি-কল্প পর্য্যন্ত তাহার বিনিপাত হয় না। একারণেও মহারাজ, আমি বলিতেছি যে, পুণ্য বহুতর ও অপুণ্য অল্প।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ।'

---

২০ ## জ্ঞান কৃত ও অজ্ঞানকৃত পাপের ন্যূনাধিক্য।

৮। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, যে ব্যক্তি জানিয়া পাপকর্ম্ম করে, ও যে ব্যক্তি না জানিয়া পাপ কর্ম্ম করে, (ইহাদের মধ্যে) কাহার পাপ অধিকতর ?'

স্থবির কহিলেন—'যে ব্যক্তি মহারাজ, না জানিয়া পাপকর্ম্ম করে, তাহার পাপ অধিকতর।'

২৫ 'তাহা হইলে ভদন্ত নাগসেন, আমাদের যে-রাজপুত্র, বা যে-রাজমহামাত্য না জানিয়া পাপকর্ম্ম করে, তাহাকে আমরা দ্বিগুণ দণ্ডিত করিব ?'

'তং কিম্মঞ্ঞসি মহারাজ ?—তত্তং অয়োগুলং আদিত্তং সম্পজ্জলিতং সজোতিভূতং এ:কা অজানন্তো গণ্হেয্য, একো জানন্তো গণ্হেয্য, কতমো বলিকতরং দয্হেয্যা'তি ?'

'যো খো ভন্তে, অজানন্তো গণ্হেয্য, সো বলিকতরং দয্হেয্যা'তি।

'এবমেব খো মহারাজ, যো অজানন্তো পাপকম্মং করোতি, তস্স বহুতরং

৫ অপুঞ্ঞ'ন্তি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

৯। রাজা আহ—'ভন্তে নাগসেন, অত্থি কোচি ইমিনা সরীর-দেহেন উত্তরকুরুং বা গচ্ছেয্য, ব্রহ্মলোকং বা, অঞ্ঞং বা পন দীপ'ন্তি ?'

'অত্থি মহারাজ; যো ইমিনা চাতুমহাভূতিকেন কায়েন উত্তরকুরুং বা গচ্ছেয্য,

১০ ব্রহ্মলোকং বা, অঞ্ঞং বা পন দীপ'ন্তি ?'

'কথং ভন্তে নাগসেন, ইমিনা চাতুমহাভূতিকেন কায়েন উত্তরকুরুং বা গচ্ছেয্য, ব্রহ্মলোকং বা, অঞ্ঞং বা পন দীপ'ন্তি ?'

'মহারাজ, আপনি তাহা কি মনে করেন ?—যদি এক তপ্ত-উত্তপ্ত, প্রজ্বলিত-জ্যোতির্ভূত অয়ো-গোলককে এক ব্যক্তি জানিয়া গ্রহণ করে, ও এক ব্যক্তি না

১৫ জানিয়া গ্রহণ করে, তবে (ইহাদের মধ্যে) কোন্ ব্যক্তি অধিকতর দগ্ধ হইবে ?'

'ভদন্ত, যে ব্যক্তি না জানিয়া গ্রহণ করিবে, সেই অধিকতর দগ্ধ হইবে।'

'এই প্রকারেই মহারাজ, যে না জানিয়া পাপকর্ম্ম করে, তাহারই পাপ অধিকতর।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

সশরীরে ব্রহ্মলোকাদি গমন।

২০ ৯। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, এমন কি কোন ব্যক্তি আছেন, যিনি এই শরীরে উত্তরকুরু, ব্রহ্মলোক, বা অপর কোন দ্বীপে যাইতে পারেন ?'

'হাঁ মহারাজ; এমন ব্যক্তি আছেন, যিনি চতুর্ম্মহাভূতোৎপন্ন এই শরীরে উত্তর-কুরু, ব্রহ্মলোক, বা অপর কোন দ্বীপে গমন করিতে পারেন ?'

'ভদন্ত নাগসেন, কি প্রকারে চতুর্ম্মহাভূতোৎপন্ন এই শরীরে উত্তরকুরু, ব্রহ্মলোক,

২৫ বা অপর কোন দ্বীপে গমন করিতে পারেন ?'

'অভিজানসি নু ত্বং মহারাজ, ইমিস্সা পঠবিয়া বিদত্থিং বা, রতনিং বা লঙ্ঘিতা'তি ?'

'আম ভন্তে, অভিজানামি ; অহং ভন্তে নাগসেন, অট্‌ঠ'পি রতনিয়ো লঙ্ঘামীতি।'

'কথং ত্বং মহারাজ, অট্‌ঠ'পি রতনিয়ো লঙ্ঘেসীতি ?'

'অহং হি ভন্তে, চিত্তং উপ্পাদেমি—এত্থ নিপতিস্সামীতি ; সহ চিত্তু'প্পাদেন কায়ো

৫ মে লহুকো হোতীতি।'

'এবমেব খো মহারাজ, ইদ্ধিমা ভিক্খু চেতোবসিপ্পত্তো কায়ং চিত্তে সমারোপেত্বা চিত্তবসেন বেহাসং গচ্ছতীতি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি।'

১০। রাজা আহ—'ভন্তে নাগসেন, তুম্হে এবং ভণথ—"অট্‌ঠিকানি দীঘানি

১০ যোজনসতিকানি'পীতি ;" রুক্খো'পি তাব ন'ত্থি যোজনসতিকো, কুতো পন অট্‌ঠিকানি দীঘানি যোজনসতিকানি ভবিস্সন্তীতি ?'

'মহারাজ, আপনি কি মনে করেন, আপনি কখন এক বিতস্তি, বা এক অরত্নি-প্রমাণ ভূমি উল্লঙ্ঘন করিয়াছেন ?'

'হাঁ ভদন্ত, মনে করি ; আমি অষ্ট অরত্নিও উল্লঙ্ঘন করিতে পারি।'

১৫ 'মহারাজ, আপনি কি প্রকারে অষ্ট অরত্নিও উল্লঙ্ঘন করেন ?'

'ভদন্ত নাগসেন, (উল্লঙ্ঘনের সময়) আমি সঙ্কল্প করি যে, এইস্থানে আমি পড়িব ; এবং সঙ্কল্প করার সঙ্গে আমার শরীর লঘু হইয়া যায়।'

'এই প্রকারই মহারাজ, বশীকৃতচিত্ত ঋদ্ধিমান্ ভিক্ষু শরীরকে চিত্তে সমারোপিত করিয়া চিত্তের দ্বারা আকাশে গমন করে।'

২০ 'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

দীর্ঘ অস্থি।

১০। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, আপনারা বলেন শত-যোজনও দীর্ঘ অস্থি-সমূহ আছে। কিন্তু বৃক্ষও ত শত যোজন দীর্ঘ হয় না, অস্থিসমূহ কিরূপে শত যোজন হইবে ?'

'তং কিম্মঞ্ঞসি মহারাজ ?—সুতং তে মহাসমুদ্দে পঞ্চযোজনসতিকা'পি মচ্ছা অত্থীতি ?'

'আম ভন্তে ; সুত'ন্তি।'

'ননু মহারাজ, পঞ্চযোজনসতিকস্স মচ্ছস্স অট্ঠিকানি দীঘানি ভবিস্সন্তি যোজন-
৫ সতিকানি'পীতি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি।'

১১। রাজা আহ—'ভন্তে নাগসেন, তুম্হে এবং ভণথ—"সক্কা অস্সাস-পস্সাসে নিরোধেতু'ন্তি।" '

'আম মহারাজ ; সক্কা অস্সাস-পস্সাসে নিরোধেতু'ন্তি।'

১০ 'কথং ভন্তে নাগসেন, সক্কা অস্সাস-পস্সাসে নিরোধেতু'ন্তি ?'

'তং কিম্মঞ্ঞসি মহারাজ ?—সুতপুব্বো তে কোচি কাকচ্ছমানো'তি ?'

'আম ভন্তে ; সুতপুব্বো'তি।'

'মহারাজ, আপনি কি মনে করেন ?—আপনি কি শুনিয়াছেন, মহাসমুদ্রে পঞ্চশত-যোজনও দীর্ঘ মৎস্যসমূহ আছে ?'

১৫ 'হাঁ ভদন্ত ; শুনিয়াছি।'

'মহারাজ, পঞ্চশত-যোজন দীর্ঘ মৎস্যসমূহের অস্থি শতযোজন দীর্ঘ হইবে।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

নিশ্বাস-প্রশ্বাসের নিরোধ।

১১। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, আপনারা এইরূপ বলেন যে, নিশ্বাস-
২০ প্রশ্বাসকে নিরুদ্ধ করিতে পারা যায় ?'

'হাঁ মহারাজ ; নিশ্বাস-প্রশ্বাসকে নিরুদ্ধ করিতে পারা যায়।'

'ভদন্ত নাগসেন, কি প্রকারে নিশ্বাস-প্রশ্বাসকে নিরুদ্ধ করিতে পারা যায় ?'

'মহারাজ, আপনি তাহা কি মনে করেন ?—আপনি কি পূর্ব্বে কোন পুরুষকে কর্কশ নাসিকা-শব্দ করিয়া শয়ন করিতে শুনিয়াছেন ?'

২৫ 'হাঁ ভদন্ত ; শুনিয়াছি।'

'কিন্নু খো মহারাজ, সো সদ্দো কায়ে নমিতে বিরমেয্যা'তি ?'

'আম ভন্তে ; বিরমেয্যা'তি।'

'সো হি নাম মহারাজ, সদ্দো অভাবিতকায়স্‌স অভাবিতসীলস্‌স অভাবিতচিত্তস্‌স অভাবিতপঞ্‌ঞস্‌স কায়ে নমিতে বিরমিস্‌সতি, কিম্পন ভাবিতকায়স্‌স ভাবিতসীলস্‌স ৫ ভাবিতচিত্তস্‌স ভাবিতপঞ্‌ঞস্‌স চতুত্থজ্ঝানং সমাপন্নস্‌স অস্‌সাস-পস্‌সাসা ন নিরুজ্ঝিস্‌সন্তীতি ?'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি !'

১২। রাজা আহ—'ভন্তে নাগসেন, সমুদ্দো সমুদ্দো'তি বুচ্চতি, কেন কারণেন উদকং সমুদ্দো'তি বুচ্চতী'তি ?'

১০ থেরো আহ—'যত্তকং মহারাজ, উদকং, তত্তকং লোণং ; যত্তকং লোণং, তত্তকং উদকং ; তস্মা সমুদ্দো'তি বুচ্চতীতি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি !'

'মহারাজ, শরীরকে যদি নত করা যায়, তবে কি সেই শব্দ থামিবে ?'

'হাঁ ভদন্ত ; থামিবে।'

১৫ 'মহারাজ, যে ব্যক্তি দেহ, শীল, চিত্ত ও প্রজ্ঞার ভাবনা করে নাই, কেবল দেহকে নত করিলে, তাহারও সেই শব্দ থামিয়া যাইবে ; আর যাহারা দেহ, শীল, চিত্ত ও প্রজ্ঞার ভাবনা করিয়াছেন, ও চতুর্থ-ধ্যান-সমাপন্ন হইয়াছেন, তাঁহাদের নিশ্বাস-প্রশ্বাস কি নিরুদ্ধ হইবে না ?'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !

২০

জলকে সমুদ্র বলা হয় কেন ?

১২। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, "সমুদ্র" "সমুদ্র" ত বলা হইয়া থাকে, কিন্তু কি জন্য জলকে "সমুদ্র" বলা হয় ?'

স্থবির কহিলেন—'মহারাজ, যত জল, তত লবণ ; এবং যত লবণ, তত জল ; সেইজন্য সমুদ্র বলা হয়।'

২৫ 'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

১৩। রাজা আহ—'ভন্তে নাগসেন, কেন কারণেন সমুদ্দো একরসো লোণ-রসো'তি ?'

'চিরসন্ঠিতত্তা খো মহারাজ, উদকস্স সমুদ্দো একরসো লোণরসো'তি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি !'

---

৫ ১৪। রাজা আহ—'ভন্তে নাগসেন, সক্কা সব্বং সুখুমং ছিন্দিতু'ন্তি ?'

'আম মহারাজ ; সক্কা সব্বং সুখুমং ছিন্দিতু'ন্তি।'

'কিম্পন ভন্তে, সব্বং সুখুম'ন্তি ?

'ধম্মো খো মহারাজ, সব্বসুখুমো ; ন খো মহারাজ, ধম্মা সব্বে সুখুমা ; সুখুম'ন্তি বা থূল'ন্তি বা মহারাজ, ধম্মানমেতমধিববচনং। যং কিঞ্চি ছিন্দিতব্বং সব্বং তং ১০ পঞ্ঞায় ছিন্দতি ; ন'ত্থি দুতিয়ং পঞ্ঞায় ছেদন'ন্তি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি !'

সমুদ্র কেবল লবণরসযুক্ত কেন ?

১৩। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, কি কারণে সমুদ্র একমাত্র লবণরস-বিশিষ্ট ?'

১৫ 'সমুদ্রে জল দীর্ঘকাল হইতে রহিয়াছে বলিয়া সমুদ্র একমাত্র লবণরস-বিশিষ্ট।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

সর্ব্বসূক্ষ্মকে ছেদন করা যায় কি না ?

১৪। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন সর্ব্বতোভাবে সূক্ষ্মকে ছেদন করিতে পারা যায় কি ?'

২০ 'হাঁ মহারাজ ; সর্ব্বসূক্ষ্মকেও ছেদন করিতে পারা যায়।'

'ভদন্ত, সর্ব্বসূক্ষ্ম কি ?'

'মহারাজ, ধর্ম্মই সর্ব্বসূক্ষ্ম ; কিন্তু সমস্ত ধর্ম্মই সর্ব্বসূক্ষ্ম নহে। সূক্ষ্ম বা স্থূল, ইহা ধর্ম্মসমূহের বিশেষণ। যাহা কিছু ছেদনের যোগ্য, তৎসমুদয়কে প্রজ্ঞা দ্বারা ছেদন করিতে হয় ; প্রজ্ঞার দ্বিতীয় কিছু ছেদন-সাধন নাই।'

২৫ 'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ !'

১৫। রাজা আহ—'ভন্তে নাগসেন, বিঞ্ঞাণ'ন্তি বা, পঞ্ঞা'তি বা, ভূতস্মিং জীবো'তি বা—ইমে ধম্মা নান'ত্থা চে'ব নানাব্যঞ্জনা চা'তি, উদাহু এক'ত্থা ব্যঞ্জনমেব নান'ন্তি ?'

'বিজাননলক্খণং মহারাজ, বিঞ্ঞাণং, পজাননলক্খণা পঞ্ঞা, ভূতস্মিং জীবো

৫ ন উপলব্ভতীতি।'

'যদি জীবো ন উপলব্ভতি, কো চরহি চক্খুনা রূপং পস্সতি, সোতেন সদ্দং সুণাতি, ঘাণেন গন্ধং ঘায়তি, জিব্হায় রসং সায়তি, কায়েন ফোট্ঠব্বং ফুসতি, মনসা ধম্মং বিজানাতীতি ?'

থেরো আহ—'যদি জীবো চক্খুনা রূপং পস্সতি,—পে—, মনসা ধম্মং বিজানাতি,

১০ সো জীবো চক্খুদ্বারেসু উপ্পাটিতেসু মহন্তেন আকাসেন বহিমুখো সুট্ঠুতরং রূপং পস্সেয্য, সোতেসু উপ্পাটিতেসু, ঘাণে উপ্পাটিতে, জিব্হায় উপ্পাটিতায়, কায়ে উপ্পাটিতে মহন্তেন আকাসেন সুট্ঠুতরং সদ্দং সুণেয্য, গন্ধং ঘায়েয্য, রসং সায়েয্য, ফোট্ঠব্বং ফুসেয্যা'তি ?'

বিজ্ঞান, প্রজ্ঞা ও জীব এক বা নানা ?

১৫ ১৫। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, বিজ্ঞান, প্রজ্ঞা, বা প্রাণীতে জীব—এই তিন ধর্ম্মের অর্থ পৃথক্, ও অক্ষরও (অর্থাৎ নাম) পৃথক্; অথবা অর্থ এক, অক্ষর পৃথক্ ?'

'মহারাজ, বিজ্ঞানের লক্ষণ এই যে, ইহার দ্বারা (বিষয়) জানা যায়; এবং প্রজ্ঞার লক্ষণ এই যে, ইহার দ্বারা বিবেক ও বিচার করা যায়; আর প্রাণীতে

২০ জীবের ত উপলব্ধিই হয় না।'

'যদি জীব উপলব্ধ না হয়, তবে কে চক্ষু দ্বারা রূপ দর্শন করে, কর্ণ দ্বারা শব্দ শ্রবণ করে, নাসিকা দ্বারা গন্ধ আঘ্রাণ করে, জিহ্বা দ্বারা রস আস্বাদন করে, শরীরের (ত্বকের) দ্বারা স্পর্শনীয় বস্তুকে স্পর্শ করে, ও মনের দ্বারা ধর্ম্মকে জানিতে পারে ?'

স্থবির কহিলেন—'যদি জীব চক্ষু দ্বারা রূপ দর্শন করে, ... ও মনের দ্বারা

২৫ ধর্ম্ম জানিতে পারে, তবে, সেই জীব চক্ষুর্দ্বার উৎপাটিত হইলে কি মহান্ অবকাশের দ্বারা বহির্মুখ হইয়া আরও ভাল করিয়া রূপ দর্শন করিবে ? এবং শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা ও শরীর (ত্বক্) উৎপাটিত হইলে কি মহান্ অবকাশের দ্বারা আরও ভাল করিয়া (যথাক্রমে) শব্দ শ্রবণ, গন্ধ গ্রহণ, রসাস্বাদন ও স্পর্শনীয় বস্তুকে স্পর্শ করিবে ?'

'নহি ভন্তে'তি।'

'তেন হি মহারাজ, ভূতস্মিং জীবো ন উপলব্ভতীতি।'

'কল্লো'সি ভন্তে নাগসেনা'তি!'

১৬। থেরো আহ—'দুক্করং মহারাজ, ভগবতা কত'ন্তি।'

৫ 'কিম্পন ভন্তে নাগসেন, ভগবতা দুক্করং কত'ন্তি?'

'দুক্করং মহারাজ, ভগবতা কতং—ইমেসং অরূপীনং চিত্ত-চেতসিকানং ধম্মানং একারম্মণে বত্তমানানং ববত্থানং অক্খাতং—অয়ং ফস্সো, অয়ং বেদনা, অয়ং সংঞ্ঞা, অয়ং চেতনা, ইদং চিত্ত'ন্তি।'

'ওপম্মং করোহীতি।'

১০ 'যথা মহারাজ, কোচিদেব পুরিসো নাবায় মহাসমুদ্দং অজ্ঝোগাহিত্বা হত্থপুটেন উদকং গহেত্বা, জিব্হায় সায়িত্বা জানেয্য নু খো মহারাজ, সো পুরিসো—ইদং গঙ্গায় উদকং, ইদং যমুনায় উদকং, ইদং অচিরবতিয়া উদকং, ইদং সরভুয়া উদকং, ইদং মহিয়া উদক'ন্তি?'

'না ভদন্ত।'

১৫ 'সেইজন্য মহারাজ, প্রাণীতে জীব উপলব্ধ হয় না।'

'ভদন্ত নাগসেন, আপনি দক্ষ!'

বুদ্ধের দুষ্কর সাধন।

১৬। স্থবির কহিলেন—'মহারাজ, ভগবান্ দুষ্কর কার্য্য করিয়াছেন।'

'ভদন্ত নাগসেন, ভগবান্ কি দুষ্কর করিয়াছেন?'

২০ 'মহারাজ, ভগবান্ এই দুষ্কর করিয়াছেন যে, তিনি এক আলম্বনে (বিষয়ে) বর্ত্তমান রূপহীন চিত্ত-চৈতসিক ধর্ম্মসমূহের ব্যবস্থাকে বলিয়া দিয়াছেন যে, এই স্পর্শ, এই বেদনা, এই সংজ্ঞা, এই চেতনা ও এই চিত্ত।'

'উপমা (প্রদান) করুন।'

'যেমন, মহারাজ, যদি কোন ব্যক্তি নৌকায় মহাসমুদ্রে অধ্যবগাহন করিয়া হস্ত-
২৫ পুটের দ্বারা জল গ্রহণপূর্ব্বক জিহ্বায় প্রদান করে, তবে কি সে জানিতে পারে যে, ইহা গঙ্গার জল, ইহা যমুনার জল, ইহা অচিরবতীর জল, ইহা শরভূর জল, ও ইহা মহীর জল?'

'দুক্করং ভন্তে জানিতু'ন্তি।'

'অতো দুক্করতরং খো মহারাজ, ভগবতা কতং—ইমেসং অরূপীনং চিত্ত-চেতসিকানং ধম্মানং একারম্মণে বত্তমানানং ববত্থানং অক্‌খাতং—অয়ং ফস্‌সো, অয়ং বেদনা, অয়ং সঞ্‌ঞা, অয়ং চেতনা, ইদং চিত্ত'ন্তি।'

৫ 'সুট্‌ঠু ভন্তে'তি' রাজা অব্‌ভনুমোদি।

সত্তমো বগ্‌গো।

১৭। থেরো আহ—'জানাসি খো মহারাজ, সম্পতি কা বেলা'তি?'

'আম ভন্তে, জানামি; সম্পতি পঠমো যামো অতিক্কন্তো, মজ্ঝিমো যামো বত্ততি, উক্কা পদীপিয়ন্তি, চত্তারি পটাকানি আণত্তানি, গমিস্‌সন্তি ভণ্ডতো রাজদেয্যা'তি।'

১০ যোনকা এবমাহংসু—'কল্লো'সি মহারাজ, পণ্ডিতো ভিক্‌খূ'তি।'

'আম ভণে, পণ্ডিতো থেরো; এদিসো আচরিয়ো ভবেয্য, মাদিসো চ অন্তেবাসী, নচিরস্‌সে'ব ধম্মং আজানেয্যা'তি।'

'ভদন্ত, ইহা জানা দুষ্কর।'

'মহারাজ, ভগবান্ ইহা হইতেও দুষ্করতর করিয়াছেন যে, তিনি এক আলম্বনে

১৫ বর্ত্তমান রূপহীন চিত্ত-চৈতসিক ধর্ম্মসমূহের ব্যবস্থাকে বলিয়া দিয়াছেন যে, ইহা স্পর্শ, ইহা বেদনা, ইহা সংজ্ঞা, ইহা চেতনা, ও এই চিত্ত।'

'সাধু ভদন্ত' বলিয়া রাজা তাহা অনুমোদন করিলেন।

ইতি সপ্তম বর্গ।

১৭। স্থবির কহিলেন—'মহারাজ, জানেন কি এখন বেলা কত হইয়াছে?'

২০ 'হাঁ ভদন্ত, জানি; এখন প্রথম প্রহর উত্তীর্ণ হইয়া দ্বিতীয় প্রহর হইয়াছে। উল্কা (মশাল) সকল প্রদীপ্ত করা হইতেছে, ও চারিটি পতাকা উত্তোলন করিবার জন্য আজ্ঞা প্রদান করা হইয়াছে। ভাণ্ডাগার হইতে রাজপ্রদেয় (দ্রব্য আপনার নিকটে) যাইবে।'

যবনেরা কহিলেন—'মহারাজ, আপনি দক্ষ! এই-ভিক্ষু পণ্ডিত।'

'হাঁ; আমিও বলি স্থবির পণ্ডিত। যদি ইঁহার মত আচার্য্য ও আমার ন্যায়

২৫ অন্তেবাসী হয়, তবে লোক পণ্ডিত হইয়া অবিলম্বে ধর্ম্ম জানিতে পারে।'

তস্স পঞ্হবেয্যাকরণেন তুট্ঠো রাজা থেরং নাগসেনং সতসহস্সগ্ঘনকেন কম্বলেন অচ্ছাদেত্বা—'ভন্তে নাগসেন, অজ্জতগ্গে তে অট্ঠসতং ভত্তং পঞ্ঞাপেমি; যং কিঞ্চি অন্তেপুরে কপ্পিয়ং তেন চ পবারেমীতি'—আহ।

'অলং মহারাজ, জীবামীতি।'

৫ 'জানামি ভন্তে নাগসেন, জীবসি; অপিচ অত্তানঞ্চ রক্খ, মমঞ্চ রক্খাহি। কথং অত্তানং রক্খসি? নাগসেনো মিলিন্দং রাজানং পসাদেসি, ন চ কিঞ্চি অলভীতি—পরাপবাদো আগচ্ছেয্যা'তি, এবং অত্তানং রক্খ। কথং মমং রক্খসি? মিলিন্দো রাজা পসন্নো পসন্নাকারং ন করোতীতি—পরাপবাদো আগচ্ছেয্যাতি; এবং মমং রক্খাহীতি।'

১০ 'তথা হোতু মহারাজা'তি।'

'সেয্যথাপি ভন্তে, সীহো মিগরাজা সুবণ্ণপঞ্জরে পক্খিত্তো'পি বহিমুখোযেব হোতি, এবমেব খো'হং ভন্তে, কিঞ্চাপি অগারং অজ্ঝাবসামি বহিমুখোয়েব পন অচ্ছামি।

রাজা স্থবিরের প্রশ্নোত্তর বিবরণে তুষ্ট হইয়া শত-সহস্র (কার্ষাপণ) মূল্যের কম্বলের দ্বারা তাঁহাকে আচ্ছাদিত করিয়া বলিলেন—'ভদন্ত নাগসেন, আমি আদেশ প্রদান

১৫ করিতেছি, আজ হইতে আপনি অষ্টশত জনের উপযুক্ত ভোজন প্রাপ্ত হইবেন; এবং নগরাভ্যন্তরে আপনার জন্য যাহা সম্পাদনীয় হইতে পারে, তাহাও বলিতে আপনাকে প্রার্থনা করিতেছি।'

'মহারাজ, তাহার প্রয়োজন নাই, আমার জীবন চলিয়া যাইতেছে।'

'ভদন্ত নাগসেন, আমি জানি যে, আপনার জীবন চলিয়া যাইতেছে; কিন্তু

২০ আপনি নিজেকে ও আমাকে রক্ষা করুন। নিজেকে রক্ষা করিতেছেন কি প্রকারে? নাগসেন মিলিন্দ রাজাকে প্রসন্ন করিয়াছিলেন; কিন্তু তথাপি তিনি কিছু লাভ করেন নাই—এই পরাপবাদ আসিতে পারে; এই প্রকারে নিজেকে রক্ষা করুন। এবং আমাকে রক্ষা করিতেছেন কি প্রকারে? মিলিন্দ রাজা প্রসন্ন হইয়া, (যে তাঁহাকে প্রসন্ন করে, তাহাকে) প্রসন্নাকার করেন না—এই পরাপবাদ আসিতে পারে; এই-

২৫ রূপে আমাকে রক্ষা করুন।'

'মহারাজ, তাহাই হউক।'

'ভদন্ত, মৃগরাজ সিংহ যেমন স্বর্ণপঞ্জরে স্থাপিত হইলেও বহির্মুখ হইয়া থাকে (অর্থাৎ বাহিরেই গমনোৎসুক থাকে), আমিও সেইরূপ গৃহে বাস করিলেও বহির্মুখ

সচে'হং ভন্তে অগারস্মা অনাগারিয়ং পব্‌বজেয্যং, ন চিরং জীবেয্যং, বহূ মে পচ্চত্থিকা'তি।'

অথ খো আয়স্মা নাগসেনো মিলিন্দস্‌স রঞ্‌ঞো পঞ্‌হং বিস্‌সজ্জেত্বা উট্‌ঠায়াসনা সঙ্ঘারামং অগমাসি।

---

৫ ১৮। অচির পক্কন্তে চ নাগসেনে মিলিন্দস্‌স রঞ্‌ঞো এতদহোসি—কিং ময়া পুচ্ছিতং, কিং ভদন্তেন বিস্‌সজ্জিত'ন্তি। অথ খো মিলিন্দস্‌স রঞ্‌ঞো এতদহোসি—সব্‌বং ময়া সুপুচ্ছিতং, সব্‌বং ভদন্তেন সুবিস্‌সজ্জিত'ন্তি। আয়স্মতো'পি নাগসেনস্‌স সঙ্ঘারামং গতস্‌স এতদহোসি—কিং মিলিন্দেন রঞ্‌ঞা পুচ্ছিতং, কিং ময়া বিস্‌সজ্জিত'ন্তি। অথ খো আয়স্মতো নাগসেনস্‌স এতদহোসি—সব্‌বং মিলিন্দেন
১০ রঞ্‌ঞা সুপুচ্ছিতং, সব্‌বং ময়া সুবিস্‌সজ্জিত'ন্তি।

অথ খো আয়স্মা নাগসেনো তস্‌সা রত্তিয়া অচ্চয়েন পুব্‌বণ্‌হসময়ং নিবাসেত্বা

হইয়াই আছি। কিন্তু ভদন্ত, যদি আমি আগার হইতে অনাগারিক প্রব্রজ্যা গ্রহণ করি, তবে আমি বহুদিন বাঁচিতে পারিব না ; কেননা, আমার প্রতিপক্ষ অনেক।'

অতঃপর আয়ুষ্মান্ নাগসেন, রাজা মিলিন্দের প্রশ্ন সমূহের উত্তর প্রদান করিয়া
১৫ আসন হইতে উত্থানপূর্ব্বক সঙ্ঘারামে (বৌদ্ধগণের উদ্যানরূপ নিবাসস্থানে) গমন করিলেন।

১৮। আয়ুষ্মান্ নাগসেনের গমনের অনতিপরেই রাজা মিলিন্দ মনে মনে ভাবিতে লাগিলেন যে, তিনি নাগসেনকে কি প্রশ্ন করিয়াছিলেন এবং তিনিই বা কি উত্তর দিয়াছিলেন ; ভাবিলেন যে, তিনি ভালরূপে প্রশ্ন করিয়াছিলেন, এবং নাগসেনও
২০ সমস্ত উত্তর ভালরূপ দিয়াছিলেন। আয়ুষ্মান্ নাগসেনও সঙ্ঘারামে আগমন করিয়া ভাবিতে লাগিলেন যে, মিলিন্দ রাজা তাঁহাকে কি প্রশ্ন করিয়াছিলেন, এবং তিনিই বা কি উত্তর প্রদান করিয়াছিলেন ; এবং পরে ভাবিলেন যে, রাজা মিলিন্দ সমস্ত প্রশ্নই তাঁহাকে ভালরূপে জিজ্ঞাসা করিয়াছিলেন, এবং তিনিও সমস্ত প্রশ্নের ভালরূপ উত্তর দিয়াছেন।

২৫ অনন্তর সেই রাত্রি অতীত হইলে, পূর্ব্বাহ্ন সময় আয়ুষ্মান্ নাগসেন, চীবর ধারণ

পত্তচীবরমাদায় যেন মিলিন্দস্‌স রঞ্‌ঞো নিবেসনং, তেনু'পসঙ্কমি ; উপসঙ্কমিত্বা পঞ্‌ঞত্তে আসনে নিসীদি। অথ খো মিলিন্দো রাজা আয়স্মন্তং নাগসেনং অভিবাদেত্বা একমন্তং নিসীদি। একমন্তং নিসন্নো খো মিলিন্দো রাজা আয়স্মন্তং নাগসেনমেতদবোচ—'মা খো ভদন্তস্‌স এবং অহোসি—নাগসেনো ময়া পঞ্‌হং
৫ পুচ্ছিতো'তি তেনে'ব সোমনস্‌সেন ন তং রত্তাবসেসং সুপীতি; ন তে এবং দট্‌ঠব্‌বং ; তস্‌স ময্‌হং ভন্তে তং রত্তাবসেসং এতদহোসি—কিং ময়া পুচ্ছিতং, কিং ভদন্তেন বিস্‌সজ্জিত'ন্তি ;—সব্‌বং ময়া সুপুচ্ছিতং সব্‌বং ভদন্তেন সুবিস্‌সজ্জিত'ন্তি।'

থেরো'পি এবমাহ—'মা খো মহারাজস্‌স এবং অহোসি—মিলিন্দস্‌স রঞ্‌ঞো ময়া পঞ্‌হো বিস্‌সজ্জিতো'তি তেনে'ব সোমনস্‌সেন তং রত্তাবাসেসং বীতিনামেসীতি ;
১০ ন তে এবং দট্‌ঠব্‌বং ; তস্‌স ময্‌হং মহারাজ, তং রত্তাবসেসং এতদহোসি—কিং মিলিন্দেন রঞ্‌ঞা পুচ্ছিতং, কিং ময়া বিস্‌সজ্জিত'ন্তি ;—সব্‌বং মিলিন্দেন রঞ্‌ঞা সুপুচ্ছিতং, সব্‌বং ময়া সুবিস্‌সজ্জিত'ন্তি।'

ইতি হ তে মহানাগা অঞ্‌ঞমঞ্‌ঞস্‌স সুভাসিতং সমনুমোদিংসূ'তি।

মিলিন্দপঞ্‌হানং পুচ্ছাবিস্‌সজ্জনা সমত্তা।

---

১৫ ও ভিক্ষাপাত্র গ্রহণ পূর্ব্বক রাজা মিলিন্দের নিকেতনে উপস্থিত হইয়া নির্দ্দিষ্ট আসনে উপবেশন করিলেন। রাজা মিলিন্দ তাঁহাকে অভিবাদন করিয়া এক পার্শ্বে উপবেশন করিলেন, ও তাঁহাকে বলিলেন —'ভদন্ত, আপনি মনে করিবেন না, আমি আপনাকে প্রশ্ন করিয়াছিলাম—এই সৌমনস্যে সেই অবশিষ্ট রাত্রিতে আমি নিদ্রা যাই নাই ; আপনি তাহা মনে করিবেন না ; সেই রাত্রিশেষে আমি চিন্তা করিতেছিলাম—আমি
২০ আপনাকে কি প্রশ্ন করিয়াছি, এবং আপনি কি উত্তর দিয়াছেন ; এবং মনে করি যে, আমি সমস্তই ভাল করিয়া জিজ্ঞাসা করিয়াছিলাম, এবং আপনিও সুন্দররূপে সমস্ত উত্তর প্রদান করিয়াছিলেন।'

স্থবিরও এইরূপ বলিলেন—'মহারাজ, আপনিও মনে করিবেন না যে, আমি রাজা মিলিন্দের প্রশ্ন সমূহের উত্তর দিয়াছি,—এই সৌমনস্যে অবশিষ্ট রাত্রি যাপন করিয়া-
২৫ ছিলাম ; আপনি তাহা মনে করিবেন না ; সেই রাত্রিশেষে আমি ভাবিতেছিলাম—রাজা মিলিন্দ কি প্রশ্ন করিয়াছেন, এবং আমি কি উত্তর দিয়াছি ; এবং মনে করি যে, রাজা মিলিন্দ সমস্তই ভাল করিয়া জিজ্ঞাসা করিয়াছেন, এবং আমিও সুন্দররূপে উত্তর দিয়াছি।'

এই প্রকারে সেই দুই মহাপুরুষ পরস্পরের সুভাষিতের অনুমোদন করিলেন।
৩০ মিলিন্দকৃত প্রশ্নসমূহের জিজ্ঞাসা ও তাহার উত্তর সমাপ্ত।

ইতি বিমতিচ্ছেদন প্রশ্ন।

১। ভস্সন্নবাদী বেতণ্ডী অতিবুদ্ধি বিচক্খণো।
মিলিন্দো ঞাণভেদায়-নাগসেনমুপাগমি ॥
বসন্তো তস্স ছায়ায় পরিপুচ্ছন্তো পুনপ্পুনং।
পভিন্নবুদ্ধি হুত্বান সো'পি আসী তিপেটকো ॥
নবঙ্গমনুমজ্জন্তো রত্তিভাগে রহোগতো।
অদ্দক্খি মেণ্ডকে পঞ্হে দুন্নিবেঠে সনিগ্গহে ॥
পরিয়ায়ভাসিতং অত্থি, অত্থি সন্ধায় ভাসিতং।
সভাবভাসিতং অত্থি ধম্মরাজস্স সাসনে ॥

চতুর্থ পরিচ্ছেদ।

১০

উভয়কোটিক প্রশ্ন।

প্রথম বর্গ।

মিলিন্দের ত্রিপিটক অধ্যয়ন।

১। জ্ঞানের বিকাশ হেতু অতিবুদ্ধিশালী
বৈতণ্ডিক বিচক্ষণ সম্ভাষণবেদী
১৫ মিলিন্দ আসিয়া নাগসেনের নিকটে
পার্শ্বে বসি' পুনঃপুনঃ লাগিলা পুছিতে ;
বুদ্ধির বিকাশ লাভ করিয়া তাহাতে
হইলেন রত ত্রিপিটক-অধ্যয়নে।
নিশায় নির্জ্জনে নব-অঙ্গ ত্রিপিটকে
২০ নিমগ্ন হইয়া তিনি দেখিলেন বহু
উভকোটি প্রশ্ন, যা'র উত্তর দুষ্কর,—
প্রতিবাদী যাহা হ'তে পায় পরাভব।
বিবিধ বচন ধর্ম্মরাজের শাসনে ;
বলে'ছেন কোন কথা বিবিধ-পর্য্যায়ে
২৫ কোন কথা কোন অভিপ্রায় সিদ্ধি তরে,
আছে বা কোনও কথা স্বভাব উল্লেখে।

তেসং অত্থং অবিঞ্ঞায় মেণ্ডকে জিনভাসিতে।
অনাগতম্‌হি অদ্ধানে বিগ্গহো তত্থ হেস্সতি॥
হন্দ কথিং পসাদেত্বা ছেজ্জাপেস্সামি মেণ্ডকে।
তস্স নিদ্দিট্ঠমগ্গেন নিদ্দিসিস্সন্ত্যনাগতে'তি॥

---

৫ ২। অথ খো মিলিন্দো রাজা পভাতায় রত্তিয়া, উগ্গতে অরুণে সীসং নহাত্বা সিরসি অঞ্জলিম্পগ্গহেত্বা অতীতানাগতপচ্চুপ্পন্নে সম্মাসম্বুদ্ধে অনুস্সরিত্বা অট্ঠ বতপদানি সমাদিয়ি—ইতো মে অনাগতানি সত্ত দিবসানি অট্ঠ গুণে সমাদিয়িত্বা তপো চরিতব্বো ভবিস্সতি; সো'হং চিন্নতপো সমানো আচরিয়ং আরাধেত্বা মেণ্ডকে পঞ্হে পুচ্ছিস্সামীতি। অথ খো মিলিন্দো রাজা পকতদুস্সযুগং অপনেত্বা ১০ আভরণানি চ ওমুঞ্চিত্বা কাসাবং নিবাসেত্বা মুণ্ডকপটিসীসকং সীসে পটিমুঞ্চিত্বা মুনিভাবমুপগন্ত্বা অট্ঠ গুণে সমাদিয়ি—ইমং সত্তাহং ময়া ন রাজ-অত্থো অনুসাসিতব্বো,

---

বুদ্ধের কথিত সেই প্রশ্ন সমূহের
অর্থ না জানিয়া পরে বিগ্রহ উঠিবে।—
(ভাবিয়া হৃদয়ে ইহা নৃপতি তখন
১৫ তাহার উপায় এই করিলেন স্থির—)
কথাপটু নাগসেনে প্রসন্ন করিয়া
ছিন্ন করাইব তাই সেই প্রশ্নকুল;
তাঁহার নির্দ্দিষ্ট মার্গে ভবিষ্যৎ কালে
জনগণ (ধর্ম্মপথ) নির্দ্দেশ করিবে।

---

২০ ২। অনন্তর রাত্রি প্রভাত ও অরুণ উদিত হইলে রাজা মিলিন্দ মস্তক পর্য্যন্ত স্নান করিয়া, মস্তকে অঞ্জলিবন্ধন-পূর্ব্বক অতীত, অনাগত ও বর্ত্তমান সম্যক্‌সংবুদ্ধগণকে অনুস্মরণ করিলেন; এবং অষ্টবিধ ব্রতপদ গ্রহণ করিয়া ভাবিলেন—অদ্য হইতে আগামী এক সপ্তাহ পর্য্যন্ত (বক্ষ্যমাণ) অষ্টবিধ গুণ গ্রহণ পূর্ব্বক আমাকে তপস্যা করিতে হইবে; তপশ্চাচরণ করিয়া আরাধনাপূর্ব্বক আচার্য্যকে উভয়-২৫ কোটিক (মেণ্ডক) প্রশ্ন সমূহ জিজ্ঞাসা করিব।' এই ভাবিয়া তাঁহার সাধারণ বসন-যুগল অপনয়ন ও আভরণ সমূহ অবমোচন পূর্ব্বক কাষায়বসন ও শ্রমণজনোচিত উষ্ণীষ ধারণ করিয়া মুনিভাব অবলম্বন করিলেন ও এই অষ্টগুণ গ্রহণ করিলেন :—'আমি এই

ন রাগূ'পসংহিতং চিত্তং উপ্পাদেতব্বং, ন দোসূ'পসংহিতং চিত্তং উপ্পাদিতব্বং, ন মোহূ'পসংহিতং চিত্তং উপ্পাদেতব্বং, দাস-কম্মকর-পোরিস-জনে'পি নিবাতবুত্তিনা ভবিতব্বং, কায়িকং বাচসিকং অনুরক্খিতব্বং, ছ'পি আয়তনানি নিরবসেসতো অনুরক্খিতব্বানি, মেত্তাভাবনায় মানসং পক্খিপিতব্ব'ন্তি। ইমে অট্ঠগুণে সমা-
৫ দিয়িত্বা তেস্বেব অট্ঠগুণেসু মানসং পতিট্ঠপেত্বা বহি অনিক্খমিত্বা সত্তাহং বীতিনামেত্বা অট্ঠমে দিবসে পভাতায় রত্তিয়া পগে'ব পাতরাসং কত্বা ওক্খিত্তচক্খু মিতভাণী সুসণ্ঠিতেন ইরিয়াপথেন অবিক্খিত্তেন চিত্তেন হট্ঠেন উদগ্গেন বিপ্পসন্নেন থেরং নাগসেনং উপসঙ্কমিত্বা থেরস্স পাদে সিরসা বন্দিত্বা একমন্তং ঠিতো ইদমবোচ :—

১০ ৩। 'অত্থি মে ভন্তে নাগসেন, কোচি অত্থো তুম্হেহি সদ্ধিং মন্তয়িতব্বো ; ন তত্থ অঞ্ঞো কোচি ততিয়ো ইচ্ছিতব্বো, সুঞ্ঞে ওকাসে পবিবিত্তে অরঞ্ঞে অট্ঠ'ঙ্গূ'পাগতে সমণসারুপ্পে তত্থ স পঞ্হো পুচ্ছিতব্বো ভবিস্সতি। তত্থ মে গুয়্হং ন কাতব্বং, ন রহস্সকং ; অরহাম'হং রহস্সকং সুণিতুং সুমন্তণে উপগতে।

সপ্তাহকাল কোন রাজকীয় বিষয় অনুশাসন করিব না ; চিত্তকে আমার রাগ, দ্বেষ ও
১৫ মোহে আবিষ্ট করিব না ; দাস, কর্ম্মকর ও অপর লোকদিগেরও প্রতি আমাকে শান্ত ব্যবহার করিতে হইবে ; কায়িক ও বাচিক কার্য্য সকলকে রক্ষা করিতে হইবে ; ছয় ইন্দ্রিয়কে সর্ব্বপ্রকারে রক্ষা করিতে হইবে (যেন কোনরূপে স্খলিত না হয়) ; এবং মৈত্রী ভাবনায় মনকে নিযুক্ত করিতে হইবে।' তিনি এইরূপে সেই অষ্ট গুণ গ্রহণ করিয়া ও তাহাতেই চিত্তকে প্রতিষ্ঠিত করিয়া, এবং বহির্গত না হইয়া, সপ্তাহকাল
২০ অতিবাহনপূর্ব্বক অষ্টম দিবসে রাত্রি প্রভাত হইলে প্রাতঃকালেই (অথবা পূর্ব্বেই) প্রাতরাশ গ্রহণ করিলেন ; এবং অবনত-নয়ন ও মিতভাষী হইয়া সদাচারে হৃষ্ট-প্রসন্ন ও উন্নত-অবিক্ষিপ্ত হৃদয়ে স্থবিরের নিকটে গমন করিয়া মস্তক দ্বারা তাঁহার পাদবন্দনা পূর্ব্বক এক পার্শ্বে উপবেশন করিলেন, এবং বলিলেন :—

মিলিন্দের নির্জ্জনে প্রশ্ন করিবার ইচ্ছা।

২৫ ৩। 'ভদন্ত নাগসেন, আপনার সহিত আমার কোন বিষয় মন্ত্রণা করিতে হইবে ; তাহাতে তৃতীয় ব্যক্তি (উপস্থিত থাকে, ইহা) অভিলষিত নহে। কোন শূন্য অব-কাশ-স্থানে, বা শ্রমণজনানুরূপ অষ্টাঙ্গযুক্ত কোন নির্জ্জন অরণ্যে সেই প্রশ্ন জিজ্ঞাসা করিতে হইবে। সেখানে আমার নিকট কিছু গোপন করিবেন না, কোন রহস্য (রক্ষা)

উপমায'পি সো অত্থো উপপরিক্খিতব্বো; যথা কিং বিয়? যথা নাম ভন্তে নাগসেন, মহাপঠবী নিক্খেপং অরহতি নিক্খেপে উপগতে, এবমেব খো ভন্তে নাগসেন, অরহাম'হং রহস্সকং সুণিতুং সুমন্তণে উপগতে'তি।'

৪। গুরুণাপি সহ পবিবিত্ত'পবনং পবিসিত্বা ইদমবোচ—'ভন্তে নাগসেন, ইধ
৫ পুরিসেন মন্তয়িতুকামেন অট্ঠ-ট্ঠানানি পরিবজ্জয়িতব্বানি ভবন্তি; ন তেসু ঠানেসু বিঞ্ঞূ পুরিসো অত্থং মন্তেতি, মন্তিতো'পি অত্থো পরিপততি, ন সম্ভবতি। কতমানি অট্ঠ-ট্ঠানানি? বিসমট্ঠানং পরিবজ্জনীয়ং, সভয়ং পরিবজ্জনীয়ং, অতিবাতট্ঠানং পরিবজ্জনীয়ং, পটিচ্ছন্নট্ঠানং পরিবজ্জনীয়ং, দেবট্ঠানং পরিবজ্জনীয়ং, পন্থো পরিবজ্জনীয়ো, সঙ্কমো পরিবজ্জনীয়ো, উদকতিত্থং পরিবজ্জনীয়ং,—ইমানি
১০ অট্ঠ-ট্ঠানানি পরিবজ্জনীয়ানীতি।'

থেরো আহ—'কো দোসো বিসমট্ঠানে, সভয়ে, অতিবাতে, পটিচ্ছন্নে, দেবট্ঠানে, পন্থে, সঙ্কমে, উদকতিত্থে'তি?'

করিবেন না; সুমন্ত্রণা উপস্থিত হইলে আমি রহস্য শুনিবার যোগ্য। উপমা দ্বারাও এই বিষয়টি পরীক্ষণীয়; কেমন? ভদন্ত নাগসেন, ধন মাটিতে নিক্ষিপ্ত করিয়া
১৫ রাখিতে হইলে, পৃথিবী যেমন সেই নিক্ষেপের যোগ্য হয়, সেইরূপই সুমন্ত্রণা উপস্থিত হইলে আমি রহস্য জানিবার যোগ্য।'

মন্ত্রণার স্থান।

৪। অতঃপর তিনি গুরুর (নাগসেনের) সহিত এক সুনির্জ্জন উপবনে প্রবেশ করিয়া বলিলেন—'ভদন্ত নাগসেন, মন্ত্রণা করিতে ইচ্ছা করিলে লোকের এই অষ্ট স্থান
২০ পরিবর্জ্জন করা উচিত, সেই সমস্ত স্থানে বিজ্ঞ পুরুষ মন্ত্রণা করিতে পারেন না, বা করিলেও তাহা পতিত (অর্থাৎ বিনষ্ট) হইয়া যায়, এবং (তাহাতে কোন অর্থ নিশ্চয়) সম্ভব হয় না। সেই অষ্ট স্থান কি কি? বিষম (উন্নতাবনত, অসমান) স্থান, সভয়-স্থান, অতিবাত-স্থান, প্রতিচ্ছন্ন-স্থান, দেব-স্থান, পন্থা ও উদকতীর্থ (জলের ঘাট),—এই অষ্ট স্থান পরিবর্জ্জন করা উচিত।'
২৫ স্থবির কহিলেন—'বিষম, সভয়, অতিবাত, প্রতিচ্ছন্ন, দেবস্থান, পন্থা ও উদকতীর্থে (মন্ত্রণা করিলে) দোষ কি?'

'বিসমে ভন্তে নাগসেন, অত্থো বিকিরতি বিধমতি পগ্ঘরতি, ন সম্ভবতি ; সভয়ে মনো সন্তসতি, সন্তসিতো ন সম্মা অত্থং সমনুপস্সতি ; অতিবাতে সদ্দো অভিভূতো ভবতি ; পটিচ্ছন্নে উপস্সুতিং তিট্‌ঠন্তি ; দেবট্‌ঠানে মন্তিতো অত্থো গরুকং পরিণমতি; পন্থে মন্তিতো অত্থো তুচ্ছো ভবতি ; সঙ্কমে চলাচলো ভবতি ; উদকতিত্থে পাকটো ৫ ভবতি। ভবতীহ—

"বিসমং সভয়ং অতিবাতো পটিচ্ছন্নং দেবনিস্সিতং।
পন্থো চ সঙ্কমো তিত্থং অট্‌ঠে'তে পরিবজ্জয়া'তি ॥" '

৫। 'ভন্তে নাগসেন, অট্‌ঠি'মে পুগ্গলা মন্তিয়মানা মন্তিতং অত্থং ব্যাপাদেন্তি ; কতমে অট্‌ঠ ? রাগচরিতো, দোসচরিতো, মোহচরিতো, মানচরিতো, লুদ্ধো, অলসো, ১০ একচিন্তী, বালো'তি,—ইমে অট্‌ঠ পুগ্গলা মন্তিতং অত্থং ব্যাপাদেন্তি।'

রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, বিষম স্থানে মন্ত্রণার অর্থ (বিষয়) বিক্ষিপ্ত হইয়া যায়, বহু শব্দ উচ্চারণ করিতে হয়, এবং তাহা বিস্তীর্ণ হইয়া যায়; (তাহাতে অর্থ নিশ্চয়) সম্ভব হয় না। সভয় স্থানে অত্যন্ত ভয় হয় ; ভয় হইলে যথাযথরূপে বিষয়ের অনুসরণ-পূর্ব্বক আলোচনা হয় না। অতিবাত-স্থানে শব্দ অভিভূত (অর্থাৎ অস্পষ্ট) হয়। ১৫ প্রতিচ্ছন্ন-স্থানে (কেহ কেহ গোপনে ঐ মন্ত্রণা) শুনিবার জন্য উপস্থিত হয়। দেব-স্থানে মন্ত্রিত বিষয় গুরুরূপে পরিণত হয়। পথে মন্ত্রিত অর্থ তুচ্ছ হয়, দুর্গম-স্থানে তাহা চলাচল (অস্থির) হয়, এবং উদকতীর্থে (ঘাটে) তাহা প্রকাশিত হইয়া পড়ে। উক্ত হইয়া থাকে—

"বিষম, সভয়, অতিবাত, প্রতিচ্ছন্ন,
২০ দুর্গম, দেবতাশ্রিত, পথ, আর তীর্থ,—
এই অষ্ট (-বিধ স্থান মন্ত্রণাসময়ে
যতন করিয়া) তুমি বর্জ্জন করিবে।" '

মন্ত্রণার অনুপযুক্ত ব্যক্তি।

৫। 'ভদন্ত নাগসেন, এই আট জন মন্ত্রণা করিতে প্রবৃত্ত হইয়া মন্ত্রিত বিষয়কে ২৫ নষ্ট করে। এই আট জন কে কে ? রাগযুক্ত, দ্বেষযুক্ত, মোহযুক্ত, মানী, লুব্ধ, অলস, একচিন্তী (অর্থাৎ যে একটি মাত্র চিন্তা করে,) ও মূর্খ,—এই আটজন মন্ত্রিত বিষয়কে নষ্ট করে।'

'তেসং কো দোসো'তি ?'

'রাগচরিতো ভন্তে নাগসেন, রাগবসেন মন্তিতং অত্থং ব্যাপাদেতি, দোসচরিতো দোসবসেন মন্তিতং অত্থং ব্যাপাদেতি, মোহচরিতো মোহবসেন মন্তিতং অত্থং ব্যাপাদেতি, মানচরিতো মানবসেন মন্তিতং অত্থং ব্যাপাদেতি, লুদ্ধো লোভবসেন মন্তিতং ৫ অত্থং ব্যাপাদেতি, অলসো অলসতায় মন্তিতং অত্থং ব্যাপাদেতি, একচিন্তী একচিন্তিতায় মন্তিতং অত্থং ব্যাপাদেতি, বালো বালতয়া মন্তিতং অত্থং ব্যাপাদেতি। ভবতীহ—

"রত্তো দুট্‌ঠো ব মূল্‌হো চ মানী লুদ্ধো তথালসো।
একচিন্তী চ বালো চ এতে অত্থবিনাসকা'তি॥" '

১০ ৬। 'ভন্তে নাগসেন, নবি'মে পুগ্‌গলা মন্তিতং গুয়্‌হং বিবরন্তি, ন ধারেন্তি; কতমে নব? রাগচরিতো, দোসচরিতো, মোহচরিতো, ভীরুকো, আমিসগরুকো, ইত্থী, সোণ্ডো, পণ্ডকো, দারকো'তি।'

থেরো আহ—'তেসং কো দোসো'তি ?'

স্থবির কহিলেন—'তাহাদের দোষ কি ?'

১৫ 'রাগযুক্ত রাগের বশে, দ্বেষযুক্ত দ্বেষের বশে, মোহযুক্ত মোহের বশে, মানী মানের বশে, লুব্ধ লোভের বশে, অলস আলস্য বশে, একচিন্তী কেবল একটিমাত্র চিন্তায়, এবং মূর্খ মূর্খতাবশে মন্ত্রিত বিষয়কে নষ্ট করে। উক্ত হইয়া থাকে :—

"রাগবান্, দ্বেষবান্, মোহবান্, মানী,
লোভী, অলসতাযুক্ত, একচিন্তাকারী,
২০ আর এক মূর্খ,—এই সকল মানব
বিনাশ করিয়া ফেলে (মন্ত্রিত) বিষয়।" '

রহস্য রক্ষার অনুপযুক্ত ব্যক্তি।

৬। 'ভদন্ত নাগসেন, এই নয় জন ব্যক্তি মন্ত্রিত রহস্য প্রকাশ করিয়া দেয়, ধারণ করিতে পারে না। ইহারা কে কে ? রাগযুক্ত, দ্বেষযুক্ত, মোহযুক্ত, ভীরু, ২৫ অন্নাদিপ্রিয়, স্ত্রী, শৌণ্ডিক (অর্থাৎ সুরাপায়ী), ক্লীব ও বালক।'

স্থবির কহিলেন—'তাহাদের দোষ কি ?'

'রাগচরিতো ভন্তে নাগসেন, রাগবসেন মন্তিতং গুয্হং বিবরতি, ন ধারেতি ; দুট্ঠো দোসবসেন মন্তিতং গুয্হং বিবরতি, ন ধারেতি ; মূল্হো মোহবসেন মন্তিতং গুয্হং বিবরতি, ন ধারেতি ; ভীরুকো ভয়বসেন মন্তিতং গুয্হং বিবরতি, ন ধারেতি ; আমিস-গরুকো আমিসহেতু মন্তিতং গুয্হং বিবরতি, ন ধারেতি ; ইত্থী ইত্তরতায় মন্তিতং ৫ গুয্হং বিবরতি, ন ধারেতি ; সোণ্ডকো সুরালোলতয়া মন্তিতং গুয্হং বিবরতি, ন ধারেতি ; পণ্ডকো অনেকংসিকতায় মন্তিতং গুয্হং বিবরতি, ন ধারেতি ; দারকো চপলতায় মন্তিতং গুয্হং বিবরতি, ন ধারেতি। ভবতীহ—

"রত্তো দুট্ঠো চ মূল্হো চ ভীরু আমিসচক্খুকো।
ইত্থী সোণ্ডো পণ্ডকো চ নবমো ভবতি দারকো॥
১০ নবে'তে পুগ্গলা লোকে ইত্তরা চলিতা চলা।
এতেহি মন্তিতং গুয্হং খিপ্পং ভবতি পাকট'ন্তি॥" '

৭। 'ভন্তে নাগসেন, অট্ঠহি কারণেহি বুদ্ধি পরিণমতি, পরিপাকং গচ্ছতি ; কতমেহি অট্ঠহি ? বয়পরিণামেন বুদ্ধি পরিণমতি, পরিপাকং গচ্ছতি ; যসপরিণামেন

'ভদন্ত নাগসেন, রাগযুক্ত রাগবশে, দ্বেষযুক্ত দ্বেষবশে, মোহযুক্ত মোহবশে, ভীরু ১৫ ভয়বশে, অন্নাদিগৃধ্নু অন্নাদিহেতু, স্ত্রী নিকৃষ্টত্ব-(অথবা অসতীত্ব) হেতু, ক্লীব অসম্পূর্ণতা-হেতু, ও বালক চপলতা-হেতু মন্ত্রিত রহস্যকে প্রকাশ করিয়া দেয়, ধারণ করিতে পারে না। উক্ত হইয়া থাকে :—

"রাগযুক্ত, দ্বেষযুক্ত, মোহযুক্ত, ভীরু,
অন্নাদিলোলুপ, স্ত্রী, সুরাপানকারী,
২০ ক্লীব ও বালক,—এই নয় জন লোক
(সহজে) চলিত হয়, নিকৃষ্ট চঞ্চল।
ইহাদের সহ কোন মন্ত্রিত রহস্য,
ত্বরিত গতিতে হ'য়ে পড়ে প্রকাশিত।" '

---

২৫ ## বুদ্ধি-পরিপক্কতার কারণ।

৭। 'ভদন্ত নাগসেন, আট কারণে বুদ্ধি পরিণত হয়—পরিপক্ক হয়। কোন্ আট কারণে ? বয়সের পরিণামে, যশের পরিণামে, পরিপৃচ্ছায় (অর্থাৎ পুনঃ প্রশ্নে),

বুদ্ধি পরিণমতি, পরিপাকং গচ্ছতি; পরিপুচ্ছায় বুদ্ধি পরিণমতি, পরিপাকং গচ্ছতি; তিত্থসংবাসেন বুদ্ধি পরিণমতি, পরিপাকং গচ্ছতি; যোনিসো মনসিকারেন বুদ্ধি পরিণমতি, পরিপাকং গচ্ছতি; সাকচ্ছায় বুদ্ধি পরিণমতি, পরিপাকং গচ্ছতি; স্নেহূ'পসেবনবসেন বুদ্ধি পরিণমতি, পরিপাকং গচ্ছতি; পটিরূপদেসবাসেন বুদ্ধি পরিণমতি, ৫ পরিপাকং গচ্ছতি। ভবতীহ :—

"বয়েন যস-পুচ্ছাহি তিত্থবাসেন যোনিসো।
সাকচ্ছা স্নেহসংবাসা পতিরূপবসেন চ ॥
এতানি অট্ঠ ঠানানি বুদ্ধিবিসদকারকা।
যেসং এতানি সম্ভোন্তি তেসং বুদ্ধি পভিজ্জতীতি ॥"

---

১০ ৮। 'ভন্তে নাগসেন, অয়ং ভূমিভাগো অট্ঠমন্তদোসবিবজ্জিতো। অহঞ্চ লোকে পরমো মন্তিসহায়ো, গুয্হমনুরক্খী চাহং; যাবাহং জীবিস্সামি, তাব গুয্হমনুরক্খিস্সামি। অট্ঠহি চ মে কারণেহি বুদ্ধি পরিণামং গতা। দুল্লভো এতরহি মাদিসো অন্তেবাসী।

আচার্য্যের সহিত বাস করায়, কারণানুসন্ধান পূর্ব্বক মনে চিন্তা করায়, পরস্পর ১৫ সম্ভাষণে, স্নেহপূর্ব্বক সেবন করায়, ও অনুরূপ দেশে বাস করায় বুদ্ধি পরিণত হয়— পরিপক্ক হয়। উক্ত হইয়া থাকে :—

"বয়স, কীরিতি, প্রশ্ন, আচার্য্যের সহ
বসতি, চিন্তন, পরস্পরে আলপন,
সস্নেহ-সেবন, আর অনুরূপ স্থল—
২০ বুদ্ধির বৈশদ্য-কর এই আট হয়।
এই সমুদয় (হেতু) ঘটে যাহাদের
হ'য়ে থাকে তাহাদের বুদ্ধির উদ্ভেদ।"

শিষ্যের প্রতি আচার্য্যের কর্ত্তব্য।

৮। 'ভদন্ত নাগসেন, এই ভূমিভাগ অষ্টবিধ মন্ত্রণ দোষ-বিবর্জ্জিত; আমিও লোকে ২৫ মন্ত্রণাকারিগণের একজন পরম সহায়, এবং আমি রহস্য রক্ষা করিয়া থাকি, আমি যত দিন বাঁচিব রহস্য রক্ষা করিব, এবং অষ্ট কারণে আমার বুদ্ধি পরিণত হইয়াছে। এ সময়ে আমার ন্যায় অন্তেবাসী দুর্লভ।

সম্মা পটিপন্নে অন্তেবাসিকে যে আচরিযানং পঞ্চবীসতি আচরিয়গুণা, তে হি গুণেহি আচরিয়েন সম্মা পটিপজ্জিতব্বং। কতমে পঞ্চবীসতি গুণা? ইধ ভন্তে আচরিয়েন অন্তেবাসিম্হি সততং সমিতং আরক্খা উপট্‌ঠপেতব্বা, অসেবন-সেবনা জানিতব্বা, পমত্তাপ্পমত্ততা জানিতব্বা, সেয্যাকাসো জানিতব্বো, গেলঞ্ঞং জানিতব্বং
৫ বিসেসো জানিতব্বো, পত্তগতং সংবিভজিতব্বং, অস্সাসেতব্বো—"মা ভায়ি, অত্থো তে অভিক্কমতীতি," ইমিনা পুগ্‌গলেন পটিচরতীতি পটিচারো জানিতব্বো, গামে পটিচারো জানিতব্বো, বিহারে পটিচারো জানিতব্বো, ন তেন সহ সল্লাপো কাতব্বো, ছিদ্দং দিস্বা অধিবাসেতব্বং, সক্কচ্চকারিনা ভবিতব্বং, অখণ্ডকারিনা ভবিতব্বং; অরহস্সকারিনা ভবিতব্বং, নিরবসেসকারিনা ভবিতব্বং, জনেমি'মং
১০ সিপ্পেস্'তি—জনকচিত্তং উপট্‌ঠপেতব্বং, কথং অয়ং ন পরিহায়েয্যা'তি—বড্‌ঢিচিত্তং উপট্‌ঠপেতব্বং, বলবং ইমং করোমি সিক্‌খাবলেনা'তি—চিত্তং উপট্‌ঠপেতব্বং,

---

সম্যক্-আচরণ-যুক্ত অন্তেবাসীর প্রতি আচার্য্যগণের যে পঞ্চবিংশতি গুণ উক্ত হইয়াছে, আচার্য্যগণের তৎসমুদয় গুণে সম্যক্‌রূপে আচরণ করা উচিত। পঞ্চবিংশতি গুণ কি কি? আচার্য্য অন্তেবাসীকে নিয়ত অবিচ্ছেদে রক্ষা করিবেন; তিনি
১৫ জানিবেন যে, সে কি সেবন বা কি অসেবন করিতেছে, কোথায় প্রমত্ত, কোথায় বা অপ্রমত্ত থাকিতেছে, কখন সে শয়ন করিতেছে, তাহার কোন ব্যাধি হইয়াছে কি না, সে ভোজন প্রাপ্ত হইয়াছে কি না, এবং কি পরিমাণই বা প্রাপ্ত হইয়াছে; তিনি তাহার ভিক্ষাপ্রাপ্ত পাত্রগত বস্তুকে বিভাগ করিয়া উভয়ে গ্রহণ করিবেন; "ভয় করিও না, তোমার প্রয়োজন-সিদ্ধি অগ্রসর হইতেছে"—এই বলিয়া তাহাকে
২০ আশ্বাস দিবেন; "সে এই লোকের সহিত পরিভ্রমণ করিতেছে"—এইরূপে তাহার পরিভ্রমণ জানিবেন, তাহার গ্রাম-পরিভ্রমণ জানিবেন, বিহারে পরিভ্রমণ জানিবেন; তাহার সহিত সংলাপ (অর্থাৎ ফাজলামি) করিবেন না; কোন অপরাধ দেখিলে তাহা সহ্য করিবেন; তাহার সম্বন্ধে সৎ কার্য্য করিবেন; তাহাকে অখণ্ড (সম্পূর্ণ) শিক্ষা দিবেন; তাহার যোগ্যত্ব সম্পাদন করিবেন; ও নিরবশেষ সমস্তই শিক্ষা দিবেন; 'আমি ইহাকে বিদ্যা-
২৫ বিষয়ে জন্ম প্রদান করিব'—এইরূপ জনকের চিত্ত তাহার উপরে স্থাপন করিবেন; 'এ কি প্রকারে অবনতি প্রাপ্ত হইবে না'—এই ভাবিয়া তাহার উন্নতির জন্য চিন্তা করিবেন; তিনি মনে এই করিবেন যে, ইহাকে আমি শিক্ষাবলে বলবান্ করিব; তাহার উপর মৈত্রীর হৃদয় স্থাপন করিবেন; বিপদে তাহাকে পরিত্যাগ করিবেন না; কর্ত্তব্য

মেত্তচিত্তং উপট্‌ঠপেতব্বং, আপদাসু ন বিজহিতব্বং, করণীয়ে ন-প্পমজ্জিতব্বং, খলিতে ধম্মেন পগ্‌গহিতব্বো।—ইমে খো ভন্তে, পঞ্চবীসতি আচরিয়স্‌স আচরিয়-গুণা, তেহি গুণেহি ময়ি সম্মা পটিপজ্জস্‌সু। সংসয়ো মে ভন্তে, উপ্পন্নো। অত্থি মেণ্ডকপঞ্‌হা জিনভাসিতা, অনাগতে অদ্ধানে তথ বিগ্‌গহো উপ্পজ্জিস্‌সতি,
৫ অনাগতে চ অদ্ধানে দুল্লভা ভবিস্‌সন্তি তুম্‌হাদিসা বুদ্ধিমন্তো; তেসু মে পঞ্‌হেসু চক্খুং দেহি পরবাদানং নিগ্‌গহায়া'তি।'

৯। থেরো 'সাধূ'তি সমপটি'চ্ছিত্বা দস উপাসকস্‌স উপাসকগুণে পরিদীপেসি—'দস ইমে মহারাজ, উপাসকস্‌স উপাসকগুণা; কতমে দস? ইধ মহারাজ, উপাসকো সঙ্ঘেন সমান-সুখদুক্‌খো হোতি, ধম্মাধিপতেয্যো হোতি, যথাবলং সংবিভাগরতো
১০ হোতি, জিনসাসনপরিহানিং দিস্বা অভিবড্‌ঢিয়া বায়মতি, সম্মাদিট্‌ঠিকো হোতি, অপগতকোতুহলমঙ্গলিকো জীবিতহেতু'পি ন অঞ্‌ঞং সত্থারং উদ্দিসতি, কায়িকং

কার্য্য মার্জ্জনা করিবেন না; এবং কোন স্খলন হইলে তাহা হইতে তাহাকে আকর্ষণ করিয়া রাখিবেন। ভদন্ত, আচার্য্যের পঞ্চবিংশতি আচার্য্য-গুণ এই; আপনি আমার-প্রতি এই সমস্তগুণে সম্যক্ আচরণ করুন। ভদন্ত, আমার সংশয় উপস্থিত হইয়াছে;
১৫ জিনভাষিত উভয়-কোটিক প্রশ্ন সমূহ আছে, ভবিষ্যৎকালে ইহাতে বিগ্রহ উপস্থিত হইবে, তখন আপনাদের ন্যায় বুদ্ধিমান্ লোক দুর্লভ হইবেন, পরকীয় বাদসমূহের নিগ্রহের জন্য আপনি সেই সকল প্রশ্নে আমাকে চক্ষু দান করুন।'

দশবিধ উপাসক গুণ।

৯। স্থবির 'সাধু' বলিয়া তাহা অঙ্গীকার করিয়া উপাসকের দশবিধ উপাসক-গুণ
২০ প্রকাশ করিলেন:—'মহারাজ, উপাসকের এই দশ উপাসক-গুণ আছে। কি কি দশ? মহারাজ, উপাসককে সঙ্ঘের সহিত সম-সুখদুঃখ-ভাগী হইতে হইবে, ধর্ম্মকে অধিপতিরূপে গ্রহণ করিতে হইবে, যথাশক্তি সংবিভাগরত অর্থাৎ প্রাপ্ত বস্তুর ভাগ অপরকেও দিবার জন্য অনুরাগী হইতে হইবে, জিন-শাসনের হানি দেখিলে অভিবৃদ্ধির জন্য উদ্যম করিতে হইবে, সম্যক্ দর্শনশীল হইবে, মাঙ্গলিক বস্তু ব্যবহারে কৌতূহল ত্যাগ

বাচসিকঞ্চ'স্স রক্খিতং হোতি, সমগ্গারামো হোতি সমগ্গরতো, অনুস্সুয্যকো হোতি, ন চ কুহনবসেন সাসনে চরতি, বুদ্ধং সরণং গতো হোতি, ধম্মং সরণং গতো হোতি, সঙ্ঘং সরণং গতো হোতি।—ইমে খো মহারাজ, দস উপাসকস্স উপাসক-গুণা; তে সব্বে গুণা তয়ি সংবিজ্জন্তি। তং তে যুত্তং পত্তং অনুচ্ছবিকং পতিরূপং, যং ত্বং জিনসাসন-পরিহানিং দিস্বা অভিবড্ঢিং ইচ্ছসি। করোমি তে ওকাসং, পুচ্ছ মং ত্বং যথাসুখ'ন্তি।'

১০। অথ খো মিলিন্দো রাজা কতাবকাসো নিপচ্চ গুরুনো পাদে সিরসি অঞ্জলিং কত্বা এতদবোচ—'ভন্তে নাগসেন, ইমে তিত্থিয়া এবং ভণন্তি—"যদি বুদ্ধো পূজং সাদিয়তি, ন পরিনিব্বুতো বুদ্ধো; সংযুত্তো লোকেন অন্তোভবিকো লোকস্মিং লোক-সাধারণো; তস্মা তস্স কতো অধিকারো বঞ্ঝো ভবতি অফলো। যদি পরিনিব্বুতো, বিসংযুত্তো লোকেন নিস্সটো সব্বভবেহি তস্স পূজা ন উপ্পজ্জতি, পরিনি-

---

করিতে হইবে, জীবনেরও নিমিত্ত অপর শাস্তার (ধর্ম্মানুশাসকের) নামোল্লেখ করিবে না, শারীরিক ও বাচসিক কার্য্য সকল রক্ষা করিবে, সমগ্রে (অর্থাৎ সম্মিলিত সংঘে) তাহার আরাম হইবে ও সমগ্রেই রত থাকিবে, অসূয়াহীন হইবে, প্রবঞ্চনাহেতু শাসনে (বুদ্ধ মতে) বিচরণ করিবে না, এবং বুদ্ধ, ধর্ম্ম ও সঙ্ঘের শরণাগত হইবে।—মহারাজ, উপাসকের এই দশ উপাসক-গুণ। সেই সমস্ত গুণ আপনাতে বিদ্যমান; অতএব ইহা যুক্তিযুক্ত, অনুরূপ ও উপযুক্ত হইয়াছে যে, আপনি জিনশাসনের অবনতি দর্শন করিয়া তাহার অভিবৃদ্ধির ইচ্ছা করিতেছেন। আপনাকে অবকাশ প্রদান করিতেছি, আপনি যথাসুখে আমাকে জিজ্ঞাসা করুন।'

বুদ্ধ পূজা গ্রহণ করেন কি না।

১০। অনন্তর অবকাশ প্রদত্ত হইলে রাজা মিলিন্দ গুরুর চরণে নিপতিত হইয়া মস্তকে অঞ্জলিবন্ধন পূর্ব্বক বলিলেন—'ভদন্ত নাগসেন, তৈর্থিকগণ বলেন—"বুদ্ধ যদি পূজা গ্রহণ করেন, তবে তিনি পরিনির্ব্বাণ প্রাপ্ত হন নাই; লোকের সহিত তাঁহার সংযোগ আছে, তিনি ভবেরই অন্তর্ভূত ও লোকে একজন সাধারণ ব্যক্তি; অতএব তাঁহার জন্য যাহা কিছু করা যায়, তাহা বন্ধ্যা-নিষ্ফল। আবার যদি তিনি পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়া থাকেন, লোকের সহিত তাঁহার সংযোগ নাই, এবং সমস্ত ভব হইতে অতিক্রান্ত

বুদ্ধো ন কিঞ্চি সাদিয়তি, অসাদিযন্তস্স কতো অধিকারো অবঞ্ঝো ভবতি অফলো'তি।" উভকোটিকো এসো পঞ্হো, নে'সো বিসয়ো অপ্পত্তমানসানং, মহন্তানং যেব এসো বিসয়ো, ভিন্দে'তং দিট্ঠিজালং, একং'সে ঠপয়, তবে'সো পঞ্হো অনুপ্পত্তো, অনাগতানং জিনপুত্তানং চক্খুং দেহি পরবাদনিগ্গহায়া'তি।'

৫ থেরো আহ—'পরিনিব্বুতো মহারাজ, ভগবা; ন চ ভগবা পুজং সাদিয়তি। বোধিমূলে যেব তথাগতস্স সাদিয়না পহীনা, কিম্পন অনুপাদিসেসায় নিব্বানধাতুয়া পরিনিব্বুতস্স। ভাসিতম্'পে'তং মহারাজ, থেরেন সারিপুত্তেন ধম্মসেনাপতিনা—

"পূজিয়ন্তা অসমসমা সদেবমানুসেহি তে।
ন সাদিয়ন্তি সক্কারং বুদ্ধানং এস ধম্মতা'তি॥"

১০ ১১। রাজা আহ—'ভন্তে নাগসেন, পুত্তো বা পিতুনো বণ্ণং ভাসতি, পিতা বা পুত্তস্স বণ্ণং ভাসতি; নচে'তং কারণং পরবাদানং নিগ্গহায়, পসাদপ্পকাসনং

হইয়াছেন, তাঁহার পূজা যুক্তিযুক্ত হইতে পারে না, কেননা, পরিনির্ব্বাণ-প্রাপ্ত কিছু গ্রহণ করেন না, এবং অগ্রহীতার জন্য অনুষ্ঠিত কার্য্য বন্ধ্যা ও নিষ্ফল।" অতএব ইহা উভয়দিকেই প্রশ্ন; অমনস্বিগণ এবিষয়কে মীমাংসা করিতে পারেন না, মহান্ লোকে-

১৫ রাই পারেন। এই দর্শন-জালকে ভেদ করিয়া একদিকে স্থাপন করুন; আপনার নিকট এই প্রশ্ন উপস্থিত হইয়াছে। আপনি পরকীয়-বাদের নিগ্রহের জন্য অনাগত জিনপুত্র-(বৌদ্ধ) গণকে চক্ষু প্রদান করুন।'

স্থবির কহিলেন—'মহারাজ, ভগবান্ পরিনির্ব্বাণ লাভ করিয়াছেন, এবং তিনি পূজা গ্রহণ করেন না। বোধিদ্রুম-মূলেই তিনি পরিগ্রহ পরিত্যাগ করিয়াছেন,

২০ এখন ত তিনি সেইরূপে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন যাহাতে আর কিছু অবশেষ থাকে না। মহারাজ, ধর্ম্ম-সেনাপতি স্থবির সারিপুত্র ইহা বলিয়াছেনও:—

"দেবতা-মানবে করে পূজা তাঁহাদের,
কিন্তু সেই নিরুপমশমযুক্ত-গণ
করেন গ্রহণ নাহি (কভু) সে সৎকার;
২৫ স্বভাব (কীর্ত্তিত) ইহা বুদ্ধসমূহের॥"

১১। রাজা বলিলেন—'ভদন্ত নাগসেন, পুত্র পিতার প্রশংসা করিয়া বলিতে পারে, বা পিতা পুত্রের প্রশংসা করিয়া বলিতে পারেন; কিন্তু ইহাতে পরকীয় বাদের নিগ্রহ হয় না; ইহা (ব্যক্তি বিশেষের উপর কাহারো) প্রসন্নতাকে প্রকাশ

ন্নায়ে'তং। ইদং যে ত্বং তথ কারণং সন্ধা ত্রহি সকবাদস্‌স পতিট্‌ঠপনায় নিট্‌ঠিজাল-বিনিবেঠনায়া'তি ?'

থেরো আহ—'পরিনিব্‌বুতো মহারাজ, ভগবা; ন চ ভগবা পূজং সাদিয়তি। অসাদিয়ন্তস্‌সে'ব তথাগতস্‌স দেবমনুস্‌সা ধাতুরতনং বথুং করিত্বা তথাগতস্‌স

৫ ঞাণরতনারম্মণেন সম্মাপটিপত্তিং সেবেন্তা তিস্‌সো সম্পত্তিয়ো পটিলভন্তি। যথা মহারাজ, মহতিমহা-অগ্‌গিক্‌খন্ধো পজ্জলিত্বা নিব্‌বায়েয্য, অপি নু খো, সো মহারাজ, অগ্‌গিক্‌খন্ধো সাদিয়তি তিণকট্‌ঠু'পাদান'ন্তি ?'

'জলমানো'পি সো ভন্তে, মহা-অগ্‌গিক্‌খন্ধো তিণকট্‌ঠু'পাদানং ন সাদিয়তি, কিম্পন নিব্‌বুতো উপসন্তো অচেতনো সাদিয়তীতি ?'

১০ 'তস্মিং পন মহারাজ, অগ্‌গিক্‌খন্ধে উপরতে উপসন্তে লোকে অগ্‌গি সুঞ্‌ঞো হোতীতি ?'

'নহি ভন্তে, কট্‌ঠং অগ্‌গিস্‌স বথু হোতি উপাদানং, যে কেচি মনুস্‌সা অগ্‌গি-

---

করিয়া দিতে পারে। অতএব আসুন! আপনি আমাকে ঐ বিষয়ে সম্যক্‌রূপে কারণ নির্দ্দেশ করুন, যাহাতে স্বমত প্রতিষ্ঠিত ও (পরকীয়) মত-রূপ জাল অনাবৃত

১৫ হইতে পারে।'

স্থবির কহিলেন—'মহারাজ, ভগবান্ পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন, এবং তিনি পূজা গ্রহণ করেন না। কিন্তু তথাগত পূজা গ্রহণ না করিলেও, দেব ও মনুষ্যগণ তাঁহার (দন্ত-নখাদিরূপ) ধাতুরত্ন-যুক্ত বাস্তু (অর্থাৎ স্তূপাদি) নির্ম্মাণ করিয়া ও তাঁহার জ্ঞানরত্নকে লক্ষ্য করিয়া সম্যক্‌রূপে শীলাদি অনুষ্ঠান করিতে করিতে

২০ সম্পত্তিত্রয় লাভ করিতে পারে। মহারাজ, অতিমহান্ অগ্নিরাশি প্রজ্জ্বলিত হইয়া নির্ব্বাণ হইলে তাহা কি আর তৃণ-কাষ্ঠরূপ ইন্ধনকে গ্রহণ করে ?'

'অগ্নি যখন জ্বলিতেছে তখনই ত তাহা আর তৃণকাষ্ঠরূপ ইন্ধন গ্রহণ করে না; আর ইহা যখন নির্ব্বাণ উপশান্ত ও অচেতন, তখন যে গ্রহণ করিবে না, তাহা আর কি বলা যাইবে ?'

২৫ 'মহারাজ, সেই অগ্নি উপরত ও উপশান্ত হইলে কি সংসারে আর অগ্নি থাকে না ?'

'না ভদন্ত; ইন্ধনরূপ কাষ্ঠ অগ্নির আশ্রয় স্থান, অতএব অগ্নিকামনাকারী লোকেরা

কামা তে অত্তনো থামবলবিরিযেন পচ্চত্তপুরিসকারেন কট্ঠং মন্থযিত্বা অগ্গিং নিব্বত্তেত্বা তেন অগ্গিনা অগ্গিকরণীযানি কম্মানি করোন্তীতি।'

"তেন হি মহারাজ, তিত্থিযানং বচনং মিচ্ছা ভবতি—"অসাদিযন্তস্স কতো অধিকারো বঞ্ঝো ভবতি অফলো'তি।" যথা মহারাজ, মহতিমহা-অগ্গিক্খন্ধো

৫ পজ্জলি, এবমেব ভগবা দসসহস্সম্হি লোকধাতুযা বুদ্ধসিরিযা পজ্জলি; যথা মহারাজ, মহতিমহা-অগ্গিক্খন্ধো পজ্জলিত্বা নিব্বুতো, এবমেব ভগবা দসসহস্সম্হি লোকধাতুযা বুদ্ধসিরিযা পজ্জলিত্বা অনুপাদিসেসায নিব্বানধাতুযা পরিনিব্বুতো; যথা মহারাজ, নিব্বুতো অগ্গিক্খন্ধো তিণকট্ঠু'পাদানং ন সাদিযতি, এবমেব খো লোকহিতস্স সাদিযনা পহীনা উপসন্তা; যথা মহারাজ, মনুস্সা নিব্বুতে অগ্গি-

১০ ক্খন্ধে অনুপাদানে অত্তনো থামবলবিরিযেন পচ্চত্তপুরিসকারেন কট্ঠং মন্থযিত্বা অগ্গিং নিব্বত্তেত্বা তেন অগ্গিনা অগ্গিকরণীযানি কম্মানি করোন্তি, এবমেব দেবমনুস্সা তথাগতস্স পরিনিব্বুতস্স অসাদিযন্তস্সে'ব ধাতুরতনং বত্থুং করিত্বা তথাগতস্স ঞাণরতনারম্মণেন সম্মাপটিপত্তিং সেবেন্তা তিস্সো সম্পত্তিযো পটিলভন্তি।

স্ব স্ব উদ্যমে শক্তি-সামর্থ্য-চেষ্টায় কাষ্ঠ মন্থন করিয়া অগ্নি উৎপাদন করে, ও তাহার

১৫ দ্বারা অগ্নিসম্পাদ্য কার্য্যসমূহ সম্পন্ন করিয়া থাকে।'

'তাহা হইলে মহারাজ, তৈর্থিকগণের কথা মিথ্যা যে, যে ব্যক্তি গ্রহণ করেন না তাঁহার জন্য অনুষ্ঠিত কার্য্য বন্ধ্য ও নিষ্ফল। মহারাজ, যেমন অতিমহান্ অগ্নিরাশি প্রজ্জলিত হইয়াছিল, ভগবান্ও সেইরূপ দশ সহস্র সংসারের উপরি বুদ্ধলক্ষ্মী দ্বারা প্রজ্জলিত হইয়াছিলেন; যেমন সেই অতিমহান্ অগ্নিরাশি প্রজ্জলিত হইয়া নির্ব্বাণ

২০ হইয়াছিল, ভগবান্ও সেইরূপ মহারাজ, দশ সহস্র লোকের উপরি বুদ্ধলক্ষ্মীতে প্রজ্জলিত হইয়া নিরবশেষ-নির্ব্বাণ দ্বারা পরিনির্ব্বাণ লাভ করিয়াছেন; মহারাজ, যেমন নির্ব্বাণ অগ্নি তৃণকাষ্ঠরূপ ইন্ধন গ্রহণ করে না, লোকহিতকারী ভগবানেরও সেইরূপ পরিগ্রহ বিনষ্ট হইয়াছে; যেমন মহারাজ, ইন্ধনহীন অগ্নি নির্ব্বাণ হইলে মনুষ্যগণ স্বস্ব উদ্যমে শক্তি-সামর্থ্য-চেষ্টায় কাষ্ঠ মন্থন করে, ও তাহা দ্বারা অগ্নি-সম্পাদ্য কর্ম্ম

২৫ সকল সম্পন্ন করিয়া থাকে, সেইরূপ দেব ও মনুষ্যগণ পরিনির্ব্বাণ-প্রাপ্ত তথাগতের (দন্ত-নখাদিরূপ) কোনো ধাতুরত্ন-যুক্ত বাস্তু (স্তূপাদি) নির্ম্মাণ করিয়া ও তাঁহার জ্ঞানরত্নকে লক্ষ্য করিয়া সম্যক্রূপে শীলাদি অনুষ্ঠান করিতে করিতে সম্পত্তিত্রয় লাভ করিয়া থাকে,—যদিও তথাগত কিছু গ্রহণ করেন না; এই কারণেও, মহারাজ,

ইমিনাপি মহারাজ, কারণেন তথাগতস্স পরিনিব্বুতস্স অসাদিয়ন্তস্সে'ব কতো অধিকারো অবঞ্ঝো ভবতি সফলো'তি।

১২। 'অপরম্'পি মহারাজ, উত্তরিং কারণং সুণোহি যেন কারণেন তথাগতস্স পরিনিব্বুতস্স অসাদিয়ন্তস্সে'ব কতো অধিকারো অবঞ্ঝো ভবতি সফলো। যথা ৫ মহারাজ, মহতিমহাবাতো বায়িত্বা উপরমেয্য, অপি নু খো সো মহারাজ, উপরতো বাতো সাদিয়তি পুন নিব্বত্তাপন'ন্তি?'

'নহি ভন্তে, উপরতস্স বাতস্স আভোগো বা মনসিকারো বা পুন নিব্বত্তাপনায়; কিংকারণং? অচেতনা সা বায়োধাতূ'তি।'

'অপি নু তস্স মহারাজ, উপরতস্স বাতস্স বাতো'তি সঞ্ঞা উপগচ্ছতীতি?'

১০ 'নহি ভন্তে; তালবণ্ট-বিধূপনানি বাতস্স উপ্পত্তিয়া পচ্চয়া, যে কেচি মনুস্সা উণ্হাভিতত্তা পরিলাহপরিপীলিতা তে তালবণ্টেন বা বিধূপনেন বা অত্তনো থামবলবিরিযেন পচ্চত্তপুরিসকারেন বাতং নিব্বত্তেত্বা তেন বাতেন উণ্হং নিব্বাপেন্তি পরিলাহং বূপসমেন্তীতি।'

'তেন হি মহারাজ, তিত্থিয়ানং বচনং মিচ্ছা ভবতি—"অসাদিয়ন্তস্স কতো অধি-

---

১৫ যদিও পরিনির্ব্বাণ-প্রাপ্ত তথাগত কিছু গ্রহণ করেন না, তথাপি, তাঁহার উদ্দেশ্যে কৃত কার্য্য অবন্ধ্য ও সফল।

১২। 'মহারাজ, আরো পরবর্ত্তী কারণ শ্রবণ করুন, যে কারণে পরিনির্ব্বাণপ্রাপ্ত তথাগত কিছু গ্রহণ না করিলেও, তাঁহার উদ্দেশে অনুষ্ঠিত কার্য্য অবন্ধ্য ও সফল:— মহারাজ, অতিমহান্ বায়ু বহিয়া উপরত হইলে, সেই উপরত বায়ু কি পুনর্ব্বার ২০ (নিজের) উৎপাদন-বিষয়ে সম্মতি প্রদান করে?'

'না ভদন্ত, সেই উপরত বায়ুর পুনর্ব্বার উৎপাদন বিষয়ে কোন রূপ চিন্তা বা ভাবনা থাকে না। কারণ কি? কেননা, বায়ু মহাভূত অচেতন।'

'মহারাজ, সেই উপরত বায়ুর কি বায়ু-সংজ্ঞা হইতে পারে?'

'না। তালবৃন্ত ও ব্যজন বায়ুর উৎপত্তির কারণ; যে সকল মানবেরা ২৫ নিদাঘাভিতপ্ত ও জ্বরাদিতাপে পীড়িত হয়, তাহারা তালবৃন্ত ও ব্যজন দ্বারা স্বয় উদ্যোগে ও শক্তি-সামর্থ্য-চেষ্টায় বায়ু উৎপাদন করে, ও সেই বায়ুর দ্বারা নিদাঘকে নির্ব্বাপিত ও জ্বর-সন্তাপকে উপশমিত করে।'

'তাহা হইলে মহারাজ, তৈর্থিকেরা যে বলেন—"যিনি গ্রহণ করেন না, তাঁহার

কায়ো বঞ্ঝো ভবতি অফলো'তি।" যথা মহারাজ, মহতিমহাবাতো বায়িত্বা, এবমেব ভগবা দসসহস্সিম্হি লোকধাতুয়া সীতলমধুরসন্তসুখুমমেত্তাবাতেন উপবায়িত্বা অনুপাদিসেসায় নিব্বানধাতুয়া পরিনিব্বুতো; যথা মহারাজ, উপরতো বাতো পুন নিব্বত্তাপনং ন সাদিয়তি, এবমেব লোকহিতস্স সাদিয়না পহীনা উপসন্তা; যথা মহারাজ, তে মনুস্সা উণ্হাভিভূতা পরিলাহপরিপীলিতা, এবমেব দেবমনুস্সা তিবিধ'গ্গি-সন্তাপপরিলাহপরিপীলিতা; যথা তালবণ্ট-বিধূপনানি বাতস্স নিব্বত্তিয়া পচ্চয়া হোন্তি, এবমেব তথাগতস্স ধাতু চ ঞাণরতনঞ্চ পচ্চয়ো হোতি তিস্সন্নং সম্পত্তীনং পটিলাভায়; যথা মনুস্সা উণ্হাভিতত্তা পরিলাহপরিপীলিতা তালবণ্টেন বা বিধূপনেন বা বাতং নিব্বত্তেত্বা উণ্হং নিব্বাপেন্তি পরিলাহং বূপসমেন্তি, এবমেব দেবমনুস্সা তথাগতস্স পরিনিব্বুতস্স অসাদিয়ন্তস্সে'ব ধাতুঞ্চ ঞাণরতনঞ্চ পূজেত্বা কুসলং নিব্বত্তেত্বা তেন কুসলেন তিবিধ'গ্গিসন্তাপপরিলাহং নিব্বাপেন্তি বূপসমেন্তি।

উদ্দেশে অনুষ্ঠিত কার্য্য বন্ধ্য ও নিষ্ফল," তাহা মিথ্যা। মহারাজ, যেমন অতিমহান্ বায়ু বহিয়াছিল, ভগবান্‌ও এইরূপ দশ সহস্র লোকের উপরি শীতল-মধুর শান্ত-সূক্ষ্ম মৈত্রীরূপ বায়ুতে বহিয়াছিলেন; যেমন অতিমহান্ বায়ু বহিয়া উপরত, মহারাজ ভগবান্‌ও এইরূপ শীতল-মধুর শান্ত-সূক্ষ্ম মৈত্রীরূপ বায়ুতে বহিয়া নিরবশেষ-নির্ব্বাণ লাভে পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন; যেমন উপরত বায়ু পুনর্ব্বার উৎপাদন-সম্বন্ধে সম্মতি প্রদান করে না, মহারাজ, লোক-হিতকারী ভগবানেরও সেইরূপ কোনো বস্তু পরিগ্রহ করা উপশান্ত হইয়া গিয়াছে; সেই মনুষ্যগণ মহারাজ, যেমন নিদাঘাভিতপ্ত ও সন্তাপপীড়িত, দেব ও মনুষ্যগণও এই প্রকার (রাগ, দ্বেষ ও মোহ-রূপ) ত্রিবিধ অগ্নির সন্তাপ ও পরিতাপে পরিপীড়িত; যেমন তালবৃন্ত ও ব্যজন বায়ুর উৎপত্তির কারণ, তথাগতের (দন্ত নখাদি-রূপ) ধাতুরত্ন ও জ্ঞানরত্নও সেইরূপ সম্পত্তিত্রয়ের কারণ; যেমন নিদাঘাভিতপ্ত ও সন্তাপপীড়িত মনুষ্যগণ তালবৃন্ত বা ব্যজনের দ্বারা বায়ু উৎপন্ন করিয়া তাহা দ্বারা নিদাঘকে নির্ব্বাপিত ও সন্তাপকে উপশমিত করে, দেব ও মনুষ্যগণও এইরূপ পরিনির্ব্বাণপ্রাপ্ত তথাগতের, যদিও তিনি কিছু গ্রহণ করেন না, ধাতুরত্ন ও জ্ঞানরত্নকে পূজা করিয়া কুশল উৎপাদন করেন, এবং সেই কুশলের দ্বারা ত্রিবিধ অগ্নির সন্তাপ ও পরিতাপকে নির্ব্বাপিত ও উপশমিত করিয়া থাকেন। মহারাজ,

ইমিনাপি মহারাজ, কারণেন তথাগতস্‌স পরিনিব্বুতস্‌স অসাদিয়ন্তস্‌সে'ব কতো অধিকারো অবঞ্ঝো ভবতি সফলো'তি।"

১৩। অপরম্'পি মহারাজ, উত্তরিং'কারণং সুণোহি পরবাদানং নিগ্‌গহায়। যথা মহারাজ, পুরিসো ভেরিং আকোটেত্বা সদ্দং নিব্‌বত্তেয্য, যো সো ভেরিসদ্দো পুরিসেন ৫ নিব্‌বত্তিতো সো সদ্দো অন্তরধায়েয্য, অপি নু খো সো মহারাজ, সদ্দো সাদিয়তি পুন নিব্‌বত্তাপন'ন্তি?'

'নহি ভন্তে; অন্তরহিতো সো সদ্দো, ন'থি তস্‌স পুন উপ্পাদায় আভোগো বা মনসিকারো বা। সকিং নিব্‌বত্তে ভেরিসদ্দে অন্তরহিতে সো ভেরিসদ্দো সমুচ্ছিন্নো হোতি। ভেরি পন ভন্তে, পচ্চয়ো হোতি সদ্দস্‌স নিব্‌বত্তিয়া। অথ পুরিসো পচ্চয়ে ১০ সতি অত্তজেন বায়ামেন ভেরিং আকোটেত্বা সদ্দং নিব্‌বত্তেতীতি।'

'এবমেব খো মহারাজ, ভগবা সীলসমাধিপঞ্‌ঞাবিমুত্তিবিমুত্তিঞ্‌ঞাণদস্‌সন-পরিভাবিতং ধাতুরতনঞ্চ ধম্মঞ্চ বিনয়ঞ্চ অনুসাথিঞ্চ সথারং ঠপয়িত্বা সয়ং অনুপাদি-

---

একারণেও তথাগতের উদ্দেশে অনুষ্ঠিত কার্য্য, তিনি গ্রহণ না করিলেও, অবন্ধ্য ও সফল।

১৫ ১৩। 'মহারাজ, পরকীয় বাদ নিগ্রহের জন্য আপনি আরো পরবর্ত্তী কারণ শ্রবণ করুন:—মহারাজ, কোন লোক যদি ভেরী আহত করিয়া শব্দ উৎপাদন করে, তবে সেই লোকের দ্বারা উৎপাদিত শব্দ অন্তর্হিত হইয়া যায়। মহারাজ, সেই শব্দ কি পুনর্ব্বার (অন্য কর্ত্তৃক নিজের) উৎপাদন বিষয়ে সম্মতি প্রদান করে?'

২০ 'না ভদন্ত; সেই শব্দ অন্তর্হিত হইয়া যায়, পুনরুৎপত্তির জন্য তাহার কোনো চিন্তা বা ভাবনা থাকে না; কেন না একবার উৎপন্ন ভেরী-শব্দ অন্তর্হিত হইয়া গেলে তাহা সমুচ্ছিন্ন হইয়া যায়। কিন্তু ভেরী শব্দের কারণ, কারণ উপস্থিত থাকিলে লোকে নিজের উদ্যমে ভেরীকে আহত করিয়া শব্দ উৎপাদন করিয়া থাকে।'

'এইরূপই মহারাজ, ভগবান্ শীল, সমাধি, প্রজ্ঞা, বিমুক্তি ও বিমুক্তিলভ্য জ্ঞান-২৫ দর্শনের অন্ত পরিচিন্তিত ধাতুরত্ন, ধর্ম্ম, বিনয়, অনুশাসন ও শাস্তাকে রাখিয়া নিরুব-

সেসায় নিব্বানধাতুয়া পরিনিব্বুতো। নচ পরিনিব্বুতে ভগবতি সম্পত্তিলাভো উপচ্ছিন্নো হোতি। ভবদুক্খপতিপীলিতা সত্তা ধাতুরতনঞ্চ ধম্মবিনয়ঞ্চ অনুসথিঞ্চ পচ্চয়ং করিত্বা সম্পত্তিকামা সম্পত্তিয়ো পটিলভন্তি। ইমিনাপি মহারাজ, কারণেন তথাগতস্স পরিনিব্বুতস্স অসাদিয়ন্তস্সে'ব কতো অধিকারো অবঞ্ঝো ভবতি

৫ সফলো'তি। দিট্ঠঞ্চে'তং মহারাজ, ভগবতা অনাগতমদ্ধানং; কথিতঞ্চ ভণিতঞ্চ আচিক্খিতঞ্চ—"সিয়া খো পনা'নন্দ তুম্হাকং এবমস্স—অতীতসত্থুকং পাবচনং ন'ত্থি নো সত্থা'তি; ন খো পনে'তং আনন্দ, এবং দট্ঠব্বং; যো বো আনন্দ, ময়া ধম্মো চ বিনয়ো চ দেসিতো পঞ্ঞত্তো সো বো মম'চ্চয়েন সত্থা'তি।" পরিনিব্বুতস্স কতো অধিকারো বঞ্ঝো ভবতি অফলো'তি তং তেসং তিত্থিয়ানং বচনং

১০ মিচ্ছা অভূতং বিতথং অলীকং বিরুদ্ধং বিপরীতং দুক্খদায়কং অপায়গমনীয়'ন্তি।'

১৪। 'অপরম্'পি মহারাজ, উত্তরিং কারণং সুণোহি, যেন কারণেন তথাগতস্স

শেষ-নির্ব্বাণের দ্বারা পরিনির্ব্বাণ প্রাপ্ত হইয়াছেন; কিন্তু ভগবান্ পরিনির্ব্বাণপ্রাপ্ত হইলেও, (লোকের) সম্পত্তি লাভ উপচ্ছিন্ন হয় নাই; সংসার-দুঃখপীড়িত জীবগণ সম্পত্তি কামনা করিয়া ধর্ম্ম, বিনয় ও অনুশাসনকে (তাহার) কারণ রূপে অবলম্বন

১৫ করিয়া সম্পত্তি লাভ করিয়া থাকে। এজন্যও মহারাজ, তথাগতের উদ্দেশে অনুষ্ঠিত কার্য্য, তিনি গ্রহণ না করিলেও, অবন্ধ্য ও সফল। মহারাজ, ভগবান্ পূর্ব্বেই এই ভবিষ্যৎ কাল দেখিয়া বলিয়া-কহিয়া প্রকাশ করিয়া গিয়াছেন:— "আনন্দ, তোমাদের মনে হইতে পারে যে, 'প্রবচন-(অর্থাৎ বুদ্ধবচন-) সমূহের শাসনকর্ত্তা অতীত হইয়া গিয়াছেন, আমাদের শাসনকর্ত্তা আর কেহ নাই;'

২০ আনন্দ, ইহা সেরূপ মনে করিও না, আমি যে ধর্ম্ম ও বিনয় উপদেশ করিয়াছি ও জানাইয়াছি, আনন্দ, আমার অভাবে তাহাই তোমাদের শাসনকর্ত্তা হইবে।" অতএব "পরিনির্ব্বাণ প্রাপ্ত অগ্রহীতা তথাগতের উদ্দেশে অনুষ্ঠিত কার্য্য বন্ধ্য ও নিষ্ফল,"—তৈর্থিকগণের এই উক্তি মিথ্যা বিতথ অলীক বিরুদ্ধ বিপরীত দুঃখ-হেতু দুঃখপরিণাম ও বিনাশ-প্রাপক?

২৫ ১৪। 'মহারাজ, আরো পরবর্তী কারণ শ্রবণ করুন, যাহাতে, পরিনির্ব্বাণ

পরিনিব্বুতস্স অসাদিয়ন্তস্সে'ব কতো অধিকারো অবঞ্ঝো ভবতি সফলো। সাদিয়তি নু খো মহারাজ অয়ং মহাপঠবী—সব্ববীজানি মযি সংবিরূহন্তূ'তি ?'

'নহি ভন্তে'তি।'

'কিস্স পন মহারাজ, তানি বীজানি অসাদিয়ন্তিয়া মহাপঠবিয়া সংবিরূহিত্বা
৫ দলহমূলজটা-পতিট্ঠিতা খন্ধসারসাখাপরিবিত্থিন্না পুপ্ফফলধরা হোন্তীতি ?'

'অসাদিয়ন্তী'পি ভন্তে, মহাপঠবী তেসং বীজানং বত্থু হোতি, পচ্চয়ং দেতি বিরূহনায়। তানি বীজানি তং বত্থুং নিস্সায় তেন পচ্চয়েন সংবিরূহিত্বা দলহমূলজটা-পতিট্ঠিতা খন্ধসারসাখাপরিবিত্থিন্না পুপ্ফফলধরা হোন্তীতি।'

'তেন হি মহারাজ, তিত্থিয়া সকে বাদে নট্ঠা হোন্তি হতা বিরুদ্ধা,—সচে তে ভণন্তি
১০ অসাদিয়ন্তস্স কতো অধিকারো বঞ্ঝো ভবতি অফলো'তি। যথা মহারাজ, মহাপঠবী, এবং তথাগতো অরহং সম্মাসম্বুদ্ধো ; যথা মহারাজ, মহাপঠবী ন কিঞ্চি সাদিয়তি, এবং তথাগতো ন কিঞ্চি সাদিয়তি ; যথা মহারাজ তানি বীজানি পঠবিং নিস্সায় সংবিরূহিত্বা দলহমূলজটাপতিট্ঠিতা খন্ধসারসাখাপরিবিত্থিন্না পুপ্ফফলধরা হোন্তি,

---

প্রাপ্ত তথাগত গ্রহণ না করিলেও, তাঁহার উদ্দেশে অনুষ্ঠিত কার্য্য অবন্ধ্য ও সফল
১৫ হইয়া থাকে। মহারাজ, এই মহাপৃথিবী কি সম্মতি প্রদান করে যে, আমাতে বীজ-সমূহ অঙ্কুরিত হউক ?'

'না ভদন্ত।'

'মহারাজ, যদি মহাপৃথিবী সম্মতি প্রদান না করে, তবে কিপ্রকারে সেই সমস্ত বীজ অঙ্কুরিত হয়, ও দৃঢ় মূল ও জটায় প্রতিষ্ঠিত হইয়া, স্কন্ধ সার ও শাখা বিস্তারিত
২০ করিয়া পুষ্প-ফল ধারণ করে ?'

'ভদন্ত, মহাপৃথিবী সম্মতি প্রদান না করিলেও, তাহা ঐ সকল বীজের আশ্রয়ভূমি (বাস্তু) বলিয়া তাহাদের প্ররোহের কারণ হইয়া থাকে। অতএব ঐ সকল বীজ সেই আশ্রয়ভূমি অবলম্বন করিয়া ঐ কারণে অঙ্কুরিত হয়, এবং দৃঢ় মূল ও জটায় প্রতিষ্ঠিত হইয়া ও স্কন্ধ সার ও শাখা বিস্তারিত করিয়া পুষ্প-ফল ধারণ করে।'

২৫ 'তাহা হইলে মহারাজ, তৈর্থিকেরা যদি বলেন যে, "অগ্রহীতার জন্য কৃতকার্য্য বন্ধ্য ও নিষ্ফল," তবে তাঁহারা নিজের কথাতেই নষ্ট, হত ও বিরুদ্ধ হইয়া পড়েন। মহারাজ, যেমন মহাপৃথিবী, সম্যক্-সম্বুদ্ধও (অর্থাৎ তথাগতও) সেইরূপ ; যেমন মহা-পৃথিবী কিছু গ্রহণ করেন না, তথাগতও সেইরূপ কিছু গ্রহণ করেন না, মহারাজ, ঐ সমস্ত বীজ যেমন পৃথিবীকে অবলম্বন করিয়া অঙ্কুরিত হয়, এবং দৃঢ় মূল ও জটায়
২৫ প্রতিষ্ঠিত হইয়া ও স্কন্ধ সার ও শাখা বিস্তারিত করিয়া পুষ্প-ফল ধারণ করে, দেব ও

এবং দেবমনুস্‌সা তথাগতস্‌স পরিনিব্‌বুতস্‌স অসাদিয়ন্তস্‌সে'ব ধাতুক্ঝাণরতনং নিস্‌সায় কুসলমূলপতিট্‌ঠিতা সমাধিকখন্ধ-ধম্মসার-সীলসাখা-পরিবিথিন্না বিমুত্তিপুপ্‌ফসামঞ্ঞফলধরা হোন্তি। ইমিনাপি মহারাজ, কারণেন তথাগতস্‌স পরিনিব্‌বুতস্‌স অসাদিয়ন্তস্‌সে'ব কতো অধিকারো অবঞ্ঝো ভবতি সফলো'তি।'

৫ ১৫। 'অপরম্‌'পি মহারাজ, উত্তরিং কারণং সুণোহি, যেন কারণেন তথাগতস্‌স পরিনিব্‌বুতস্‌স অসাদিয়ন্তস্‌সে'ব কতো অধিকারো অবঞ্ঝো ভবতি সফলো। সাদিয়ন্তি নু খো মহারাজ, ইমে ওট্‌ঠা গোণা গদ্রভা অজা পসূ মনুস্‌সা অন্তোকুচ্ছিস্মিং কিমিকুলানং সম্ভব'ন্তি?'

'নহি ভন্তে'তি।'

১০ 'কিস্‌স পন তে মহারাজ, কিময়ো তেসং অসাদিয়ন্তানং অন্তোকুচ্ছিস্মিং সম্ভবিত্বা বহুপুত্তনত্তা বেপুল্লং পাপুণন্তীতি?'

'পাপস্‌স ভন্তে কম্মস্‌স বলবতায় অসাদিয়ন্তানং যেব তেসং সত্তানং অন্তোকুচ্ছিস্মিং কিময়ো সম্ভবিত্বা বহুপুত্তনত্তা বেপুল্লং পাপুণন্তীতি।'

মনুষ্যগণও সেই প্রকার পরিনির্ব্বাণ-প্রাপ্ত অগ্রহীতা তথাগতের ধাতুরত্ন ও জ্ঞানরত্নকে
১৫ অবলম্বন করিয়া দৃঢ়কুশলরূপ মূলে প্রতিষ্ঠিত হইয়া ও সমাধিরূপ স্কন্ধ, ধর্ম্মরূপ সার ও ও শীলরূপ শাখা বিস্তারিত করিয়া বিমুক্তিরূপ পুষ্প ও শ্রামণ্যরূপ ফল ধারণ করে। মহারাজ, একারণেও, পরিনির্ব্বাণ-প্রাপ্ত তথাগত গ্রহণ না করিলেও তাঁহার উদ্দেশে অনুষ্ঠিত কার্য্য অবন্ধ্য ও সফল হইয়া থাকে।'

১৫। 'মহারাজ, আরো পরবর্ত্তী কারণ শ্রবণ করুন, যাহাতে, পরিনির্ব্বাণ-প্রাপ্ত
২০ তথাগত গ্রহণ না করিলেও তাঁহার উদ্দেশে অনুষ্ঠিত কার্য্য অবন্ধ্য ও সফল হয়। মহারাজ, এই যে উষ্ট্র, বলীবর্দ্দ, গর্দ্দভ, ও অজরূপ পশু ও মনুষ্যগণের কুক্ষিমধ্যে কৃমিকুল উৎপন্ন হয়, তাহাতে কি তাহাদের সম্মতি থাকে?'

'না ভদন্ত।'

'তবে কি প্রকারে মহারাজ, তাহাদের অসম্মতিতেও ইহারা তাহাদের কুক্ষি মধ্যে
২৫ উৎপন্ন হইয়া বহু পুত্র-নপ্তায় বিপুল হইয়া উঠে?'

'তাহাদের পাপকর্ম্ম বলবৎ হওয়াও সম্মতি না থাকিলেও, ইহারা তাহাদের কুক্ষিমধ্যে উৎপন্ন হইয়া বহু পুত্র-নপ্তায় বিপুল হইয়া উঠে।'

'এবমেব খো মহারাজ, তথাগতস্স পরিনিব্বুতস্স অসাদিয়ন্তস্সে'ব ধাতুস্স চ ঞাণরতনস্স চ বলবতায় তথাগতে কতো অধিকারো অবঞ্ঝো ভবতি সফলো'তি।'

১৬। অপরম্'পি মহারাজ, উত্তরিং কারণং সুণোহি যেন কারণেন তথাগতস্স পরিনিব্বুতস্স অসাদিয়ন্তস্সে'ব কতো অধিকারো অবঞ্ঝো ভবতি সফলো। সাদিয়ন্তি ৫ নু খো মহারাজ, ইমে মনুস্সা ইমে অট্‌ঠনবুতি রোগা কায়ে নিব্বত্তন্তু'তি?'

'নহি ভন্তে'তি।'

'কিস্স পন তে মহারাজ, রোগা অসাদিয়ন্তানং কায়ে নিপতন্তীতি?'

'পুব্বে কতেন ভন্তে, দুচ্চরিতেনা'তি।'

'যদি মহারাজ, পুব্বে কতং অকুসলং ইধ বেদনীয়ং হোতি, তেন হি মহারাজ, ১০ পুব্বে কতম্'পি ইধ কতম্'পি কুসলাকুসলং কম্মং অবঞ্ঝং ভবতি সফল'ন্তি। ইমিনাপি মহারাজ, কারণেন তথাগতস্স পরিনিব্বুতস্স অসাদিয়ন্তস্সে'ব কতো অধিকারো অবঞ্ঝো ভবতি সফলো'তি।'

১৭। 'সুতপুব্বং পন তয়া মহারাজ, নন্দকো নাম যক্খো থেরং সারিপুত্তং আসাদয়িত্বা পঠবিং পবিট্‌ঠো'তি?'

---

১৫ 'এই প্রকারেই মহারাজ, পরিনির্ব্বাণ-প্রাপ্ত তথাগত গ্রহণ না করিলেও, তাঁহার উদ্দেশে অনুষ্ঠিত কার্য্য অবন্ধ্য ও সফল হইয়া থাকে।'

১৬। 'মহারাজ, আপনি আরো পরবর্ত্তী কারণ শ্রবণ করুন, যে কারণে, পরিনির্ব্বাণ-প্রাপ্ত তথাগত গ্রহণ না করিলেও, তাঁহার উদ্দেশে অনুষ্ঠিত কার্য্য অবন্ধ্য ও সফল হইয়া থাকে। মহারাজ, "এই অষ্টানবতি প্রকার ব্যাধি শরীরে উৎপন্ন হউক," ২০ এই বলিয়া কি মনুষ্যগণ তাহাদিগকে গ্রহণ করে?'

'না ভদন্ত।'

'তবে মহারাজ, মনুষ্যেরা (ঐরূপে) গ্রহণ না করিলেও, কি জন্য ঐ সমস্ত রোগ শরীরে উপস্থিত হয়?'

'পূর্ব্বকৃত দুশ্চরিতের জন্য।'

২৫ 'মহারাজ, যদি পূর্ব্বকৃত অকুশল কর্ম্মের ফল এখানে অনুভব করিতে হয়, তবে, পূর্ব্বকৃত বা ইহকৃত উভয়বিধই কুশল ও অকুশল কর্ম্ম অবন্ধ্য ও সফল। একারণেও মহারাজ, পরিনির্ব্বাণ-প্রাপ্ত তথাগত গ্রহণ না করিলেও তাঁহার জন্য কৃত কার্য্য অবন্ধ্য ও সফল হইয়া থাকে।'

১৭। 'মহারাজ, আপনি কি পূর্ব্বে শুনিয়াছেন, নন্দক নামে যক্ষ স্থবির সরিপুত্রকে ৩০ পীড়ন করিয়া ভূমধ্যে প্রবিষ্ট হইয়াছিল?'

'আম ভন্তে; সুয়তি, লোকে পাকটো এসো'তি।'

'অপি নু খো মহারাজ, থেরো সারিপুত্তো সাদিয়ি নন্দকস্‌স যক্‌খস্‌স মহাপঠবীগিলন'ন্তি?'

'উব্‌বত্তিয়ন্তে'পি ভন্তে সদেবকে লোকে, পতমানে'পি ছমায়ং চন্দিমসুরিয়ে,
৫ বিকিরন্তে'পি সিনেরুপব্‌বতরাজে, থেরো সারিপুত্তো ন পরস্‌স দুক্‌খস্‌স সাদিয়েয্য; তং কিস্‌স হেতু? যেন হেতুনা থেরো সারিপুত্তো কুপ্পেয্য, বা দুস্‌সেয্য বা, সো হেতু থেরস্‌স সারিপুত্তস্‌স সমূহতো সমুচ্ছিন্নো। হেতুনো সমুগ্‌ঘাতিতত্তা ভন্তে, থেরো সারিপুত্তো জীবিতহারকে'পি কোপং ন করেয্যা'তি।'

'যদি মহারাজ, থেরো সারিপুত্তো নন্দকস্‌স যক্‌খস্‌স পঠবীগিলনং ন সাদিয়ি,
১০ কিস্‌স পন নন্দকো যক্‌খো পঠবিং পবিট্‌ঠো'তি?'

'অকুসলস্‌স ভন্তে কম্মস্‌স বলবতায়া'তি।'

'যদি মহারাজ, অকুসলস্‌স বলবতায় নন্দকো যক্‌খো পঠবিং পবিট্‌ঠো, অসাদিয়ন্তস্‌সাপি কতো অপরাধো অবঞ্ঝো ভবতি সফলো; তেন হি মহারাজ, কুসলস্‌স'পি

'হাঁ ভদন্ত; শুনা যায়, লোক ইহা প্রসিদ্ধ আছে।'

১৫ 'মহারাজ, নন্দক যক্ষকে যে মহাপৃথিবী গ্রাস করিয়াছিল, স্থবির সারিপুত্র কি তাহাতে সম্মতি দিয়াছিলেন?'

'ভদন্ত, যদি এই সদেব (মনুষ্য-) লোক বিপর্য্যস্ত হয়, যদি চন্দ্র ও সূর্য্য পৃথিবীতে পতিত হয়, যদি পর্ব্বতরাজ মেরুকে বিকীর্ণ করা যায়, তথাপি স্থবির সারিপুত্র অন্যকে দুঃখ প্রদান করিতে সম্মত হন না। কি হেতু? যেহেতু, যে
২০ কারণে স্থবির সারিপুত্র কাহারো প্রতি ক্রোধ করিতে পারেন, বা কাহাকেও দোষ প্রদান করিতে পারেন, তাঁহার সেই কারণ সম্যগ্‌রূপে সমুচ্ছিন্ন হইয়া গিয়াছে; এবং সেই কারণ অপাকৃত হওয়ায় সারিপুত্র প্রাণহরণ-কারীরও প্রতি কোপ করিতে পারেন না।'

'মহারাজ, নন্দক যক্ষের মহাপৃথিবী-কৃত গ্রাস-বিষয়ে যদি স্থবির সারিপুত্রের
২৫ সম্মতি না ছিল, তবে নন্দক যক্ষ কি জন্য মহাপৃথিবীতে প্রবেশ করিল?'

'ভদন্ত, তাহার অকুশল কর্ম্ম বলবৎ হওয়ায়।'

'মহারাজ, অকুশল কর্ম্ম বলবৎ হওয়ায় যদি নন্দক যক্ষ পৃথিবীতে প্রবেশ করিয়া থাকে, এবং (অপরাধ) গ্রহণ না করিলেও যদি তাঁহার উদ্দেশে কৃত অপরাধ অবন্ধ্য

কম্মস্স বলবতায় অসাদিয়ন্তস্স কতো অধিকারো অবঞ্ঝো ভবতি সফলো'তি। ইমিনাপি মহারাজ, কারণেন তথাগতস্স পরিনিব্বুতস্স অসাদিয়ন্তস্স'ব কতো অধিকারো অবঞ্ঝো ভবতি সফলো'তি।'

১৮। 'কতি নু খো তে মহারাজ, মনুস্সা, যে এতরহি মহাপঠবিং পবিট্ঠা, অথি

৫ তে তথ সবণ'ন্তি ?'

'আম ভন্তে ; সুয়্যতীতি।'

'ইঙ্ঘ ত্বং মহারাজ, সাবেহীতি।'

'চিঞ্চা মাণবিকা, ভন্তে, সুপ্পবুদ্ধো চ সক্কো, দেবদত্তো চ থেরো, নন্দকো চ যক্খো, নন্দো চ মাণবকো'তি সুতং মে'তং ভন্তে, ইমে পঞ্চ জনা মহাপঠবিং পবিট্ঠা'তি।'

১০ 'কিস্মিং তে মহারাজ, অপরাদ্ধা'তি ?

'ভগবতি চ ভন্তে, সাবকেসু চা তি।'

'অপি নু খো মহারাজ, ভগবা বা সাবকা বা সাদিয়িংসু ইমেসং মহাপঠবিং পবিসন'ন্তি ?'

'নহি ভন্তে'তি।'

---

১৫ ও সফল হইয়া থাকে, তবে মহারাজ, কুশল কর্ম্ম বলবৎ হওয়ায় অগ্রহীতারও উদ্দেশে কৃত কার্য্য অবন্ধ্য ও সফল হয়। এ কারণেও মহারাজ, পরিনির্ব্বাণপ্রাপ্ত তথাগত গ্রহণ না করিলেও তাঁহার জন্য অনুষ্ঠিত কার্য্য অবন্ধ্য ও সফল।

'মহারাজ, এখানে কত জন মনুষ্য পৃথিবীতে প্রবেশ করিয়াছে ? আপনি কি সে বিষয়ে কিছু শ্রবণ করিয়াছেন ?'

২০ 'হাঁ ভদন্ত ; শুনা যায়।'

'মহারাজ, তাহা আমাকে শ্রবণ করান ত ?'

'মাণবিকা চিঞ্চা, শাক্য সুপ্রবুদ্ধ, স্থবির দেবদত্ত, যক্ষ নন্দক, ও মাণবক নন্দ, শুনা যায় এই পাঁচ জন পৃথিবীতে প্রবেশ করেন।'

'কোথায় তাঁহারা অপরাধী হইয়াছিলেন ?'

২৫ 'ভগবান্ ও শ্রাবকগণের নিকটে।'

'মহারাজ, তাহারা পৃথিবীতে প্রবেশ করুক—এই বলিয়া কি ভগবান্ বা শ্রাবকগণ তাহাতে সম্মতি দিয়াছিলেন ?'

'না ভদন্ত।'

'তেন হি মহারাজ, তথাগতস্‌স পরিনিব্‌বুতস্‌স অসাদিয়ন্তস্‌সে'ব কতো অধিকারো অবঞ্ঝো ভবতি সফলো'তি।'

'সুবিঞ্ঞাপিতো ভন্তে নাগসেন, পঞ্‌হো গম্ভীরো উত্তানীকতো, গুয়্‌হং বিদংসিতং, গন্ঠি ভিন্না, গহনং অগহনং কতং, নট্‌ঠা পরবাদা, ভগ্‌গা কুদিট্‌ঠি,
৫ নিপ্পভা জাতা কুতিত্থিয়া ত্বং গণিবরপবরমাসজ্জা'তি!'

'তাহা হইলে মহারাজ, পরিনির্ব্বাণ প্রাপ্ত তথাগত গ্রহণ না করিলেও তাঁহার জন্য অনুষ্ঠিত কার্য্য অবন্ধ্য ও সফল হয়।'

'ভদন্ত নাগসেন, উপস্থাপিত গম্ভীর প্রশ্নকে আপনি বিবৃত করিয়া সুন্দর বুঝাইয়া দিয়াছেন, রহস্য দেখাইয়া দিয়াছেন, গ্রন্থি সমূহ ছিন্ন হইয়াছে, আপনি
৫ গহনকে অগহন করিয়াছেন, পরকীয় পদ নষ্ট, কুমত ভগ্ন, এবং হে সকলগণিশ্রেষ্ঠ, কুতৈর্থিক-সমূহ আপনার নিকট নিষ্প্রভ হইয়াছে!'

১ পরিশিষ্ট।

টীকা।*

১ ভগবান্, অর্হৎ ও সম্যক্-সম্বুদ্ধ এই তিন শব্দের বহুবিধ অর্থের জন্য সং পাং ৫১-৫৭ পৃঃ দ্রষ্টব্য; এখানে সংক্ষেপে সামান্য অর্থ লিখিত হইতেছে:—উল্লিখিত শব্দত্রয় ভিন্ন বুদ্ধদেবের আরও কয়টি বিশেষণ আছে, যথা—বিদ্যাচরণসম্পন্ন, সুগত, লোকবিৎ (দূ), অনুত্তর, পুরুষদম্যসারথি ও শাস্তা। সমস্ত বিশেষণের মধ্যে 'ভগবান্' —এই বিশেষণটিই শ্রেষ্ঠ; তিনি গুরুগৌরব যুক্ত বলিয়া তাঁহার নাম ভগবান্;—'তেনাহু পোরাণা—"ভগবা'তি বচনং সেট্‌ঠং ভগবা'তি বচনমুত্তমং। গুরুগারবযুক্তো সো ভগবা তেন পবুচ্চতীতি॥"' বোধিদ্রুমমূলে সর্ব্বজ্ঞত্বজ্ঞান লাভ করায় তাঁহার নাম 'ভগবান্' হয়, ইহা তাঁহার ঐ গুণের প্রকাশক। তিনি স্বয়ং সর্ব্বপাপ হইতে সুদূরে থাকিয়া বাসনাযুক্ত ব্যক্তিগণের পাপকে বিধ্বস্ত করেন বলিয়া তাঁহার নাম অর্হৎ, অথবা তিনি সমস্ত শ্রেষ্ঠ পূজা-সৎকারাদির যোগ্য বলিয়া অর্হৎ। তিনি সমস্ত ধর্ম্মকে সম্যক্ প্রকারে জানিয়াছিলেন বলিয়া তাঁহার নাম সম্যক্-সম্বুদ্ধ।

২ 'সাগলায়ং', এখানে কেবল ছন্দোরক্ষার জন্য 'সাগল'-শব্দ স্ত্রীলিঙ্গে প্রযুক্ত হইয়াছে, যদিও বিশেষণ স্ত্রীলিঙ্গে ব্যবহৃত হয় নাই; তুলঃ—কজঙ্গল (১।১৯, ১৫ পৃঃ টীঃ)=কজঙ্গলা, "ভগবা কজঙ্গলায়ং বিহরতি মুখেলুবনে"—মং নিং Vol. III. Part III. p. 298 (152); সঙ্কাশ্য (নগর)=সঙ্কাশ্যা, রামাং ১. ৭১. ১৯; ১. ৭০. ৩ "সাগল"-শব্দের সংস্কৃত নাম "শাকল"। শাকল-নগর সম্বন্ধে বিশেষ বিবরণ ভূমিকায় দ্রষ্টব্য।

৩ "উপগঞ্ছি নাগসেনং গঙ্গা'ব যথ'সাগরং," তুলনীয়—"সর্ব্বদাভিগতঃ সদ্ভিঃ সমুদ্র ইব সিন্ধুভিঃ।" রামাং বালং ১. ১.১৬

৪ 'চিত্রকথি', এখানে কথা-শব্দের অর্থ শাস্ত্রার্থ-বিচার; "তিস্রঃ খলু কথা ভবন্তি, বাদো জল্পো বিতণ্ডা চেতি।" ন্যাংদংবাৎস্যায়ন-ভাষ্য, ১. ২. ১

৫ 'উক্কাধারং' (উল্কাধারং), অর্থাৎ যিনি জ্ঞানের উল্কা ধারণ করিয়া অবিদ্যান্ধকার নাশ পূর্ব্বক সমস্ত প্রকাশিত করেন; ইহার ভাবার্থ ধরিয়া অনুবাদে 'প্রকাশক'-শব্দ প্রয়োগ করিয়াছি। তুলঃ—"সর্ব্বসত্ত্বানাং উল্কা ভবেয়ং অবিদ্যাতমোহন্ধকারবিনিবর্ত্তনতয়া"—শিং সং ২৯-১৮

* পার্শ্ব স্থিত সংখ্যাদের যথাক্রমে পৃষ্ঠা ও পংক্তির বোধক। ৪৪ পৃষ্ঠা পর্য্যন্ত পংক্তির সংখ্যা দেওয়া হয় নাই।

২ 'অভিধম্মবিনয়ো'গাল্হা (অভিধর্ম্মবিনয়াবগাঢ়া),' যে কথা অভিধর্ম্ম ও বিনয়ে প্রবেশ করিয়াছে, অর্থাৎ তদর্থযুক্ত; ইহা ও 'সুত্তজালসমন্নিতা (সূত্রজালসমন্বিতা), এই দুই শব্দের ভাবার্থ গ্রহণ করিয়া অনুবাদে সংক্ষেপে 'ত্রিপিটক-অর্থযুক্ত' লিখিত হইয়াছে।

'যোনক,' Ionions, Bactrian Greeks. বঙ্গদর্শনের (১৩০৯) যবন-নামক প্রবন্ধ দ্রষ্টব্য।

"নানাপুটভেদন," সংস্কৃত ও পালি উভয় অভিধানেই পুটভেদন-শব্দ সাধারণত নগরবাচী। মহাভারতে লিখিত হইয়াছে—

"স হাস্তিনপুরে রম্যে কুরূণাং পুটভেদনে।
বসন্ সাগরপর্য্যন্তামন্বশাসদ্ বসুন্ধরাম্॥" ১. ১০০. ১২
"ততঃ শাকলমভ্যেত্য মদ্রাণাং পুটভেদনং।" ২. ৩২. ১৪

এতাদৃশস্থলে পুটভেদন-শব্দ নগরকেই বুঝাইতেছে। মূলের তাৎপর্য্য গ্রহণ করিলে Trenckner এর "surrounded with a nuumbeı of dependent towns" এই অনুবাদ অসঙ্গত মনে হয় না। আমিও তাহাই করিয়াছি। পুটভেদন-শব্দের বুৎপত্তি শব্দকল্পদ্রুমে এইরূপ প্রদর্শিত হইয়াছে—"পুটৈরশ্বখুরৈর্ভিদ্যতে ইতি ভিদ্+কর্ম্মণি ল্যুট্।" Rhys Davids অনুবাদ করিয়াছেন—'বাণিজ্যের মহাকেন্দ্র-স্থল', "a great centre of trade."

" আরাম…, নগরের অনতিদূরে যে বৃক্ষসমূহ রোপিত হয়, তাহার নাম 'আরাম'; ইহারই অপর নাম 'উপবন'। রাজার সর্ব্বসাধারণের জন্য নির্ম্মিত বনের নাম 'উদ্যান'। এই উদ্যানই অন্তঃপুরোচিত হইলে 'প্রমদবন' নামে কথিত হয়।— অ০ প০ ৫৩৭, ৫৩৮; অমরকোষ ৪.২.৩। মহাভারতের (শান্তিপর্ব্ব, ৬৯।১২) "আরামেষু তথোদ্যানে…" ইত্যাদির ব্যাখ্যায় নীলকণ্ঠ লিখিয়াছেন—"আরামেষু পুরবাটিকাসু, উদ্যানে বহির্বাটিকায়াম্।" মূল গ্রন্থে আরাম ও উপবন এই দুইটি একার্থক শব্দ একত্র প্রযুক্ত হইয়াছে। পালিতে ঈদৃশ প্রয়োগ অসকৃৎ দেখা যায়।

৩ বীথি‥, চত্বর ও চতুষ্ক শব্দ কাহারো মতে একার্থক, (চতুরস্র) অঙ্গনবাচী; অ০ প০ ২০৩, ২১৮। শব্দার্থচিন্তামণিকার বলেন—চত্বর শব্দের অর্থ মার্গ-চতুষ্টয়ের সন্ধিস্থল। মহা০ ৩.১৫.২০ দ্রষ্টব্য। ইহা স্বীকার করিলে চত্বর ও চতুষ্পথ-(সিঙ্ঘাটক—শৃঙ্গাটক) শব্দ একার্থক বলিতে হয়। Rhys Davids অনুবাদ করিয়াছেন—"streets, sqares, cross roads, and market places".

খাদ্য-ভোজ্য (খাদনীয়-ভোজনীয়, ১।২৪; ৩।৬।৮), এই উভয় শব্দের পার্থক্য রক্ষা করিবার জন্য Rhys Davids অনুবাদের অনেক স্থলে বলিয়াছেন যে, আহারের

শক্ত জিনিস 'খাদ্য', আর নরম জিনিস ভোজ্য।' আমাদের গ্রন্থকারও কঠিন বস্তুর আহার-স্থলে খাদ্-ধাতুর প্রয়োগ করিয়াছেন, যথা—"কক্খলানি পাসাণানি ক্কখরাযো চ খাদন্তীতি," ৩।৪।৪; "অদং খাদিত্বা'তি" ৩।৬।৯; ইত্যাদি। সমন্ত-পাসাদিকায় আছে—"খাদনিয়ং নাম পঞ্চভোজনানি সত্তাহকালিকং যামকালিকং যাব-জীবিকং ঠপেত্বা অবসেসং খাদনিয়ং নাম। ভোজনিয়ং নাম পঞ্চ ভোজনানি ওদনো কুম্মাসো সত্তু মচ্ছো মংসং।" পা° মো° ৮৯ পৃঃ।

৩ কোটুম্বরক, কুটুম্বর-নামক নগর বা জনপদে জাত কোটুম্বরক। কুটুম্বর-নামে যে কোন স্থান ছিল তাহাতে কোন সন্দেহ নাই, আমাদের গ্রন্থকারই নানা জনপদ-বাসীর নামের সহিত বলিয়াছেন—"•• মাগধকা সাকেতকা সোরট্‌ঠকা কোটুম্বর-মাধুরকা···," ৫।৫; দাক্ষিণাত্যে নীলগিরি পর্ব্বতের দক্ষিণে অবস্থিত, এবং বস্ত্রের জন্য সুপ্রসিদ্ধ কালিকট্ট নগরের নিকটবর্ত্তী কৈম্বাটুর-নগরের সহিত তাহার কোন সম্বন্ধ আছে কি না বিবেচ্য।

৩ সাগলবর্ণনা, তুলনীয়ঃ—৫।৫।

৪ অলকমন্দা, কুবেরের অলকাপুরী, "অলকালকমন্দা'স্‌স পুরী;"—অ° প° ৩২

৫ 'দুব্‌বচো (দুর্বচঃ),' "নাসদ্‌গ্রাহী ন দুর্বচঃ", রামা° অযোধ্যা° ১।২৪; "ন দুর্বচঃ পরোদ্বেজকবচনহীনঃ"—ইতি টীকা। "সুদুর্বচো ভোতি গুরূভি চোদিতঃ"—শি°স° ১১২.

৬ "পঞ্‌হপটিভান (প্রশ্নপ্রতিভান)," প্রতিভান=উপস্থিত বাক্য (অ° প° ৯৭১) প্রশ্ন সম্বন্ধে উপস্থিত বাক্য। "ধর্ম্মকামার্থতত্ত্বজ্ঞঃ স্মৃতিমান্ প্রতিভানবান্," রামা° অযোধ্যা° ১০.২২

৮ 'মম পরিনিব্‌বাণতো পঞ্চবস্‌সসতে···', মহাযান-গ্রন্থসমূহেও এই ভাবের এই কথা অনেক স্থানে বলা হইয়াছে, যথা—"যো মম পশ্চিমায়াং পঞ্চাশত্যাং বর্ত্তমানায়াং সদ্ধর্ম্মনেত্রী রক্ষতি···," "যে তে ভদন্ত ভগবন্ এতর্হি অনাগতেঽধ্বনি যাবৎ পশ্চিমায়াং পঞ্চাশত্যাং ক্ষত্রিয়কল্যাণা ভবন্তি যাবৎ গৃহপতিকল্যাণা ··,"—ক্ষিতিগর্ভসূত্র; শি° স° ৮৮. ১৪; ৮৯. ৮। বজ্রচ্ছেদিকাতেও (৬) ইহা আছে। পাঠক এস্থানে লক্ষ্য করিবেন, পালির পঞ্চবর্ষশত-স্থানে মহাযান-গ্রন্থে পঞ্চাশৎ বলা হইয়াছে, পঞ্চশত নহে; কিন্তু ক্ষিতিগর্ভসূত্রের তিব্বতীয় অনুবাদে পঞ্চশতই করা হইয়াছে (See Cecil Bendal's note, শি° স° ৮৮); অধ্যাশয়সঞ্চোদনাসূত্রে 'পঞ্চশতী'ই লিখিত দেখা যায় যথা—"বোধিসত্ত্বযানিকঃ পুদ্গলঃ পশ্চিমায়াং পঞ্চশত্যাং সদ্ধর্ম্মবিপ্রলোপে বর্ত্তমানেঽ-ক্ষতোঽনুপহতঃ স্বস্তিনা পরিমোক্ষ্যতে,"—শি° স° ১০৪. ১০; মোক্ষমূলর:স্বকৃত বজ্র-চ্ছেদিকার অনুবাদে (B. M. S. p. 155) পঞ্চাশৎ স্থানে পঞ্চশত পাঠ পরিবর্তন পক্ষে

বেশ যুক্তি দিয়াছেন—যদিও তিনি আমাদের গ্রন্থকারের পূর্ব্বোদাহৃত বচনটি ধরেন নাই।

৭ 'সমুতি (সম্মতি),' বিধেয়কার্য্যের সম্মতিপ্রদায়ক শাস্ত্র, অর্থাৎ স্মৃতিশাস্ত্র।

[illegible] 'ছন্দা সামুদ্দা', ইহা সিংহলীয় গ্রন্থের পাঠ; Trenckner এর পাঠ—'ছন্দসা মুদা'; তিনি পাদটীকায় আরও দুইটি পাঠের উল্লেখ করিয়াছেন, যথা—'ছন্দাসা •', ও ছন্দস•', অনুবাদে সিংহলীয় পাঠই অনুসরণ করা হইয়াছে। ২।৩।১০; ৪।৩।২৬ দ্রষ্টব্য।

[illegible] 'একুনুবীসতি', অষ্টাবিংশতি বিদ্যা প্রসিদ্ধ, যথা—১ শিক্ষা, ২ কল্প, ৩ ব্যাকরণ, ৪ নিরুক্ত, ৫ ছন্দঃ, ৬ জ্যোতিষ, ৭ ঋগ্বেদ, ৮ যজুর্ব্বেদ, ৯ সামবেদ, ১০ অথর্ব্ববেদ, ১১ মীমাংসা, ১২ ন্যায়, ১৩ ধর্ম্মশাস্ত্র, ১৪ পুরাণ, ১৫ আয়ুর্বেদ, ১৬ ধনুর্বেদ, ১৭ গান্ধর্ব্ববেদ, ১৮ অর্থশাস্ত্র। জাতকে (১ খণ্ড, ৫৮ পৃঃ, ২৯ পং) দ্বাদশবিধ শিল্প (বিদ্যা) উল্লিখিত হইয়াছে—"দ্বাদসবিধং সিপ্পং দস্সেসি।"

[illegible] 'পুথুতিত্থকরাণং', তীর্থ-শব্দের অর্থ এখানে দর্শন বা মত, যাঁহারা কোন দর্শন বা মত উদ্ভাবন করেন, তাঁহারা তীর্থকর।

৮ 'ছ সত্থারো…', 'বেল্লট্‌ঠিপুত্তো'—স্থানে Trenckner 'বেলট্‌ঠপুত্তো' পাঠ ধরিয়া 'বেলট্‌ঠিপুত্তো'—এই পাঠান্তর দেখাইয়াছেন। 'পূরণো' স্থানে 'পুরাণো' পাঠও দেখা যায়। গ্রন্থান্তরে গোশালকে 'মখলিপুত্ত' বলা হইয়াছে। নাথপুত্র নির্গ্রন্থের নাম বিভিন্ন বিভিন্ন গ্রন্থে কিঞ্চিৎ কিঞ্চিৎ বিভিন্নরূপে দেখা যায়। পূরণ-প্রভৃতি ছয় জন তীর্থকর বৌদ্ধ ও জৈন উভয় শাস্ত্রেই সুপ্রসিদ্ধ, উভয় শাস্ত্রেই ইঁহাদের অসকৃৎ উল্লেখ দেখা যায়। দ্রষ্টব্য—ভগবতী (জৈন গ্রন্থ) ১৫শ অধ্যায়; A manual of Bnddhism by Spence Hardy, pp. 300-302; Rockhill's The Life of the Buddha, pp.100-106; 249-259; সতীশ বিদ্যাভূষণের বুদ্ধদেব, ২০৪-২২৮; ভারতী (শ্রামাণ্যফলসূত্র-নামক প্রবন্ধ) ১৩০৯, ভাদ্র।

[illegible] "ভন্তে (ভদন্ত),". ভদন্ত শব্দ স্থানে সম্বোধনে 'ভন্তে' হয় (কচ্চায়ন, ২.৪.৩৫)। হর্ষচরিত প্রভৃতি সংস্কৃত গ্রন্থেও ভদন্ত-শব্দ ব্যবহৃত হইতে দেখা যায়। ইহা গৌরব-বাচক; "ভন্তে'তি সগারবসপ্পতিস্‌স বচনং,"—কঙ্খাবিতরণী, ২ পৃঃ

[illegible] 'সম্মোদনীয়ং কথং…,' এই বাক্যটি পালি-সাহিত্যে অতিপ্রসিদ্ধ, ও সাক্ষাৎকারের সময় পরস্পরের শিষ্টাচার বুঝাইতে প্রযুক্ত হয়। ইহার অনুবাদ এস্থানে ঠিক হয় নাই, "পরস্পরে প্রীতিপ্রদ স্মরণার্হ কথা উচ্চারণ করিবার পর"—এইরূপ অনুবাদই সঙ্গত; ১।৩৭ দ্রষ্টব্য। সিংহলের বিদ্যোদয়-পরিবেণ হইতে শ্রদ্ধেয় সুহৃৎ শ্রীযুক্ত প্রিয়রত্ন ভিক্ষু (পিয়রতন ভিক্‌খু) মহাশয় ঐ বাক্যটির অর্থ সম্বন্ধে আমাকে যে পত্র (১-১১-০৬) লিখিয়াছিলেন, তাহা এই:—"পালো 'সম্মোদি, সম্‌-পূর্ব্বঃ মুদ্‌ (মোদনে)

ধাতু: ; 'সারণীয়ং', স্মর (চিন্তায়াং) ধাতুঃ, সংস্কৃতে স্মৃ, তস্মৈব সর্ববাক্যমিতি সংস্কৃতানু-বাদঃ ; 'বীতিসারেত্বা', বি + অতি-পূর্ব্বঃ স্মরধাতুঃ।" অঙ্গুত্তরনিকায়ের মনোরথ-পূরণী-নামক অর্থকথা হইতে তিনি তৎসম্বন্ধে নিম্নলিখিত ব্যাখ্যাটি লিখিয়া পাঠাইয়া-ছেন :—"ভগবতা সদ্ধিং সম্মোদীতি, যথা চ খমনীয়াদীনি পুচ্ছন্তো ভগবা তেন, এবং সো'পি ভগবতা সদ্ধিং সমপ্পবত্তমোদো অহোসি, সিতোদকং বিয উণ্হোদকেন সম্মোদিতং একীভাবং অগমাসি ; যায চ কচ্চি তে ভো গোতম, খমনীয়ং ?—কচ্চি যাপনীয়ং ?—কচ্চি ভোতো গোতমস্স গোতমসাবকানঞ্চ অপ্পাবাধং, অপ্পাতঙ্কং, লহুট্ঠানং, বলং, ফাসুবিহারো'তি—আদিকায় কথায় সম্মোদি ; তং'পীতি পামোজ্জ-সংখাতস্স সম্মোদস্স জননতো সম্মোদিতুং যুত্তভাবতো চ সম্মোদনীয়ং কথং, অত্থ-ব্যঞ্জনমধুরতায় সুচিরম্'পি কালং সারেতুং নিরন্তরং পবত্তেতুং অরহরূপতো সরিতব্ব-ভাবতো চ সারাণীয়ং, সুয্যমানসুখতো চ সম্মোদনীয়ং, অনুস্সরিয্যমানসুখতো চ সারাণীয়ং, তথা ব্যঞ্জনপরিসুদ্ধতায় সম্মোদনীয়ং, অত্থপরিসুদ্ধতায় সারাণীয়'ন্তি, এবং অনেকেহি পরিয়ায়েহি সম্মোদনীয়ং কথং সারাণীয়ং বীতিসারেত্বা পরিযাসাপেক্ষা নিট্ঠপেত্বা যেন'ত্থেন আগতো তং পুচ্ছিতুকামো নিসীদি। একমন্ত'ন্তি ভাবনপুংসক-নিদ্দেসো'তি।" Rhys Davids ভাবার্থ অনুবাদ করিয়াছেন—"exchanged with him the compliments of friendly greeting." Childers দ্রষ্টব্য।

চণ্ডাল ও পুক্কশ, অভিধানে ঐ উভয় শব্দ একার্থক বলিয়া লিখিত হইলেও তাহাদের অর্থগত ভেদ আছে ; ব্রাহ্মণীর গর্ভে শূদ্রের ঔরসে চণ্ডাল, ও শূদ্রার গর্ভে নিষাদের ঔরসে পুক্কশ জাত হয়। "জাতো নিষাদাৎ শূদ্রায়াং জাত্যা ভবতি পুক্কশঃ,"—মনু ১০. ১৮। পুক্কশ শব্দ সকারান্তও ব্যবহৃত হয়।

'পত্তক্খন্ধো···নিসীদি,' প্রত্যুত্তর দানে অসমর্থ হইয়া অপ্রতিভ হইয়া পড়িলে বহুস্থানে এই বাক্যখণ্ডটিকে প্রযুক্ত দেখা যায়। ইহার সংস্কৃত 'প্রাপ্তস্কন্ধঃ' হইতে পারে। খুব সম্ভব ইহার সংস্কৃত 'প্রাস্তস্কন্ধঃ', (স্ত = ত্ত, যথা দুস্তরঃ = দুত্তরো, সমস্তঃ = সমত্তো ; পা॰ প্র॰ ১.§৭৩. গ.); যাহার স্কন্ধদেশ প্রাস্ত প্রকৃষ্টরূপে বিক্ষিপ্ত অর্থাৎ ব্রস্ত হইয়া পড়িয়াছে ; প্রত্যুত্তর করিতে অসমর্থ হওয়ায় লজ্জা বশত তাঁহার উন্নত স্কন্ধ অবনত হইয়া পড়িয়াছিল, বোধ হয় ইহাই এখানে প্রকৃত অর্থ। Rh. D. অনুবাদ করিয়াছেন crest-fallen, ইহা পূর্ব্বোক্ত বিবরণেরই সমর্থক। 'পত্তক্খন্ধ' এই পদটি অঙ্গুত্তরনিকায়ে অন্যূন দুইবার প্রযুক্ত হইয়াছে বলিয়া স্মরণ হয়। M. N. Vol. III. Part III. p. 298 (152). Rh. D. অঙ্গুত্তরনিকায়ে তাহার যে স্থান নির্দেশ করিয়াছেন (৩. ৭৩. ৪.) তাহাতে ঐ শব্দ পাওয়া যায় না, তিনি এস্থানে নিজের চুল্লবগ্গ (৪. ৪. ৭.) স্থিত টীকা দেখিতে বলিয়াছেন।

১১ 'অচ্ছন্তি,' 'বহিমুখো বেব পন অচ্ছামি,' ৩৭।১৭ ; ইহা হইতেই বাংলায় 'আছেন', 'আছি' ইত্যাদি পদ হইয়াছে, সন্দেহ নাই। সংস্কৃত গত্যর্থক ঋধাতু স্থানে চতুর্লকারে 'ঋচ্ছ' আদেশ হয়, সম্ভবত এই 'ঋচ্ছন্তি' হইতেই 'অচ্ছন্তি' হইয়া থাকিবে, কিন্তু অর্থগত পার্থক্য এখানেও বিবেচনীয়। সংস্কৃতে গত্যর্থক 'ঋচ্ছ'-ধাতুও আছে।

'অরহন্তো (অর্হন্তঃ)', যাঁহারা চরম নির্ব্বাণ লাভের ঠিক পূর্ব্ব অবস্থায় উপস্থিত হইয়াছেন,—যাঁহারা জীবদবস্থাতেই একরূপ নির্ব্বাণ লাভ করেন। চরম নির্ব্বাণ হইতে এই নির্ব্বাণের প্রভেদ এই যে, এই নির্ব্বাণে রূপাদি স্কন্ধপঞ্চক থাকিয়াই যায়, আর চরম নির্ব্বাণে তাহাও লুপ্ত হইয়া যায়। এই উভয়বিধ নির্ব্বাণের নাম যথাক্রমে—'উপাদিসেস-নিব্বাণ' ও 'অনুপাদিসেস-নিব্বাণ' ; উদীচ্য বৌদ্ধ সাহিত্যে "উপাধিশেষ-নির্ব্বাণ' ও 'অনুপাধিশেষ-নির্ব্বাণ' ; এ স্থানে উপাদি বা উপাধি অর্থে রূপাদি স্কন্ধপঞ্চক বুঝিতে হইবে। অর্হদ্-গণ উপাদিসেস-নিব্বাণ অবস্থায় থাকেন ; এবং ইহাঁরাই জীবন্মুক্ত। ১।৩২, ২৯ পৃঃ, স্রোতাপত্তি-শব্দের টীকা দ্রষ্টব্য।

'আবুসো,' ইহা সম্বোধন-বাচক অব্যয় ; মহারূপসিদ্ধিটীকাকার বলেন (৪৯ পৃঃ)— "'আবুসো'তি সমণস্স সমণানং বা আলপনে," অর্থাৎ এক বা বহু শ্রমণকে সম্বোধন করিতে ইহা প্রযুক্ত হয়। দেখা যায় উচ্চপদস্থ ভিক্ষু সমান বা নিম্নপদস্থ ভিক্ষুকে, বা উপাসককে এই পদে সম্বোধন করেন।

'তাবতিংস-ভবনে', বৌদ্ধসাহিত্যে ছয়টি দেবলোকের উল্লেখ দেখা যায়, যথা—১ চাতুর্মহারাজিক, ২ তাবতিংস, ৩ যম, ৪ তুষিত, ৫ নির্ম্মাণরতি, ও ৬ পরনির্ম্মিতবশবর্ত্তী ; যে লোকে ত্রয়স্ত্রিংশৎ দেবতা থাকেন, তাহার নাম তাবতিংস-দেবলোক। ইহা মেরু-পর্ব্বতের শৃঙ্গে অবস্থিত, এবং ইহার অধিপতি ইন্দ্র। মানুষের ১০০ বর্ষে সেখানে এক দিন হয়, এইরূপ দিনের ১,০০০ বৎসর সেখানে আয়ুর পরিমাণ, অতএব বলিতে হইবে আমাদের বর্ষ পরিমাণে তত্রত্য দেবগণ ৩৬,০০০,০০০ বৎসর বাঁচিয়া থাকেন। বি০ ৪২২ ; দী০ নি০ (Vol. II) ৩২৭; অ০ নি০ ৩.৭০.৭ ; See also M. Bud. pp. 8, 11, 25. চতুর্মহারাজিক প্রভৃতি কতকগুলি বৌদ্ধসাহিত্যে সুপরিচিত দেব নাম বিষ্ণু-সংহিতায় দেখা যায়; যথা—"ব্রহ্মকায়িক। ৩৮। মহাকায়িক। ৩৯। মহারাজিক। ৪০। চতুর্মহারাজিক। ৪১। ভাস্বর। ৪২। মহাভাস্বর। ৪৩। ... তুষিত। ৪৭। মহাতুষিত। ৪৮।......পরিনির্ম্মিত। ৫০। অপরিনির্ম্মিত। ৫১। বশবর্ত্তিন্। ৫২।"—বি স্ম০ ৯৮। 'তাবতিংস-ভবনে' যে ত্রয়স্ত্রিংশৎ দেবতার কথা উক্ত হইয়াছে, তাঁহারা বেদ প্রসিদ্ধ আদিম দেবতা হইতে পারেন, মনে করা যায়। এই ত্রয়স্ত্রিংশৎ দেবতা বৈদিক কালে অতি প্রসিদ্ধ ছিলেন (ঋ০ স০ ৮. ৩০. ২ ; অ০ স০ ১০. ৭. ১৩ ; ২৩ ; ২৭)। এই তেত্রিশ দেবতা যথা—"অষ্টৌ বসবঃ, একাদশ রুদ্রাঃ, দ্বাদশ

আদিত্যাঃ; ত একত্রিংশদ, ইন্দ্রশ্চৈব প্রজাপতিশ্চ ত্রয়স্ত্রিংশাবিতি"—বৃ০ আ০ ৩, ৯.২।

'বিমান', "তথ বিমানানীতি বিসিট্ঠযানানি দেবতানং কীলানিবাসট্ঠানানি; তানি হি তাসং সুচরিতকম্মানুভাবনিব্বত্তানি যোজনিক-দ্বিযোজনিকাদিপমাণ-বিসেস-যুত্ততায় নানারতনসমুজ্জলানি বিচিত্তবণ্ণসণ্ঠানানি সোভাতিসয়যোগেন বিসেসতো মান-নিস্সারত্তায় চ বিমানানীতি বুচ্চন্তি।" প০ দী০ ১-২ পৃঃ।

১২ 'আয়স্মা,' আয়ুষ্মান্; এই পদটি বৌদ্ধ সাহিত্যে সঙ্ঘমধ্যে প্রধান ভিক্ষুগণের বিশেষণরূপে ব্যবহৃত হইতে দেখা যায়। অধস্তন ভিক্ষুগণ উচ্চপদস্থ ভিক্ষুগণের প্রতি এইপদ ব্যবহার করেন। বুদ্ধঘোষ বলেন, ইহা প্রিয়বচন, ও গুরুগৌরব-যুক্ত ব্যক্তির বিশেষণ;—"অথ খো আয়স্মা মহামোগ্গল্লানো'তি—আদিসু আয়স্মা'তি পিয়বচন-মেতং, গরুগারবসপ্পতিস্সাধিবচনমেতং"—স০ পা০ ৯০ পৃঃ। নৈমিশারণ্যে শৌনকাদি ঋষিগণ মহামুনি সূতকেও ঐ পদে সম্বোধন করিয়াছিলেন—"তত্র তত্রাঞ্জসাযুষ্মন্ ভবতা যদ্বিনিশ্চিতং," ভা০ পু০ ১. ১. ৯। সংস্কৃত নাটকে সারথির রাজাহ্বানে ঐ পদ অসকৃৎ প্রযুক্ত হইতে দেখা যায়।

'দিট্ঠি,' "দস্সনংদিট্ঠি লদ্ধি থী সিদ্ধান্তো সময়ো ভবে"—অ০ প০ ১৬১; কোন ধর্ম্ম বা শাস্ত্র সম্বন্ধীয় মত, বিশ্বাস।

১৩ 'মারিস,' আর্য্য; অ০ প০ ১১০২।

১৪ 'তীরেত্বা,' √ তীর (চুরাদি) + ক্ত্বা; "তীর কম্মসম্পত্তিম্হি"—ধা০ ম০ ১৪২।

'নিরোধ,' যে ধ্যানে নিমগ্ন হইলে শারীরিক, বাচসিক ও মানসিক ত্রিবিধ ক্রিয়াই তিরোহিত হয়, ইহা নয় প্রকার।

'বুদ্ধসাসনে পলুজ্জন্তে,' বুদ্ধ প্রচারিত ধর্ম্মের অবনতি বর্ণনা করিতে হইলে এই বাক্যখণ্ডটি প্রায়ই ব্যবহৃত হইতে দেখা যায়। মহাযান-গ্রন্থেও এইরূপ প্রয়োগ আছে। যথা—"সদ্ধর্ম্মে প্রলুজ্যমানে নিরুধ্যমানে সুগতস্য সাসনে"—চন্দ্রপ্রদীপসূত্র, শি০ স০ ১৭. ৩; 'পলুজ্জন্তে'—প্র √ রুজ্ + শতৃ।

১৫ 'কজঙ্গল', ইহা বৌদ্ধ সাহিত্যে প্রসিদ্ধ পবিত্র স্থান। বহু স্থানে ইহার উল্লেখ পাওয়া যায়;—"কতরস্মিং নু খো পদেসে বুদ্ধা নিব্বত্তন্তীতি ওকাসং বিলোকেন্তো মজ্ঝিমদেসং পস্সি। মজ্ঝিমদেসো নাম পুরত্থিমদিসায় কজঙ্গলং নাম নিগমো........," জা০ ১. ৪৯; মহা০ ৫. ১৩. ১২; সু০ বি০ D. ২.৪০ (১৭৩ পৃঃ); ম০ নি০ Vol. III. Part III. p. 298, (152).

Hiuen Tsang তাঁহার ভ্রমণবৃত্তান্তে 'কজুঘির' বা 'কজিঙ্গর' (Kie-chu-hoh-khi-lo) নামে এক রাজ্যের উল্লেখ করিয়াছেন; তিনি চম্পা হইতে এখানে আসেন, চম্পা হইতে ইহা ৪০০ লি। M. V. de St. Martin

(Memoire, p. 387) বলেন যে, ভারতের পূর্ব্বভাগস্থ জনপদের মধ্যে 'কজিঙ্গ'-নামে একটি দেশের উল্লেখ মহাভারতে পাওয়া যায়; সিংহলের ইতিহাসে লিখিত আছে যে, জম্বুদ্বীপের পূর্ব্বভাগে 'কজঙ্গেল নিগম' নামে এক নগর আছে। Rennell এর মানচিত্রে চম্পা হইতে ৯২ মাইল (৪৬০ লি) দূরে 'কাঘেরি' নামে একটি গ্রাম অঙ্কিত দেখিতে পাওয়া যায়। S. Beal's *Buddhist Records of the Western World*, Vol. II. p. 193.

॥ মহাসেনের এই জন্মগ্রহণ বৃত্তান্ত সমন্তপাসাদিকায় (১৭ পৃঃ) তিষ্য-মহাব্রহ্মার মোগ্গলিব্রাহ্মণের গৃহে জন্ম-গ্রহণবৃত্তান্তের সহিত বাক্যতও একই রূপ। দ্রষ্টব্য—"যথা মোগ্গলিপুত্ততিস্সথেরো তিস্সতি, এবমেতেপি তিস্সন্তি -" ১৮, ৬ পৃঃ।

॥ 'আয়ুধভণ্ডানি পজ্জলিংসু', অঙ্গুলিমালের জন্মেও অস্ত্রশস্ত্র জ্বলিয়া উঠিয়াছিল, কিন্তু তাহার ফল ভাল হয় নাই, অঙ্গুলিমাল যে ভবিষ্যতে দস্যু হইবে, তাহাই ঐ ঘটনা তখন সূচনা করিয়া দিয়াছিল,—M. Bud. p. 257. Hardy সেখানে লিখিয়াছেন—"In an enumeration of the prodigies that occurred in Rome, A. U. 652, Julius Obsequense says that the spears of Mars, preserved in the palace, moved of their on accord."—*Ibid*

॥ 'কটচ্ছু', মাগধী 'কচ্ছোলা', মারহাটী 'কচ্ছোলে', (উ০ দ০ ১থ. বিবরণ. ১০পৃঃ). হিন্দী 'করছুল'; অর্থ হাতা।

॥ 'উলুঙ্ক', তরল দ্রব্য রাখিবার পাত্র বিশেষ, A leathern vessle for oil—Apte; Ladle—Childers, and Rhys Davids.

॥ 'পরিহাসঞ্ঞেব', ইহা 'পরিভাসঞ্ঞেব' হইবে; পরিভাস-শব্দের অর্থ তিরস্কার, ভৎর্সনা। অনুবাদেও ইহা শুদ্ধ করিয়া লইতে হইবে।

১৭ 'পুত্তং বিজায়ি', এস্থলে অন্তর্ভাবিত ণিজর্থ গ্রহণ করিতে হইবে; তুল:—"পুত্রং দেবী ব্যজায়ত"—রামা. ১. ৭০.৩৬; "প্রক্লৃপ্তং হৈবাস্য স্ত্রী বিজায়তে"—শ০ ব্রা০ ১.২.৬.৬।

॥ 'সিক্থানি,' এস্থানে ইহার সংস্কৃত 'শিক্ষাঃ' (স্ত্রীলিঙ্গ) ধরিয়া অনুবাদ করা হইয়াছে। 'শিক্ষ্যাণি' অনুবাদও হইতে পারে। তাহা হইলে অনুবাদের 'শিক্ষাসমূহ'-স্থানে অনুবাদে 'শিক্ষণীয় সমূহ' পাঠ করিতে হইবে।

১৮ 'সজ্ঝায়তি,' ইহার সংস্কৃত 'স্বাধ্যায়তি,' শি০স ৭. ৮; ১৯৭. ৫। গুরু নিজে অধ্যয়ন করেন, আর তাহা অনুসরণ করিয়া শিষ্য অধ্যয়ন করিয়া থাকে, এই জন্যই "অধীহি ভগবন্"—বলিয়া শিষ্য গুরুকে অধ্যয়ন করিবার জন্য প্রার্থনা করেন। যখন পড়ান,

বা অধ্যাপন বুঝাইবে, তখন 'সজ্ঝায়মুগতি' বা 'সজ্ঝায়মেতি' হয়; "সজ্ঝায়মেতি এস ধুং ব্রাহ্মণ।"—১৮পৃঃ

৮ 'মনিবর্ক-কেটুভেসু অনবয়ো অহোসি,' এই বাক্যটি বেদজ্ঞান বর্ণনার জন্য বহুস্থানে প্রযুক্ত দেখা যায়; অ° নি° ৩. ৫৮. ১; ৫৯. ১। 'কেটুভ'-শব্দের অর্থ বৈদিক প্রয়োগশাস্ত্র বা কল্পসূত্র; 'কেটুভ'ন্তি কম্ম-বিকপ্পো কবীনং উপকারায় সথং' —Alw. I. Lxx.

১৯ 'আত্তমনো,' আত্ত আদত্ত অর্থাৎ প্রাপ্ত মন মনোরথ যাহা যাহার; তুলঃ—(ক) 'প্রতিলব্ধমানসঃ,' "ততস্ত রাজা প্রতিবীক্ষ্য তাঃ স্ত্রিয়ঃ, প্ররূঢ়গর্ভাঃ প্রতিলব্ধমানসঃ;" রামা°; ১. ১৬. ৩২.। 'প্রতিলব্ধমানস'-শব্দের অর্থে তিলক টীকাকার বলিয়াছেন—"প্রতিলব্ধশব্দঃ প্রতিলব্ধস্বাস্থ্যপরঃ, তাদৃশং মানসং যস্যোতার্থঃ;"—(খ) 'রাতমনঃ,' "উপস্তুতাদ্ রাতমনসো হবির্গৃহ্ণানীতি"—শ° ব্রা° ১. ১. ২. ১২।

২১ 'সহত্থা সন্তপ্পেত্বা সম্পবারেত্বা', ইহা ভোজন বর্ণনার প্রসিদ্ধ বাক্য। Rh. D. এখানে মোটামুটি ভাব রক্ষা করিয়া গিয়াছেন; 'সম্পবারেত্বা' শব্দের আসল অর্থ কি তাহা তাঁহার অনুবাদে জানা যায় না। Childers সুভূতির মতানুসারে ঐ বাক্যখণ্ডটির এইরূপ অনুবাদ করেন—"(waiting on him) with his own hands caused him to take his fill, caused him to refuse (this is Subhuti's explanation, he says it means that the host handed dishes until the guest said, "I have had anough," and refused further food.)" ইহাই অনুসরণ করিয়া আমিও অনুবাদ করিয়াছি, কিন্তু বস্তুতঃ সেই শব্দের ঐরূপ অর্থ নহে, উহার আসল অক্ষরার্থ—'বিশেষরূপে প্রার্থনা করিয়া,' অর্থাৎ ভোজনের জন্য আরও কিছু লইতে বিশেষভাবে প্রার্থনা করিয়া। গ্রন্থকার অন্যত্র লিখিয়াছেন (২।২।৬, ৯৬ পৃঃ)—"পুরিসো...দারিকং বারেত্বা" ইহার অর্থ—কুমারীকে বরণ অর্থাৎ প্রার্থনা করিয়া। এই পদটি √বর হইতে নিষ্পন্ন। পাতিমোক্‌খে (চীবরবগ্‌গ, ৭) আছে—"অভিহট্‌ঠুং পবারেয্য," বুদ্ধঘোষ এখানে 'পবারেয্য' শব্দের অর্থ লিখিয়াছেন—'পবারেয্যা'তি ইচ্ছাপেয্য ইচ্ছং রুচিং উপ্পাদেয্য—যাবতকং ইচ্ছসি তাবতকং গণ্হাহীতি,"—অর্থাৎ 'পবারেয্য' শব্দের অর্থ ইচ্ছা করাইবে—ইচ্ছা-রুচি উৎপাদন করাইবে এই বলিয়া যে, 'যত ইচ্ছা করেন, তত গ্রহণ করুন;' ক° বি° ৭০ পৃঃ। সমন্তপাসাদিকাতেও তিনি তাহাই বলিয়াছেন—"পবারেয্যা'তি ইচ্ছাপেয্য, ইচ্ছং রুচিং উপ্পাদেয্য।'

২৩ 'তিক-দুক,' গ্রন্থের বিভাগ, অধ্যায় পরিচ্ছেদাদির সমানার্থক; যে পরিচ্ছেদে দুইটি-দুইটি ধর্ম্মের উল্লেখ করা হইয়াছে তাহা দ্বিক, ও ঐরূপ তিনটি ধর্ম্মের উল্লেখে ত্রিক।

২৫ 'সচে,' ইহার উদীচ্য বৌদ্ধ সংস্কৃত 'সচেৎ' (শি॰ স॰ ১১৮. ২১; ১১৯. ১৫)। পালিতে 'সেয্যথা' বলিয়া আর একটি শব্দ আছে (১।৩৫, ৩৬ পৃঃ), উদীচ্য-বৌদ্ধ সংস্কৃতে তাহা 'সযথা' (শি॰ স॰ ১৩৩. ৫ ; Cecil Bendal's note 2.)। বস্তুতঃ এতাদৃশ স্থানে 'স' শব্দের কোন অর্থ নাই, অথবা তাহা 'তৎ' এই অব্যয়ের অর্থ প্রকাশ করে। তুলনীয় বৈদিক প্রয়োগ :—"সযাক্তেবেমানি…", "সযদি ন ইতোহস্মাঃ…", "সযদস্যা পৃথিব্যা…", "সযস্য গার্হপত্যো…"; শ॰ ব্রা॰ ১.১.৫.২ ; ১.২.৩.১৮ ; ১.১.২.২৩। সায়ণাচার্য্য এ সকল স্থানে লিঙ্গ বিভক্তি বিপরিণামে ব্যাখ্যা করেন, এবং পাণিনিও (৩.২.৮৫) ইহার সমর্থন করেন।

২৬ 'ফাসু', অভিধানপ্রদীপিকায় ইহা সুখ-মঙ্গলাদির পর্য্যায়রূপে উক্ত হইয়াছে, যথা—"সুখং সাতং চ ফাসুথ কল্যাণং মঙ্গলং সিবং,"—৮৮। "সুখং ফাসুং বিহরন্ত" —(আর্য্যরত্নরাশি, শি॰ স॰ ১২৯.৯) ইত্যাদি স্থানে মহাযানীয় গ্রন্থেও উহার প্রয়োগ দেখা যায়। Prof. Bendal মনে করেন—"ভবন্ত ধর্মকামস্পার্শাপেতা" এ স্থানে 'স্পার্শ'-শব্দ 'ফাসু' অর্থে প্রযুক্ত হইয়া থাকিবে। ঐ শব্দ সম্বন্ধে তাঁহার টিপ্পনী দ্রষ্টব্য, —শি॰ স॰ ৩২, ১২৯ ; ভূমিকা ১৫।

২৭ 'অল্লাপ সল্লাপো', ইহার চলিত কথায় অনুবাদ 'আলাপ-সালাপ।'

২৯ 'সোতাপত্তি ফলে', নির্ব্বাণ লাভের ক্রমান্বয়ে চারিটি মার্গ বা পথ আছে; যথা—স্রোতাপত্তিমার্গ, সকৃদাগামিমার্গ, আনাগামিমার্গ, ও অর্হত্বমার্গ। যাঁহারা এই সমস্ত মার্গে বিচরণ করেন, তাঁহাদিগকে যথাক্রমে স্রোতাপন্ন, সকৃদাগামী, আনাগামী ও অর্হৎ বলা হইয়া থাকে। ঐ চতুর্বিধ মার্গ প্রত্যেকে উচ্চ-নীচ ভেদে, অর্থাৎ সেই সেই মার্গে বিচরণ করা, ও বিচরণ করিয়া ফল লাভ করা—এই দুই ভেদে দ্বিবিধ। এই ভেদদ্বয়কে এইরূপে অভিহিত করা হয় :—স্রোতাপত্তিমার্গ, স্রোতাপত্তিফল ; সকৃদাগামিমার্গ, সকৃদাগামিফল ; অনাগামিমার্গ, অনাগামি ফল ; অর্হত্বমার্গ, অর্হত্বফল। যাঁহারা এই সমস্ত প্রাপ্ত হন, তাঁহাদের যথাক্রমে নাম—স্রোতাপত্তিমার্গস্থ, স্রোতাপত্তিফলস্থ ; সকৃদাগামিমার্গস্থ, সকৃদাগামিফলস্থ ; অনাগামিমার্গস্থ, অনাগামিফলস্থ ; এবং অর্হত্বমার্গস্থ, অর্হত্বফলস্থ। ইহাঁদের সাধারণ নাম 'অরিয়পুগ্গল' (আর্য্য-পুদ্গল, আর্য্যজন), বা 'অরিয়' (আর্য্য)। ইহাঁদের ঐ ঐ অবস্থা স্রোতাপত্তিস্থান, স্রোতাপত্তিফলস্থান—ইত্যাদি রূপেও কথিত হয়। স্রোতাপন্ন, সকৃদাগামী, অনাগামী ও অর্হৎ এই শব্দগুলি যথাক্রমে সাধারণত স্রোতাপত্তিফলস্থ, সকৃদাগামিফলস্থ, অনাগামিফলস্থ ও অর্হত্বফলস্থ-কে বুঝায়।

পূর্ব্বোক্ত অষ্টবিধ স্থানের মধ্যে প্রথম হইতে সপ্তম পর্য্যন্ত স্থানে যাঁহারা বিচরণ করেন, তাঁহাদের সাধারণ নাম 'সেখ' বা শৈক্ষ ; অষ্টম স্থান বা অর্হত্বফলে অবস্থিত

পুরুষের নাম অর্হৎ। 'অসেখ'-শব্দ ইহাঁকেই বুঝায়। অর্হত্ত্বফলেরই অপর নাম ক্লেশ-পরিনির্ব্বাণ, বা ক্লেশনির্ব্বাণ, বা উপাদিশেষনির্ব্বাণ, বা নির্ব্বাণ (পরিনির্ব্বাণ নহে)। ১।১৬, ১১ পৃঃ অর্হৎ-শব্দের টীকা দ্রষ্টব্য।

পূর্ব্বোক্ত মুল চতুর্বিধ মার্গের যে কোনটিতে প্রবেশ করিলেই, তাহার আর পতন নাই, সে নিশ্চয়ই নির্ব্বাণ লাভ করিবে। অন্তিমমার্গই সাক্ষাৎ সম্বন্ধে নির্ব্বাণে লইয়া যায়।

স্রোতাপন্ন ব্যক্তি 'অপায়' বা নরক-ভিন্ন যে-কোন লোকে সাতবার জন্মগ্রহণ করিবেন। সকৃদাগামীকে দুই জন্ম অতিক্রম করিতে হয়,—একটি মনুষ্যলোকে, ও অপরটি দেবলোকে। অনাগামী পৃথিবীতে বা কামলোকে আর জন্মগ্রহণ করেন না, পঞ্চবিধ রূপব্রহ্মের অন্যতমটিতে একবার মাত্র তাঁহাকে জন্মগ্রহণ করিতে হয়।

যে সকল ব্যক্তি এই চতুর্বিধ পথের কোনটিতেই প্রবেশ করে নাই, তাহাদিগকে 'পুথুজ্জন' (পৃথক্ জন) বলা হয়। See Childers.

২৯ 'মণ্ডল-মালে', মাল শব্দের অর্থ এক কূটবিশিষ্ট গৃহ; "এককূটযুত্তো মালো"—অ০ প০ ২০৯; Rh. D. লিখিয়াছেন arbour.

৩০ 'যোজনসতানি' ইহার অক্ষরার্থ এখানে দুই বা বহু শত যোজন; কিন্তু তাহা উপপন্ন হয় না। Trenckcer মনে করেন এস্থলে 'তিযোজনসতানি' পাঠ হইবে।

৩১ 'ইরিয়াপথ', ঈর্য্যাপথ; ইহা চতুর্বিধ—ভ্রমণ, অবস্থান, উপবেশন ও শয়ন। S.N. Vol.V. 78. এই অর্থে কেবল 'ঈর্য্যা'-শব্দও মহাযান গ্রন্থে দেখা যায়, "ঈর্য্যায়া চোদয়তি"—সর্ব্বধর্ম্মাপ্রবৃত্তিনির্দ্দেশ, শি০ স০ ৯০-৯১। জটাধর বলেন—ঈর্য্যা শব্দের অর্থ ভিক্ষুব্রত।

৩২ 'পটিসম্ভিদা', ইহার সংস্কৃত প্রতিসম্ভিদা; যে জ্ঞানের দ্বারা কোন বিষয়কে সম্প্রতি-ভিন্ন অর্থাৎ সম্যক্ প্রকারে ভাঙ্গিয়া-চুরিয়া বিশেষ রূপে জানিতে পারা যায় তাহারই নাম প্রতিসম্ভিদা। ইহার অর্থ বিশদরূপে বুঝিবার জন্য এখানে গ্রন্থান্তর হইতে কিঞ্চিৎ উদ্ধৃত করিতেছি:—

"চতস্সো পটিসম্ভিদা—অত্থপটিসম্ভিদা, ধম্মপটিসম্ভিদা, নিরুত্তিপটিসম্ভিদা, পটিভাণপটিসম্ভিদা।

অত্থে ঞাণং অত্থপটিসম্ভিদা, ধম্মে ঞাণং ধম্মপটিসম্ভিদা, তত্থ ধম্মনিরুত্তাভিলাপে ঞাণং নিরুত্তিপটিসম্ভিদা, ঞাণেসু ঞাণং পটিভাণপটিসম্ভিদা।

দুক্খে ঞাণং অত্থপটিসম্ভিদা, দুক্খসমুদয়ে ঞাণং ধম্মপটিসম্ভিদা, দুক্খনিরোধে ঞাণং অত্থপটিসম্ভিদা, দুক্খনিরোধগামিনিয়া পটিপদায় ঞাণং ধম্মপটিসম্ভিদা, তত্থ ধম্মনিরুত্তাভিলাপে ঞাণং নিরুত্তিপটিসম্ভিদা, ঞাণেসু ঞাণং পটিভাণপটিসম্ভিদা।

* * * * * *

হেতুম্হি ঞাণং ধম্মপটিসম্ভিদা, হেতুফলে ঞাণং অত্থপটিসম্ভিদা, তত্থ ধম্মনিরুত্তাভিলাপে ঞাণং নিরুত্তিপটিসম্ভিদা, ঞাণেসু ঞাণং পটিভাণপটিসম্ভিদা।...

* * * * *

"...ইমে ধম্মা কুসলা। ইমেসু ধম্মেসু ঞাণং ধম্মপটিসম্ভিদা, তেসং বিপাকে ঞাণং অত্থপটিসম্ভিদা, যায় নিরুত্তিয়া তেসং ধম্মানং পঞ্ঞত্তি হোতি তত্র ধম্মনিরুত্তাভিলাপে ঞাণং নিরুত্তিপটিসম্ভিদা। যেন ঞাণেন তানি ঞাণানি জানাতি—ইমানি ঞাণানি ইদমত্থজোতকানীতি,—ঞাণেসু ঞাণং পটিভাণপটিসম্ভিদা।"

বি° ২৯৩-৩০৫ পৃঃ, পটিসম্ভিদা বগ্গ।

ইহার সার তাৎপর্য্য এই—হেতু বা কারণের জ্ঞানের নাম ধর্ম্মপ্রতিসম্ভিদা; কার্য্য বা ফলের জ্ঞানের নাম অর্থপ্রতিসম্ভিদা; হেতু ও ফলের নির্দ্দেশ করিতে হইলে যে বাক্যের দ্বারা তাহাদের নির্ব্বচন আবশ্যক, তাহার অভিলাপ অর্থাৎ কথনে যে জ্ঞান, ইহারই নাম নিরুক্তিপ্রতিসম্ভিদা; এবং যে জ্ঞানের দ্বারা জানিতে পারা যায় যে, পূর্ব্বোক্ত ত্রিবিধ জ্ঞান তত্তৎ অর্থকে প্রকাশিত করে,তাহার নাম প্রতিভাণপ্রতিসম্ভিদা।

পটিসম্ভিদামগ্গেও এ বিষয়টি বেশ বিশদভাবে বর্ণিত আছে। দুঃখ, দুঃখসমুদয় (কারণ), দুঃখনিরোধ, ও দুঃখনিরোধগামিনী প্রতিপদা (উপায়)—এই চারি অননুশ্রুতপূর্ব্ব আর্য্যসত্য-রূপ ধর্ম্মে বুদ্ধদেবের চক্ষু, জ্ঞান, প্রজ্ঞা, বিদ্যা ও আলোক উৎপন্ন হইয়াছিল। কি অভিপ্রায়ে চক্ষু প্রভৃতি উৎপন্ন হইয়াছিল,এই অবলম্বন করিয়া সেখানে উক্ত হইয়াছে:—

"চক্খুং উদপাদীতি দস্সন'ত্থেন, ঞাণং উদপাদীতি ঞাণ'ত্থেন .....।

চক্খুং ধম্মো, ঞাণং ধম্মো, পঞ্ঞা ধম্মো, বিজ্জা ধম্মো, আলোকো ধম্মো,—ইমে ধম্মা ধম্মপটিসম্ভিদায় আরম্মণা চে'ব হোন্তি গোচরা চ। যে তস্সা আরম্মণা, তে তস্সা গোচরা, যে তস্সা গোচরা তে আরম্মণা।' তেন বুচ্চতি—ধম্মেসু ঞাণং ধম্মপটিসম্ভিদা।

দস্সনট্‌ঠো অত্থো, ঞাণ'ট্‌ঠো অত্থো, পজানন'ট্‌ঠো অত্থো, পটিবেধ'ট্‌ঠো অত্থো, ওভাস'ট্‌ঠো অত্থো,—ইমে পঞ্চ অত্থা অত্থপটিসম্ভিদায় আরম্মণা চে'ব হোন্তি গোচরা চ। যে তস্সা আরম্মণা, তে তস্সা গোচরা; যে তস্সা গোচরা, তে তস্সা আরম্মণা। তেন বুচ্চতি—অত্থেসু ঞাণং অত্থপটিসম্ভিদা।

পঞ্চ ধম্মে সন্দস্সেতুং ব্যঞ্জননিরুত্তাভিলাপা, পঞ্চ অত্থে সন্দস্সেতুং ব্যঞ্জননিরুত্তাভিলাপা,—ইমা দস নিরুত্তিয়ো নিরুত্তিপটিসম্ভিদায় আরম্মণা চ হোন্তি গোচরা চ। যে তস্সা আরম্মণা, তে তস্সা গোচরা; যে তস্সা গোচরা, তে তস্সা আরম্মণা। তেন বুচ্চতি—নিরুত্তীসু ঞাণং নিরুত্তিপটিসম্ভিদা।

"পঞ্চসু ধম্মেসু ঞাণানি, পঞ্চসু অত্থেসু ঞাণানি, দ্বয়সু নিরুত্তীসু ঞাণানি,— ইমানি বীসতি ঞাণানি পটিভানপটিসম্ভিদায় আরম্মণা চে'ব হোন্তি গোচরা চ। যে তস্সা আরম্মণা তে তস্সা গোচরা; যে তস্সা গোচরা, তে তস্সা আরম্মণা। তেন বুচ্চতি পটিভানেসু ঞাণং পটিভানপটিসম্ভিদা।.........।"

P. S. M. Vol. II. pp. 150-158

৩৪ 'অথ খো ...ইসিবাত-পটিবাতং অকংসু', Rh. D. অনুবাদ করিয়াছেনঃ—"Then all the elders went to the city of Sāgala, lighting it up with their yellow robes like lamps, and bringing down upon it the breezes from the height where the sages dwell." See his note on the passage.

৩৫ 'ধম্মাভিসময়ো', ধর্ম্মাভিসময়ঃ; (ধর্ম্ম + অভি + সম্ + √ই + অ) = ধর্ম্মাভিগমন = ধর্ম্মপ্রাপ্তি = ধর্ম্মলাভ। পালিতে 'সময়'-শব্দ নিম্ন লিখিত অর্থ সমূহে প্রযুক্ত হইয়া থাকে :—

"সমবায়ে খণে কালে সমূহে হেতু-দিট্‌ঠিসু।
পটিলাভে পহাণে চ পটিবেধে চ দিস্সতি॥" অ০ প০ ৭৭৮।

'"অত্থাভিসময়া ধীরো পণ্ডিতো'তি পবুচ্চতীতি"—এবমাদিসু পটিলাভো—' স০ পা০ ৪৮ পৃঃ।

৩৬ 'মহাসময়সুত্ত'ন্ত' দীঘনিকায়ের ২০ সংখ্যক।

'মহামঙ্গলসুত্ত'ন্ত' সুত্তনিপাতের উরগবগ্গের ৬ সংখ্যক, এবং 'পরাভবসুত্ত'ন্ত' সুত্তনিপাতের চূলবগ্গের ৪ সংখ্যক।

'সমচিত্তপরিয়ায়সুত্ত'ন্ত', Trenckner বলেন ইহা অঙ্গু'ত্তরনিকায়ের ২. ৪. ৫এ লিখিত অংশের সহিত অভিন্ন। Rh. D. ইহাতে এই আপত্তি করেন যে, যদিও ব্রহ্মদেশীয় পুস্তকে (২.৪ স্থানে) দশটি সূত্র 'সমচিত্তবগ্গ' নামে প্রসিদ্ধ আছে, তথাপি, প্রত্যেক সূত্রের কোন পৃথক্ পৃথক্ নাম নাই; পূর্ব্বোক্ত শীর্ষকও সিংহলীয় পুস্তকে দেখা যায় না, আর বিশেষ কথা এই যে 'সমচিত্তপরিয়ায়' ও 'সমচিত্ত' এই দুই শব্দও সম্পূর্ণ অভিন্ন নহে।

'রাহুলো'বাদসুত্ত'ন্ত', রাহুলের নামে অনেক সূত্র পাওয়া যায়; M. N. Vol. III. Part III. pp. 277-280 (147); S. N. XXXIV. 120; সু০ নি০ চূলবগ্গ, ১১; Rh. D. মনে করেন এখানে ম০ নি০ এর 'চূলরাহুলো'বাদ'ই ধরা হইয়াছে।

৩৭ 'ধুত'ঙ্গ', ধুতাঙ্গ; বিষয় হইতে চিত্তের রাগ নিবৃত্তির জন্য অনুষ্ঠেয় আচার-

বিশেষ। এই শব্দের ব্যুৎপত্তি সম্বন্ধে বুদ্ধঘোষ বলিয়াছেন—"ধুতকিলেসত্তা ধুতস্স ভিক্খুনো অঙ্গা'তি, কিলেসধুননতো বা ধুত'ন্তি লদ্ধবোহারঞাণং অঙ্গং এতেস'ন্তি ধুত'ঙ্গানি; অথবা ধুতানি চ তানি পটিপক্খনিদ্ধুননতো অঙ্গানি চ পটিপত্তিয়া'তি'পি ধুত'ঙ্গানি।" ইহার প্রয়োজনসম্বন্ধে তিনি লিখিয়াছেন— "ভগবতা পরিযত্তলোকামিসানং কায়ে চ জীবিতে চ অনপেক্খানং অনুলোম-পটিপদং যেব আরাধেতুকামানং কুলপুত্তানং তেরস ধুত'ঙ্গানি অনুঞ্ঞাতানি।" বি॰ ম॰ ৩৭-৩৮ পৃঃ। এই ত্রয়োদশবিধ ধুতাঙ্গ যথা—পংসুকুলিক'ঙ্গং, তেচীবরিক'ঙ্গং, পিণ্ডপাতিক'ঙ্গং, সপদানচারিক'ঙ্গং, একাসনিক'ঙ্গং, পত্তপিণ্ডিক'ঙ্গং, খলুপচ্ছা-ভত্তিক'ঙ্গং, আরঞ্ঞক'ঙ্গং, রুক্খমূলিক'ঙ্গং, অব্‌ভোকাসিক'ঙ্গং, সোসানিক'ঙ্গং, যথাসন্থিতক'ঙ্গং, নেসজ্জিক'ঙ্গং। যে ভিক্ষু এই সকল আচারের যতগুলি অনুষ্ঠান করিতে পারেন, তাঁহার পক্ষে ততই মঙ্গল। ইহার বিশেষ বিবরণের জন্য বি॰ ম॰ ২ পরিচ্ছেদ (৩৭-৫১ পৃঃ) দ্রষ্টব্য।

৩৮ নবাঙ্গ বুদ্ধশাসন; নবাঙ্গ যথা—১ সুত্ত; ২ গেয্য (গাথামিশ্রিত সূত্র); ৩ বেয্যাকরণ (সমগ্র অভিধর্ম্মপিটক, গাথাহীন সূত্র, ও অপর অষ্ট অঙ্গে অসংগৃহীত বুদ্ধবচন); ৪ গাথা (ধম্মপদ, থেরগাথা, থেরীগাথা এবং সূত্রনিপাতের মধ্যে মধ্যে 'সুত্ত' নামে অগৃহীত অমিশ্রিত পদ্য); ৫ উদান (খুদ্দকনিকায়ের চতুর্থ অংশ, যাহা উদান-নামেই প্রসিদ্ধ আছে); ৬ ইতিবুত্তক (খুদ্দকনিকায়ের অন্তর্গত ১১০ টি সূত্র, ইহাদের পূর্ব্বে "বুত্তং হে'তং ভগবা'তি"—এই অংশ টুকু আছে বলিয়া ঐরূপ নাম হইয়াছে); ৭ জাতক (বুদ্ধের পূর্ব্ব জন্ম বিষয়ক ৫৫০টি গল্প, ইহাও খুদ্দক-নিকায়ের অন্তর্গত); ৮ অব্‌ভুতধম্ম (যে সকল সুত্তন্তের আদিতে "চত্তারো'মে ভিক্খবে অচ্ছরিয়া অব্‌ভুতা ধম্মা"—এইরূপ উল্লেখ করিয়া কিছু আশ্চর্য্য-অদ্ভুত বিষয় ভগবান্ বলিয়াছেন); ৯ বেদল্ল (এ সম্বন্ধে বুদ্ধঘোষ বলিয়াছেন—"চূলবেদল্ল-মহাবেদল্ল-সম্মাদিট্‌ঠি-সক্কপঞ্হ-সঙ্খারভাজনিয়-মহাপুণ্ণমসুত্তাদয়ো সব্‌বে'পি বেদং চ তুট্‌ঠিং চ লদ্ধা পুচ্ছিতসুত্ত'ন্তা বেদল্ল'ন্তি বেদিতব্‌বং)।—Childers. বিশেষ বিবরণের জন্য অ॰ সা॰ ২৬ পৃঃ; স॰ পা॰ ১৩ পৃঃ দ্রষ্টব্য।

৩৮ 'দুরুত্তর', দুঃখে যাহাকে উত্তর দেওয়া যায়।

৩৮ 'দুরাবরণ', উত্তর দিয়া যাহাকে আবৃত-আচ্ছন্ন-নিরস্ত করা শক্ত।

৩৮ 'রণংজহো', রণ শব্দে এখানে পাপ, "পাপে যুদ্ধে রবে রণো"—অ॰ প॰ ১০৯৬; জহ-শব্দের অর্থ পরিত্যাগী (√হা), অতএব 'পাপ পরিত্যাগী' অর্থ করাই যুক্তিযুক্ত; 'পাপবিজয়ী' অর্থ ঠিক নহে। Rh. D. লিখিয়াছেন—"victorious in the struggle with evil."

৩৮ 'পরিক্খার', পরিকার; ভিক্ষুগণের নিম্নলিখিত প্রয়োজনীয় দ্রব্যসমূহের নাম 'পরিক্খার', যথা—পাত্র, ত্রিচীবর, কায়বন্ধন (কটিবন্ধন সূত্র,) বাসী (ক্ষুর), সূচী, ও পরিস্রাবণ (জল ছাঁকনী)।—অ০ প০ ৪৩৯।

৩৯ 'ধর্ম্মধ্বজ' শব্দটি কিরূপে পরবর্তী সময়ে ভণ্ডামি অর্থে ব্যবহৃত হইয়াছে, লক্ষণীয়।

৩৯ 'সামায়িকো', সিংহল ও Trenckner উভয় সংস্করণেই এই পাঠ আছে, কিন্তু খুব সম্ভব এখানে 'সামগ্গিকো' হইবে; তুলঃ—"তং ধারয়ন্তেসু ভিক্খুসু পুব্বে একো ভিক্খু সব্বসামগ্গিকপরিসায় নিসীদিত্বা…," অ০ সা০ ২৮ পৃঃ।

৩৯ 'পঞ্চনেকায়িকা', 'চতুনেকায়িকা', পঞ্চ নিকায় ও চতুর্নিকায়ের-জ্ঞাতা; পঞ্চ নিকায়, যথা—দীঘনিকায়, মজ্ঝিমনিকায়, সংযুত্তনিকায়, অঙ্গুত্তরনিকায় ও খুদ্দকনিকায়। অঙ্গুত্তরনিকায় ভিন্ন অপর চারিটিকে চতুর্নিকায় বলা হয়। অ০ সা০ ২৫ পৃঃ; স০ পা০ ৭, ১২ পৃঃ।

৪১ 'ইন্দ-যম…',বৌদ্ধসাহিত্যে প্রসিদ্ধ দেবগণের নাম দীঘনিকায়ের সূচীপত্রে (Vol. II. pp. 366-367.) দেব-শব্দে সংগৃহীত হইয়ছে। এখানে বোধ হয় 'যাম'-অর্থে 'সুযাম', শব্দ প্রযুক্ত হইয়া থাকিবে। 'তুসিত' ও 'সন্তুসিত' ভিন্ন। 'যাম' ও 'সন্তুসিত' দেবের নাম ব্রাহ্মণগণের পুরাণেও দেখা যায়,—"যামা দেবাঃ সমাখ্যাতা দেবাঃ স্বায়ম্ভুবেঽন্তরে;" "পারাবতাঃ সন্তুষিতা দেবাঃ স্বারোচিষেঽন্তরে;" বৃ০ না০ পু০ ৩৭. ৯৩-৯৪।

৪২ 'বেস্সবণাপরাধিকো বিয় যক্খো,' তুলঃ—মেঘদূতের স্বাধিকারপ্রমত্ত যক্ষ।

৪৩ 'কেসরসীহ', :বৌদ্ধ উপাখ্যানাবলীর মধ্যে হিমালয় পর্ব্বতে চতুর্বিধ সিংহের কথা জানিতে পারা যায়, যথা —তৃণ, কাল, পাণ্ডু ও কেশর। কেশরসিংহ মাংসাশী, ও ইহার মুখ, লেজ ও পায়ের গোড়ালী খুব লাল। See M. Bud. p. 18.

৪৪ 'বাহির কথা', বাহ্যকথা, অর্থাৎ মূল প্রতিপাদ্য বিষয়ের বাহিরের কথা, অবতরণিকা।

৪৬. ১ পুগ্গল=পুদ্গল, "পাণো সরীরী ভূতং বা সত্তো দেহী চ পুগ্গলো। জীবো পাণো পজা জন্তু জনো লোকো তথাগতো।" "সত্তে স্বত্মনি পুগ্গলো।"—অ০ প০ ৯৩,২০৮৫, "দেহেঽধ্যাত্মনি পুদ্গলঃ"—রুদ্র; "পুদ্গলং সুন্দরাকারে ত্রিষু পুংস্যাত্মদেহয়োঃ"—মেদিনী; "পুরাণাদ্ গলনাদ্ দেহে পুদ্গলাঃ পরমাণবঃ"—শ্রীবিষ্ণুপুরাণটীকায় শ্রীধরস্বামি-ধৃত বচন। "স্পর্শরসগন্ধবর্ণবন্তঃ পুদ্গলাঃ"। "শব্দবন্ধসৌক্ষ্ম্যস্থৌল্যসংস্থানভেদতমশ্ছায়াতপোদ্যোতবন্তশ্চ।" ত০ গ০ সূ০ ৫. ২৩-২৪।

পুদ্গল শব্দের এই সকল অর্থের মধ্যে এখানে জীব-জন্তু-জন-লোক-দেহী-শরীরী-মনুষ্য বা ব্যক্তি অর্থই বুঝা যাইতেছে। নাগসেন এখানে অবয়বিবাদ খণ্ডন করি-

তেছেন। বৌদ্ধগণ বলিয়া থাকেন—অবয়ব-সমূহ হইতে অবয়বী নামে অন্য কোন পদার্থ নাই। পত্র পল্লব শাখাদি অবয়ব, ও বৃক্ষ অবয়বী ; এখানে এই বৃক্ষরূপ অবয়বী পত্র পল্লবাদি-রূপ অবয়ব হইতে পৃথক্ কোন পদার্থ নহে ; যেমন ঘনসন্নিবিষ্ট বৃক্ষশ্রেণীকে 'বন' নামে ব্যপদেশ করা হয়, সেইরূপ অবয়ব অনেক হইলেও ঘনসন্নিবেশহেতু 'এক অবয়বী' এই জ্ঞান হইয়া থাকে। মীমাংসকগণ অবয়বীকে অবয়বসমূহ হইতে সম্পূর্ণ ভিন্নও বলেন না, সম্পূর্ণ অভিন্নও বলেন না ; তাঁহাদের মতে অবয়বী অবয়ব-সমূহেরই অবস্থান্তর। সাঙ্খ্য ও বৈদান্তিক অবয়ব ও অবয়বীর অভেদই স্বীকার করেন। কেবল নৈয়ায়িক ও বৈশেষিকই অবয়বীকে অবয়ব হইতে সম্পূর্ণ পৃথক্ বলিয়া মনে করেন। দ্রষ্টব্যঃ—শা০ দী০ ৮১পৃঃ ; ন্যা০ দ০ ২. ১. ৩০-৩৬ ; ৪. ২. ৩... ; বে০ দ০ শা০ ২. ১. ১৫, ১৮ ; সা০ ত০ কৌ০ ৯ ; মিত্রগোষ্ঠী-পত্রিকা ১৮১৯. আশ্বিন-কার্ত্তিক সংখ্যা, "অবয়বিবাদ" প্রবন্ধ।

পুদ্গল-শব্দ যদিও আত্মাকে বুঝায়, তথাপি তাহা এখানে সেই অর্থে ব্যবহৃত হয় নাই বলিয়াই মনে হয় ; রথ দৃষ্টান্ত আলোচনা করিলে তাহাই সমর্থিত হয়, এবং বক্ষ্যমাণ (৫১ পৃঃ, ১১-১২ পং) শ্লোকটিও এই পক্ষের অনুকূল।

দ্রষ্টব্য:—"ধর্ম্মা এব উৎপদ্যমানা উৎপদ্যন্তে, ধর্ম্মা এব নিরুধ্যমানা নিরুধ্যন্তে ; ন পুনরত্র কশ্চিদ্ আত্মভাবে সত্ত্বো বা, জীবো বা, জন্তুর্বা, পোষো বা, পুরুষো বা, পুদ্গলো বা,—যো জায়তে বা, হীয়তে বা, চ্যবতে বোৎপদ্যতে বা" ;—আর্য্যরত্নচূড়, শি০ স০ ২৩৬ পৃঃ ১৫—১৭ পং। "নাত্র কশ্চিদাত্মা বা সত্ত্বো বা, জীবো বা, পুদ্গলো বা—যঃ করোতি প্রতিসংবেদয়তি...;"—তথাগতকোষসূত্র, শি০ স০ ১৭২ পৃঃ ৬পং ; "নাত্র কশ্চিৎ কর্ত্তা ন ভোক্তান্যত্র নামসঙ্কেতাৎ ;"—পিতৃপুত্রসমাগম, শি০ স০ ২৫৬ পৃঃ ১৪পং ; "যাবদেব ব্যবহারমাত্রমেতৎ নামধেয়মাত্রং সঙ্কেত-মাত্রং সংবৃতিমাত্রং প্রজ্ঞপ্তিমাত্রম্—" ঐ, ঐ, ২৫৭ পৃঃ ৭-৮ পং।

বৌদ্ধদর্শনে পৃথক্ অবয়বীর ন্যায় পৃথক্ কোন আত্মাও স্বীকৃত হয় না, দ্রষ্টব্যঃ—২. ১. § ২৪; ২. ৩. §৬ ; ৩. ৫. §৬ ; ৩. ৭. §১৫ ; অতএব পুদ্গল শব্দকে এখানে আত্মা-অর্থে ধরিলেও ধরা যাইতে পারে, কিন্তু তাহা ভাল বলিয়া মনে হয় না।

৪৬. ১০ 'পঞ্চানন্ত'রিয়ং কম্মং,' যে সকল কর্ম্মের ফলোৎপাদনে কাল বিলম্ব হয় না,—যাহাদের ফল পরলোকে না হইয়া এই লোকেই সঙ্গে সঙ্গে হইয়া যায় ; ইহা পঞ্চবিধ—মাতৃহত্যা, পিতৃহত্যা, রক্তোৎপাদন, সংঘভেদ, ও অপর ধর্ম্মশাস্তার অনুসরণ।

৫০. ২ 'রথরশ্মি', ৭ ও ১১ পংক্তিতে 'যুগরশ্মি' লিখিত হইয়াছে।

৫১. ২ "যথা হি অঙ্গ·······", S.N. I. 135.

৫২. ১৬ রোহণের দশমাসাধিক সপ্ত বর্ষ যাবৎ শোণোত্তরের গৃহে যাতায়াত, ও তাহার

পরে নাগসেনের প্রব্রজ্যা গ্রহণ দ্রষ্টব্য; ১. ১ §১৯,২০, ২৫। অতএব Hardy ঠিকই অনুবাদ করিয়াছেন:—"The king enquired of the priest how old he was when he was ordained." M. Bud. p. 443.

৬১. ৭ 'সংকিলেসো', সংক্লেশ:; ক্লেশ-অর্থ রাগ, দ্বেষ ও মোহ; "তীনি অকুসলমূলানি—লোভো, দোসো, মোহো; তদেকট্‌ঠা চ কিলেসা।"—বি° ২০৮ পৃঃ। দশ ক্লেশ বলিতে এই সকলকে বুঝায়—লোভ, মোহ, মান, দৃষ্টি (মিথ্যাদৃষ্টি-বিধর্ম্মসেবা), বিচিকিৎসা (সন্দেহ), চিত্তের অকর্ম্মণ্যতা বা আলস্য ('থীনং'=স্ত্যানং) ঔদ্ধত্য ও পাপানুষ্ঠানে নির্ভীকতা ('অনোত্তপ্পং'=অনবতপ্যং)।

৬১. ৯ উপাদান=অত্যধিক তৃষ্ণা; "তৃষ্ণাবৈপুল্যমুপাদানং"—শালিস্তম্বসূত্র, শি° স° ২২২ পৃঃ ৬ পং।

৬২. ১ 'যোনিসো মনসিকারো', পালির 'মনক্কার' সংস্কৃতে 'মনস্কার'; সংস্কৃতে 'মনসিকার'-শব্দও আছে। পালি (অ° প° ১৫৯) ও সংস্কৃত উভয় কোষেই ঐ শব্দের পর্য্যায়-রূপে 'চিত্তাভোগ' শব্দ লিখিত দেখা যায়, এবং অমরকোষের টীকাকার ভরত এই শব্দের অর্থ বিস্তৃতভাবে আলোচনা করিয়াছেন। ইনি বলেন—"মনস্কার ও চিত্তাভোগ শব্দ মনের সুখাদি অনুভবে তৎপরতাকে বুঝায়; কেহ বলেন—তাহার অর্থ স্থৈর্য্য; কেহ বলেন—ব্যাপার; কেহ বলেন—বাঞ্ছিত বস্তুলাভে চিত্তের নিরাকাঙ্ক্ষতা, বা পুরিপূর্ণতা; কেহ বলেন—অনাগত বিষয়ের চিন্তাদি, অথবা মনে বা মনের নিশ্চয়, বা মনে করা।" এস্থলে 'মনসিকার'-শব্দের ব্যুৎপত্তিলভ্য 'মনে করা' অর্থ ধরিলেই যথেষ্ট হইতে পারে।

যোনি-শব্দের অর্থ জ্ঞান, কারণ ইত্যাদি (অ° প° ১৫৩, ৮৪৮)। সারসংগ্রহকার বলেন—"যোনিসো মনসিকারো'তি-আদিসু ঞাণে;"—অর্থাৎ 'যোনিসো মনসিকার'-প্রভৃতি স্থানে যোনি-শব্দের অর্থ জ্ঞান। তাহা হইলে 'যোনিসো মনসিকার' শব্দের অর্থ হয় জ্ঞানপূর্ব্বক মনে করা, বা মনে বিচার বা তর্ক করা।

মূলগ্রন্থে অব্যবহিত পরেই (৬৬ পৃঃ ১১ পং) মনসিকারের লক্ষণ কি? রাজার এই প্রশ্নে নাগসেন উত্তর দিয়াছেন যে, তাহার লক্ষণ 'উহন' বা তর্ক। আবার অন্যত্র (৪. ১. §৭) বলা হইয়াছে যে, বুদ্ধি পরিণত হওয়ার, অষ্টবিধ কারণের মধ্যে 'যোনিসো মনসিকারো' অন্যতম। সে স্থলেও ইহার অর্থ জ্ঞানপূর্ব্বক মনে বিচার বা তর্ক হইতে পারে। Rh.D. প্রথম স্থলে অর্থ করিয়াছেন reasoning, এবং দ্বিতীয় স্থলে করিয়াছেন—one's own reflection.

দ্রষ্টব্য:—"সুভনিমিত্তং ভিক্খবে অযোনিসো মনসিকরোতো অনুপ্পন্নো চে'ব কামচ্ছন্দো উপ্পজ্জতি..."—অ° নি° (Part. I.) ১. ২. ১;—হে ভিক্ষুগণ, যে ব্যক্তি শুভ-

নিমিত্তকে অজ্ঞানপূর্ব্বক মনে বিচার করে, তাহার অনুৎপন্ন কামচ্ছন্দের উৎপন্ন হয়। "যোনিসো ভিক্খবে মনসি করোতো অনুপ্পন্না চে'ব বোজ্ঝঙ্গা উপ্পজ্জন্তি"—ঐ ১.৯.৫— হে ভিক্ষুগণ, যে ব্যক্তি জ্ঞানপূর্ব্বক মনে বিচার করে, তাহার অনুৎপন্ন বোধ্যঙ্গসমূহ উৎপন্ন হয়।

৬২. ১৬ কুশলধর্ম্ম, দ্রষ্টব্য :—৬৩ পৃঃ ২৪ পং।

৬২. ২১ তুলঃ—"জ্ঞানিনো মনুজাঃ সত্যং কিন্তু তে ন হি কেবলম্।
যতো হি জ্ঞানিনঃ সর্ব্বে পশুপক্ষিমৃগাদয়ঃ॥"——চণ্ডী।
"পশ্বাদিভিশ্চাবিশেষাৎ"—বে° দ° শা° ১.১.১।

৬২. ২৫ প্রজ্ঞার লক্ষণ, দ্রষ্টব্য :—২.১. § ১৪ ; ৭৫ পৃঃ।

৬৩. ৭ 'যোগাবচরো', তুল :—সংগামাবচরো, কামাবচরো, রূপাবচরো ইত্যাদি ; দ্রষ্টব্যঃ— "যোগাবচরো ··যোগং করোতি", ২. ১. § ১০ ; ৬৮ পৃঃ ৮ পং। অতএব যোগাবচর-শব্দের অর্থ 'যোগী' অসঙ্গত নহে। মহাযান গ্রন্থে এতাদৃশ স্থলে যোগী শব্দ দেখিতে পাওয়া যায়।

৬৩. ১১ এখানে কুশল-শব্দের অর্থ পুণ্য।

৬৩. ১২ ধর্ম্ম-শব্দ পালিতে বিবিধ অর্থে প্রযুক্ত হয় ; যথা—পুণ্য, মনের গ্রাহ্য বিষয়, স্বভাব, পর্য্যাপ্তি (বুদ্ধবচন ত্রিপিটক) ন্যায়, সত্য, প্রকৃতি (অবস্থা) জ্ঞেয়-বিষয়, গুণ, আচার, সমাধি, নিঃসত্বতা, দোষ-প্রাপ্তি (আপত্তি) ও কারণ প্রভৃতি ;—অ° প° ৮৫, ৯৪, ৭৮৪ ইত্যাদি। বুদ্ধদেব লিখিয়াছেনঃ—"ধম্মসদ্দো পনায়ং পরিয়ত্তি-হেতু-গুণ-নিস্সত্ত-নিজ্জীবতাদীসু দিস্সতি। অয়ং হি ধম্মং পরিয়াপুণাতি সুত্তং গেয্যন্তি—আদিসু পরিয়ত্তিয়ং দিস্সতি। হেতুম্হি ঞাণং ধম্মপটিসম্ভিদা'তি—আদিসু হেতুম্হি। "নহি ধম্মো অধম্মো চ উভো সমবিপাকজো। অধম্মো নিরয়ং নেতি, ধম্মো পাপেতি সুগ্গতিং' তি—আদিসু গুণে দিস্সতি। তস্মিং খো পন সময়ে ধম্মা হোন্তি ধম্মেসু ধম্মানুপস্সী বিহরতীতি—আদিসু নিস্সত্তনিজ্জীবতায়ং।"—অ° স° ৩৮ পৃঃ। এখানে ধর্ম্ম-শব্দের অর্থ গুণ।

৬৪. ১৬ প্রতিষ্ঠা অর্থাৎ আশ্রয়।

পঞ্চবিধ ইন্দ্রিয় বল :—শ্রদ্ধাবল, বীর্য্যবল, স্মৃতিবল, সমাধিবল ও প্রজ্ঞাবল। ৮৫. ১১ পংক্তির টীকা দ্রষ্টব্য।

সপ্তবিধ বোধ্যঙ্গ :—স্মৃতিসম্বোধ্যঙ্গ, ধর্ম্মবিচয়°, বীর্য্য°, প্রীতি°, প্রশ্রব্ধি° (স্থিরতা), সমাধি°, ও উপেক্ষা°।

"বুজ্ঝতীতি বোধি, আরদ্ধবিপস্সকতো পট্ঠায় যোগাবচরো ; যায় বা সো সতি-আদিকায় ধম্মসামগ্গিয়া বুজ্ঝতি, সচ্চানি পটিবিজ্ঝতি, কিলেসনিদ্দাতো বা বুট্ঠাতি,

কিলেসসঙ্কোচাভাবতো বা মগ্‌গফলপ্পত্তিয়া বিকসতি, সা ধম্মসামগ্‌গী বোধি ; তস্স বোধিস্স তস্সা বা বোধিয়া অঙ্গভূতা কারণভূতা'তি বোজ্ঝঙ্গা........" (অং ধং সং টীকা ১৩০ পৃঃ)—বোধি-শব্দের অর্থ যে বুঝে বা জ্ঞানলাভ করে, বিপস্সনা-আরম্ভকারী হইতে যোগী (বোধের জন্য উদ্যোগকারী) পর্য্যন্ত জীব ; অথবা স্মৃতি প্রভৃতি যে সকল তত্ত্বজ্ঞানের সামগ্রীর দ্বারা লোক সত্যসমূহ জানে—তাহাতে প্রবেশ, বা ক্লেশ-(রাগ, দ্বেষ ও মোহ) রূপ নিদ্রা হইতে উত্থিত হয়, বা ক্লেশজনিত সঙ্কোচের অভাব হেতু স্রোতাপত্তি প্রভৃতি মার্গ ও ফলের প্রাপ্তি জন্য বিকশিত হয়, সেই তত্ত্বজ্ঞানের সামগ্রীর নাম বোধি ; সেই বোধির অঙ্গভূত অর্থাৎ কারণ স্বরূপ বলিয়া স্মৃতি প্রভৃতির নাম বোধ্যঙ্গ।

চতুর্ব্বিধ নির্ব্বাণ মার্গ :—স্রোতাপত্তি, সকৃদাগামী, অনাগামী, ও অর্হত্ব।

চতুর্ব্বিধ স্মৃত্যুপস্থান :—কায়স্মৃত্যুপস্থান, বেদনা স্মৃ°, চিত্ত স্মৃ°, ও ধর্ম্ম স্মৃ°। "চত্তারো'মে ভিক্‌খবে সতি পট্‌ঠানা। কতমে চত্তারো ? ইধ ভিক্‌খবে, ভিক্‌খু কায়ে কায়ানুপস্সী বিহরতি, আতাপী সম্পজানো সতিমা বিনেয্য লোকে অভিজ্ঝা-দোমনস্সং ; বেদনাসু...পে...চিত্তে, ধম্মেসু ধম্মানুপস্সী...অভিজ্ঝাদোমনস্সং", প° স°ম° (Vol.II) ২৩২।

চতুর্ব্বিধ সম্যক্ প্রধান চেষ্টা :—উৎপন্ন পাপসমূহের বিনাশের জন্য চেষ্টা ; অনুৎপন্ন পাপসমূহ যাহাতে উৎপন্ন হইতে না পারে তজ্জন্য চেষ্টা ; অনুৎপন্ন পুণ্যসমূহের উৎ-পাদনের জন্য চেষ্টা ; ও উৎপন্ন পুণ্যসমূহের বহুলীভাব সম্পাদনের জন্য চেষ্টা।

চতুর্ব্বিধ ঋদ্ধিপাদঃ—"ইজ্ঝতি অধিট্‌ঠানাদিকং এতযা'তি ইদ্ধি, ইদ্ধিবিধ-ঞাণং ইদ্ধিয়া পাদো ইদ্ধিপাদো ; (অং ধং সং টীকা, ১২৯ পৃঃ)—যাহার দ্বারা সঙ্কল্পাদি সিদ্ধ হয়, তাহার নাম ঋদ্ধি, ঋদ্ধি শব্দে ঋদ্ধিবিষয়ক জ্ঞানকে বুঝিতে হইবে, ঋদ্ধির পাদ (অর্থাৎ অংশ বা অঙ্গ) ঋদ্ধিপাদ অর্থাৎ বিভূতির অঙ্গ বা উপায়, ঐন্দ্রজালিক অলৌকিক শক্তি লাভের উপায়। ঋদ্ধি বা বিভূতি শূন্যোদ্‌গমনাদি ভেদে দশবিধ, যে সকল উপায়ে এই ঋদ্ধি লাভ করা যায় তাহাদিগকেই ঋদ্ধিপাদ বলা হয়। ঋদ্ধি-পাদ চতুর্ব্বিধ, যথা—ছন্দ-ঋদ্ধিপাদ (ঋদ্ধিলাভ করিবার সঙ্কল্প), বীর্য্য-ঋদ্ধিপাদ (ঋদ্ধিলাভের জন্য যথোচিত উদ্যম), চিত্ত-ঋদ্ধিপাদ (ঋদ্ধিলাভের জন্য চিন্তা), ও মীমাংসা-ঋদ্ধিপাদ (ঋদ্ধিলাভের জন্য অনুসন্ধান)। বিশেষ বিবরণ—প° স° ম° (Vol. II)২০৫-১৪।

চতুর্ব্বিধ ধ্যানঃ—"বিতক্ক-বিচার-পীতি-সুখে'কগ্‌গতা-সহিতং পঠমজ্ঝানং, পীতি-সুখে'-কগ্‌গতাসহিতং তুতিয়জ্ঝানং, সুখে'কগ্‌গতাসহিতং উপেক্‌খে'কগ্‌গতাসহিতং চতুত্থজ্ঝানং।" ধ্যান-অভ্যাসকারী ধ্যানের প্রথমাবস্থায় ধ্যেয় বস্তু সম্বন্ধে বিতর্ক

বিচার প্রীতি ও সুখ এই সবগুলিকেই অনুভব করেন, দ্বিতীয়াবস্থায় বিচার ও বিতর্কের লোপ হইয়া কেবল প্রীতি ও সুখ-অনুভব থাকে, তৃতীয়াবস্থায় কেবল সুখানুভব মাত্র থাকে, এবং চতুর্থাবস্থায় তাঁহার সুখ-দুঃখ কিছুরই অনুভব থাকে না। দ্রষ্টব্য—বি০ ১০৫।

অষ্টবিধ বিমোক্ষ, ইহাও ধ্যান বিশেষ, যথা—"রূপী রূপানি পস্সতি—অয়ং পঠমো বিমোখো, অজ্ঝত্তং অরূপসঞ্ঞী বহিদ্ধা রূপং পস্সতি—অয়ং দুতিয়ো বিমোখো, সুভ'ন্তেব অধিমুত্তো ভবতি—অয়ং ততিয়ো বিমোখো,..." বি০ ৩৪২-৩। এই বিমোক্ষ আবার ত্রিবিধ ও অষ্টষষ্টি-বিধও আছে; প০ স০ ম০ (Vol. II.)৩৫...পৃঃ।

সমাপত্তি=প্রথম ধ্যানাদিজনিত পরপরবর্ত্তী অবস্থা বিশেষের প্রাপ্তি; Childers ইহা অষ্টবিধ বলিয়া উল্লেখ করিয়াছেন, কিন্তু বিভঙ্গে (৩৪২ পৃঃ) "সঞ্ঞাবেদয়িত-নিরোধ-সমাপত্তি" নামে আরও একটি ধরিয়া নয়টি সমাপত্তির কথা বলা হইয়াছে।

"সমাপত্তীতি নব অনুপুব্বিবিহারসমাপত্তিয়ো"—ঐ।

৬৪. ২২ 'ভূতগাম'-শব্দের অর্থ এস্থানে 'জীব-সমূহ' না হইয়া 'তৃণ গুল্মাদি' হইবে; (২. ৩. § ৫ ; ১০৮ পৃঃ ২৪ পং)। "ভূতগাম...'তি এথ ভবন্তি অহেসুং ('অহুব'ন্তি"—স০ পা০) চা'তি ভূতা, জায়ন্তি বড্ঢন্তি, জাতা বড্ঢিতা'চাতি অত্থো; গামো'তি রাসী; ভূতানং গামো, ভূতা এব বা গামো'তি ভূতগামো; পতিট্ঠিতহরিততিণরুক্খাদীনমেতং অধিবচনং" (ক০ বি০ ১০০ পৃঃ);—যাহারা জাত হয় বা জাত হইয়াছিল—যাহারা জাত হইয়া বর্দ্ধিত হয়, তাহার নাম ভূত; গ্রাম শব্দের অর্থ রাশি বা সমূহ; ভূতগ্রাম-শব্দে হরিত-তৃণবৃক্ষাদিকে বুঝায়।

৬৬, ৩ "'আতাপীতি' বিরিয়বা, বিরিয়ং হি কিলেসানং আতাপনপরিতাপনট্ঠেন আতাপো'তি বুচ্চতি, তদস্স অত্থীতি আতাপী। 'নেপকো'তি' নেপক্কং বুচ্চতি পঞ্ঞা, তায় সমন্নাগতো'তি অত্থো।"—বি০ মা০ ৩ পৃঃ।

এই শ্লোকটির অনুবাদ বিসুদ্ধিমগ্গের বুদ্ধঘোষ কৃত অনুবাদ অনুসরণ করিয়া করা হইয়াছে। বি০ মা০ ১ পৃঃ।

৬৭. ৫ 'অদ্ধানমগ্গপটিপন্নস্স,' অদ্ধান ও মগ্গ ('অদ্ধানম্ অগ্গ'নহে) এই উভয় শব্দই পৃথক্ পৃথক্ পথবাচী হইলেও একত্র প্রযুক্ত হইয়া দীর্ঘ পথকে বুঝাইতেছে; "অদ্ধানমগ্গপটিপন্নস্সা'তি অদ্ধানসঙ্খাতং দীঘমগ্গং পটিপন্নস্স"—ক০ বি০ ৮০ পৃঃ। অতএব অনুবাদে 'পথের অগ্রে'-স্থলে দীর্ঘপথে' পড়িতে হইবে।

৬৭. ২৩ Rh. D. বলেন—উদকপ্রসাদকমণি-শব্দে এখানে মহাদস্সনসুত্তের (D. N. Vol. II. p. 175 ; (D. xvii. 1. 14) 'মণি-রতন'কে লক্ষিত করিতেছে। কিন্তু সেখানে ঐ মণির অদ্ভুত দীপ্তির কথা জানা যায়, কিন্তু জল পরিষ্কারের কোন কথা নাই।

৬৮. ১২ "তং উদকং ......পপুরেষা,' Cf. S. N. ii. 32 ; v. 396 ; A. N. I. 243 ; II. 114-19.

৬৯. ৯. ওঘ চতুর্বিধ যথা—কাম, ভব, (মিথ্যা-) দৃষ্টি ও অবিদ্যা।

৬৯. ১০ "সদ্ধায় ......সুজ্ঝতীতি", S. N. i. 214 ; Su. N. I. 10. 4.

৭১. ২৩ স্মৃত্যুপস্থান-প্রভৃতির অর্থের জন্য ৬৪ পৃ০ টীকা দ্রষ্টব্য। অষ্টাঙ্গিক মার্গ, যথা—সম্যক্ দৃষ্টি (দর্শন), সম্যক সঙ্কল্প, সম্যক্ বাক্, সম্যক্ কর্ম্মান্ত (আচার), সম্যক্ আজীব (জীবিকা), সম্যক্ ব্যায়াম (উদ্যম), সম্যক্ স্মৃতি (অবধান) ও সম্যক্ সমাধি।

৭১. ৫ "অপিলাপন-লক্খণা.........সতি", নে০ প০ ২৮, ('অপিলাপন'ট্‌ঠেন সতি') ১৫, ৫৪। 'অপিলাপন'-শব্দের অর্থ Prof. E. Hardy, Rh. D. প্রভৃতি পাশ্চাত্য পণ্ডিতগণ বলেন—repeatation.

৭১. ৭ 'কণ্‌হ-সুক্ক', অর্থাৎ কাল-সাদা, মলিন-অমলিন, অবিশুদ্ধ-বিশুদ্ধ, পাপ-পুণ্য ; "অত্থি কম্মং কণ্‌হং কণ্‌হবিপাকং, অত্থি কম্মং সুক্কং সুক্কবিপাকং, অত্থি কম্মং কণ্‌হসুক্কবিপাকং, অত্থি কম্মং অকণ্‌হং-অসুক্কং অকণ্‌হ-অসুক্কবিপাকং কম্মু'ত্তমং কম্মসেট্‌ঠং কম্মক্খয়ায় সংবত্ততি,"—A. N. II. p. 230 ; N. P. p. 159 ; "অত্থি পুগ্‌গলো কণ্‌হো কণ্‌হাভিজাতিকো কণ্‌হং ধম্মং অভিজায়তি ..." N. P. p. 158 ; Cf. A. N. III. p. 384. sq. " 'কণ্‌হং ধম্মং অভিজায়তীতি'—কালকং দসবিধং দুস্‌সীলধম্মং পসবতি করোতি ...'সুক্কং ধম্ম'ন্তি'—অয়ং পুব্বে'পি পুঞ্ঞং অকতত্তা পুঞ্ঞসঙ্খাতং সুক্কং পণ্ডরং ধম্মং অভিজায়তি।" Commentary to N. P. p. 245 ; "শুক্লো ধর্ম্ম উপজায়তে"—পা০ দ০ (ব্যাসভাষ্য) ১. ৩৩।

„ ২৫ 'এই শান্তি', ('সমথো'), অর্থাৎ শম; "চেতো বিক্খেপপটিসংহরণলক্খণো সমথো" (N. P. III. A. § 4, p. 27)—সমথের লক্ষণ চিত্তের বিক্ষেপকে সংহার করা।

'বিদর্শন' ('বিপস্‌সনা'), বিশেষভাবে দর্শন ; "তত্থ যা বীমংসা উপপরিক্খা, অয়ং বিপস্‌সনা" (*Ibid.* § 7 ; p. 42)—মীমাংসা-উপপরীক্ষার নাম 'বিপস্‌সনা।'

"ইমে দ্বে ধম্মা ভাবনাপারিপূরিং গচ্ছন্তি—সমথো চ বিপস্‌সনা চ। ইমেসু দ্বীসু ধম্মেসু ভাবিয়মানেসু দ্বে ধম্মা পহীয়ন্তি - তণ্‌হা চ অবিজ্জা চ" (*Ibid.*)—সমথ ও বিপস্‌সনা সম্পূর্ণ ভাবিত হইলে তৃষ্ণা ও অবিদ্যা নষ্ট হয়। "যেন তণ্‌হানুসয়ং সমূহন্তি, অয়ং সমথো ; যেন তণ্‌হানুসয়স্‌স পচ্চয়ং অবিজ্জং বারয়তি, অয়ং বিপস্‌সনা" (*Ibid.* p. 43)—যাহা দ্বারা তৃষ্ণানুশয়কে বিনাশ করা যায় তাহা সমথ,এবং যাহা দ্বারা তৃষ্ণানুশয়ের কারণ অবিদ্যাকে বারণ করা যায় তাহার নাম বিপস্‌সনা। "তত্থ সমথস্‌স ফলং রাগবিরাগা চেতোবিমুত্তি ; বিপস্‌সনায় ফলং অবিজ্জাবিরাগা পঞ্ঞাবিমুত্তি",

(*Ibid.*)—সমথের জন্য রাগ-বিরাগ হইতে চিত্তের বিমুক্তি, এবং বিপস্সনার জন্য অবিদ্যারাগ হইতে প্রজ্ঞার বিমুক্তি। "কস্তাবদয়ং শমো নাম? য আর্য্যাক্ষয়মতিসূত্রে শমথ উক্তঃ। তত্র কতমা শমথাক্ষয়তা? যা চিত্তস্য শান্তিরুপশান্তিরবিক্ষেপকেন্দ্রিয়সংযমঃ......। কিং পুনরস্য শমস্য মাহাত্ম্যং? যথাভূতজ্ঞানজননশক্তিঃ (Cf. "শমথপরিশোধিতচিত্তসন্তানে প্রজ্ঞায়াঃ প্রাদুর্ভাবাৎ, সুপ্রশোধিতক্ষেত্রে শস্যনিষ্পত্তিরভূৎ" বো॰ চ॰ প॰৯. ১) যস্মাৎ—সমাহিতো যথাভূতং প্রজানাতীত্যবদন্মুনিঃ।"—শি॰ স॰ ১১৯. ৯-১১।

'বিদ্যা', "সব্বধম্মসম্পটিবেধলক্খণা বিজ্জা" (*Ibid.* p. 29)—বিদ্যার লক্ষণ এই যে, ইহা দ্বারা সমস্ত বিষয়ে প্রবেশ করিতে পারা যায়, অর্থাৎ সমস্ত বিষয়কে যথাযথরূপে জানিতে পারা যায়।

'বিমুক্তি', Childers বলেন, ইহা পঞ্চবিধঃ—তদঙ্গবিমুত্তি, বিক্খম্ভনবিমুত্তি, সমুচ্ছেদবিমুত্তি, পটিপস্সদ্ধিবিমুত্তি, ও নিস্সরণবিমুত্তি; দ্রষ্টব্যঃ—

"সীলং সমাধি পঞ্ঞা চ বিমুত্তি চ অনুত্তরা।
অনুবুদ্ধা ইমে ধম্মা গোতমেন যসস্সিনা॥"

D. N. Vol II. 123; K. V. Vol. I. 115.

৭২. ১৭ 'ভাণ্ডাগারিক,' Rh. D. বলেন ভাণ্ডাগারিক-শব্দে মহাসুদস্সন সুত্ত'ন্তের 'গহপতি রতন'কে সূচিত করা হইয়াছে, D. N. Vol. II. p. 176 (D. xvii. 1.16).

৭৩. ২০ Rh. D. বলেন পরিনায়করতন-শব্দেও মহাসুদস্সন সুত্ত'ন্তের পরিনায়করতন সূচিত হইতেছে। *Ibid.* p. 177.

৭৪. ৩ "ভাসিত...... বদামীতি"—এই অংশটুকু Rh. D. এর অনুবাদে দেখা যায় না। ইহা কোথা হইতে উদ্ধৃত অন্বেষণীয়।

৭৪. ৭ 'সমাধিপোণা'—সমাধিপ্রবণা, প্রবণ=আসক্ত (হেমচন্দ্র); "সমরাচারপ্রবণা" —বি॰ পু॰ ৬. ১. ১১; তুলঃ—পোণ (প্রবণ)=*prone*, L. *pronus*.

৭৪. ২২ 'সমাধিপ্রাগ্ভার', অর্থাৎ সমাধির দিকে অভিমুখ; তুলঃ—"যা তু (চিত্তনদী) কৈবল্যপ্রাগ্ভারা বিবেকবিষয়নিম্না"—পা॰ দ॰ (ব্যাসভাষ্য) ১. ১২; "ভবত্যসৌ তৎপ্রবণস্তন্নিম্নঃ"—শি॰ স॰ ১০৬. ১৩; "ধর্ম্মনিম্নতা ধম্মপ্রবণতা ধর্ম্মপ্রাগ্ভারতা"—ঐ. ১৯১. ৮।

৭৪. ২৪ গোপানসী', ইহার অপর নাম বলভী বা বড়ভী। ইহা গৃহের কোন অংশকে বুঝায়, তৎসম্বন্ধে বহু মতভেদ দেখা যায়। শব্দকল্পদ্রুম দ্রষ্টব্য; এখানে যে সকল অর্থ উদ্ধৃত হইয়াছে, তাহার মধ্যে "পটলপ্রান্তাধো বংশপঞ্জরম্"—ইতি ভট্টঃ" এই অর্থটিই এখানে সঙ্গত বোধ হয়। পটল (ছদি) শব্দের অর্থ ছাদ বা চাল, তাহার নীচে

যে সকল বাঁশের উপর বাতা দিয়া খড় দেওয়া হয়, ঐ বাঁশগুলিই 'বংশ পঞ্জর' শব্দে লক্ষিত হইয়াছে। "গৃহাগ্রভাগে দত্তবক্রকাষ্ঠং, 'মুদনী' ইতি ভাষা"—ইতি অমরটীকা সারসুন্দরী। গোপানাসী যে বক্র, তাহা পালিসাহিত্যে বহুস্থানেই দেখা যায়। Rh. D. ঐ শব্দের অনুবাদ করিয়াছেন—rafter.

১৬. ৬ "সমাধিং ভিক্খবে......পজানাতীতি," S. N. iii. p. 13; "সমাহিতো যথাভূতং জানাতীত্যবদন্মুনিঃ" বো° চ° প° ৯. ১; "সমাহিতচেতসো যথাভূতদর্শনং ভবতি—" ধর্ম্মসঙ্গীতি, ঐ; শি° স° ১১৯. ৯-১১; "সমাহিতো যথাভূতং প্রজানাতীত্যবদন্মুনিঃ। শমাচ্চ ন চলেচ্চিত্তং বাহ্যচেষ্টানিবর্ত্তনাৎ"—শি° স° XLI; "সমাহিতচিত্তস্য প্রজ্ঞাবিবেক উপাবর্ত্ততে, যেন যথাবৎ বস্তু জানাতি"—পা° দ. (ব্যাসভাষ্য) ১.২০; "সমাহিতচিত্তশ্চ ভাবয়ন্ সম্যগ্ বিজানাতি"—ঐ ভোজবৃত্তি; "সমাহিতচিত্তো যথাভূতং প্রজানাতি, যথাভূতং পশ্যতি"-ম° ব্যু° ৮১. ৬।

১৬. ৩ 'বিদংসেতি', = বিদর্শয়তি; র = ং, যথা—সংপ্রহর্ষয়তি – সংপহংসেতি; শর্বরী = সংবরী; পা° প্র° ১. ৯৫।

১৬. ১৫ আর্য্যসত্য সমূহ—দুঃখ, দুঃখসমুদয় (কারণ), দুঃখনিরোধ ও দুঃখনিরোধগামিনী প্রতিপদা।

১৬. ১৬ 'আত্মাভাব (অনত্তা),' আত্মা-শব্দের অর্থ ঈদৃশ স্থলে স্বভাব, অতএব আত্মাভাব-শব্দে স্বভাবহীনতা বা নিস্বঃভাবতা বুঝিতে হইবে। বৌদ্ধদর্শনে সমস্ত ধর্ম্ম বা বিষয়ই নিরাত্মা, নিঃস্বভাব; কাহারো নিজের কোন ভাব বা সত্তা নাই। একটি দৃষ্টান্ত দ্বারা স্থানবিশেষে ইহা পরিষ্কার করিয়া বলা হইয়াছেঃ—মানবশরীরে পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ ও বিজ্ঞান এই ছয় ধাতু আছে। এই ধাতু আবার বাহ্য ও আধ্যাত্মিক ভেদে দ্বিবিধ। শরীরে কেশ লোম নখ দন্ত প্রভৃতি যে সকল কঠিন পদার্থ দেখা যায়, তাহা আধ্যাত্মিক পৃথিবীধাতু; শরীর ভিন্ন অপরস্থলে যাহা কিছু প্রস্তরাদি কঠিন বস্তু দেখা যায়, তাহা বাহ্য পৃথিবীধাতু; অন্যান্য ধাতু সম্বন্ধেও এইরূপ। এখন এই যে আধ্যাত্মিক পৃথিবীধাতু উৎপন্ন হইতেছে, ইহা ত উৎপত্তির সময় কোন স্থান হইতে আসিতেছে না, এবং নিরোধ বা ধ্বংসের সময়েও কোনো স্থলে গিয়া রাশীভূত হইয়া থাকে না। কিন্তু এমন সময় আছে, যখন স্ত্রী অন্তর্ভাবে (অধ্যাত্মং) নিজেকে 'আমি স্ত্রী' বলিয়া কল্পনা করে, এবং বহির্ভাবে পুরুষকে 'পুরুষ' কল্পনা করে; অপরপক্ষে পুরুষও নিজেকে ঐরূপে 'পুরুষ,' ও স্ত্রীকে 'স্ত্রী' কল্পনা করে। অনন্তর পরস্পর সংযোগে আকাঙ্ক্ষা বশত তাহাদের সংযোগ হয়, এবং তাহা হইতে গর্ভসঞ্চার হইয়া থাকে। এখন, সঙ্কল্প ও সঙ্কল্পয়িতার মধ্যে বস্তুত কেহই নাই; স্ত্রীতে 'স্ত্রী' নাই, এবং পুরুষেও 'পুরুষ' নাই। অতএব সেই সঙ্কল্প অসৎ, সঙ্কল্প অসৎ বলিয়া সংযোগও অসৎ, এবং

সংযোগ অসৎ বলিয়া গর্ভসঞ্চারও অসৎ। স্বভাবতই যাহা নাই, তাহা কিরূপে কঠিন বস্তুকে উৎপাদন করিতে পারে। অতএব উৎপদ্যমান কাঠিন্য কোন স্থান হইতে আসে না, এবং নিরুধ্যমান কাঠিন্যও কোথাও যায় না। এই শরীরের পর্য্যবসান শ্মশানে, সেখানে তাহার নিরুধ্যমান কাঠিন্য পূর্ব্বদিকেও যায় না, দক্ষিণদিকেও যায় না, পশ্চিমদিকেও যায় না, উত্তরদিকেও যায় না, উপরেও যায় না, নীচেও যায় না। পৃথিবীধাতু এইরূপই দ্রষ্টব্য। অতএব পৃথিবী ধাতুর উৎপত্তিও শূন্য, বিনাশও শূন্য। সুতরাং ব্যবহারমাত্র ভিন্ন পৃথিবীধাতুকে পৃথিবীধাতুত্বরূপে জানা যায় না; এবং সেই ব্যবহারও কিছু স্ত্রী বা পুরুষ নহে।—

"ষড়্ধাতুরয়ং মহারাজ, পুরুষঃ........., কতমে ষট্? পৃথিবীধাতুরাপোধাতুঃ......। কতমশ্চ মহারাজ, আধ্যাত্মিকঃ পৃথিবীধাতুঃ? যৎকিঞ্চিদস্মিন্ কায়েঽধ্যাত্মং কক্‌খটত্বং খরগতমুপাত্তং কেশা দন্তা ইত্যাদি। তত্র মহারাজ, আধ্যাত্মিকঃ পৃথিবীধাতুরুৎপদ্যমানো ন কুতশ্চিদাগচ্ছতি, নিরুধ্যমানো ন ক্বচিৎ সন্নিচয়ং গচ্ছতি। ভবতি মহারাজ, স সময়ো যৎ স্ত্রী অধ্যাত্মমহং স্ত্রীতি কল্পয়তি। সাধ্যাত্মমহং স্ত্রীতি কল্পয়িত্বা......বহির্ধা পুরুষং পুরুষ ইতি কল্পয়িত্বা সংরক্তা সতী বহির্ধা পুরুষেণ সার্ধং সংযোগমাকাঙ্ক্ষতে। পুরুষোঽপি...কল্পয়তীতি পূর্ব্ববৎ। তয়োঃ সংযোগাকাঙ্ক্ষয়া সংযোগো ভবতি, সংযোগপ্রত্যয়াৎ কললং জায়তে। তত্র মহারাজ, যশ্চ সঙ্কল্পো যশ্চ সঙ্কল্পয়তি, উভয়মেতন্ন বিদ্যতে, স্ত্রিয়াং স্ত্রী ন সংবিদ্যতে, পুরুষে পুরুষো ন সংবিদ্যতে, যথা সঙ্কল্পস্তথা সংযোগোঽপি কললমপি স্বভাবেন ন সংবিদ্যতে। যশ্চ স্বভাবতো ন বিদ্যতে, তৎ কথং কক্‌খটত্বং জনয়িষ্যতি,...কক্‌খটত্বমুৎপদ্যমানং ন কুতশ্চিদাগচ্ছতি, নিরুধ্যমানং ন ক্বচিৎ সংনিচয়ং গচ্ছতি।...অয়ং কায়ঃ শ্মশানপর্য্যবসানো ভবতি, তস্য তৎ কক্‌খটত্বং... নিরুধ্যমানং ন পূর্ব্বাং দিশং গচ্ছতি, ন দক্ষিণাং, ন পশ্চিমাং, নোত্তরাং নোর্দ্ধং, নাধো, ন তু বিদিশং গচ্ছতি।.........তত্র মহারাজ, পৃথিবীধাতোরুৎপাদোঽপি শূন্যঃ, ব্যয়োঽপি শূন্যঃ; উৎপন্নোঽপি পৃথিবীধাতুঃ স্বভাবশূন্যঃ। ইতি হি মহারাজ, পৃথিবীধাতুঃ পৃথিবীধাতুত্বেন নোপলভ্যতে অন্যত্র ব্যবহারারাৎ। সোঽপি ব্যবহারো ন স্ত্রী ন পুরুষঃ। এবমেবৈতৎ মহারাজ, সম্যক্ প্রজ্ঞয়া দ্রষ্টব্যম্.........।"—পিতৃপুত্রসমাগম, শি॰ স॰ ২৪৪-২৫৬।

"স যাং কাঞ্চিদ্ বেদনাং বেত্তি সর্ব্বাং তামনিত্যবেদিতাং বেত্তি, সর্ব্বাং তাং দুঃখবেদিতাং বেত্তি, অনাত্মবেদিতাং বেত্তি।"—শি॰ স॰ ২২৩।

এইজন্যই বৌদ্ধদার্শনিকগণ বলেন—"নিরাত্মানঃ সর্ব্বধর্ম্মাঃ।" তুলঃ—

"বুদ্ধ্যা বিবিচ্যমানানাং স্বভাবো নাবধার্য্যতে।
অতো নিরভিলপ্যাস্তে নিঃস্বভাবাশ্চ দর্শিতা॥

ইদং বস্তুবলায়াতং যদ্বদন্তি বিপশ্চিতঃ।
যথা যথার্থাশ্চিন্ত্যন্তে বিশীর্য্যন্তে তথা তথা॥

সর্ব্বদর্শনসংগ্রহ-ধৃত লঙ্কাবতারসূত্র।

ইহাই বৌদ্ধদর্শনের নৈরাত্ম্যবাদ বা শূন্যবাদ। বস্তুতত্ত্ব সৎও নহে, অসৎও নহে, সদসৎও নহে, এবং অ-সদসৎও নহে; কিন্তু এইসমস্ত পক্ষ হইতে বিনির্মুক্ত শূন্যই তাহার স্বভাব। ঘটাদি বস্তুর স্বভাব কি?—সত্ত্ব না অসত্ত্ব? যদি সত্ত্বই স্বভাব হয়, তবে ত ঘট সর্ব্বসময়েই আছে, তাহার উৎপাদনের জন্য কারকের অপেক্ষা থাকিতে পারে না; আর যদি অসত্ত্বই তাহার স্বভাব হয়, তবে সে কখন উৎপাদিত হইতে পারে না বলিয়া পূর্ব্বের ন্যায় কারকের অপেক্ষা থাকে না।—

"ন সতঃ কারকাপেক্ষা ব্যোমাদেরিব যুজ্যতে।
কার্য্যস্যাসম্ভবী হেতুঃ খপুষ্পাদেরিবাসতঃ॥"

সর্ব্বদর্শনসংগ্রহ।

৭৭. ১৩ 'এই সকল ধর্ম্ম', দ্রষ্টব্য :—২. ১. § ৯; ৬৩ পৃঃ ১৩ পং।

৭৮. ২০ 'কলল...', দ্রষ্টব্য :—

"পঠমং কললং হোতি কললা হোতি অব্বুদং।
অব্বুদা জায়তী পেসী, পেসী নিব্বত্ততী ঘনো॥
ঘনা পসাখা জায়ন্তি, কেসা লোমা নখানি চ॥"

—S. N. I. 206; J. Vol. IV. 496; K. V. (Vol. II.) 494.

৮০. ২১ 'চরম বিজ্ঞান (পচ্ছিম বিঞ্ঞাণ)', ইহার অর্থ এখানে চরম বিবেচনা নহে; বৌদ্ধগণের আত্মশব্দবাচ্য আলয়বিজ্ঞানই এখানে বিবক্ষিত বলিয়া মনে হয়। এই আলয়বিজ্ঞানও ক্ষণিক, ক্ষণে ক্ষণে পরিবর্ত্তিত হয়। আলয়বিজ্ঞানরূপ মূল বিজ্ঞান প্রথম ক্ষণে 'প্রথম বিজ্ঞান' নামে, এবং দ্বিতীয় ক্ষণে 'পশ্চিম বা চরম বিজ্ঞান' নামে কথিত হয় (তুল :—"তস্য চ প্রথমবিজ্ঞানস্য ঔপপত্ত্যংশিকস্য সমনন্তরনিরুদ্ধস্য অনন্তর-সভাগা চিত্তসন্ততিঃ প্রবর্ত্ততে। যত্র বিপাকস্য প্রতিসংবেদনা প্রজ্ঞায়তে। তত্র যশ্চরমবিজ্ঞানস্য নিরোধস্তত্র চ্যুতিরিতি সংখ্যাং গচ্ছতি, যঃ প্রথমবিজ্ঞানস্য প্রাদুর্ভাব-স্তত্রোপপত্তিঃ। ইতি হি মহারাজ, ন কশ্চিদ্ধর্ম্মোঽস্মাল্লোকাৎ পরং লোকং গচ্ছতি। চ্যুত্যুপপত্তী চ প্রজ্ঞায়েতে।"—শি॰ স॰ ২৫৩. ৫-৭)। বিজ্ঞানের ধারা বা প্রবাহ চলিতে থাকে। প্রথম বিজ্ঞানের সময়ে যে সকল ধর্ম্ম ছিল, চরম বিজ্ঞানের সময় আর তাহারা থাকে না। অতএব, যেমন চরমযামের প্রদীপে যে প্রদীপ সংগৃহীত হয়, তাহা ঠিক পূর্ব্বকারটিও নহে, এবং অন্যও নহে, সেইরূপ চরম-বিজ্ঞানে যাহা গিয়া সংগৃহীত হইতেছে, তাহা ঠিক সেও নহে, অন্যও নহে। দ্রষ্টব্যঃ—

"ধর্ম্মা এব উৎপদ্যমানা উৎপদ্যন্তে ধর্ম্মা এব নিরুধ্যমানা নিরুধ্যন্তে। ন পুনরত্র কশ্চিদাত্মভাবে সত্তো বা জীবো বা জন্তুর্বা পোষো বা পুরুষো বা পুদ্গলো বা মনুজো বা জায়তে বা জীর্য্যতে বা চ্যবতে বা উৎপদ্যতে বা"—শি॰ স॰ ২৩৬. ১৪-১৬। আমাদের শরীরগত রূপাদি গুণ বা ধর্ম্ম পর-পর শরীরে সম্মিলিত হয়। এইজন্ত পর পর শরীর ঠিক একও নহে, অথবা ঠিক অন্তও নহে।

৮১. ৯ 'পচ্চয় (প্রত্যয়)', "নিমিত্তং কারণং ঠানং পদং বীজং নিবন্ধনং। নিদানং পভবো হেতু সম্ভবো সেতু পচ্চয়ো"—(অ॰ প॰ ৯১ ; দ্রষ্টব্যঃ—৮৫৭)—এস্থলে প্রত্যয়-শব্দ হেতু-শব্দের স্তায় সাধারণত কারণের পর্য্যায়রূপে পঠিত হইয়াছে। মূলত ঐ দুই শব্দ কারণবাচী হইলেও বৌদ্ধদর্শনে তাহাদের অবান্তর ভেদ আছে ; অসাধারণ কারণের নাম হেতু, এবং সাধারণ কারণের নাম প্রত্যয় ; অপর কথায়—মূল বা উপাদান কারণের নাম হেতু, এবং সহকারী কারণের নাম প্রত্যয়। অঙ্কুরের প্রতি বীজ হেতু (অসাধারণ কারণ), এবং পৃথিবী ও জল প্রভৃতি প্রত্যয় (সাধারণ কারণ)। বস্তুর স্ব-ভাব হেতু, পর-ভাব প্রত্যয় ; অঙ্কুরের যাহা স্ব-ভাব—বীজ, তাহাই তাহার হেতু ; এবং যাহা পর-ভাব—পৃথিবী-জল প্রভৃতি, তাহাই তাহার প্রত্যয়। জনকের নাম হেতু, এবং পরিগ্রাহক অর্থাৎ অনুগ্রাহক বা সহকারীর নাম প্রত্যয় ; হেতু আধ্যাত্মিক এবং প্রত্যয় বাহ্য। 'নেত্তি-পকরণে' উক্ত হইয়াছে :—

"যে ধম্মা জনয়ন্তি—হেতু চ পচ্চয়ো চ। তত্থ কিংলক্খণো পচ্চয়ো ? অসাধারণলক্খণো হেতু, সাধারণলক্খণো পচ্চয়ো। যথা কিং ভবে ? যথা অঙ্কুরস্স নিব্বত্তিয়া বীজং অসাধারণং, পঠবী আপো চ সাধারণা। অঙ্কুরস্স হি পঠবী আপো চ পচ্চয়ো, সভাবো হেতু।

যথা বা পন ঘটে দুদ্ধং পক্খিত্তং দধি ভবতি, ন চ'ত্থি এককালসমবধানং দুদ্ধস্স চ দধিস্স চ। এবমেব ন'ত্থি এককালসমবধানং হেতুস্স চ পচ্চয়স্স চ।

* * *

যথা বা পন থালকঞ্চ, বত্তিঞ্চ, তেলঞ্চ দীপস্স পচ্চয়ভূতং, ন সভাবহেতু। নহি সক্কা থালকঞ্চ বত্তিঞ্চ, তেলঞ্চ অনগ্গিকং দীপেতুং দীপস্স পচ্চয়ভূতং। দীপো বিয় সভাবো হেতু হোতি।

ইতি সভাবো হেতু, পরভাবো পচ্চয়ো ; অজ্ঝত্তিকো হেতু, বাহিরো পচ্চয়ো ; জনকো হেতু, পরিগ্গাহকো পচ্চয়ো ; অসাধারণো হেতু, সধারণো পচ্চয়ো।" N.P. 78-79.

বাচস্পতিমিশ্র ভামতীতে (বে॰ দ॰ ২.২.১৯) প্রত্যয় শব্দের এইরূপ বুৎপত্তি লিখিয়াছেনঃ—"প্রত্যয়ো হেতূনাং সমবায়ঃ ; হেতুং হেতুং প্রত্যয়ন্তে হেত্বন্তরাণীতি তেষাময়মানানাং ভাবঃ প্রত্যয়ঃ, সমবায় ইতি যাবৎ।" তুলঃ—"ইতরেতরপ্রত্যয়-

ত্বাদিতি...”—বে০ দ০ ২. ২. ৯; “অভাবপ্রত্যয়ালম্বনা বৃত্তির্নিদ্রা”—পা০ দ০ ১. ১০; “কার্য্যং প্রত্যয়তে গচ্ছতীতি প্রত্যয়ঃ কারণং”—ঐ বৃত্তি।

অতএব অনুবাদে প্রত্যয়-শব্দের অর্থ যে 'কারণ' লিখিত হইয়াছে, তাহা সাধারণ কারণ জানিতে হইবে, অন্যত্রও এইরূপ বোধ্য।

৮৩. ২৪ ৭৬. ১৬ টীকা দ্রষ্টব্য।

৮৫. ৬ 'আলিম্পনং', See Apte's *Sanskrit-English Dictionary*; তুল:-আদীপনং।

৭৫. ১১ শ্রদ্ধেন্দ্রিয়...ইত্যাদি, “যথাহ আর্যাক্ষয়মতিসূত্রে পঞ্চানীমানি ইন্দ্রিয়াণি। কতমানি পঞ্চ। শ্রদ্ধেন্দ্রিয়ং বীর্যেন্দ্রিয়ং স্মৃতীন্দ্রিয়ং প্রজ্ঞেন্দ্রিয়মিতি। তত্র কতমা শ্রদ্ধা? যথা শ্রদ্ধায়াশ্চতুরো ধর্ম্মানভিশ্রদ্দধাতি। কতমাংশ্চতুরঃ? সংসারাবচরীং লৌকিকীং সম্যগদৃষ্টিং শ্রদ্দধাতি। স কর্ম্মবিপাকপ্রতিশরণো ভবতি—যদ্‌হং কর্ম্ম করিষ্যামি, তস্য তস্য কর্ম্মণঃ ফলবিপাকং প্রত্যনুভবিষ্যামীতি। স জীবিতহেতোরপি পাপং কর্ম্ম ন করোতি। বোধিসত্বচারিকামভিশ্রদ্দধাতি। তচ্চর্য্যাপ্রতিপন্নশ্চান্যত্র স্পৃহাং নোৎপাদয়তি। পরমার্থনীতার্থং গম্ভীর-প্রতীত্যসমুৎপাদ-নিরাত্ম-নিঃসত্ব-নির্জীব-নিঃপুদ্‌গল-ব্যবহার-শূন্যতাপ্রণিহিতলক্ষণান্ সর্ব্বধর্ম্মান্ শ্রুত্বা শ্রদ্দধাতি। সর্ব্ব-দৃষ্টিকৃত্যানি চ নানুশেতে সর্ব্ববুদ্ধধর্ম্মান্ বলবৈশারদ্যপ্রভৃতীংশ্চ শ্রদ্দধাতি। শ্রদ্ধায় চ বিগতকথংকথস্তান্ বুদ্ধধর্ম্মান্ সমুদানয়তি। ইদমুচ্যতে শ্রদ্ধেন্দ্রিয়ম্।

তত্র কতমদ্ বীর্য্যেন্দ্রিয়ং? যান্ ধর্ম্মান্ শ্রদ্ধেন্দ্রিয়েণ শ্রদ্দধাতি তান্ ধর্ম্মান্ বীর্য্যেন্দ্রিয়েণ সমুদানয়তীদমুচ্যতে বীর্য্যেন্দ্রিয়ম্।

তত্র কতমৎ স্মৃতীন্দ্রিয়ং? যান্ ধর্ম্মান্ বীর্য্যেন্দ্রিয়েণ সমুদানয়তি, তান্ ধর্ম্মান্ স্মৃতীন্দ্রিয়েণ ন বিপ্রণাশয়তি। ইদমুচ্যতে স্মৃতীন্দ্রিয়ম্।

তত্র কতমৎ সমাধীন্দ্রিয়ম্? যান্ ধর্ম্মান্ স্মৃতীন্দ্রিয়েণ ন বিপ্রণাশয়তি, তান্ সমাধী-ন্দ্রিয়েণ একাগ্রীকরোতি।—ইদমুচ্যতে সমাধীন্দ্রিয়ম্।

তত্র কতমৎ প্রজ্ঞেন্দ্রিয়ং? যান্ ধর্ম্মান্ সমাধীন্দ্রিয়েণৈকাগ্রীকরোতি তান্ প্রজ্ঞে-ন্দ্রিয়েণ প্রত্যবেক্ষতে প্রতিবিধ্যতি, যদেতেষু ধর্ম্মেষু প্রত্যাত্মজ্ঞানম্—অপরপ্রত্যয়-জ্ঞানম্ ইদমুচ্যতে প্রজ্ঞেন্দ্রিয়ম্।

এবমিমানি পঞ্চেন্দ্রিয়াণি সহিতান্যনুপ্রবদ্ধানি সর্ব্ববুদ্ধধর্ম্মান্ পরিপূরয়ন্তি, ব্যাকরণ-ভূমিঞ্চাপ্যায়ন্তি।”—শি০ স০ ৩১৬. ১৩—৩১৭. ১২।

শ্রদ্ধাদিজাতবলের নামই ইন্দ্রিয়বল। ইন্দ্রিয়-শব্দ এস্থানে গুণবাচক; See Childers.

৮৯. ২ “সো একং বেদনং...,”?

৮৯. ৭ “নাভিনন্দামি...ভতকো যথা,” তুলঃ—

"নাভিনন্দেত মরণং নাভিনন্দেত জীবিতং
কালমেব প্রতীক্ষেত নির্ব্বেশং ভৃতকো যথা॥" ম০ স০ ৬. ৪৫।

"যথা ভৃতকো নির্ব্বেশং ভৃতিং গৃহীত্বা কালং পরিপালয়তীতি—মেধাতিথিঃ। 'নির্ব্বেশং' স্থলে কুল্লূকভট্ট-সম্মত পাঠ 'নির্দ্দেশম্'; তিনি বলেনঃ—"নির্দ্দিশ্যত ইতি নির্দ্দেশো ভৃতিঃ, তৎপরিশোধনকালমিব ভৃতকঃ।"

কূর্ম্মপুরাণেও (২৮ অ০, সন্ন্যাসধর্ম্ম, ৬৪৯ পৃঃ) এই শ্লোকটি দেখিতে পাওয়া যায়; 'নিবেশং' বা 'নির্দ্দেশং' স্থানে সেখানে 'নিদেশং' আছে।

মূলোক্ত শ্লোক দুইটির সহিত থেরী গাথার ১০০৩, ১০০২ সংখ্যক গাথা তুলনীয়।

৯০. ৭ 'উভো'পি তে (তত্তং অয়োগুলং, সীতং হিমপিণ্ডং) দহেয্যুং,' তপ্ত অয়ঃপিণ্ডের দাহ প্রসিদ্ধ, কিন্তু শীত হিমপিণ্ড কিরূপে দাহ করে? হিমপিণ্ড পক্ষে দাহ-শব্দের অর্থ এখানে নিঃসার করা। তুলঃ—"বজ্রো বা আপো বজ্রো হি বা আপস্তস্মাদ্ যেনৈতা যন্তি নিম্নং কুর্ব্বন্তি যত্রোপতিষ্ঠন্তে নির্দ্দহন্তি"—শ০ ব্রা০ ১. ১. ১. ১৭; "নির্দ্দহন্তি নিঃসারং কুর্ব্বন্তি"—সায়ণ।

৯০. ১৩ 'নিগ্রহ,' "বিপ্রতিপত্তিরপ্রতিপত্তিশ্চ নিগ্রহস্থানম্"—ন্যা০ দ০ ১. ২. ১৯; "বিপরীতা বা কুৎসিতা বা প্রতিপত্তিঃ,বিপ্রতিপদ্যমানঃ পরাজয়ং প্রাপ্নোতি, নিগ্রহস্থানং খলু পরাজয়প্রাপ্তিঃ। অপ্রতিপত্তিস্ত আরম্ভবিষয়েঽপ্যনারম্ভঃ; পরেণ স্থাপিতং বা ন প্রতিষেধতি, প্রতিষেধং বা নোদ্ধরতি"—ঐ বাৎস্যায়নভাষ্য।

৯১. ৬ 'নেক্খম্ম', 'নেক্খম্মং পঠমজ্ঝানে পব্বজ্জায়ং বিমুত্তিয়ং। বিপস্সনায়ং নিস্সেসকুসলস্মিঞ্চ দিস্সতি,'—অ০ প০ ৮৩১; এখানে ঐ পদের অর্থ প্রব্রজ্যা বা সন্ন্যাস। নৈষ্কাম্য, নৈষ্ক্রম্য, ও নৈষ্কর্ম্য এই তিনটি শব্দ হইতেই যদিও কোনরূপে "নেক্খম্ম'-পদটি হইতে পারে, তথাপি বিশেষ বিবেচনা করিয়া দেখিলে এস্থানে নেক্খম্ম-পদের সংস্কৃত' নৈষ্ক্রম্য' ধরাই সঙ্গততর বোধ হয়। স্থল বিশেষে তাহার সংস্কৃত 'নৈষ্কাম্য' বলিয়াই বোধ হয়, যথা—"এবং সুমেধপণ্ডিতো নানাবিধাহি উপমাহি ইমং নেক্খম্ম'পসংহিতং অত্থং চিন্তেত্বা,"—জা০ ১. ৬; See Childers; Cf. Rh. D's note, Vinaya Text, (S. B. E.) Part I. p. 104.

৯১. ১০ 'তদেকজ্ঝং ..,' একত্র সমষ্টি করিয়া কিছু বলিতে হইলে অবাচ্য-উদীচ্য উভয় বৌদ্ধসাহিত্যেই এই খণ্ড বাক্যটি প্রযুক্ত হইয়া থাকে। অভিসঞ্ঞূহিত্বা= অভি-সম্+√উহ+ত্বা; সমূহ এই ধাতু হইতেই হইয়াছে।

৯২. ১৫ নাম ও রূপ শব্দে কি বুঝায়, স্বয়ং গ্রন্থকারই তাহা পরে বলিতেছেন; ৯৯. পৃঃ ২৪-২৫ পং দ্রষ্টব্য।

৯৩, ১১ 'পে,' ইহা 'পেয্যাল'—এই পালি শব্দের সংক্ষিপ্ত আকার। পেয্যাল-শব্দের

তাবার্থ আমাদের 'ইত্যাদি।' ইহার ব্যুৎপত্তি সম্বন্ধে Burnouf বলেন—ইহা 'পে+অলং' শব্দ হইতে হইয়াছে, 'পে' পূর্ব-শব্দের সংক্ষিপ্তাকার। সুভূতি কোন ব্যাকরণ অনুসারে বলেনঃ—"পেয্যং অলং পেয্যালং, পাপনং পেয্যং, অল'ন্তি যুত্তং" (পেয্য-শব্দে প্রাপণ, ও অলং-শব্দে যুক্ত; আর্থাৎ প্রাপণ-যুক্ত, পূর্ব্বে যাহা উক্ত হইয়াছে, তাহারই প্রকৃতস্থলে প্রাপণ অর্থাৎ লইয়া যাওয়া যুক্ত)। D' Alwis বলেন—পেয্যাল-শব্দের অর্থ শূন্যস্থানকে পূর্ণ করা,নিবেশ করা—toinsert. Childers বলেন—ঐ শব্দের অর্থ পূর্ণকরা, বা পূর্ণ, বা পূর্ণ করিয়া পড়িতে হইবে; তাঁহার মতে—পূর্ব্বস্থিত পেয্য শব্দ √পূর, √পৃ, বা √প্রা হইতে নিষ্পন্ন হইয়া থাকিবে; অথবা √প্রা হইতে প্রেয় পদ কল্পনা করিতে পারা যায় (আকারান্ত ধাতুর উত্তর পালিতে 'এয্য' নামে এক প্রত্যয় হয়, ক০ বৃ০ ৪. ১. ২১; তাহাতে √প্রা হইতে পালিতে 'পেয্য' হইতে পারে)। প্রায়স্ বা প্রায়+অলং হইতেও ঐ পদ হইতে পারে বলিয়া তিনি মনে করেন। দ্রষ্টব্যঃ—

> "পাতুং অল'ন্তি পেয্যালং বিথারেতুং অল'ম্বা।
> পেয্যালস্স বচন'খো বেদিতব্বো বিভাবিনা॥"

See Childers.

৯৪. ৯ 'বিসীবেত্বা', Childers বলেন—ইহা বি+√শ্যৈ+ণিচ্+ক্ত্বা হইতে নিষ্পন্ন হইয়া থাকিবে। তাহা হইলে উহার অর্থ হইবে 'গরম করিয়া'।

৯৪. ৯ 'অবিজ্ঝাপেত্বা', √ক্ষৈ হইতে; দ্রঃ— পা০ প্রা০ ১. § ২১

৯৮. ৮ 'পটিগচ্চেব', Trenckner বলেন—এই পদটি সংস্কৃত 'প্রতিগত্য' হইতে হয় নাই, তাহা হইলে এস্থানে তাহার কোন অর্থ পাওয়া যায় না, অতএব ইহা 'প্রতিকৃত্য' (প্রতীকার করিয়া) হইতে হইয়া থাকিবে। ১৩৮. ৬ টীকা দ্রষ্টব্য।

৯৯. ১ "পঞ্চহি কাম......সমঙ্গিভূত্তো", ইহা একটি প্রসিদ্ধ সচরাচর প্রয়োজ্য বাক্যখণ্ড। মহাযান গ্রন্থাবলীতেও ইহার বহুল প্রয়োগ দেখা যায়, "পঞ্চভিঃ কামগুণৈঃ সমর্পিতঃ সমন্বঙ্গীভূত" শি০ স০ ১৬৬ পৃঃ। কামগুণ-শব্দে পঞ্চবিধ ইন্দ্রিয়-বিষয়ঃ—শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ; ম০ ভা০ অনুশা. ১৪৫-৮। তুলঃ—"সমপ্পিতা নেরয়িকা দুক্খেন"—নৈরয়িকগণ দুঃখে সমর্পিত; "কুচ্ছিরোগসমপ্পিতো"—যে কুক্ষিরোগে সমর্পিত হইয়াছে, অর্থাৎ যাহার কুক্ষিরোগ উৎপন্ন হইয়াছে।

৯৯. ২৪ উদার ও সূক্ষ্ম শব্দ পালিতে পরস্পর বিরুদ্ধার্থবাচী। রূপ-শব্দে শরীরের স্থূল বা ভৌতিক অংশকে বুঝায়, ইহারই নাম রূপস্কন্ধ। এবং নাম-শব্দে শরীরের মানসিক অংশ,—বেদনা, সংজ্ঞা ও সংস্কার; কখন কখন বিজ্ঞানও ইহার সহিত যোজিত হয়।

অতএব নাম-রূপ শব্দে প্রথম চারিটি, বা পাঁচটিই স্কন্ধকে বুঝিতে হইবে। উপনিষৎ ও তদনুযায়ী দর্শনশাস্ত্রে নাম-রূপ শব্দের নাম-অর্থে সংজ্ঞা বুঝায়।

১০১. ৫ 'সঙ্খারা (সংস্কারাঃ)', অব্যবহিত পরবর্তী টীকা দ্রষ্টব্য।

১০২. ৪ 'অবিজ্জাপচ্চয়া……', বৌদ্ধদর্শনে এই কথাগুলি অতিপ্রসিদ্ধ ও অত্যন্ত আবশ্যক, এবং ইহাতেই বৌদ্ধদর্শনের 'প্রতীত্যসমুৎপাদ' কীর্ত্তিত হইয়াছে। প্রতীত্যসমুৎপাদ দ্বিবিধ—হেতূপনিবন্ধ ও প্রত্যয়োপ নিবন্ধ, অর্থাৎ অসাধারণ মূল-উপাদান কারণ-কৃত ও সাধারণ সহকারী কারণ-কৃত (৮১-৯ টীকা দেখ)। বাহ্য ও আধ্যাত্মিক ভেদে প্রতীত্যসমুৎপাদ আবার দুই প্রকার; হেতূপনিবন্ধ বাহ্য প্রতীত্যসমুৎপাদ যথা—বীজ হইতে অঙ্কুর,অঙ্কুর হইতে পত্র, পত্র হইতে কাণ্ড, কাণ্ড হইতে নাল, নাল হইতে গর্ভ, গর্ভ হইতে শূক, শূক হইতে পুষ্প, এবং পুষ্প হইতে ফল; বীজ না থাকিলে অঙ্কুর হয় না, অঙ্কুর না হইলে পত্র হয় না,……এইরূপ পুষ্প না থাকিলে ফল হয় না। এস্থানে বীজ হইতে অঙ্কুর উৎপন্ন হইলেও বীজের এরূপ জ্ঞান হয় না যে, আমি অঙ্কুরকে উৎপাদিত করিতেছি; অঙ্কুরেরও এরূপ জ্ঞান হয় না যে, আমি পত্র উৎপাদিত করিতেছি,…এইরূপ পুষ্পেরও জ্ঞান হয় না যে, আমি ফল উৎপাদন করিতেছি। আবার অঙ্কুরাদিরও জ্ঞান হয় না যে, আমরা বীজাদির দ্বারা উৎপাদিত হইয়াছি। এই-রূপে বীজাদির চৈতন্য না থাকিলেও, এবং অপর কোন অধিষ্ঠাতা না থাকিলেও কার্য্যকারণের নিয়ম দেখা যায়। ইহাই হেতূপনিবন্ধ বাহ্য প্রতীত্যসমুৎপাদ।

প্রত্যয়োপনিবন্ধ বাহ্য প্রতীত্যসমুৎপাদ যথা— পৃথিবী, অপ্, তেজ, বায়ু, ব্যোম ও ঋতু এই সমস্ত পদার্থ একত্র সমবেত হইলে—এই সমস্ত সহকারি কারণ সম্মিলিত হইলে বীজ হইতে অঙ্কুর হয়; পৃথিবীদ্বারা বীজ সংগৃহীত হয়, জল বীজকে স্নিগ্ধ করে, তেজ বীজকে পরিপক করে, বায়ুপ্রভাবে বীজ হইতে অঙ্কুর নির্গত হইতে পারে, আকাশ বীজের অনাবরণ-কার্য্য করে, এবং ঋতু বীজকে পরিণত করে। এইরূপে বীজ হইতে অঙ্কুরের উৎপত্তি বিষয়ে পৃথিবী প্রভৃতি পদার্থ তৎতৎ কার্য্য করিলেও তাহা-দের এরূপ জ্ঞান হয় না যে আমরা এইরূপ কাজ করিতেছি। আবার অঙ্কুরও মনে করে না যে, আমি ইহাদের দ্বারা উৎপাদিত হইতেছি। অথচ বীজ হইতে অঙ্কুর উৎপন্ন হয়। ইহাই প্রত্যয়োপনিবন্ধ বাহ্য প্রতীত্যসমুৎপাদ।

হেতূপনিবন্ধ অধ্যাত্মিক প্রতীত্যসমুৎপাদ যথা—অবিদ্যা হইতে সংস্কার, সংস্কার হইতে বিজ্ঞান, বিজ্ঞান হইতে নাম-রূপ ইত্যাদি। অবিদ্যা না থাকিলে সংস্কার হইত না, সংস্কার না থাকিলে বিজ্ঞান হইত না, বিজ্ঞান না থাকিলে নাম-রূপ হইত না…ইত্যাদি। এস্থানে অবিদ্যা প্রভৃতি হইতে সংস্কার প্রভৃতি জাত হইলেও অবিদ্যা প্রভৃতির মনে হয় না যে, আমরা সংস্কার প্রভৃতিকে উৎপাদিত করিতেছি; আবার

সংস্কার প্রভৃতিরও মনে হয় না যে, আমরা অবিদ্যা প্রভৃতির দ্বারা উৎপাদিত হইয়াছি। ইহাই হেতূপনিবদ্ধ আধ্যাত্মিক প্রতীত্যসমুৎপাদ। অবিদ্যা প্রভৃতির লক্ষণ পরে বলা যাইবে।

প্রত্যয়োপনিবদ্ধ আধ্যাত্মিক প্রতীত্যসমুৎপাদ যথা—পৃথিবী, অপ্, তেজ, বায়ু, আকাশ ও বিজ্ঞান (মন)—এই কয় পদার্থের সমবায়ে শরীর উৎপন্ন হয়; পৃথিবী শরীরের কাঠিন্য সম্পাদন করে, অপ্ শরীরকে স্নিগ্ধ করে, তেজ শরীরে ভুক্ত-পীত বস্তুকে পরিপক্ক করে, বায়ু শরীরের শ্বাসাদি সম্পাদন করে, আকাশ শরীরের ভিতরে অবকাশ প্রদান করে, এবং বিজ্ঞান-দ্বারা পঞ্চবিধ ইন্দ্রিয়-জনিত জ্ঞান হয়, এই বিজ্ঞানেই বন্ধহেতু হিংসাদি কর্ম্ম থাকে ('সাস্রব'), এবং ইহাই নাম-রূপকে উৎপাদন করে। এই পৃথিব্যাদি পদার্থ (ধাতু) অবিকল থাকিলেই, তাহাদের সমবায়ে শরীরের উৎপত্তি হয়। কিন্তু পৃথিবী প্রভৃতি মনে করে না যে, আমরা এই কাঠিন্যাদি সম্পাদন করিয়াছি, বা শরীরও মনে করে না যে, আমি ইহাদের দ্বারা উৎপাদিত হইয়াছি। অথচ অঙ্কুরের ন্যায় ঐ সমস্ত পদার্থ হইতে শরীরের উৎপত্তি হইয়া থাকে। ইহাই প্রত্যয়োপনিবদ্ধ আধ্যাত্মিক প্রতীত্যসমুৎপাদ।

'অবিজ্জাপচ্চয়া ...,' এস্থলে পচ্চয় বা প্রত্যয়-শব্দ পঞ্চম্যন্ত, এবং কর্ম্মধারয় সমাস। উদীচ্য বৌদ্ধ সাহিত্যে এতাদৃশ স্থলে বহুব্রীহি সমাস দেখা যায়, যথা—"অবিদ্যাপ্রত্যয়াঃ সংস্কারাঃ জাতিপ্রত্যয়ং জরামরণং।" অবিদ্যা সংস্কারের প্রত্যয় (সাধারণ সহকারী কারণ), হেতু (মূল কারণ) নহে; সংস্কারের হেতু সংস্কারের স্ব-ভাব। অবিদ্যা অবিদ্যার হেতু, অযোনিসো-মনসিকার অবিদ্যার প্রত্যয়;—পূর্ব্ব-পূর্ব্ব অবিদ্যা পর-পর অবিদ্যার হেতু, এবং অযোনিসো-মনসিকার তাহার প্রত্যয়। বিজ্ঞান-নামরূপ-প্রভৃতি সর্বত্রই এইরূপ বুঝিতে হইবে। চক্ষুর্বিজ্ঞান স্থলে চক্ষু, রূপ ও আলোক প্রত্যয়, এবং মনসিকার হেতু। দ্রষ্টব্যঃ—"সঙ্খারা বিঞ্ঞাণস্স পচ্চয়ো সভাবো হেতু, বিঞ্ঞাণং নামরূপস্স পচ্চয়ো সভাবো হেতু, নাম-রূপং সলায়তনস্স পচ্চয়ো সভাবো হেতু"... N. P. h. ৪০

অবিদ্যা—দুঃখ, দুঃখের কারণ, দুঃখধ্বংস ও দুঃখধ্বংসের উপায়কে তত্ত্বতঃরূপে না জানার নাম অবিদ্যা। অথবা শরীরের কারণভূত পৃথিবী প্রভৃতি পদার্থ-সমূহকে এক, ব্যক্তি, নিত্য, ধ্রুব, আত্মা, জীব ও মানবাদি রূপে মনে করার নাম, ও অহঙ্কার-মমকার প্রভৃতি করার নাম অবিদ্যা। স্থূলত তত্ত্ববিষয়ের অজ্ঞান, বা মিথ্যা জ্ঞানের নাম অবিদ্যা।

সংস্কার—অবিদ্যা বশতঃ বিষয়ে যে রাগ, দ্বেষ ও মোহ উৎপন্ন হয়, তাহার নাম সংস্কার। কেহ কেহ বলেন, ইহা ত্রিবিধ, যথা—পুঞ্ঞাভিসঙ্খারো—মনের পুণ্যভাব,

অপুঞ্ঞাভিসঙ্খারো—মনের পাপ ভাব, ও আনেঞ্জাভিসঙ্খারো—যে ভাব মনের স্থিরত্ব সম্পাদন করে। সংস্কার আবার ত্রিবিধ, কায়সঙ্খারো—মনের যে ভাব সুকৃত বা দুষ্কৃত উৎপাদন করে, বচীসঙ্খারো—মনের যে ভাব পাপ বা পুণ্য কথা বলায়, এবং চিত্তসঙ্খারো—মনের যে ভাব পাপ বা পুণ্য চিন্তা উৎপাদন করে। এ সম্বন্ধে বিভঙ্গে (১৩৫ পৃঃ) উক্ত হইয়াছে :—

"তত্থ কতমা অবিজ্জাপচ্চয়া সঙ্খারা? পুঞ্ঞাভিসঙ্খারো অপুঞ্ঞাভিসঙ্খারো আনেঞ্জাভিসঙ্খারো; কায়সঙ্খারো বচীসঙ্খারো চিত্তসঙ্খারো। তত্থ কতমো পুঞ্ঞাভিসঙ্খারো? কুসলা চেতনা কামাবচরা রূপাবচরা দানময়া সীলময়া ভাবনাময়া...। কতমো অপুঞ্ঞাভিসঙ্খারো? অকুসলা চেতনা কামাবচরা···। কতমো আনেঞ্জাভিসঙ্খারো? কুসলা চেতনা অরূপাবচরা···।···কায়সঞ্চেতনা কায়সঙ্খারো,···বচীসঞ্চেতনা বচীসঙ্খারো ··মনোসঞ্চেতনা চিত্তসঙ্খারো।"

বিজ্ঞান—বিজ্ঞান শব্দে এখানে একৈক ইন্দ্রিয় জন্য বস্তুবিষয়ক জ্ঞান, যথা—চক্ষুর্বিজ্ঞান, শ্রোত্রবিজ্ঞান, ঘ্রাণবিজ্ঞান, জিহ্বাবিজ্ঞান, কায়বিজ্ঞান, ও মনোবিজ্ঞান।

নাম-রূপ—বেদনা, সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান (কখন কখন বিজ্ঞানস্কন্ধকে ইহার অন্তর্গত করা হয় না, বি° ১৩৬ পৃঃ) এই চারি স্কন্ধের নাম 'নাম', এবং এই নামকে গ্রহণ করিয়া রূপ (পৃথিবী, জল, বায়ু ও তেজ, এই চারি মহাভূতরূপ রূপ-স্কন্ধ) উৎপন্ন হয়। ইহাই একত্র করিয়া নাম-রূপ বলা হয়।

ষড়ায়তন—নাম-রূপ সম্মিলিত ছয় ইন্দ্রিয়; চক্ষু, শ্রোত্র, ঘ্রাণ, জিহ্বা, কায় (ত্বক্) ও মন।

স্পর্শ—নাম, রূপ ও ইন্দ্রিয়ের একত্র সন্নিপাত বা মিলন স্পর্শ (১০৪-৫ দ্রষ্টব্য)। ছয় ইন্দ্রিয় ভেদে ইহাও ছয় রকম, যথা—চক্খুসম্ফস্সো, সোতসম্ফস্সো—ইত্যাদি।

বেদনা—বিষয়েন্দ্রিয় স্পর্শে উৎপন্ন সুখাদিরূপ অনুভবের নাম বেদনা, ইহাও ষড়্বিধ :—চক্খুসম্ফস্সজা বেদনা, জিব্হাসম্ফস্সজা বেদনা,···ইত্যাদি।

তৃষ্ণা—বেদনা উৎপন্ন হইলে আবার তাহা অনুভব করিবার জন্য যে নিশ্চয়, যাহাতে তাহা অভিনন্দন করা যায়, তাহার নাম তৃষ্ণা। শব্দ স্পর্শ রূপ রস গন্ধ ও ধর্ম্ম (মানসিক-গুণ) এই বিষয় ভেদে তৃষ্ণাও ছয় প্রকার, যথা রূপতৃষ্ণা, শব্দতৃষ্ণা ইত্যাদি।

উপাদান—তৃষ্ণা-বৈপুল্য, অর্থাৎ আমার যেন কখনো প্রিয় রূপাদির সহিত বিয়োগ না হয়—এইরূপে তাহার অপরিত্যাগ ও ভূয়োভূয়ঃ প্রার্থনার নাম উপাদান। ইহা চতুর্ব্বিধ—কামু'পাদানং, দিট্ঠু'পাদানং, সীলব্বতু'পাদানং, অত্তবাদু'পাদানং। কেহ কেহ বলেন—তৃষ্ণা জনিত বাক্ ও কায়ের চেষ্টার নাম উপাদান।

ভব—পুনর্ভবজনক বাচসিক মানসিক ও কায়িক কর্ম।

জাতি—জন্ম, স্কন্ধসমূহের প্রাদুর্ভাব, আয়তন-পরিগ্রহ।

জরা—উৎপন্ন স্কন্ধ সমূহের পরিপাক।

মরণ—স্কন্ধসমূহের বিনাশ।

শোক—জ্ঞাতিজন বা প্রিয় বস্তু প্রভৃতির ব্যসন নিমিত্ত অন্তর্দাহ।

পরিদেব—তন্নিমিত্ত 'হা তাত! হা মাত!' ইত্যাদি প্রলাপ।

দুঃখ—চক্ষুর্বিজ্ঞানাদি পঞ্চবিজ্ঞান সংযুক্ত (শারীরিক) অনভিমত অসাধু বিষয়ের অনুভব।

দৌর্মনস্য—মানসিক দুঃখ।

উপায়াস—এতাদৃশ অন্যান্য ক্লেশ, আয়াস, খেদ।

দ্রষ্টব্য:—বি০ ১৩৫-১৩৮; শালিস্তম্বসূত্র, শি০ স০ ২১৯-২২৪; বে. দ. ১. ২. ১৯; ভামতীতে বাচস্পতিমিশ্র শালিস্তম্বসূত্র হইতেই প্রতীত্যসমুৎপাদের বিবরণ গ্রহণ করিয়াছেন; অদ্বৈতব্রহ্মসিদ্ধিতে সদানন্দও এইরূপ করিয়াছেন; মা০ বৃ০ ১৬, ২০৯ পৃ:; বো০ চ০ প০ ২৫৭, ৩০৯।

১০৩. ১৭ অর্থাৎ এইরূপ অনন্তকাল ধরিয়া প্রবাহ চলিলেও ইহাদের প্রথম কি—বীজ না অঙ্কুর, তাহা ঠিক করা যায় না।

১০৫. ১ "পুরিমা কোটি ন পঞ্ঞায়তি", তুল:—"পূর্ব্বা হি কোটির্ন জ্ঞায়তে" ইতি—শি০ স০ ২৫৫. ৭। কোটি শব্দে এখানে সীমা বুঝিতে হইবে।

১০৫. ৮ "সব্বেন...সব্ব",—ইহা বৌদ্ধ সাহিত্যের একটি প্রচলিত বাক্যখণ্ড; বি০ ২৭৬।

তুল:—"পুরিমা ভিক্খবে কোটি ন পঞ্ঞায়তি অবিজ্জায়, ইতো পুব্বে অবিজ্জা নাহোসি, অথ পচ্ছা সম্ভবীতি..." অ০ সা০ ১১ পৃ:।

"অবিজ্জা নাহোসি=অবিজ্জা অহোসি, পা০ প্র০ ২. § ২০।

১০৫. ১৩ এখানে সহসা লিঙ্গ পরিবর্তন হইয়াছে। Trenckner এস্থানের পাঠকে অবিশুদ্ধ বলিয়া মনে করেন (p. 422)।

১০৫. ২৩ অর্থাৎ সন্ততি বা প্রবাহের আদি জানা যায় না, তদন্তঃপাতী বস্তুর আদি জানিতে পারা যায়।

১০৫. ২৫ কোন বস্তুর আদি ও অন্ত পরিচ্ছিন্ন হইয়া গেলে তাহার পূর্ব্ব ও পরবর্ত্তী বস্তুর সহিত তাহার কোন সম্বন্ধ থাকে না, অতএব সন্ততি বা প্রবাহ কিরূপে হইতে পারে?—রাজা ইহাই জিজ্ঞাসা করিতেছেন।

১০৬. ৫ যেমন কোন বীজ রোপণ করিলে ঐ বীজের আদি ও অন্ত ছিন্ন হইয়া গেলেও

তাহা হইতে বৃক্ষ উৎপন্ন হইয়া থাকে, ও ঐ বৃক্ষ হইতে বীজ হয়, এবং এইরূপে প্রবাহ চলিতে থাকে, স্কন্ধ ও দুঃখ সম্বন্ধেও সেইরূপ।

১০৮. ২৬ এই প্রকরণে যে সকল দৃষ্টান্ত প্রদর্শিত হইয়াছে, তাহা আলোচনা করিলে জানা যায় যে, আকস্মিক বা অকারণ কোন বস্তুর উৎপত্তি হয় না। যে বৃক্ষ-অঙ্কুর এখন উৎপন্ন হইতেছে, তাহাও পূর্ব্বে না হইয়া হইতেছে না; অঙ্কুরের পূর্ব্বাবস্থা বীজ, অঙ্কুর পূর্ব্বে বীজাবস্থায় থাকিয়াই পরে স্ব-স্বরূপে প্রকাশ পায়। অতএব এখানে যাহা উক্ত হইয়াছে, তাহাতে 'সৎকার্য্যবাদই' বলা হইয়াছে। ইহা সাঙ্খ্য ও বেদান্তের সম্মত। কিন্তু বৌদ্ধগণ অভাব হইতেই ভাবের উৎপত্তি বলিয়া থাকেন, তুল:—"অভাবাদ্ ভাবোৎপত্তির্নানুপমৃদ্য প্রাদুর্ভাবাৎ"—ন্যা০ দ০ ৪. ১. ১৪ (পূর্ব্বপক্ষ সূত্র)। সেখানে ঐ মত খণ্ডিত হইয়াছে। বৃহদারণ্যকের ঘটভাষ্য প্রভৃতি বিবিধ স্থানে শঙ্করাচার্য্যও তাহা খণ্ডন করিয়াছেন। পরে যে মৃৎপাত্র, বীণার শব্দ ও কাষ্ঠ হইতে অগ্নির উৎপত্তির দৃষ্টান্ত প্রদর্শিত হইবে, তাহাতেও জানা যায়, অকারণ কিছু উৎপন্ন হয় না। কারণ বলিতে এখানে উপাদান ও নিমিত্ত কারণ।

১০৮. ৫ 'তজ্জেন,' Trenckner মনে করেন পালির 'তজ্জ'-শব্দ সংস্কৃতের 'তদীয়' হইতে উৎপন্ন হইয়াছে। তুল:—"চক্ষুশ্চ প্রতীত্য রূপং চালোকং চাকাশং চ তজ্জং মনসিকারং চ প্রতীত্যোৎপদ্যতে চক্ষুর্বিজ্ঞানং"—শি০ স০ ২২৫. ৬।

১০৯. ২ বীণার 'পত্র' কাহাকে বলে? Rh. D. অনিশ্চিতভাবে লিখিয়াছেন:—"bridge of metal on a mandolin." 'উপবীণ' গ্রীবাদেশ (?)। বীণার শব্দ দৃষ্টান্ত সম্বন্ধে তুল:—"যথা তন্ত্রিং প্রতীত্য দারু চ হস্তব্যায়ামত্রয়েভি সঙ্গতিং। তুণবীণসুঘোসকাদিভিঃ শব্দো নিশ্চরতে তদুদ্ভবঃ॥" ল০ বি. ২০৯; শি০. স০ ২৪১. ১।

১১০. ২ প্রথম 'অরণি'-শব্দ অগ্নি মন্থনের 'অধরারণি' বা নীচের কাষ্ঠকে বুঝাইতেছে; 'উত্তরারণির' কথা মূলে তৎ-শব্দেই উল্লিখিত হইয়াছে। অধরারণি ও উত্তরারণি অশ্বত্থ বৃক্ষের পূর্ব্বমুখ, উত্তরমুখ, বা উর্দ্ধমুখ স্থিত শাখার দ্বারা নির্ম্মিত হয়। অধরারণি ২০ অঙ্গুলি দীর্ঘ, ৬ অঙ্গুলি প্রস্থ, ও ৪ অঙ্গুলি উচ্চ। মূল হইতে আট ও অগ্র হইতে দ্বাদশ অঙ্গুলি ত্যাগ করিয়া ইহার মধ্য স্থানে একটি গর্ত্ত করিতে হয়, এই স্থানেই অগ্নি মথিত হয়। উত্তরারণি ১৮ টুকরা কাঠ। ইহা ছাড়া অগ্নিমন্থনে অন্যান্য কাষ্ঠেরও প্রয়োজন আছে। 'অরণিপোতক'-শব্দে 'প্রমন্থ,' 'ওবিলী', ও 'চাত্র'—এই ত্রিবিধ কাষ্ঠের কাহাকে লক্ষ্য করা গিয়াছে; ঠিক বলা যায় না। 'অরণিযোত্তক'-শব্দ অগ্নিমন্থনের 'নেত্র'-কে বুঝাইতেছে। যজ্ঞপার্শ্বকারিকায় উক্ত হইয়াছে:—

"অশ্বথো যঃ শমীগর্ভঃ প্রশস্তোর্ব্বীসমুদ্ভবঃ।
তস্য যা প্রাঙ্মুখী শাখা উদীচী চোর্দ্ধগাপি বা ॥
অরণিস্তন্ময়ী জ্ঞেয়া তন্ময়োবোত্তরারণিঃ।
সারবদ্দারবং চাত্রমোবিলী চ প্রশস্যতে ॥

* * *

চতুর্বিংশাঙ্গুলা দীর্ঘা বিস্তারেণ ষড়ঙ্গুলা।
চতুরঙ্গুলমুৎসেধা অরণির্যাজ্ঞিকৈঃ স্মৃতা ॥

* * *

অষ্টাঙ্গুলঃ প্রমন্থঃ স্যাচ্চাত্রং স্যাদ্ দ্বাদশাঙ্গুলং।
ওবিলী দ্বাদশৈব স্যাদেতন্মন্থনযন্ত্রকম্ ॥
গোবালৈঃ শণসম্মিশ্রৈস্ত্রিবৃদ্বৃত্তমনংশুকং।
ব্যামপ্রমাণং নেত্রং স্যাৎ তেন মথ্যো হুতাশনঃ ॥"

কি প্রকারে অগ্নি মন্থন করিতে হয়, তাহা পা০ গৃ০ সূ০ ১. ২. ৫ হরিহর-ভাষ্যে দ্রষ্টব্য। অধরারণি প্রভৃতি চারিটি কাষ্ঠের চিত্র: দয়ানন্দ সরস্বতীর সংস্কারবিধিতে (২০ পৃঃ) প্রদর্শিত হইয়াছে। অরণি হইতে অগ্নির উৎপত্তি দৃষ্টান্ত সম্বন্ধে তুলঃ—

"অরণিং যথ চোত্তরারণিং হস্তব্যায়ামত্রয়েভি সঙ্গতিং। ইতি প্রত্যয়তোঽগ্নি জায়তে……॥" ল০ বি০ ২০৯; শি০ স০ ২৪০. ১; বো০ চ০ প০ ৩৪১।

১১০. ২৭ এখানে যে মণি গৃহীত হইয়াছে, তাহার নাম 'অগ্নিমণি'—জটাধর।

১১২. ৩ তুলঃ—"প্রাণাপাননিমেষোন্মেষজীবনমনোগতীন্দ্রিয়বিকারাঃ সুখদুঃখেচ্ছাদ্বেষ-প্রযত্নাশ্চাত্মনো লিঙ্গানি"—বৈ০ দ০ ৩. ২. ৪; "ইচ্ছাদ্বেষপ্রযত্নসুখদুঃখজ্ঞানান্যাত্মনো লিঙ্গম্"—ন্যা০ দ০ ১. ১. ১০।

১১২ ৫ বাতায়ন-দৃষ্টান্ত, তুলঃ—"অনেকগবাক্ষান্তর্গতপ্রেক্ষকবদ্ উভয়দর্শী কশ্চিদেকো হি জ্ঞায়তে"—বৈ০ দ০ প্র০ ভা০ ৩ ২ ৪।

১১২. ২৩ রাজা মনকে লইয়া ছয় ইন্দ্রিয়ের কথা বলিয়াছেন।

১১৩. ২৫ অর্থাৎ যেমন বাতায়ন ভিন্ন ভিন্ন হইলেও আমরা তাহার দ্বারা কেবল রূপই দর্শন করিয়া থাকি, শব্দাদি বিষয় গ্রহণ করি না, সেই প্রকার ইন্দ্রিয়-রূপ দ্বার ভিন্ন ভিন্ন হইলেও জীব তাহা দ্বারা একটি মাত্র বিষয় গ্রহণ করিবে।

১১৪. ১৩ রাজা বলিয়াছেন যে, আমরা বাতায়ন দিয়া যেমন রূপ দর্শন করিয়া থাকি, অভ্যন্তরবর্ত্তী জীবও ইন্দ্রিয়ের দ্বারা সেইরূপ করে। ইহাতে নাগসেন যে প্রশ্ন করেন, ও রাজা তাহার উত্তর দেন, তাহাতে রাজার কথার সামঞ্জস্য থাকে না।

Rh. D এর অনুবাদ এখানে সঙ্গত বোধ হয় না—"Then these powers are not united one to another indiscriminately, the latter essence to the formar organ, and so on."

১১৬. ১৫ অর্থাৎ বাতায়ন দৃষ্টান্ত এখানে ঠিক হয় না; বহু বাতায়নের মধ্যে একটি বন্ধ হইলেও যেমন অপর গুলির দ্বারা রূপ দর্শন হয়, সেইরূপ জিহ্বা-ইন্দ্রিয় বন্ধ থাকিলেও অপর ইন্দ্রিয় উন্মুক্ত থাকায় মধুর স্বাদ গ্রহণ করা উচিত ছিল।

১১৬ ২০ স্পর্শ, বেদনা, প্রজ্ঞা ও চেতনাকে গ্রন্থকারই অন্যত্র বুঝাইয়াছেন:—১২৩, ১২৪, ৬২-৭৫-৮২, ১২৬পৃঃ। জীবিতেন্দ্রিয়-অর্থ জীবনী শক্তি, (vitality, principle of life).

১২৪. ১৭ Rh. D. এ দৃষ্টান্তটির অনুবাদ ছাড়িয়া গিয়াছেন।

১২৪ ২৪ 'সম্ম', 'Cymbals', "compare Therî Gâthâ, 893, 911."—Rh. D.

১৩২. ২২ অর্থাৎ জিহ্বাগ্রাহ্য বস্তুকে ঐরূপে আনয়ন করা যায় না; রস জিহ্বা গ্রাহ্য বলিয়া তাদৃশভাবে তাহাকে আনা অসম্ভব; রসবিশিষ্ট দ্রব্যকে আনিতে পারা যায়।

১৩২. ২৪ রসনেন্দ্রিয় গ্রাহ্য লবণ রস গুরু হইতে পারে না, গুরু হইতে পারে সেই দ্রব্য—যাহাতে লবণ রস থাকে; অথচ লোকে বলিয়া থাকে—লবণ গুরু। অতএব এই লবণত্ব ও গুরুত্ব ধর্ম্ম ঐক্য প্রাপ্ত হইয়া বিভিন্নরূপে প্রতিভাত হয়। নাগসেনের অভিপ্রায় এইরূপ বলিয়াই মনে হয়। পরবর্ত্তী বাক্যেও তিনি ইহা আলোচনা করিয়াছেন।

১৩৫. ১ এই প্রশ্নের সহিত মহাভারতের নিম্নলিখিত শ্লোকগুলি তুলনীয়:—

"মহান্ মে সংশয়ঃ কশ্চিন্মর্ত্ত্যান্ প্রতি মহেশ্বর।
তস্মাৎ ত্বং নৈপুণেনাদ্য মম ব্যাখ্যাতুমর্হসি॥
কেনায়ুর্লভতে দীর্ঘং কর্ম্মণা পুরুষঃ প্রভো।
তপসা বাপি দেবেশ কেনায়ুর্লভতে মহৎ॥
ক্ষীণায়ুঃ কেন ভবতি কর্ম্মণা ভুবি মানবঃ।
বিপাকং কর্ম্মণাং দেব বক্তুমর্হস্যনিন্দিত॥
অপরে চ মহাভাগ্যা মন্দভাগ্যাস্তথাপরে।
অকুলীনাস্তথা চান্যে কুলীনাশ্চ তথাপরে॥
দুর্দ্দর্শাঃ কেচিদাভান্তি নরাঃ কাষ্ঠময়া ইব।
প্রিয়দর্শাস্তথাচান্যে দর্শনাদেব মানবাঃ॥
দুষ্প্রজ্ঞাঃ কেচিদাভান্তি কেচিদাভান্তি পণ্ডিতাঃ।
মহাপ্রাজ্ঞাস্তথৈবান্যে জ্ঞানবিজ্ঞানভাবিনঃ॥

অল্পাবাধাস্তথা কেচিন্মহাবাধাস্তথা পরে।
দৃশ্যন্তে পুরুষা দেব তন্মে শংসিতুমর্হসি॥”

ম০ ভা০ অনুশাসন০ ১৪৪. ৪১-৪৭।

পাঠক এস্থানে লক্ষ্য করিবেন যে, উভয় গ্রন্থে অনেকগুলি একই শব্দ প্রযুক্ত হইয়াছে। মজ্ঝিমনিকায়ে (Vol. III. Part II. No. 153. p. 203) তোদেয্যপুত্ত সুভ মাণব ভগবান্‌কে মূল গ্রন্থোক্ত সেই সকল শব্দ দ্বারাই ঐ প্রশ্ন করিয়াছেন, এবং তিনিও তাহার উত্তর দিয়াছেন।

১৩৬. ২ “কম্মস্সকা...হীনপ্পনীততায়া’তি”—*Ibid*, pp. 203, 206 ; পিটকের অন্যত্রও এ মত বহুবার উল্লিখিত হইয়াছে। তুল:—“কর্ম্মদায়াদবাঁল্লোকঃ কর্ম্মসম্বন্ধলক্ষণঃ— ম০ ভা০ অনুশা০ ১. ৭৩

১৩৭. ১ এখানে প্রদর্শিত উপমাত্রয় ইহার পরেও প্রদর্শিত হইয়াছে ; ৩. ৭.§৩ ; ১৭৫-১৭৬ পৃঃ।

১৩৮. ৬ “পটিগচ্ছে’ব......ঝায়তি,”—S. N. i. 57. এখানে একটু সামান্য পাঠভেদ আছে। ‘পটিগচ্ছে’ব’ স্থলে সেখানে ‘পটিকচ্চে’ব’ আছে। অতএব Trenckner সংস্কৃত ‘প্রতিকৃত্য’ শব্দ হইতেই (‘প্রতিগত্য’ হইতে নহে) পালি ‘পটিগচ্চ’ শব্দ সাধিবার চেষ্টা করিয়া যাহা বলিয়াছেন তাহা ঠিক—“I have a strong suspicion that in editing Pitaka texts we shall have to write.” ‘*patikaec’eva*. “মনো মচ্চুমুখং” এখানে ‘মনো’ স্থানে কেহ কেহ ‘মানো’ বা ‘মন্দো’ পাঠ করেন। Trecckner বলেন ‘মানব’ হইতে ‘মানো’ হইয়া থাকিবে।

১৩৯. ৭ “ভাসিতম্’পে’তং......ব্যন্তিহোতীতি”, “সো তত্থ দুক্‌খা তিব্‌বা খরা কটকা বেদনা বেদিয়তি, ন চ তাব কালং করোতি যাব ন তং পাপকম্মং ব্যন্তিহোতি” —A. N. III. 35. 4. (Part I. p. 141). এস্থানে নরকবর্ণনা অতিবিস্তৃত ভাবে আছে।

১৪২. ১৫ “অয়ং মহাপঠবী ......পতিট্‌ঠিতো’তি,” ম০ প০ সূ০ ৩. ১৩ ; (D. N. Vol. II. p. 73). এখানে “বাতো আকাসট্‌ঠো” পাঠ আছে। Rh. D. বলেন যে, স্পষ্টত ইহা বৌদ্ধমত নহে, সাধারণত সে সময়ে অপর ধর্ম্মশিক্ষকগণ তাহা গ্রহণ করিয়াছিলেন। Weber’s Bhagav. (1866) pp. 176, 239.

১৪৬. ৫ তেবিজ্জসুত্তে (১. ১২—১৫) স্বয়ং গৌতমও বাশিষ্ঠকে ব্রহ্মার সম্বন্ধে এইরূপ প্রশ্ন করিয়াছেন।

১৪৯. ২ দ্রষ্টব্যঃ—৩. ৫. §১০ ; ১৫৫ পৃঃ ৯ পং।

১৪৯. ৪ ‘বুদ্ধনেত্তিয়া...,’ Trenckner বলেন এখানে পাঠ ছিন্ন হইয়া গিয়াছে; এবং সিংহলী অনুবাদও তাহা সমর্থন করে। See Rh. D’s note. অনুবাদে ‘বুদ্ধনেত্তিয়া’

—শব্দের অনুবাদ ঠিক হয় নাই, এবং 'নেত্তি'-শব্দের অর্থ নেত্র বা নয়ন নহে। Rh. D. নয়ন বলিয়াই তাহা অনুবাদ করিয়াছেন, এবং আমিও তাহাই অনুসরণ করিয়াছিলাম; কিন্তু তাহার প্রকৃত অর্থ—যাহা সদ্ধর্ম্মে লইয়া যায়, তাহা নেত্রী—নয়নকর্ত্রী। বুদ্ধের নেত্রী অর্থাৎ বুদ্ধ যে নেত্রী প্রবর্ত্তিত করিয়াছেন, তাহা বুদ্ধনেত্রী বা বুদ্ধনেত্তি। এখানে এই পদটিকে 'বুদ্ধপঞ্ঞত্তি' শব্দের বিশেষণ বলিতে পারা যায়। অতএব ঐ দুই পদের অনুবাদ এইরূপ দাঁড়ায়:—(সদ্ধর্ম্মে) লইয়া যাইতে পারে, এতাদৃশ যে আদেশ বুদ্ধের আছে। দ্রষ্টব্যঃ—"তথ কেন'ট্‌ঠেন নেত্তি? সদ্ধম্মনয়ন'ট্‌ঠেন। যথা হি তণ্‌হা সত্তে কামাদিভবং নয়তীতি ভবনেত্তীতি বুচ্চতে, এবং অয়ম্'পি বেনেয্যসত্তে অরিয়ধম্মং নয়তীতি সদ্ধম্মনয়ন'ট্‌ঠেন নেত্তীতি বুচ্চতি…," N. P. 198. (Commentary). Cf. Prof. E. Hardy's note in the Introduction to N. P. VII. 'বুদ্ধনেত্তিয়া' শব্দটি এখানে যে প্রসঙ্গে প্রযুক্ত হইয়াছে তাহা আলোচনা করিলে তাহার অর্থ (বুদ্ধং নয়তি-গময়তি-বোধয়তি) 'যাহা বুদ্ধকে বুঝাইয়া দেয়' ইহাই ঠিক বলিয়া মনে হয়।

১৫১. ১ দ্রষ্টব্যঃ—২. ৩. §৬; ১১২ পৃঃ। Trenckner বলেন এখানে পাঠ ছিন্ন হইয়া গিয়াছে।

১৫১. ৬ এ কথাগুলি এখানে পুনরুক্ত হইয়াছে; দ্রষ্টব্যঃ—২. ২. §৬; ৯২ পৃঃ।

১৫২. ১১ 'ছায়া'ব অনপায়িনী,' ধম্মপদ, ২

১৫২. ২০ বৌদ্ধ দার্শনিকগণের মতে শরীররূপ একটি সঙ্ঘাত হইতে অপর সঙ্ঘাতের উৎপত্তি হয়, এবং পূর্ব্ব সঙ্ঘাতের গুণাদি পর সঙ্ঘাতে সংক্রান্ত হয়। অতএব পূর্ব্ব সঙ্ঘাতরূপ শরীরে অবস্থিত পাপ কর্ম্ম পর সঙ্ঘাতরূপ শরীরে সংক্রান্ত হওয়ায় শরীর পাপ কর্ম্ম হইতে মুক্ত হইল না। দৃষ্টান্তে আম্ররোপণ-কর্ত্তার প্রথম আম্রে (যাহাকে রোপণ করিয়াছেন) যে স্বত্ব ছিল, তদুৎপন্ন পরবর্ত্তী আম্রে তাহাই সংক্রান্ত হওয়ায় অপহরণকারী পূর্ব্ব আম্র অপহরণ না করিলেও পরবর্ত্তী আম্র অপহরণ করায় দণ্ডনীয় হইল।

১৫৩. ২১ এক শরীর হইতে অপর শরীর, তাহা হইতে অন্য শরীর,—এইরূপ অনন্ত প্রবাহ, সন্তান, বা সন্ততি চলিয়াছে। পর শরীর বা সঙ্ঘাতের উৎপত্তি হইলে পূর্ব্ব সঙ্ঘাতের নিরোধ বা ধ্বংস হয়। এই অনন্ত প্রবাহের মধ্যে কোনো ব্যক্তির পূর্ব্বার্জ্জিত কোনো কুশলাকুশল কর্ম্ম আছে কি না, বা কোন্ সঙ্ঘাতে তাহা ছিল বা আছে, তাহা অন্য ব্যক্তি ঠিক করিতে পারে না—যতক্ষণ কর্ম্মের ফল ব্যক্ত না হয়।

এস্থানে মূলের 'অব্‌ভোচ্ছিন্নায় সন্ততিয়া' ইহার সংস্কৃত 'অব্যবচ্ছিন্নয়া সন্তত্যা (বা পঞ্চম্যন্ত) হইতে পারে। Rh. D. অনুবাদ করিয়াছেন:—'So long as the continuity of life is not cut of..."

বলিতে পারে না। রাজার জিজ্ঞাসার অর্থ জানিবে কি, এবং তাহার জন্য চেষ্টা কেন।

১..২৪ দ্রষ্টব্যঃ—৪. ৪. § ৩; ১৬৬-১৬৭ পৃঃ।

১..২৪ 'অলসন্দ' "Alexandria (in Baktria) bu Indus."—Rh. D.

১৮. ১৫ যেমন মনের দ্বারা অতিদূরস্থিত বিষয়কেও চিন্তা করিতে পারা যায়, ঋদ্ধি বা বিভূতিমান্ ভিক্ষুগণ সেইরূপই মনের ন্যায় বেগে গমন করিতে পারেন। ইহাই এখানে নাগসেনের অভিপ্রায়।

১৮৪. ১২ বিতস্তি=বারো অঙ্গুলি পরিমাণ; অঙ্গুষ্ঠ হইতে বিস্তৃত কনিষ্ঠা পর্য্যন্ত পরিমাণ। অরত্নি=বদ্ধমুষ্টি হস্তের পরিমাণ, এক মুঠো হাত।

১৮৫. ১১ 'কাকচ্ছমানো', এই শব্দের ব্যুৎপত্তি ও অর্থ সম্বন্ধে অনেকে অনেক কথা বলিয়া থাকেন:—"This verb seems to be a frequentive from kath, and would naturally mean "to chatter", but Hardy (M. Bud. 147 appears to render it "to yawn"—Childers (p.611); অতএব ইহার মতে ঐ শব্দের সংস্কৃত 'কাকথামান' দাঁড়ায়। সিংহলীয় অনুবাদক হীনটিকুম্বুরে বলেন, তাহার অর্থ—'যে ব্যক্তি কাকের ন্যায় নাক ডাকাইয়া শয়ন করে।' Trenckner ও Rh. D. উভয়েই 'snoring' অর্থ করিয়াছেন।

১৮৬. ২৩ এখানে বোধ হয়—'সমুদক' বা 'সমোদক' (অনুবাদের জল-শব্দ স্থলে মূলে উদক শব্দ আছে) হইতে 'সমুদ্র' পদ হইয়াছে, অর্থাৎ লবণের সহিত সমান উদক যেখানে তাহা 'সমুদ্র'। নিরুক্তে সমুদ্র শব্দের বহুবিধ নির্বচনের মধ্যে একটি হইতেছে:—'সমুদকো ভবতি;' এই নির্বচনের ভাষ্যে লিখিত হইয়াছে:—'উদ্রম্ ইত্যুদকনাম, তস্মিন্ সংহতমিতি, সমুদ্রঃ", অর্থাৎ উদ্র-শব্দে জল, সেই জল এখানে সম্মিলিত হইয়াছে বলিয়া ইহার নাম সমুদ্র। দ্রষ্টব্য—নিরুক্ত ২. ৩. ১; ১০. ১. ৯৩। এই প্রশ্নোত্তরের উপযোগিতা পরবর্তী (১৮৭ পৃঃ ১৩ পং) প্রশ্নে দ্রষ্টব্য।

'ছিন্দিতুং (ছেত্তুং)',=দ্বিধা কর্ত্তুং=বিভক্তুং, অর্থাৎ সবিশেষ বিভাগ পূর্ব্বক মীমাংসা করিতে। অনুবাদেও 'ছেদন' অর্থে ইহাই বুঝিতে হইবে।

১৮৭. ১০ দ্রষ্টব্যঃ—২. ৩. § ৬, ১৬; ১১২পৃঃ ১৫পং, ১৩০ পৃঃ ১৮ পং।

২ 'অট্ঠসতং', Rh. D. ইহার অর্থ করিয়াছেন—'for eight hundred days.'

'ঞাণভেদায়', তুলঃ—"বুদ্ধি পভিজ্জতীতি," ৪. ১. § ৭; ২০১ পৃঃ ৯ পং। 'ঞাণভেদায়'-শব্দের Rh. D. অনুবাদ করিয়াছেন—'to test great Nagasena's skill.' কিন্তু ইহা সঙ্গত বোধ হয় না, পরবর্তী কথা আলোচনা করিলেই ইহা বুঝা যাইবে।